পাস্ (Polipus) ; চক্ষু উহার কোটরে যেন ডুবিয়া থাকে এবং চক্ষু যেন নীলবর্ণ চক্রদ্বারা আবৃত হয়।

কর্ণ। কানে কম শুনা এবং উহার সঙ্গে সঙ্গে টন্‌সিলের (Tonsils) স্ফীতি, প্রধানতঃ পারার অপব্যবহারের পর (নাইট্রিক্-আস্)।

নাসিকা। সর্দ্দি এবং উহার দরুণ নাসারন্ধ্রে ক্ষত; সর্দ্দি এবং তদ্দরুণ প্রথমতঃ নাকদিয়া কেবল গাঢ় শ্লেষ্মা ও তৎপর জলবৎ তরল শ্লেষ্মা নির্গত হওয়া।

মুখমণ্ডল। মুখমণ্ডলের হাড়ের প্রদাহ; বাম গালে সূচী বিঁধানের ন্যায় জ্বালাযুক্ত তীক্ষ্ণ বেদনা, যাহার দরুণ চুলকানির উদ্রেক হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থি বেদনাযুক্ত হয় এবং উহাতে কখন বেদনা থাকে, কখন বা বেদনা থাকে না; দাঁত কাল হয়, ক্ষয় প্রাপ্ত হয় এবং উহা হইতে দাঁতের কুচা পড়ে (মার্ক্); দাঁতের উপর দিয়া আড়ে কাল রেখা পড়ে; ক্ষয়প্রাপ্ত দাঁতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, আহারের পর (ল্যাক্) এবং কোন দ্রব্য চিবাইলে যাহার বৃদ্ধি হয় (আণ্টি-ক্রুড্); ঠাণ্ডা কোন দ্রব্য পান করিলে দাঁতে বেদনা (আণ্টি-ক্রুড্, ক্যাল্‌ক্-কার্ব্ব্, কোকাস্, সাল্‌ফ্); বহির্বায়ুতে দাঁতে বেদনা; স্পর্শ করিলে দাঁতে বেদনা; রাত্রি এবং প্রাতঃকালেই দাঁত অত্যন্ত বেদনাযুক্ত হয়; মুখের মধ্যে অনবরত লালের সঞ্চার; মাড়ি স্ফীত, ক্ষতযুক্ত এবং তল্‌তলে যাহা স্পর্শ করিলেও রক্ত পড়ে (কার্ব্বো-বেজ্, মার্ক্, নাইট্রিক্-আস্, ফস্); মাড়িতে অত্যন্ত কষ্টদায়ক ফুস্কুড়ী এবং কঠিন স্ফীতি। গলার মধ্য শুষ্ক এবং খশ্‌খশে ও কথা বলিবার সময় বা গিলিবার সময় উহাতে টাটানি; স্ফীত হইলে বা থেঁত্‌লিয়া গেলে যেরূপ হয়, হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থিগুলি সেরূপ বেদনাযুক্ত হয়।

পাকস্থলী এবং উদর। পিপাসা শূন্যতা; বারম্বার হিক্কা; উদরে দুর্ব্বলবোধ, যাহার দরুণ মনে হয় যেন পেটে পিটে লাগিয়া যাইবে; কুঁচ্‌কির গ্রন্থির স্ফীতি এবং উহাতে বেদনা (ক্যাল্‌ক্-কার্ব্ব্, আয়োড্, নাইট্রিক্-আস্, রাস্‌টক্স্); সমুদয় উদরে কামড়ানি বা মোচড়াইয়া ধরার ন্যায় বেদনা; উদরে দূষিত বায়ু রুদ্ধ হইয়া থাকে; শিশু বা ছোট বালক

বালিকাগণের উদর স্ফীত হয় এবং উহার সঙ্গে সঙ্গে শূল বেদনার ন্যায় বেদনা বর্ত্তমান থাকে।

মল এবং মলদ্বার। মলত্যাগের পর গুহ্যের মধ্যে চিড়িকমারা এবং জ্বালাযুক্ত টাটানি; বসিয়া থাকিলে গুহ্যদ্বারে চুলকানি; কোষ্ঠবদ্ধ, মল কঠিন এবং পরিমাণে অল্প; তরলভেদ এবং উহার সঙ্গে উদরে প্রচুর দূষিত বায়ুর সঞ্চার (আলোজ্)।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে খুব সরুধারে মূত্র নির্গমন, অথবা ফোঁটায় ফোঁটায় কাল্‌চে মূত্র নির্গমন (একন্, বেল্, ক্যান্থ্) ; মূত্রত্যাগের সময় এবং উহার পর মূত্রনালীতে জ্বালা (আর্ণ্টি-টার্ট্, ক্যান্থ্, ক্যানাবিস্-স্যাট্, কোনায়াম্) ; মূত্রত্যাগের পর মূত্র-ত্যাগের বারম্বার ইচ্ছা, যাহার দরুণ মনে হয় যেন মূত্রাধার একবারে খালি হয় নাই এবং উহার সঙ্গে সঙ্গে অনবরত মূত্র গড়াইয়া পড়া (একন্, কষ্ট্, ষ্ট্রামন্) ; প্রচুর পরিমাণে জলবৎ ফিকা মূত্র নিঃসরণ (নেট্রাম্-মিউর, ফস্-আস্, সিকেল্)।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছার বৃদ্ধি; মুখমণ্ডল বসিয়া যায়, সর্ব্বদা লজ্জিত, রাত্রিতে স্বপ্নে অনিচ্ছাপূর্ব্বক ধাতুনিঃসরণ, পৃষ্ঠে বেদনা, পায় দুর্ব্বলবোধ এবং জননেন্দ্রিয় শিথিল ইত্যাদি হস্তমৈথুন মহা কু-অভ্যাসের কুফলের লক্ষণাদি ; ধাতু নিঃসরণ এবং তৎপর অত্যন্ত বলক্ষয় (আগারিকাশ্, চায়না, ক্যাল্‌কী-কার্ব্ব, ফস্-আস্) ; চলিয়া বেড়ানের সময় বাম অণ্ডকোষে চাপিয়া ধরার ন্যায় বেদনা, স্পর্শনে যাহার বৃদ্ধি হয়; পুরু-ষাঙ্গের মাথার উপর এবং উহার পশ্চাৎভাগে কোমল, কলতানি বিশিষ্ট ফুস্কুড়ী (নাইট্রিক্-আস্, থুজা) ; স্ত্রীসহবাসের পরই শ্বাসকষ্ট, স্ত্রীলোকের জননেন্দ্রিয়ে অত্যন্ত কষ্টদায়ক টাটানি, বসিয়া থাকিলেই যাহার বৃদ্ধি হয় ; যোনিদ্বারের উপর দানাযুক্ত ফুস্কুড়ী।

শ্বাসযন্ত্র। কাশি এবং গলা দিয়া হরিদ্রাবর্ণের পূঁয মিশ্রিত শ্লেষ্মা নির্গমন, রাত্রিতেই যাহা সচরাচর অধিক হয় (সাইলিসি, লাইকোপ্) ; পাঁজরার হাড়ের উপাস্থিতে সূচীবিঁধানের ন্যায় চুলকানি।

হৃৎপিণ্ড। সামান্য নড়াচড়াতেই হৃদ্স্পন্দন (মার্ক্)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবা গলার মধ্য এবং বোগলের গ্রন্থির অত্যন্ত কষ্টদায়ক স্ফীতি (মার্ক্, ক্যাল্‌ক্-কার্ব্ব্, আয়োড্); ভাঙ্গিলে বা থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, কোমরের পশ্চাৎভাগে সেরূপ বেদনা, বিশ্রাম কালীন, বসা অবস্থা হইতে দাঁড়াইলে, শরীর ঘুরাইলে যাহার বৃদ্ধি হয়; রাত্রিতে এবং প্রাতঃকালেই বেদনা অনুভূত হয় (রডোড্, রাস্‌টক্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ। হাত পায়ে কসিয়া ধরা বা সূচী বিঁধানের ন্যায় বেদনা; আঙ্গুলে সন্ধিবাত জনিত গ্রন্থির ন্যায় কঠিন স্ফীতি; হাতের আঙ্গুলের হাড়ের প্রদাহ; বসিয়া থাকিলে কোমরের পশ্চাৎভাগে বেদনার উদ্রেক হয়।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে দাদের ন্যায় ফুস্কুড়ী, চুলকাইলে যাহাতে জ্বালার উদ্রেক হয় (আর্স্, রাস্‌টক্স্); গায় হামের ন্যায় পুরাতন আকারের ফুস্কুড়ী; গ্রন্থির অত্যন্ত কষ্টদায়ক স্ফীতি (ক্যাল্‌ক্-কার্ব্ব্, আয়োড্)।

নিদ্রা। সমুদয় দিনই ঘুমের ইচ্ছা বা ঘুমের ভাব এবং উহার সঙ্গে সঙ্গে হাঁইতোলা; সমুদয় রাত্রিতেই ঘুম হয় না; সমুদয় শরীর কন্ কন্ করে; স্ত্রী বা পুরুষ সহবাস সম্বন্ধীয় নানা প্রকারের বিশ্রী স্বপ্ন দেখিয়া অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক ধাতুনিঃসরণ।

ব্যবহার। পারা (Mercury) বা থুজা (Thuja) নামক ঔষধের অপব্যবহার জনিত অসুখ; অতিরিক্ত স্ত্রী বা পুরুষ সহবাস বা হস্ত মৈথুন জনিত অসুখ; গ্রন্থি এবং অস্থির অসুখ; গৌণ উপদংশ (Secondary Syphilis); পক্ষাঘাত; গায় দাদের ন্যায় ফুস্কুরী (Herpes); বিকচ (Eczema); নাসা বা নাকড়া বা অন্যান্য স্থানে উক্ত প্রকারের স্রাব বা স্ফীতি; আঁচিল; সন্ধিবাত; গণ্ডমালা বা কাশি জনিত অসুখ; অস্ত্র দ্বারা কাটার দরুণ অসুখ; দন্তশূল; হিষ্টিরিয়া; আপন কোন বিষয়ে অনবরত অনর্থক চিন্তার দরুণ অসুখ; শুক্রক্ষরণ বা অনিচ্ছা পূর্ব্বক ধাতু নিঃসরণ; সমুদ্রপথে জাহাজাদিতে বেড়াইলে বমন বা বমনোদ্বেগ (Sea-sickness); গর্ভাবস্থার বমন; চক্ষু প্রদাহ; পুরাতন আকারের রজঃরোধ; অস্থির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ (Periostitis); অস্থিতে বেদনা যাহা এক

স্থান হইতে অন্য স্থানে সরিয়া পড়ে ইত্যাদি অসুখে ষ্টাফিসেগ্রিয়া ব্যবহার্য্য। ডাক্তার বেয়ারের (Dr. Bæhr) মতে চক্ষুর পাতার পুরাতন আকারের প্রদাহ এবং আঞ্জনীতে (Stye) এই ঔষধ বিশেষ উপকারী। পুরাতন আকারের ক্ষুদ্রসন্ধিবাত (Chronic Gout), অস্থি পোকায় ধরা (Caries), স্নায়ুশূল, পুরাতন আকারের টন্‌সিল্ প্রদাহ (Chronic Tonsillitis) এবং মূত্রনালীর পশ্চাৎভাগস্থিত প্রষ্টেট্ গ্রন্থির প্রদাহ (Prostatitis) ইত্যাদি অসুখেও ইহা উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরের দুর্ব্বলতা, প্রধানতঃ চলিবার সময়, হাঁটুর সন্ধিতেই যাহা অধিক অনুভূত হয়; প্রাতঃকালে বিছানায় থাকিতে থাকিতে অত্যন্ত শ্রান্তিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রার ভাব; থেত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে বা শক্তি না থাকিলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ বেদনা (আর্ণিকা, চায়না); আহারের পর শ্রান্তিবোধ এবং নিদ্রার ভাব, যাহার দরুণ রোগী শয়ন করিতে বাধ্য হয়; অস্থি এবং অস্থির আবরক কঠিন পর্দ্দার স্ফীতি ও উহাতে বেদনা ও পূঁয উৎপন্ন হওয়া (আসাফিটিডা, হিপ্-সাল্‌ফ্, ফস্-আস্); কোন প্রকার ধারাল অস্ত্রদ্বারা কাটিয়া যাওয়ার দরুণ অসুখ; থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, চলিবার সময় সমুদয় শরীরে সেরূপ অনুভূত হয়; মারিলে যেরূপ হয়, গায় সেরূপ বেদনা, যাহার দরুণ রোগী কদাচিত পা টানিয়া চলিতে পারে; রাত্রিতে এবং প্রাতঃকালে, রক্তপূঁযাদি নিঃসরণের পর, স্ত্রী বা পুরুষ সহবাসের পর, হস্তমৈথুনের পর এবং স্পর্শনে অসুখের বৃদ্ধি ইত্যাদি ষ্টাফিসেগ্রিয়ার কতক গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। টেষ্টির (Teste) মতে ষ্টাফিসেগ্রিয়া, কষ্টিকাম্, কফিয়া এবং ককিউলাসের এক শ্রেণীভুক্ত। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ক্রিয়াজোট্ এবং ডাক্তার হেরিঙ্গের (Dr. Hering) মতে কলোসিন্থ্, ষ্টাফিসেগ্রিয়ার এক শ্রেণীভুক্ত। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে আম্ব্রা, ক্যাল্‌কেরিয়া কার্ব্বোনিকা, চায়না, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, ফস্ফরিক্ আসিড্, পাল্‌সেটিলা, থুজা এবং সাল্‌ফারের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ৬ষ্ঠ, ১২ এবং ৩০ ডাইলুশন সচরাচর ব্যবহার্য্য।

ষ্টিলিঞ্জিয়া সিল্‌ব্যাটিকা,-ষ্টিলিঞ্জ্

(STILLINGIA SYLVATICA,–STILLING.)

আমেরিকাতে এই গাছের জন্ম। ইহার শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অস্থির আবরক কঠিন পর্দ্দা (Poriosteum) এবং শরীরের আশাল অংশের উপর ইহার কার্য্য প্রবল, যাহার দরুণ শরীরের স্থানে স্থানে গ্রন্থির কঠিন স্ফীতি, হাড়ে বেদনা এবং বাতরোগের এমত লক্ষণ গুলি প্রকাশ পায় যাহা গৌণ উপদংশ (Secondary Syphilis) এবং পুরাতন আকারের বাতরোগে বর্ত্তমান থাকে। অতএব উক্ত দুই প্রকার অসুখেই এই ঔষধ বিশেষ উপকারী। কণ্ঠনালীর উপাস্থি এবং শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীও ইহা দ্বারা আক্রান্ত হয়, যাহার দরুণ কণ্ঠনালী এবং বায়ু উপনলের উত্তেজনা ও প্রদাহের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। লিম্ফেটিক্ গ্রন্থিগুলি (Lymphatic glands) বর্দ্ধিতাবস্থা প্রাপ্ত হয়, উহার নিঃসরণের বৃদ্ধি হয় এবং উহা বিকৃতাবস্থা প্রাপ্ত হয়। চর্ম্ম বিকচের ন্যায় (Eczematous) আকার প্রাপ্ত হয় ও উহাতে ক্ষত বা ঘা হয় এবং ঘা হইতে কল্‌তানি পড়ে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক অবসন্নতা এবং ভবিষ্যতে যে সকল অনিষ্ট হওয়ার সম্ভাবনা, সর্ব্বদা সে বিষয়ে চিন্তা।

মস্তক। মাথায় দপ্‌দপানি এবং মাথাঘোরা ও কপালের হাড়ের স্ফীতি; মাথার হাড়ের আবরক কঠিন পর্দ্দার পারার অপব্যবহার জনিত প্রদাহ।

চক্ষু। সর্দ্দি লাগিলে যেরূপ হয়, চক্ষু সেরূপ প্রদাহযুক্ত ও জলপূর্ণ হয় এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় শরীরের পেশীতে বেদনা ও টাটানি।

নাসিকা। নাক দিয়া শ্লেষ্মার ন্যায় পদার্থ নিঃসরণ যাহা প্রথমতঃ জলের ন্যায় থাকে এবং তৎপর পূঁয মিশ্রিত শ্লেষ্মায় পরিণত হয়; নাসারন্ধ্রের মধ্যদেশে ক্ষত এবং তদ্দরুণ উহাতে চড়্‌চড়ানী ও জ্বালানুভব; নাকের হাড়ের ক্ষয় বা উহাতে ক্ষত এবং প্রদাহ (অরাম্‌)।

গলার মধ্য। মুখগহ্বরের পশ্চাৎভাগে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা এবং চিড়িক মারা ও শুষ্কানুভব।

পাকস্থলী। অপরাহ্নে মুখ দিয়া জল উঠা যাহা রাত্রিতে শয়ন না করা পর্য্যন্ত অবস্থিতি করে; পাকস্থলী এবং অন্ত্রের মধ্যে জ্বালানুভব (আর্স্‌, আইরিস্‌, ক্যাম্ফ্‌); উদরোর্দ্ধ প্রদেশে যাতনা এবং কামড়ানীর ন্যায় বেদনা ও উহার সঙ্গে সঙ্গে অন্ত্রের মধ্যে গড়্‌ গড়্‌, কল কল্‌ শব্দ হওয়া এবং উদরাময় (আলোজ্‌)।

মল। উদরাময়; অনিয়মিতরূপে দাস্ত হওয়া ও মল গাঢ়, ফেণাযুক্ত, উগ্র জ্বালা উৎপাদক এবং পিত্তযুক্ত; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। মূত্রকোষ প্রদেশে ঘুশ্‌ ঘুশে আকারের প্রখর বেদনা; মূত্র লালবর্ণ, ফেণাযুক্ত গাঢ় এবং দুধের ন্যায় (ফস্‌-আস্‌); মূত্রত্যাগের পরই মূত্রের নীচে প্রচুর পরিমাণে সাদা তলানি পড়ে; মূত্রে সাদা গোলানির ন্যায় অথবা ইটের গুঁড়ার ন্যায় তলানি পড়ে (লাইকোপ্‌); মূত্রের নিচে সিদ্ধ করা মাংসের গুঁড়ার ন্যায় লাল্‌চে কটা বর্ণের তলানি পড়ে; মূত্রনালীতে আগাগোড়া চিড়িক মারা এবং তীক্ষ্ণ জ্বালাযুক্ত বেদনা, প্রস্রাব করিলে যাহার বৃদ্ধি হয় এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রত্যাগে অত্যন্ত কষ্টানুভব ও মূত্রকোষ প্রদেশে ঘুশ্‌ ঘুশে বেদনা; মূত্রনালীতে যাতনা এত প্রবল হয় যে, উহার দরুণ রোগীর ঘর্ম্ম হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের প্রচুর পরিমাণে শ্বেতপ্রদর নিঃসরণ এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় শরীরে বাতের বেদনার ন্যায় বেদনা।

শ্বাসযন্ত্র। শেষ বেলা বা সন্ধ্যার সময় অত্যন্ত শুষ্ক কাশি, বায়ু নলের মধ্যে সুড়্‌সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয়; মনে হয় যেন বায়ুনলের

উপাস্থিতে কোন প্রকারের শক্তি নাই; কণ্ঠনালী প্রদেশে আঁটাবোধ এবং উহার সঙ্গে মুখগহ্বরের পশ্চাৎভাগে হুল ফুটানের ন্যায় জ্বালাযুক্ত যাতনা; ক্ষণস্থায়ী গভীর তরল রকমের খুশ্‌ খুশে কাশি।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে ছিদ্র করার ন্যায় বেদনা (সেনিগা); নাড়ী অনিয়মিত গতি বিশিষ্ট।

অঙ্গ, প্রত্যঙ্গ। সন্ধ্যার সময় ডাইন কনুই এবং ডাইন পায়ে কন্‌কনিবা বা দপ্‌দপিয়া বেদনা ও উহার সঙ্গে সঙ্গে আক্রান্ত অঙ্গে টাটানি; বাহুতে খোঁচাবিঁধার ন্যায় প্রখর বেদনা, আঙ্গুল পর্য্যন্ত যাহা বিস্তৃত হয়; উরুর সন্ধি, পা এবং পায়ের পাতায় কন্‌কনানি, ডাইন পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয়; পায়ের হাঁটুর নীচে জ্বালা এবং চুলকানি; অঙ্গ প্রত্যঙ্গের হাড়ের আবরক কঠিন পর্দ্দার বিবৃদ্ধি এবং উহাতে ফুস্কুড়ী ও ক্ষত।

জ্বর। সর্দ্দিতে যেরূপ হয়, গায়, প্রধানতঃ মুখমণ্ডলে, সেরূপ উষ্ণানুভব।

ব্যবহার। গৌণ উপদংশ (Secondary Syphilis); গরমীর ব্যারাম জনিত অস্থির আবরক কঠিন পর্দ্দায় বাতের ন্যায় বেদনা; শরীরের স্থানে স্থানে গ্রন্থির ন্যায় কঠিন স্ফীতি; পুরাতন আকারের বাতরোগ; গরমীর ব্যারাম আক্রান্ত রোগীর সায়েটিকা (Sciatica) রোগ; কণ্ঠনালী প্রদাহ,-যদি উক্ত প্রদাহ গরমীর ব্যারাম জনিত হয়; পারার অপব্যবহার জনিত অস্থির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ; মূত্রনালী প্রদাহ; তরুণ প্রমেহ রোগ; পুরাতন আকারের প্রমেহ রোগ বা গ্লিট্‌ (Gleet); শ্বেতপ্রদর; গায় গরমীর ব্যারাম বা গণ্ডমালা জনিত ক্ষত এবং ফুস্কুড়ী ইত্যাদি অসুখে ষ্টিলিঞ্জিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গা মাটি মাটি করা, নিদ্রাবেশ; সার্ব্বাঙ্গিক যাতনা; অপরাহ্নে, আর্দ্র বাতাসে এবং নড়া চড়াতে অসুখের বৃদ্ধি ইত্যাদি ষ্টিলিঞ্জিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। অরাম্‌, আর্জেণ্টাম্‌, হিপার-সাল্‌ফিউরিস্‌, ক্যালী আয়োডাইড্‌, ফাইটোলাকা, মার্কিউরিয়াস্‌, মেজিরিয়াম্‌, রাস্‌-টক্স্‌, সাল্‌ফার।

ডাইলুশন বিচার। ইহার ডাইলুশন সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা ব্যবহার করিয়া দেখেন নাই।

সিম্ফাইটাম্ অফিসিনেলী,-সিম্ফাইট্

(SYMPHYTUM OFFICINALE,—SYMPH)

এই গাছের কাঁচা শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা দ্বারা ভাঙ্গা হাড়ে জোড়া লাগে পূর্ব্বকালের লোকের এরূপ বিশ্বাস ছিল। এই বিশ্বাসটী যে একবারে ভ্রম মূলক এরূপ বলা যাইতে পারে না, কারণ, হোমিওপ্যাথিক মতে হাড় ভাঙ্গার চিকিৎসায় ইহা দ্বাবা বিশেষ ফল পাওয়া যায়। মেরুদণ্ডের হাড়ের অসুখ হেতু সোয়াস্ ফোড়া (Psoas Abscess) এবং নিম্ন হন্বাস্থির প্রদাহে আমেরিকার এলিস্ নিবাসী ডাক্তার কেট্ (Dr. Cato.) এই ঔষধ ব্যবস্থা করিয়া বিশেষ ফল পাইয়াছেন। উক্ত উভয় অসুখেই তিনি এই ঔষধের ২য় এবং ৩য় ডাইলুশন ব্যবহার করিয়াছিলেন। অঘাত লাগিয়া অস্থির আবরক কঠিন পর্দার প্রদাহে (Periostitis) এই ঔষধ সেবনে বিশেষ উপকার দর্শে।

টিউক্রিয়াম্ মেরাম্ বিরাম্,-টিউক্রি

(TEUCRIUM MARUM VERUM,—TEUC-)

এই গাছের কাঁচা ডাঁটা এবং পাতা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। পূর্ব্বকালে নাসা বা নাকড়াতে ইহা নস্য (Snuff) স্বরূপ ব্যবহৃত হইত। হোমিওপ্যাথিক চিকিৎসকগণ ইহা ঐ হিসাবে নাসা বা নাকড়াতে ইহার অভ্যান্তরিক প্রয়োগ ব্যবস্থা করিয়া থাকেন। এইরূপ আভ্যান্তরিক প্রয়োগে নাসাতে যে কি ফল হয় সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ নাসাতে তিনি এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। অন্ত্রে সূত্রবৎ ক্ষুদ্র ক্ষুদ্র কৃমির (Ascarides) পক্ষে ইহা বিশেষ উপকারী। ইহা কৃমি রোগে সিনা (Cina) নামক ঔষধের ন্যায় কার্য্য করিয়া থাকে। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, যদি উক্ত প্রকার কৃমি গুহ্ দ্বারে অত্যন্ত উত্তেজনা উৎপাদন করে, তবে ইহা সিনা অপেক্ষাও

অধিক উপকারী। ইহার মূল আরোক ½ বা ¼ মাত্রায়, বা ১ম দশমিক ক্রমের আরোক, ১ফোঁটা মাত্রায়, বিশেষ উপকারী। তাঁহার আপন চিকিৎসার ফল দেখিয়া লেখক ডাক্তার হিউজের উক্ত মতের পোষকতা করিতে পারেন।

ট্যারেণ্টুলা,-ট্যারেণ্ট্

(TARENTULA,—TARENT.)

ইহা এক প্রকারের মাকড়সা বিশেষ। এই মাকড়সার সমুদয় অংশ যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলীই ইহা প্রধানতঃ আক্রমণ করিয়া থাকে, যাহার অস্থিরতার সঙ্গে সঙ্গে মানসিক এবং শারীরিক অবসন্নতাও বর্তমান থাকে ও উহার সঙ্গে সঙ্গে কোরিয়া (Chorea) রোগের ন্যায় লক্ষণাদিও সম্পষ্টরূপে প্রকাশ পাইয়া থাকে। উক্ত প্রকারের অসুখের আক্রমণের সঙ্গে সঙ্গে স্ত্রী বা পুরুষ সহবাসের ইচ্ছাও অত্যন্ত বৃদ্ধি পায়। বাদ্য শুনিলে কোরিয়ার আক্রমণের ন্যায় লক্ষণাদির হ্রাস বা একবারে দূরীভূত হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক চিহ্ন বিশেষ। অতএব কোরিয়া রোগে ইহা বিশেষ উপকারী। হিষ্টিরিয়া এবং এই প্রকার অন্যান্য স্নায়বিক অসুখে ইহা বিশেষ উপকারী। আগারিকাশ্, সিমিসিফিউগা, ষ্ট্রামোনিয়াম্ ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে ট্যারেণ্টুলার কার্য্যের সম্বন্ধ আছে। ৩য়, ৬ষ্ঠ এবং ১২ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

আর্টিকা ইউরেন্স্,-বিছুটী,-আর্টিকা

(URTICA URENS,—URTICA)

এই গাছের কাঁচা ডাঁটা এবং পাতা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। ইহা চর্ম্ম বিশেষরূপে আক্রমণ করার দরুণ গায়

আমবাতের (Urticaria,-Nettle rash) ন্যায় এক প্রকার ফুস্কুড়ী প্রকাশ পায়। অতএব আমবাতে ইহা বিশেষ উপকারী।

মস্তক। ঘুশ্ ঘুশে মাথা ব্যাথা, ডাইন পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয়; মাথার হাড়ের উপর আমবাতের ন্যায় ফুস্কুড়ী যাহা চামড়ার নীচেও বর্ত্তমান থাকে।

চক্ষু। আঘাত বা চোট লাগিলে যেরূপ হয়, চক্ষুর গোলকে সেরূপ চাপিয়া ধরার ন্যায় বেদনা (আর্নিকা, সিমিসিফ্, রুটা)।

গলার মধ্য। গলার মধ্যে জ্বালা (আর্স, ক্যান্থ্, ক্যাপ্স্)।

মল এবং মলদ্বার। আমাশয়ের ন্যায় ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বারে জ্বালা ও চুলকানি।

চর্ম্ম। মুখমণ্ডল, বাহু, স্কন্ধ এবং বক্ষে আগুনে পোড়ার ন্যায় জ্বালা ও উহার সঙ্গে সঙ্গে উক্ত অংশে কুট্ কুটানি, অবশবোধ এবং অত্যন্ত চুলকানি (এপিস্); স্তনের অত্যন্ত স্ফীতি এবং স্তন হইতে প্রথমতঃ সিরামের (Serum) ন্যায় ফেণবৎ পদার্থ ও তৎপর দুগ্ধ নিঃসরণ; স্তনে প্রায় ৮ দিন পর্য্যন্ত প্রচুর দুগ্ধের সঞ্চার; হাতের আগাগোড়ার স্ফীতি এবং উহার সঙ্গে সঙ্গে চুলকানি; আমবাত; জল বা পানি বসন্ত, যাহার দরুণ আক্রান্ত স্থানে ফুস্কুড়ী উচু হয়, উহার কেন্দ্র সাদা এবং চতুস্পার্শ্ববর্ত্তী স্থান লালবর্ণ ও আক্রান্ত স্থানে হুল ফুটানের ন্যায় বা জ্বালাযুক্ত যাতনা, আক্রান্ত স্থান রগ্ড়াইলে যাহার উপশম হয়।

ব্যবহার। আমবাত (Urticaria,-Nettle-Rash); জল বা পানি বসন্ত; স্তনদুগ্ধ শুকাইয়া যাওয়া, নতুবা স্তনে অতিরিক্ত পরিমাণে দুগ্ধের সঞ্চার; পুড়িয়া পোড়া স্থান লালবর্ণ হওয়া; কৃমির দরুণ গুহ্যের উত্তেজনা; ঠাণ্ডা লাগিয়া যেরূপ হয়, সেরূপ তরুণ আকারের শোথ ইত্যাদি অসুখে আর্টিকা ব্যবহার্য্য। পুড়িয়া গেলে পোড়া স্থানে বাহ্য প্রয়োগ এবং আভ্যন্তরিক প্রয়োগ আবশ্যক।

সমগুণবিশিষ্ট ঔষধ। ইহার কার্য্যের সঙ্গে এপিস্, রাস্টক্স্, ক্যান্থারিস্ এবং লেডামের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রমের আরোকই

আভ্যন্তরিক প্রয়োগে ব্যবস্থা। বাহ্য প্রয়োগে ৫ হইতে ১০ ফোঁটা মূল আরোক ২কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া উক্ত লোশন (Lotion) ব্যবহার্য্য।

বেলিরিয়ানা অফিসিনেলিস্,-বেলিরিয়ান্

(VALERIANA OFFICINALIS,-VALERIAN.)

এই গাছের শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অম্বা, আসাফিটিডা এবং মস্কাশের (কস্তুরীর) ন্যায় ইহা স্নায়ুমণ্ডলীর কেন্দ্র স্থান আক্রমণ করিয়া থাকে। ইহা মস্তিষ্ক এবং জ্ঞানেন্দ্রিয়ই অধিক আক্রমণ করে। ইহা শিরঃপীড়া, মাথাঘোরা, মানসিক উত্তেজনা, মনের অত্যন্ত আন্দোলন এবং সকল কার্য্যে তাড়াতাড়ি করার ভাব ও চক্ষের সম্মুখে আগুণের কণার ন্যায় দেখায়, যাহার দরুণ মনে হয় যেন সম্মুখস্থ সমুদয় বস্তুই আগুনের মধ্যে রহিয়াছে। স্নায়ুমণ্ডলের গতি উৎপাদক শক্তির কেন্দ্রও ইহা দ্বারা আন্দোলিত হইয়া থাকে, যাহার দরুণ অস্থিরতা এবং শরীরের নানা স্থানের আক্ষেপিক সঞ্চালন দেখিতে পাওয়া যায়। মস্তিষ্কের জ্ঞান উৎপাদনের কেন্দ্র স্থানও ইহার দ্বারা আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ হাত পায়ের পাতায় কুট্‌কুটানি, অসাড়বোধ এবং মস্তক ও কসেরুকায় অসুখ বোধ ইত্যাদি মৃগীরোগের আক্রমণের পূর্ব্ববর্ত্তী লক্ষণের (Aura epileptica) ন্যায় কতকগুলি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। চক্ষু এবং মূত্র যন্ত্রের উপরও ইহার বিশেষ কার্য্য আছে। ডাক্তার রিঙ্গার (Dr. Ringer) বলেন যে, মুখমণ্ডল লালবর্ণ, উষ্ণ এবং শীতল ঘর্ম্ম, অস্থিরতা, স্নায়বিকতা, মানসিক অবসন্নতা. গলার মধ্যে আঁটা বা ফাঁপড়বোধ, কপালের দুই পার্শ্বে দপ্‌দপানি, হৃৎপিণ্ডের ধড়্‌ফড়ানি ইত্যাদি হিষ্টিরিয়া রোগের লক্ষণ গুলি অনেক স্ত্রীলোকের শেষ রজঃরোধের (Menopause) সময় ঘটিয়া থাকে। এমতাবস্থায় বেলিরিয়ান্ বিশেষ উপকারী। আবার ডাক্তার ফিলিপ্‌স্ (Dr. Phillips) বলেন যে, অনেক দিন ধরিয়া ক্রমাগত এই

ঔষধ সেবনে স্তব্ধ বায়ু (Melancholia) এবং হিষ্টিরিয়ার ন্যায় মানসিক অবসন্নতা উৎপন্ন হয়। আবার তিনিই বলেন যে মনোন্মত্ততা বা মনোরোগে (Hypochondrias) এই ঔষধ সেবনে স্নায়বিকতা দূরীভূত হয়, রক্ত সঞ্চালনের উত্তেজনা হ্রাস হয়, নিদ্রাশূন্যতা দূরীভূত হয়, নিদ্রা হয় এবং মনে শান্তির ভাব আইসে, বিমর্ষভাব থাকে না এবং মনের অবসন্নতার ভাব কমিয়া যায়। হিষ্টিরিয়া রোগে নিশ্বাস বন্ধ হইয়া ফাঁপড় হওয়া, মাথা ধরা, উদরে দূষিত বায়ুর সঞ্চার এবং কাশি ইত্যাদি অসুখের পক্ষে তাঁহার মতে বেলিরিয়ান্ বিশেষ উপকারী। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, আহারবহা গলনালীর উপরিভাগ হইতে উহার নিম্নভাগ পর্য্যন্ত একটী সূতার ন্যায় পদার্থ ঝুলিয়া থাকার ন্যায় অনুভূত হওয়া এবং তদ্দরুণ বারম্বার বমনোদ্বেগের ভাব এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অস্বাভাবিক রকমের উল্লাস; জ্ঞান বড় থাকে না অর্থাৎ রোগী কোন বিষয় বুঝিতে বা জানিতে পারে না; সামান্য আকারের প্রলাপ এবং উহার সঙ্গে সঙ্গে গা যেন কাঁপে।

মস্তক। মাথা ব্যাথা, চক্ষুর কোটরের উপরিভাগেই যাহা অধিক অনুভূত হয়; কপালে প্রবলরূপে চাপিয়া ধরার ন্যায় যাতনা এবং উহার পরক্ষণই কপালে, প্রধানতঃ চক্ষুর কোটরের উপরিভাগে, বাটিয়া বা কসিয়া ধরা; চক্ষুর কোটরের উপরিভাগে একবার সাটিয়া ধরা এবং একবার চাপিয়া ধরা, যাহার দরুণ মনে হয় যেন কেহ চক্ষু মধ্য হইতে বহির্দ্দিকে খোঁচাইয়া বাহির করিতেছে।

চক্ষু। প্রাতঃকালে ঘুমভাঙ্গিলে চক্ষে চাপাবোধ; চক্ষুর পাতার প্রান্ত যেন স্ফীত এবং ক্ষত হওয়ার ন্যায় অনুভূত হয়; ধূম প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ জ্বালা এবং চিড়িক মারা (ক্রোকাশ্); চক্ষুর সম্মুখে আগুণের কণার ন্যায় দেখায় (বেল্, সাইক্লেমেন্, গ্লোনয়েন্, সাল্‌ফ্),-মনে হয় যেন সমুদয় বস্তুই আগুণের উপর রহিয়াছে।

মুখমণ্ডল। মুখমণ্ডলের স্নায়ুশূল (বেল্, চায়না, মার্ক্); মুখমণ্ডলের স্থানে স্থানে আক্ষেপিক ঝাকনি (ইগ্নেস্)।

মুখগহ্বর। দন্তশূল; মধ্যাহ্নে আহারের পূর্ব্বে মুখে পচামাছের তৈলের ন্যায় স্বাদ; অতি প্রত্যূষে ঘুম হইতে উঠিয়া মুখ ধুইলে মুখে বিস্বাদ বা চট্চটিয়া স্বাদ।

পাকস্থলী এবং উদর। বারম্বার কাঠ উদ্গার; গলাদিয়া উগ্র স্বাদ বিশিষ্ট জল উঠা যাহা মুখগহ্বর পর্য্যন্ত উঠে না; একগাছি সুতা ঝুলিয়া থাকিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অনুভূত হওয়ার দরুণ বমনোদ্বেগ, যে সুতাগাছি যেন নাভিপ্রদেশ হইতে ক্রমে ক্রমে উপরের দিকে উঠিয়া মুখগহ্বরের পশ্চাৎভাগে উঠে এবং উহার সঙ্গে সঙ্গে মুখের মধ্যে প্রচুর পরিমাণে লালের সঞ্চার হয়; বমনের ভাব বা বমন; উদরোর্দ্ধ প্রদেশে চাপাবোধ। উদর স্ফীত এবং কঠিন; উদরে মোচড়াইয়া ধরার ন্যায় শূলবেদনা; হিষ্টিরিয়া রোগে যেরূপ হয়, উদরে সেরূপ যাতনা।

মল। উদরাময়; বারম্বার কাইয়ের ন্যায় মলত্যাগ।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগ; মূত্রে সাদা, লাল এবং ঘোলাটিয়া তলানি পড়ে।

শ্বাসযন্ত্র। চলিয়া বেড়ানের সময় বুকের নিম্নভাগের মধ্যদিয়া আড়াআড়ি আঁটাবোধ হওয়ার দরুণ নিশ্বাসের ব্যাঘাত; বুক এবং যকৃত প্রদেশে হঠাৎ সূচীবিঁধানের ন্যায় যাতনা যাহা মধ্যদেশ হইতে বহির্দ্দেশে বিস্তৃত হয়; দাঁড়াইয়া থাকিলে শেষ প্রকৃত পাঁজরার হাড়ের স্থানে সূচীবিঁধান বা চাপিয়া ধরার ন্যায় যাতনা, যাহা মধ্যদিক হইতে বহির্দ্দেশ পানে বিস্তৃত হয়; নিশ্বাসের সময় বুকের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় ঘুশ্ঘুশে রকমের যাতনা, ভিতর হইতে বাহিরের দিকে যাহা বিস্তৃত হয় বলিয়া অনুভূত হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। বামকটি প্রদেশে কুঁচ্কির সন্ধির উপরিভাগে অত্যন্ত বেদনা, যাহার দরুণ মনে হয় যেন উক্ত অংশ থেঁত্লিয়া গিয়াছে বা মোচড়াইয়া পড়িয়াছে, দাঁড়াইলে যাহার বৃদ্ধি হয় এবং চলিবার অবস্থা অপেক্ষা বসা অবস্থায় যাহার অধিক বৃদ্ধি হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ। বামস্কন্ধ হইতে বাম হাতের অঙ্গুলী পর্য্যন্ত কসিয়া ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন সূচীবিঁধানের ন্যায় যাতনা, পাশ পরিবর্ত্তনে যাহার উপশম হয় না, কিন্তু চলিয়া বেড়াইলেই যাহা একবারে সারিয়া যায়; হাঁটুর সন্ধিতে সূচীবিঁধানের ন্যায় যাতনা; স্থির ও নিস্তব্ধভাবে বসিয়া থাকিলে হাত, পা ইত্যাদিতে কসিয়া ধরার ন্যায় বেদনা, চলিয়া বেড়াইলে যাহার উপশম হয়। বাহুর হাড়ের মধ্যে ছিঁড়িয়া ফেলা বা ছুরি বিঁধানের ন্যায় বারম্বার বেদনা; লিখিবার সময় ডাইন বাহুর বাইসেপ্‌স্ (Biceps) নামক পেশী প্রদেশে খিলধরার ন্যায় কসিয়া ধরা বা যাতনা, যাহা উপর হইতে নিম্ন দিকে বিস্তৃত হয়। উরুর বহির্দ্দেশে খিল-ধরার ন্যায় বা ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা, যাহা কুঁচ্‌কির সন্ধি পর্য্যন্ত বিস্তৃত হয়; বসিয়া থাকিলে পায়ের ডিমে ঝিম্‌ ঝিম্‌ করার ন্যায় যাতনা; অপরাহ্নে বসিয়া থাকিলে ডাইন পায়ের ডিমে ছিঁড়িয়া ফেলা বা চিড়িকমারার ন্যায় যাতনা; ডাইন পায়ের পাতার সন্ধিতে থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় ক্ষণস্থায়ী বেদনা, দাঁড়াইয়া থাকিলেই যাহা অধিক অনুভূত হয়, চলিয়া বেড়ানের সময় যাহা সারিয়া যায় বলিয়া অনুভূত হয়; ডাইন পায়ের গোড়ালীতে থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় হঠাৎ বেদনা, দাঁড়াইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং চলিয়া বেড়াইলে যাহার উপশম হয়; নিম্নাঙ্গ সঙ্কুচিত; বসিয়া থাকিলে পায়ের পাতার ক্ষুদ্র ক্ষুদ্র অস্থি সন্ধিতে কসিয়া ধরার ন্যায় যাতনা; বসিয়া থাকিলে পায়ের গোড়ালীতে হুলফুটানের ন্যায় যাতনা।

নিদ্রা। প্রথম রাত্রিতে ঘুম একবারেই হয় না; রাত্রিতে নিদ্রাশূন্যতা এবং তদ্দরুণ অস্থিরতা ও শেষ রাত্রিতে বা ভোর বেলা অত্যন্ত ঘুম হয় বটে, কিন্তু নানা বিষয়ে স্পষ্ট স্বপ্ন দেখিয়া ঘুম ভাঙ্গিয়া যায়।

জর। শীত; শরীরে বরফের ন্যায় শীতল বোধ; সমুদয় শরীরে অনবরত উষ্ণানুভব এবং তদ্দরুণ অত্যন্ত অসুখ বোধ; সন্ধ্যার সময় বসিয়া থাকা কালীন সমুদয় শরীরে অনবরত গরমবোধ; সন্ধ্যার সময় বসিয়া থাকা কালীন মুখমণ্ডল এবং সমুদয় শরীরে অত্যন্ত শুষ্ক উষ্ণানুভব; সন্ধ্যার সময় ২ ঘণ্টা ধরিয়া অনেকবার ঘর্ম্ম; রাত্রিতে অতিরিক্ত পরিমাণে ঘর্ম্ম।

ব্যবহার। হিষ্টিরিয়া বা যে প্রকার স্নায়বিক মণ্ডলীর অসুখে

হিষ্টিরিয়ার ন্যায় লক্ষণাদি অধিক প্রকাশ পায়, নিদ্রা শূন্যতা; শিরঃপীড়া; উদরে দূষিত বায়ু সঞ্চিত হওয়া; মনের সর্ব্বদাই বিমর্ষভাব ইত্যাদি অনুপে বেলিরিয়ান্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের স্থানে স্থানে কসিয়া ধরার ন্যায় ক্ষণস্থায়ী বেদনা, যাহা সকল সময় এক স্থানে থাকে না; প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে বসিয়া বা দাঁড়াইয়া থাকিলে যাতনাদির বৃদ্ধি।

সমগুণবিশিষ্ট ঔষধ। ইগ্নেসিয়া, ষ্ট্রামোনিয়াম্, আম্ব্রা, আসাফিটিডা, মস্কাশ্।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া।

ডাইলুশন বিচার। ১ম,২য় এবং ৩য় ডাইলুশনই আমরা সচরাচর ব্যবহার করিয়া থাকি।

বার্ব্ব্যাস্কাম্ থ্যাপ্সাস্,-বার্ব্ব্যাস্ক্

(VERBASCUM THAPSUS,-VERBASC.)

এই গাছের কাঁচা ডাঁটা এবং পাতা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা সম্বন্ধীয় [illegible] ইহা আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ শিরঃপীড়া, মুখ [illegible] স্বরভঙ্গ সম্বলিত শুষ্ক কাশি ইত্যাদি উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বামগাল চাপিলে মাথাঘোরা; মাথার চাঁদি [illegible] অবসন্নকারক বেদনা, কপালেই যাহা অধিক অনুভূত হয়; চিম্‌টা দিয়া চাপিয়া ধরিলে যেরূপ হয়, কপালের দুই পার্শ্বে সেরূপ যাতনা; মস্তিষ্কের বাম অর্দ্ধাংশের মধ্য দিয়া আস্তে আস্তে চাপিয়া ধরা বা সূচীবিধানের ন্যায় যাতনা, যাহা পশ্চাৎদিক হইতে সম্মুখ দিকে বিস্তৃত হয়।

কর্ণ। বাম কর্ণে অবশবোধ; বাম কর্ণে ছিঁড়িয়া ফেলা বা কসিয়া

ধরার ন্যায় বেদনা; প্রথমতঃ বাম কর্ণ এবং তৎপর ডাইন কর্ণ যেন বন্ধ হইয়া রহিয়াছে এরূপ মনে হয়।

মুখমণ্ডল। বাম গালের হাড়ে এবং মেলার নামক হাড়ে (Malar-bone) চাপিয়া বা যাটিয়া ধরার ন্যায় অবসন্নকারক প্রবল বেদনা, চাপিলে এবং বহির্ব্বায়ুতে অথবা হঠাৎ দমকা বাতাস লাগিলে যাহার বৃদ্ধি হয়; টুটীর চর্ম্ম, মাসিটার নামক পেশী (Masseter muscle) এবং গলার মধ্যে যাটিয়া ধরার ন্যায় প্রবল বেদনা।

মুখগহ্বর। জিহ্বার গোড়া কটাবর্ণ এবং প্রাতঃকালে ও অপরাহ্ণে মুখে কোন প্রকারের বিস্বাদ থাকে না।

পাকস্থলী এবং উদর। কাঠ উদ্গার বা তিক্ত উদ্গার; বারম্বার হিক্কা। একখানি ভারি পাথর চাপাইয়া রাখিলে যেরূপ হয়, নাভি প্রদেশে সেরূপ কষ্টদায়ক ভারিবোধ এবং যাতনা (পাল্স্), মাথা হেট করিয়া উপুড় হইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়।

মূত্রযন্ত্র। বারম্বার প্রচুর পরিমাণে প্রস্রাব হওয়া (এপিস্, আপোসাইনাম্, সিপা, পাল্স্); রাত্রিতে অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মূত্রত্যাগ (কষ্ট্, কুপ্রাম্, গ্রাফ্)।

শ্বাসযন্ত্র। সজোরে পড়িবার সময় স্বরভঙ্গ (ফস্); সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে স্বরভঙ্গ ও বুকে কষ্টানুভব; স্বরভঙ্গ সম্বলিত শুষ্ক গভীর কাশি, সন্ধ্যার সময় এবং রাত্রিতেই যাহা অধিক হয় (স্পঞ্জ্)।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাত এবং হাতের আঙ্গুলে সূচীবিঁধানের ন্যায় যাতনা; বহির্ব্বায়ুতে চলিয়া বেড়ানের সময় ডাইন উরু দেশের পেশীতে খিল ধরার ন্যায় বেদনা; ডাইন হাঁটুর মধ্য দিয়া হঠাৎ বেদনা; দাঁড়াইয়া থাকা কালীন ডাইন পায়ের পাতার তলায় খিলধরার ন্যায় চাপাবোধ, চলিয়া বেড়াইলে যাহা থাকে না।

ব্যবহার। শিরঃপীড়া; মুখমণ্ডলস্থ স্নায়ুশূল; সর্দ্দিজনিত (প্রধানতঃ শিশু এবং ছোট বালক বালিকাগণের) কাশি; মূত্র ধারণে অশক্তি বা বিছানায় স্বপ্নে প্রস্রাব করা ইত্যাদি অসুখে বার্ব্যাক্সাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের স্থানে স্থানে ছিঁড়িয়া ফেলা

বা সূচীবিঁধানের ন্যায় যাতনা (গ্রাহ, ক্যালী-কার্ব্ব); অতিরিক্ত গা ভাঙ্গা এবং হাঁইতোলা; আহারের পর নিদ্রার ভাব; সমুদয় শরীর ঠাণ্ডা।

সমগুণবিশিষ্ট ঔষধ। নাক্স্ বমিকা, প্লাটিনা, ষ্টানাম্।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। হানিমান এই ঔষধের মূল আরোক ব্যবস্থা করিয়া গিয়াছেন। ডাক্তার কুসিঙ্গের (Dr. Cushing) মতে ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবস্থা।

জ্যান্থক্স্ জিলাম,-জ্যান্থক্স্

(XANTHOXYLUM,-XANTHOX.)

এই গাছের ছাল বা পাকা ফল যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা স্নায়ুমণ্ডলীকে আক্রমণ করিয়া জ্ঞান উৎপাদনের সহায়কারী স্নায়ুগুলিকে উত্তেজিত এবং উষ্ণ করিয়া থাকে। ইহা গতি উৎপাদনের সহায়কারী স্নায়ুগুলিকে অপেক্ষাকৃত কম আক্রমণ করিয়া থাকে। দ্বিতীয়তঃ ইহা জ্ঞান ও গতি উৎপাদনের সহায়কারী, এই উভয় প্রকারের স্নায়ুগুলির পক্ষাঘাত এবং জড়তা উৎপাদন করার দরুণ জীবনী শক্তির হ্রাস হয়। অতএব ইহা দ্বারা মস্তিষ্ক এবং শরীরের কার্য্য করার শক্তিও আক্রান্ত হইয়া থাকে। ইহার উত্তেজক শক্তি দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লী, পেশী ও গ্রন্থিগুলিও আক্রান্ত হইয়া থাকে। ইহা জননেন্দ্রিয় আক্রমণ করিয়া স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং প্রচুর রজঃস্রাব আনয়ন করে। এই প্রকারের রজঃস্রাবের সঙ্গে সঙ্গে জরায়ুতে স্নায়ুশূলের ন্যায় বেদনাও (Neuralgic pain) বর্ত্তমান থাকে। এই প্রকার রজঃস্রাবকে স্নায়ুশূলের লক্ষণাক্রান্ত-কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা বলিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদাই সশঙ্কিত থাকা এবং ভয়াতুর; মনের অবসন্নতা এবং দুর্ব্বলতা।

মস্তক। মাথায় পূর্ণ এবং ভারিবোধ; মাথায় গোলমেলে বোধ; মাথার পশ্চাৎভাগে বেদনা; ডাইন চক্ষুর উপরিভাগে দপ্‌দপিয়া বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; চক্ষুর উপরিভাগে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; চক্ষুর উপরিভাগে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে নাকের গোড়ার উপরিভাগে দপ্‌দপানি; মাথায় কন্‌কনানি এবং দপ্‌-দপানি, যাহার দরুণ মনে হয় মাথার উপরিভাগ যেন ভাঙ্গিয়া বাহির হইয়া পড়িবে; মাথার হাড়ে আঁটাবোধ।

নাসিকা। ডাইন নাসারন্ধ্রে পূর্ণবোধ; নাকদিয়া শ্লেষ্মা নির্গমন; নাকদিয়া রক্ত মিশ্রিত মামড়া (চুমটী) পড়ে।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখগহ্বর, উহার পশ্চাৎভাগ এবং গলার মধ্যে গোলমরিচের ন্যায় স্বাদ। গলার মধ্যে জ্বালা এবং টাটানি ও গলাদিয়া কঠিন তল্‌তলে শ্লেষ্মা নির্গমন; কোন বস্তুর একটী বাঁধা ঝোপা লাগিয়া থাকিলে যেরূপ হয়, গিলিবার সময় গলার মধ্যের বাম পার্শ্বে সেরূপ যাতনা, যাহা ডাইন দিকে সরিয়া যায়।

পাকস্থলী। ক্ষুধাশূন্যতা; উদ্‌গার উঠা; বমনোদ্বেগ; পাকস্থলীর মধ্যে কষ্টানুভব এবং উহার সঙ্গে সঙ্গে মধ্যে মধ্যে শীতবোধ; পাকস্থলীতে পূর্ণ এবং চাপাবোধ ও উহাতে ধড়্‌ফড়্‌ করা।

মূত্র। স্নায়বিক স্ত্রীলোকের প্রচুর পরিমাণে ফিকা রঙ্গের মূত্রত্যাগ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের ডিম্বকোষে বেদনা যাহা জেনিটো ক্রুরেল্‌ স্নায়ু (Genito-crural nerves) পর্য্যন্ত বিস্তৃত হয়; জরায়ুতে ভয়ানক যাতনা এবং বেদনা; শিরঃপীড়া; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে প্রচুর রজঃস্রাব; উরুর সম্মুখ ভাগের নিম্নদেশে বেদনা; স্নায়ুশূলের আকার বিশিষ্ট বাধকের বেদনা সম্বলিত কষ্টকর রজঃস্রাব; সন্তান প্রসবের পর জরায়ুতে স্নায়ুশূলের ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণে লোকীয়া (Lochia) নিঃসরণ।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং গলার মধ্যে শুষ্কবোধ, যাহার দরুন মনে হয় যেন স্বরভঙ্গ হইয়াছে; দীর্ঘ নিশ্বাসের ইচ্ছা; বুকে আঁটা বোধ; হা করিয়া দীর্ঘ নিশ্বাসের ইচ্ছা।

অঙ্গ, প্রত্যঙ্গ। জেনিটো ক্রুরেল্ স্নায়ুর (Genito-crural nerves) মধ্য দিয়া আগা গোড়া স্নায়ুশূলের ন্যায় প্রবল বেদনা; নিম্নাঙ্গের অত্যন্ত দুর্ব্বলতা; অঙ্গ প্রত্যঙ্গে স্নায়ুশূলের ন্যায় বা খোঁচা বিঁধানের ন্যায় বেদনা এবং উহাতে অত্যন্ত দুর্ব্বলতা ও অবশবোধ।

জ্বর। শীত কম্প, অঙ্গ প্রত্যঙ্গে বেদনা; দমকা উষ্ণানুভব; শিরার মধ্যে গরমবোধ।

ব্যবহার। স্নায়ুশূলের ন্যায় বেদনা সহ কষ্টকর রজঃস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব; সর্দ্দি; স্নায়ুশূল; পক্ষাঘাত; মৃত্তিকা পাণ্ডুরোগ (Chlorosis); সন্তান প্রসবের পর পেটে স্নায়ুশূলের ন্যায় বেদনা ইত্যাদি অসুখে জ্যান্থক্স্ জিলাম্ ব্যবহার্য্য। স্ত্রীলোকের রজঃস্রাব সম্বন্ধীয় অসুখ এবং সন্তান প্রসবের পর পেটে বেদনা (ভাদলির কামড়,-আদ্লা ব্যাথা,-After-pains) ইত্যাদি রোগাক্রান্ত অনেকগুলি রোগীর চিকিৎসায় যে ফল পাওয়া গিয়াছে তাহা দেখিয়া লেখক ইহাই স্থির করিয়াছেন যে, (১) কষ্টকর প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাবে যদি পেটে স্নায়ুশূলের ন্যায় বেদনা থাকে এবং উক্ত বেদনা যদি স্বল্প বিরাম আকার ধারণ করে বা বিরাম শূন্য হইয়া অনবরত বর্ত্তমান থাকে, তবে জ্যান্থক্স্ জিলাম্ উপকারী। উক্ত বেদনা সবিরাম আকার ধারণ করিলে ইহা দ্বারা কোনও উপকার দর্শে না। (২) আবার সন্তান প্রসবের পর পেটে যদি স্নায়ুশূলের ন্যায় উক্ত প্রকারের বেদনা হয়, তবে এই ঔষধ বিশেষ উপকারী। (৩) এই ঔষধের মূল আরোক ব্যতীত মিশ্র আরোক সেবনে কোনও উপকার পাওয়া যায় না এবং যদি উপকার হওয়ার সম্ভাবনা থাকে, ২।৩ মাত্রা সেবনেই উপকার পাওয়া যায়। পক্ষান্তরে উপকার হওয়ার সম্ভাবনা না থাকিলে ইহার ২।৪ আউন্স্ সেবনেও কোন উপকার পাওয়া যায় না। এই ঔষধ দ্বারা উপকার হওয়ার সম্ভাবনা থাকিলে ২।১ মাত্রা সেবনের পরই ঘুমাইয়া পড়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ, অনেক রোগীর চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গায় কাঁটা বিঁধানের ন্যায় যাতনা; গোল মরিচ লাগিলে যেরূপ হয়, শ্লৈষ্মিক ঝিল্লীতে সেরূপ জ্বালা এবং চিড়িক

মারা; সর্দ্দি; কষ্টকর প্রচুর রজঃস্রাবে, সন্তান প্রসবের পর পেটে স্নায়ুশূলের ন্যায় স্বল্প বিরাম আকারের বেদনা বা উক্ত বেদনা অনবরত বর্ত্তমান থাকা ইত্যাদি জ্যান্থক্স্‌জিলামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। বেলাডোনা, সিমিসিফিউগা, জেল্‌সি-মিনাস্‌।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রমের আরোক ব্যবহৃত হয়। কষ্টকর প্রচুর রজঃস্রাব এবং সন্তান প্রসবের পর পেটে বেদনায় ১ম, ২য় এবং ৩য় ক্রম ব্যবহার করিয়া লেখক কোনও ফল পান নাই। তিনি মূল আরোক, ১ ফোঁটা মাত্রায়, ব্যবহার করিয়া আশাতিরিক্ত ফল পাইয়াছেন। কোন রোগীকেই ২।৩ মাত্রায় অধিক সেবন করাইতে হয় নাই।

চতুর্থ ভাগ।

৪র্থ শ্রেণীর ঔষধ সমূহ

অর্থাৎ

যে সকল ঔষধ ১ম, ২য় এবং ৩য় শ্রেণীর ঔষধ অপেক্ষা কম ব্যবহৃত হইয়া থাকে।

আসিডাম্ পিক্রিকাম্,-পিক্রিক্ আসিড্,-পিক্-আস্

(ACIDUM PICRICUM,-PICRIC ACID,-AC.-PIC.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনিত পিক্রিক্ আসিড্ ক্রয় করিয়া যথা নিয়মে চুয়ান জলে মিশাইয়া ইহার মিশ্র আরোক বা সলিউশন্ (Solution) প্রস্তুত হইয়া থাকে। ইহা রেক্টিফাইড্ স্পিরিটেও বিগলিত হয়। ইহার মিশ্র গুঁড়াও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ইহা কসেরুকা মজ্জার সাদা-কোমলতার পক্ষে বিশেষ উপকারী। স্ত্রীসহবাসের অতিরিক্ত ইচ্ছায় এই ঔষধের ৩য় ক্রমের গুঁড়া সেবনে বিশেষ উপকার দর্শে। এই ঔষধের ৩০ ক্রম ব্যবহারে হস্তমৈথুনের ইচ্ছা নিবারিত হইয়া থাকে। প্রবল শিরঃপীড়ায়ও ইহা বিশেষ উপকারী। শিরঃপীড়া মাথার পশ্চাৎভাগ হইতে আরম্ভ হইয়া মাথার সম্মুখ এবং নিম্ন প্রদেশে বিস্তৃত হয়। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, যে প্রকার শিরঃপীড়া মস্তিষ্কের সামান্য ব্যবহার বা সঞ্চালনেই হয়, সে প্রকার শিরঃপীড়ায় পিক্রিক্ আসিড্ অত্যন্ত উপকারী। আল্‌বুমিনুরিয়া এবং গরমীর ব্যারাম জনিত চক্ষুর রেটিনার প্রদাহে (Albuminuric and Syphilitic Retinitis) পিক্রিক্ আসিড্ বিশেষ উপকারী। ডাক্তার হাউটান্ (Dr. Houghton) বলেন যে, মুখমণ্ডলে ব্রণের চিকিৎসায় এই ঔষধ দ্বারা বিশেষ উপকার দর্শে। ফস্ফরাস্ এবং আর্জেন্টাম্ নাইট্রিকামের কার্য্যের

সঙ্গে পিক্‌রিক্ আসিডের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। ১ম হইতে ৩০ পর্য্যন্ত সকল ক্রম ব্যবহার করিয়াই ফল পাওয়া যায়।

এইলান্থাস্ গ্লাণ্ডুলোসাস্,-এইলান্থ্

(AILANTHUS GLANDULOSUS,-AILANTH.)

ডাক্তার হেল্ (Dr Hale) বলেন যে, প্রস্ফুটিত ফুল এবং গাছের কচি ও কোমল কুঁড়ির বাকল সমান পরিমাণে মিশাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা আক্রমণ করিয়া শরীরের এমন অবস্থা আনয়ন করে যাহা সাংঘাতিক আকারের আরক্ত জ্বরে দেখিতে পাওয়া যায়। ইহা চর্ম্মও আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ গায় নানা প্রকারের স্ফোটক রোগের ফুস্কুড়ী প্রকাশ পাইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অর্দ্ধ চেতনা; রোগীর নিকট যাহা বলা যায় সে তাহা বুঝিতে পারে না (ব্যাপ্‌ট্, জেল্‌স্, ফস্-আস্, রাস্-টক্স্); অর্দ্ধজ্ঞানরহিততা, প্রলাপ এবং স্পর্শ জ্ঞান রহিততা (বেল্, হায়োস্, ওপিয়াম্); অনবরত বীড়্ বীড়্ করিয়া প্রলাপ বলা (Muttering delirium) এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রাশূন্যতা ও অস্থিরতা (আগারিকাশ্, বেল্, হায়োস্)।

মস্তক। প্রবল শিরঃপীড়া এবং উহার সঙ্গে সঙ্গে মাথা ঝিম্ ঝিম্ করা ও মুখমণ্ডল লালবর্ণ এবং উষ্ণ।

চক্ষু। চক্ষু লালবর্ণ এবং জলপূর্ণ; ঘুম হইতে জাগাইয়া রোগীর মুখ পানে তাকাইলে তাহাকে চমকিয়া উঠার ন্যায় দেখায়; চক্ষুর তারা বিস্তৃত এবং অচল (এথুজা, বেল্, হায়োস্, ষ্ট্রামন্); চক্ষে আলোক সহ্য হয় না।

নাসিকা। নাকদিয়া প্রচুর পরিমাণে তরল ছানার জলের ন্যায়

ছিবড়ে ছিবড়ে রক্তসংযুক্ত ক্লেদ নিঃসরণ (আর্স, এরাম্, সিপা) ; নাসারন্ধ্রে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং নাক দিয়া শ্লেষ্মা নিঃসরণ বন্ধ হওয়া।

মুখমণ্ডল। মুখমণ্ডল লালবর্ণ এবং উষ্ণ ও ঘামাচির ন্যায় লাল ফুস্কুড়ী দ্বারা আবৃত (বেল, রাস্-টক্স্), মুখমণ্ডল মেহগনী কাঠের রঙ্গ বিশিষ্ট।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁত কাল্চে ময়লাযুক্ত (Sordes) (ব্যাপ্ট্, রাস্-টক্স্) ; জিহ্বা শুষ্ক, উষ্ণ এবং ফাটাযুক্ত (আর্স, ব্যাপ্ট্, বেল, রাস্-টক্স্) ; জিহ্বা আর্দ্র এবং সাদা লেপযুক্ত (আণ্টি-ক্রুড্, মার্ক্) ; ওষ্ঠ এবং উহার প্রান্ত নীলবর্ণ (বেল্)। গিলিবার সময় বা বাতাস প্রবেশ করিলে গলার মধ্যে টাটানি বা বেদনা ; গলার মধ্য নীলের আভাযুক্ত, প্রায় গাঢ় বেগুনীর ন্যায় (নেজা) ; গলার মধ্য স্ফীত ; টন্সিল্ (Tonsils) স্ফীত এবং উহাতে ভয় উৎপাদক ক্ষত (এপিস্), যাহা হইতে অল্পপরিমাণ দুর্গন্ধযুক্ত কল্তানি পড়ে ; গলার বহির্দ্দেশ স্ফীত এবং বেদনাযুক্ত (ব্যাপ্ট্) ; গলার মধ্যে খুশ্খুশী এবং গলা খেকুর দিয়া কফ তোলা ; গলার মধ্য শোথের ন্যায় স্ফীত এবং উহাতে শুষ্ক ও ফাঁপড় বোধ ; গলার মধ্য শুষ্ক, খশ্খশে এবং ছাল উঠিয়া যাওয়ার ন্যায় হয়।

পাকস্থলী। বসিলেই প্রবল বমন এবং উহার সঙ্গে সঙ্গে অর্দ্ধ জ্ঞান রহিতত্তা (Stupor) (আণ্টি-টার্ট) ; পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে শীতল জলাদি পানের ইচ্ছা।

মল। জলবৎ তরল, অত্যন্ত দুর্গন্ধযুক্ত উদরাময় (আর্স্), যাহা প্রস্রাব করার সময় অসাড়ে নির্গত হয় (হায়োস্, মিউর-আস্)।

মূত্র। মূত্রাবরোধ বা মূত্র পরিমাণে অল্প ; অজ্ঞাতসারে মূত্র নিঃসরণ।

শ্বাসযন্ত্র। নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন, অনিয়মিত এবং ভারি ; শুষ্ক খুশ্খুশে কাশি ; ফুস্ফুসে টাটানি এবং বেদনা ; ফুস্ফুসে ক্লান্তিবোধ।

নাড়ী। নাড়ী দ্রুতগামী, ক্ষুদ্র এবং অনিয়মিতরূপে স্পন্দন করে।

গ্রীবা। গ্রীবা অত্যন্ত স্ফীত এবং স্পর্শনে অত্যন্ত বেদনাযুক্ত হয়।

চর্ম্ম। গায় লালবর্ণ হামের ন্যায় ফুস্কুড়ী যাহা মুখমণ্ডল এবং

কপালেই অধিক দৃষ্ট হয়; গায় ফুস্কুড়ী, আঙ্গুল দ্বারা চাপিলে যাহা অদৃশ্য হয় এবং আঙ্গুলের চাপ ছাড়িয়া দিলে যাহা আস্তে আস্তে পুনরায় দৃষ্টিগোচরে আইসে।

নিদ্রা। নিদ্রাবেশ, অস্থিরতা, যাহা শীঘ্রই অচেতনতায় পরিণত হয়।

ব্যবহার। যে প্রকার অসুখে অতি শীঘ্র শীঘ্র বলক্ষয় হয়, অৰ্দ্ধজ্ঞান রহিততা, বমন এবং চর্ম্ম বেগুনীর রঙ্গ হয়, সেপ্রকার রোগ; সাংঘাতিক আকারের আরক্ত জ্বর এবং অন্যান্য প্রকারের স্ফোটক জ্বর; আন্ত্রিক জ্বর বা জ্বর বিকার; মস্তিষ্ক এবং কসেরুকা মর্জ্জাবরক ঝিল্লী প্রদাহ (Cerebro-spinal Meningitis); ফিতার ন্যায় কৃমি (Tape worm) ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য। ডাক্তার ব্রাউনের (Dr. Brown) মতে যে প্রকার হাম জ্বরে হামের ফুস্কুড়ী বাহির হয় না বা একবার বাহির হইয়া পুনরায় বসিয়া যায়, তাহাতে এই ঔষধ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। প্রাতঃকালে অসুখের বৃদ্ধি (মিউর-আস্)। ইহা শিশু বা ছোট বালক বালিকা এবং স্নায়বিক স্ত্রীলোকের অসুখে বিশেষ উপকারী। পিত্তাধিক ধাতু; রিষ্টপুষ্ট শরীর।

সমগুণবিশিষ্ট ঔষধ। আলোজ্, এরাম্, আর্সিনিক, বেলা-ডোনা, ব্যাপ্‌টিসিয়া, জেল্‌সিমিয়াম্, হায়োসায়েমাস্, ল্যাকেসিস্, মিউরিয়াটিক্ আসিড্, ফস্ফরাস্, রাস্-টক্স্, ষ্ট্রামোনিয়াম্, আম্বুক্স্‌জিনাম্।

প্রতিষেধক ঔষধ। আলোজ্, রাস্-টক্স্, নাক্স্-বমিকা।

ডাইলুশন বিচার। ১ম দশমিক ডাইলুশনই ব্যবহৃত হইয়া থাকে।

আট্রোপিয়া,-আট্রোপ্

(ATROPIA,-ATROP.)

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। অনেক চিকিৎসাবিদ্ পণ্ডিতের বিশ্বাস যে বেলাডোনা এবং আট্রোপিয়ার কার্য্য প্রায় এক প্রকার। উক্ত দুই ঔষধের কার্য্যের মধ্যে যে প্রভেদ আছে তাহার কোনও সন্দেহ নাই। জ্বরের পর অনেক কাল স্থায়ী শিরঃপীড়া; ভ্রম এবং মৃগীরোগ;

গলার মধ্য এবং কণ্ঠনালীর উত্তেজনা, হুপিং কফের আক্ষেপিক অবস্থা এবং হাঁপানি কাশিতে আট্রোপিয়া বিশেষ উপকারী। ডাক্তার কাফ্‌কা (Dr. Kafka) এই ঔষধ তাহার আপন শরীরে পরীক্ষা করিয়া স্থির করিয়াছেন যে, পাকস্থলীর যে প্রকার পুরাতন আকারের অসুখে পাকস্থলীতে অত্যন্ত বেদনা বা যাতনা এবং বমন বর্ত্তমান থাকে, তাহাতে আট্রোপিয়া অত্যন্ত উপকারী। ডাক্তার বেয়ার (Dr. Bæhr) বলেন যে, পাকস্থলীর ক্ষতে, পাকস্থলীর বেদনা বা যাতনা নিবারণ করার জন্য আট্রোপিয়া এক বিশেষ উপকারী ঔষধ মধ্যে পরিগণিত। আমেরিকাতে উক্ত প্রকারের পাকস্থলীর ক্ষত রোগে আট্রোপিয়া সেবনে অনেক রোগী আরাম হইয়াছে। ইহার ২য় ক্রমের গুঁড়াই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

ক্রোটেলাস্ হরিডাস্,-ক্রোটেল্

(CROTALUS HORRIDUS,-CROTAL.)

রেটেল্ (Rattle snake) নামক আমেরিকায় একপ্রকার ভয়ানক বিষাক্ত সর্প আছে। উহার বিষকেই ক্রোটেলাস্ বলে। গ্লিসেরিণ্ (Glycerine) দিয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। ১ম শততমিক হইতে ৫ম শততমিক ক্রম পর্য্যন্ত গ্লিসেরিণ্ এবং প্রুফ্ স্পিরিট্ একত্রে মিশাইয়া (১ ভাগ গ্লিসেরিণ্ এবং ৩ ভাগ প্রুফ্ স্পিরিট্) প্রস্তুত হইয়া থাকে। ৬ষ্ঠ এবং ততোধিক শততমিক ক্রমের আরোক ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। অন্যান্য প্রকারের সর্পবিষের ন্যায় ইহা প্রথমতঃ মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুর কেন্দ্র স্থান (Centres) আক্রমণ করে এবং তৎপর রক্তকে পচাইয়া রক্তের ফাইব্রিন্ (Fibrine) নামক পদার্থকে বিনাশ করিয়া রক্তস্রাব আনয়ন করে ও শরীরের নানা স্থানে লোমছা যাওয়ার (Ecchymoses) ন্যায় হইয়া থাকে। (১৮৮পৃষ্ঠায় ল্যাকেসিস্ নামক ঔষধের বিবরণ দ্রষ্টব্য)। পিত্তজ্বরে (Yellow Fever) যেরূপ অবস্থা

হয়, ক্রোটেলাস্ দ্বারা বিষাক্ত হইলেও সেরূপ হইয়া থাকে। অতএব পিতজ্বরে ক্রোটেলাস্ সেবনে বিশেষ উপকার দর্শে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। প্রলাপ, প্রধানতঃ রাত্রিতে; আন্ত্রিক জ্বর বা জ্বর বিকারে বিড়্ বিড়্ করিয়া প্রলাপ বলা; প্রলাপ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু অর্দ্ধ খোলা থাকা; জ্ঞানের জড়তা; কথা বার্ত্তা গোলমেলে এবং প্রশ্নাদির অসংলগ্ন উত্তর দেওয়া; স্মরণ শক্তির অত্যন্ত হ্রাস (আনাকার্ড্, ক্রিয়াজ্); মদোন্মত্ততা (Delirium Tremens) এবং উহার সঙ্গে সঙ্গে অনবরত নিদ্রার ভাব হয় বটে, কিন্তু রোগী ঘুমাইতে পারে না; রোগাদি দ্বারা রুগ্ন এবং দুর্ব্বল শরীরে উক্ত প্রকারের প্রলাপাদি; স্তব্ধবায়ু এবং উহার সঙ্গে সঙ্গে ভীরুতা, ভয় এবং মনের উদ্বেগ; ক্রন্দন এবং খিট্ খিটে স্বভাব; বিমর্ষ ভাব এবং রোগী (স্ত্রীলোক) সর্ব্বদা আপন মৃত্যু বিষয়ে চিন্তা করে।

মস্তক। মাথাঘোরা; মাথা বেদনা, যাহা চক্ষু পর্য্যন্ত বিস্তৃত হয়; কপালের দুই পার্শ্বে সূচীবিধানের ন্যায় বেদনা বা যাতনা; কপালের ঠিক মধ্য ভাগে প্রবল বেদনা; চক্ষুর তারা বিস্তৃত; প্রচুর রক্তঃস্রাব; মাথায় ভারিবোধ এবং চাপিয়া ধরার ন্যায় বেদনা; মাথার হাড়ে ভয়ানক রকমের চুলকানি (কার্ব্বোল-আস্, সাল্ফ্)।

চক্ষু। চক্ষু হরিদ্রাবর্ণ (চেলিডন্, পডোফ্, আয়োড্, প্লাম্বাম্); সমুদয় শরীর হরিদ্রা বর্ণ; চক্ষুদ্বয় কাল রেখা দ্বারা পরিবেষ্টিত; চক্ষুদিয়া রক্ত চুয়াইয়া পড়া; চক্ষে জ্বালানুভব; চক্ষুর উপরিভাগে চাপা এবং কষ্টবোধ।

নাসিকা। নাসিকা এবং শরীরের যে যে স্থানে ছিদ্র আছে, উহার সমুদয় ছিদ্র দিয়াই রক্ত নির্গমন; ডিপ্থিরিয়া রোগের সময় নাক দিয়া রক্ত পড়া; গরমীর ব্যারাম জনিত বা আরক্ত জ্বরে নাকের মধ্যে ক্ষত এবং উহা হইতে অত্যন্ত দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণ; নাক দিয়া রক্তের ন্যায় ক্লেদ নিঃসরণ।

মুখমণ্ডল। মুখমণ্ডল হরিদ্রাবর্ণ (চেলিডন্, পডোফ্) অথবা সীসার রঙ্গের ন্যায়।

মুখগহ্বর এবং গলার মধ্য। মাড়ি সাদা; মাড়ি দিয়া রক্ত পড়া; রাত্রিতে দাঁতে দাঁতে কড়্মড়্ শব্দ করা; জিহ্বার প্রদাহ এবং গলার মধ্যে আঁটাবোধ হওয়ার দরুণ বাকরোধ। গলার মধ্য শুষ্ক এবং উহার সঙ্গে সঙ্গে পিপাসা।

পাকস্থলী এবং উদর। অসহ্য পিপাসা; পাকস্থলী সর্ব্বদা উত্তেজিত অবস্থায় থাকে এবং কোন দ্রব্য উদরস্থ হওয়া মাত্রই বমন দ্বারা উঠিয়া পড়ে; ক্ষুধা এবং উহার সঙ্গে সঙ্গে শরীরের কাঁপনি ও দুর্ব্বলতা; উদরস্থ আহার দ্রব্য, সবুজবর্ণের জল বা রক্ত বমন, যাহা অনেক সময় অত্যন্ত প্রবল আকার ধারণ করে; পাকস্থলীর মধ্যে বেদনা; উদরোর্দ্ধ প্রদেশে এবং উদরের দুইপার্শ্বে কাপড়ের চাপও সহ্য হয় না (ক্যাল্ক্-কার্ব্ব্, ল্যাক্); সমুদয় উদরই স্ফীত; উদরে জ্বালাযুক্ত বেদনা (আর্স্); কুঁচ্কির গ্রন্থির বিবৃদ্ধি এবং উহাতে পচা ও অসুস্থ পূঁযের সঞ্চার।

মল এবং মলদ্বার। গুহ্যদ্বার এবং শরীরের অন্যান্য স্থানের স্বাভাবিক ছিদ্র দিয়া রক্ত নিঃসরণ (হামামেলিস্); উদরাময়; কাল্চে তরল রক্তসংযুক্ত আমাশয়ের মলের ন্যায় মলত্যাগ; অসাড়ে বা অনিচ্ছা-পূর্ব্বক মলত্যাগ; অত্যন্ত দুর্ব্বলতা এবং মূর্চ্ছার ভাব।

মূত্রযন্ত্র। মূত্রনালী দিয়া রক্তস্রাব; অতিরিক্ত পিত্তের দরুণ মূত্র হরিদ্রাবর্ণ বা লালের আভাযুক্ত হরিদ্রাবর্ণ; আন্ত্রিকজ্বর বা জ্বরবিকার, ডিপ্থিরিয়া ইত্যাদি রোগের ভোগ কালে মূত্রে আল্বুমেনের সঞ্চার; রক্তমিশ্রিত হওয়ার দরুণ মূত্র ধূমের আকার বিশিষ্ট হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা; রজঃস্রাবের পূর্ব্বে উদরোর্দ্ধ প্রদেশে এবং উরুদেশের নিম্নভাগ পর্য্যন্ত বেদনা; দুইদিন পর্য্যন্ত প্রচুর পরিমাণে রজঃস্রাব হয়, তৎপর ৪ দিন অল্প অল্প রজঃস্রাব হয়; হৃৎপিণ্ড দুর্ব্বল এবং পায়ের পাতা শীতল।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে স্বর মৃদু, কর্কশ এবং ফেস্ফেসে; সামান্য কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া রক্তমিশ্রিত শ্লেষ্মা নির্গমন; শ্বাসকষ্ট; হুপিং কফ বা কাশি; দুর্ব্বলতা; মুখমণ্ডল নীলবর্ণ বা ফিকা বা পিটা; মুখমণ্ডল স্ফীত এবং টস্টসে; বৃদ্ধবয়সে বুকে কষ্টানুভব

এবং বক্ষশোথ ; সামান্য জ্বর বা সবিরাম জ্বরে বক্ষশোথ এবং বুকের মধ্যে কষ্টানুভব।

নাড়ী। নাড়ী দ্রুতগামী, দুর্ব্বল এবং লুপ্তপ্রায় (একন্, আর্স্) ; হৃৎস্পন্দন, যাহার দরুণ মনে হয় যেন হৃৎপিণ্ড কাঁপিতেছে।

নিদ্রা। স্নায়বিক মণ্ডলীর অতিরিক্ত আন্দোলনের দরুণ নিদ্রা-শূন্যতা ; সর্ব্বদা ঘুমের ইচ্ছা হয়, অথচ ঘুম ভাল হয় না ; জ্ঞানের জড়তা, নিদ্রাবল্য এবং ঘোর অচেতনতা ; মরা মানুষ স্বপ্নে দেখা ; ঘুমের পর লক্ষণাদির বৃদ্ধি (ল্যাক্)।

জ্বর। চর্ম্ম শুষ্ক এবং কাল্‌চে কটাবর্ণ ; জিহ্বা শুষ্ক অথবা হরিদ্রা লেপযুক্ত এবং উহার প্রান্ত ও অগ্রভাগ লালবর্ণ ; বিড়্‌বিড়্ করিয়া প্রলাপ বলা, নিদ্রাবল্য ; মূত্র কাল্‌চে এবং পরিমাণে অল্প ; রক্তস্রাবের ভাব ; পিত্ত রক্তাদি বমন।

চর্ম্ম। হাত পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ক্ষত যাহা পচিবার উপক্রম হয় ; রক্ত সঞ্চালন ক্রিয়া আস্তে আস্তে সম্পন্ন হয়।

ব্যবহার। শরীরের নানা অংশে রক্তাধিক্য বা রক্তাবরোধ ; বিকারের লক্ষণ সম্বলিত প্রদাহ ; শরীরের স্থানে স্থানে লোম্‌ছা যাওয়ার ন্যায় হয় (Ecchymoses) ; মস্তিষ্ক, ফুস্ফুস এবং হৃৎপিণ্ড ইত্যাদিতে দূষিত পদার্থের সঞ্চার ; পূর্ব্ব অসুখ হেতুই হউক, সংক্রামক বা স্পর্শাক্রামক শক্তি শরীরে প্রবেশ করার দরুণ হউক, পূঁয দ্বারা রক্ত বিষাক্ত হওয়ার দরুণই হউক, বা মদ্যের অপব্যবহারের দরুণই হউক, জীবনী শক্তির হ্রাস হইয়া বিকার প্রাপ্ত হওয়া ; পীত জ্বর ; আন্ত্রিক জ্বর বা জ্বরবিকার, পিত্তজ্বর অথবা স্বল্প বিরাম জ্বর ; সাংঘাতিক আকারের আরক্ত জ্বর ; পূঁয দ্বারা রক্ত বিষাক্ত হইয়া অসুখ, বা পাইমিয়া (Pyœmia) ; কামলরোগ ; রক্তের হীনাবস্থার দরুণ রক্তস্রাব ; মূত্রে আব্‌মেনের সঞ্চার (Albuminuria) ; রক্ত মূত্রত্যাগ ; মূত্রাবরোধ ইত্যাদি অসুখে ক্রোটেলাস্ হরিডাস্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। হাত পায়ের পাতাদি প্রদাহযুক্ত, স্ফীত এবং পচাযুক্ত (আর্স্, ল্যাক্) ; সামান্য কারণেই হাত (প্রধানতঃ বাম

হাত) অবশ বা অসাড় হয়; বিশ্রাম কালীন হাত কাঁপে; সমুদয় শরীরের শোথের ন্যায় স্ফীতি (এপিস্, আর্স্); চক্ষু, কর্ণ, নাসিকা, মুখগহ্বর, মূত্রনালী ইত্যাদি শরীরের সমুদয় স্বাভাবিক ছিদ্র দিয়া রক্তস্রাব; দন্তমাড়ি এবং নখের নীচ দিয়া রক্তস্রাব; সামান্য শারীরিক পরিশ্রমেই ক্লান্ত হওয়া; সার্ব্বাঙ্গিক বলক্ষয়; পেশীগুলি আপন আপন কার্য্য করিতে পারে না; সমুদয় শরীরের কম্পন সহ দুর্ব্বলতা, যাহার দরুণ মনে হয় যেন কোন বিশেষ অনিষ্ট শীঘ্রই ঘটিবে; পক্ষাঘাত; সমুদয় শরীর হরিদ্রাবর্ণ হওয়া।

সমগুণ বিশিষ্ট ঔষধ। এপিস্, আর্সিনিক, কার্ব্বো বেজিটেবিলিস্, ল্যাকেসিস্, চেলিডোনিয়াম্, নেজা, ইলাপ্স্, টারেণ্টুলা।

প্রতিষেধ ঔষধ। আমোনিয়াম্, ক্যাম্ফার, সুরা।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ইহার ১ম তিন ক্রম অর্থাৎ ১ম, ২য় এবং ৩য় ক্রম ব্যবস্থা। কোন কোন চিকিৎসক ইহার ৬ষ্ঠ এবং ১২ ক্রম ব্যবহার করিয়া থাকেন। লেখক এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। অতএব ইহার কোন ক্রম উপকারী সে সম্বন্ধেও তিনি বিশেষ কিছু বলিতে পারেন না।

কোপেইবা,-কোপেইব্

(COPAIBA,-COPAIB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত ওলিয়োরেজিন্ (Oleo-resin) কোপেইবা ক্রয় করিয়া যথানিয়মে আব্সোলিউট্ আল্কোহলে (Absolute Alcohol) ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত করিতে হয়। ২য় এবং ততোধিক শতত্তমিক ক্রমের আরোক যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া; ব্যবহার ইত্যাদি। ইহা মূত্র যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীকেই বিশেষরূপে আক্রমণ করে। মূত্রনালীর উপরই ইহার কার্য্য সর্ব্বাপেক্ষা প্রবল এবং অন্যান্য মূত্রযন্ত্র অপেক্ষা মূত্রকোষের উপর ইহার কার্য্য

অত্যন্ত মৃদু। অনেক দিন এই ঔষধ সেবনে ইহা মূত্র নিঃসরণ সরল করে, আবার কখন কখন মূত্রাবরোধ এবং রক্তমূত্রও উৎপাদন করিতে পারে। মূত্রযন্ত্রের মধ্যে মূত্রনালীর উপরই ইহার কার্য্য অত্যন্ত প্রবল। ইহা কখন কখন শুক্র নিঃসারক যন্ত্র এবং অণ্ডকোষও আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ অণ্ডকোষ স্ফীত এবং বেদনাযুক্ত হইয়া থাকে। ডাক্তার পেরেরার (Dr. Pereira) মতে বাল্‌স্যাম্ কোপেইবাতে বাতরোগও উৎপন্ন হইতে পারে। স্ত্রীলোকের প্রমেহ রোগ এবং শ্বেত প্রদরে এই ঔষধ বিশেষ উপকারী। ইহা শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীও আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ কণ্ঠনালী এবং বায়ু উপনল আক্রান্ত হইয়া কণ্ঠনালী ও বায়ু উপনলে উত্তেজনা, কণ্ঠনালী, বায়ু উপনল এবং বুকের মধ্যে শুষ্কবোধ, স্বরভঙ্গ, কষ্টদায়ক শুষ্ককাশি ও গলা দিয়া পূঁয সংযুক্ত, সবুজের আভাযুক্ত বমনোৎপাদক শ্লেষ্মা নির্গত হয়।

টেষ্টির (Teste) মতে বায়ু উপনলের অসুখে কোপেইবা অত্যন্ত উপকারী। যে প্রকার বায়ু উপনলের পুরাতন প্রদাহে জ্বর বর্ত্তমান থাকে, তাহাতে ষ্টিলির (Stille) মতে কোপেইবার ন্যায় সমউপকারী ঔষধ নাই। মূত্রযন্ত্রের, প্রধানতঃ মূত্রনালীর, শ্লেষ্মাজনিত অসুখে কোপেইবা এক বিশেষ উপকারী ঔষধ মধ্যে পরিগণিত। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, মূত্রনালী এবং মূত্রাধারের গ্রীবার উত্তেজনায় এই ঔষধ ব্যবস্থা করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছেন। মুখমণ্ডলের ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ীর চিকিৎসায় ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে। কোন প্রকার দুষ্পাচ্য আহার দ্রব্য দ্বারা আমবাতের ন্যায় ফুস্কুড়ীর পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী। শিশু বা ছোট বালক বালিকাগণের পুরাতন আকারের আমবাতের চিকিৎসায় ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে। কোপেইবার কার্য্যের সঙ্গে ক্যানাবিস্ স্যাটাইবা, ক্যান্থারিস্ এবং টিরিবিন্থিনার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। ১ম দশমিক ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। প্রমেহ রোগে ডাক্তার ইল্‌ডাম্ (Dr. Yeldham) ১ম দশমিক ক্রমের আরোক, ১০ হইতে ২০ ফোঁটা, এক এক মাত্রায় ব্যবহার করিয়া থাকেন।

কোরেলিয়াম্ রুব্রাম্,-কোরেল্

(CORALLIUM RUBRUM,-CORAL.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত কোরেল ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। গ্যাংগ্লিয়োনিক্ স্নায়ুমণ্ডল (Ganglionic System of nerves) দিয়া ইহা শ্বাস যন্ত্রকে আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ শ্বাসকষ্ট এবং আক্ষেপিক আকারের কাশি উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। তাড়াতাড়ি চলিলে বা মাথা ঝাকিলে মনে হয় যেন মাথার হাড়ের মধ্য দিয়া বাতাস বহিয়া যাইতেছে; মাথা স্বাভাবিক অপেক্ষাও তিনগুণ বড় বলিয়া অনুভূত হয়; অত্যন্ত প্রবল শিরঃপীড়া, যাহার দরুণ রোগী মাথা এপাশ ওপাশে বারম্বার ঘুরাইতে বাধ্য হয় এবং যাহাতে কোন উপশম বোধ হয় না, কিন্তু অত্যন্ত উষ্ণ শরীর হইতে কাপড় ফেলিয়া দিলে মাথা বেদনার ক্ষণিক হ্রাস হয়; অত্যন্ত প্রবল শিরঃপীড়া, যাহার দরুণ মনে হয় যেন মাথার দুই পার্শ্বের হাড় ভাঙ্গিয়া স্বতন্ত্র হইয়া যাইবে এবং মাথা হেট করিয়া উপুড় হইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়।

চক্ষু। চক্ষু উষ্ণ এবং বেদনাযুক্ত ও মনে হয় যেন চক্ষু জলে ভাসিতেছে; বামচক্ষুর কোটরের বহির্দ্দেশের প্রাচীরে কসিয়া ধরার ন্যায় বেদনা যাহা গালের হাড় পর্য্যন্ত বিস্তৃত হয়।

নাসিকা। শুকনা সর্দ্দি এবং তদ্দরুণ নাসারন্ধ্র রুদ্ধ হইয়া থাকা; নাসারন্ধ্রের মধ্যে ক্ষত; তরল সর্দ্দি এবং নাক দিয়া ধপ্ধপে সাদা তরল শ্লেষ্মা নির্গমন; নাক দিয়া রক্তস্রাব, প্রধানতঃ রাত্রিতে।

মুখমণ্ডল। মোচড়াইয়া পড়িলে বা থেঁত্লিয়া গেলে যেরূপ হয়, গালের হাড়ে সেরূপ বেদনা, স্পর্শনে যাহার বৃদ্ধি হয়; মোচড়াইয়া পড়িলে বা থেঁত্লিয়া গেলে যেরূপ হয়, মাড়ি সঞ্চালনের সময় বাম মাড়ির সন্ধিতে সেরূপ বেদনা।

গলারমধ্য। গলার মধ্যস্থিত বাম পার্শ্বের হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির স্ফীতি এবং উহাতে গিলিবার সময় বা ঘাড় সম্মুখপানে হেট বা বাঁকা করিলে যাহার বৃদ্ধি হয়।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গের মাথায় এবং উহার আবরক চর্ম্মের মধ্য দেশ বেদনাযুক্ত, লালবর্ণ এবং স্ফীত ও উহা হইতে হরিদ্রার আভাযুক্ত সবুজ বর্ণের দুর্গন্ধযুক্ত পূঁয বা ক্লেদ নিঃসরণ; পুরুষাঙ্গের অগ্রভাগ এবং উহার আবরক চর্ম্মের মধ্যদেশে লাল চেপ্‌টা ক্ষত এবং উহা হইতে হরিদ্রার আভাযুক্ত কল্‌তানি পড়া।

শ্বাসযন্ত্র। দীর্ঘ নিশ্বাসে মনে হয় যেন বায়ুনলীর মধ্য দিয়া বরফের ন্যায় শীতল বাতাস বহিয়া যাইতেছে এবং উহার সঙ্গে সঙ্গে প্রাতঃকালে কাশির উদ্রেক ও অতি কষ্টে বায়ু উপনল হইতে শ্লেষ্মা তোলা; শ্বাসকৃচ্ছ্র বা নিশ্বাস প্রশ্বাসে অত্যন্ত কষ্টবোধ, আক্ষেপিক কাশি, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় (ড্রসিরা, অস্‌মিয়াম্‌)।

ব্যবহার। হুপিং কফ্‌ বা কাশি; হিষ্টিরিয়া; হাঁপানি কাশি; স্নায়বিক কাশি; সর্দ্দি; ব্যালানাইটিস্‌ (Balanitis); পুরুষাঙ্গের অগ্রভাগে গরমীর কোমল ঘা (Soft-Chancre)। ডাক্তার হিউজ্‌ বলেন যে, "হিষ্টিরিয়া জনিত বা অন্যান্য প্রকারের আক্ষেপিক কাশির চিকিৎসায় কোরেলিয়াম্‌ আমার নিকট একটী অত্যন্ত প্রিয় ঔষধ হইয়া দাঁড়াইয়াছে এবং ইহা ব্যবস্থা করিয়া আমি কখনও নৈরাশ হই না।" নাক দিয়া রক্ত পড়া এবং কখন কখন নাকের ঘায়েও এই ঔষধ দ্বারা উপকার দর্শে।

সমগুণ বিশিষ্ট ঔষধ। নাইট্রিক্‌ অ্যাসিড্‌, অ্যাট্রোপিয়া, ড্রসিরা, হায়োসায়েমাস্‌, নাক্স্‌-বমিকা, বেলাডোনা।

ডাইলুশন বিচার। টেষ্টির (Teste) মতে শিশু ও ছোট বালক বালিকাগণের অসুখে ৩০ ক্রম উপকারী। লেখক ৬ এবং ১২ ক্রমই সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকেন। ডাক্তার হিউজ্‌ (Dr. Hughes) ১২ ক্রম ব্যবহার করিয়া থাকেন।

ষ্ট্রিক্‌নিয়া,-ষ্ট্রিক্‌নিয়া

(STRYCHNIA,-STRYCH.)

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। হেনরি রবিন্‌সান্ (Henry Robinson) লাইকার ষ্ট্রীক্‌নিয়া ১ একটী পুরুষ এবং অপরটী স্ত্রীলোকের সুস্থ শরীরে পরীক্ষার বিষয় লিখিয়াছেন, যে আক্ষেপ (যাহা গুহ্যেই অত্যন্ত প্রবল কষ্টকর এবং হঠাৎ হইয়াছিল) ব্যতীতও অন্যান্য লক্ষণ প্রকাশ পাইয়াছিল। ভারতবর্ষে বিকারের লক্ষণাক্রান্ত যেরূপ সবিরাম জ্বর হইয়া থাকে, ষ্ট্রিক্‌নিয়া সেবনে উক্ত পুরুষ পরীক্ষকটীরও সেরূপ হইয়াছিল এবং জ্বর ছাড়িয়া যাওয়ার পরও মূত্রযন্ত্রে উত্তেজনা হইয়া অণ্ডকোষ এবং শুক্র নিঃসারক সূত্রেও প্রদাহ হইয়া অণ্ডকোষাধারের চর্ব্বিযুক্ত অংশে (Cellular-tissue) একটী ফোড়া হইয়াছিল। উক্ত অসুখাদির সঙ্গে সঙ্গে অনবরত মাথায় পূর্ণবোধ এবং মাথা বেদনা ছিল, যাহার দরুণ মাথা ফাটিয়া যাইবে এরূপ অনুভূত হইত এবং চক্ষে উষ্ণানুভূত হইত; মেরুদণ্ডের মধ্য দিয়া বরফের ন্যায় ঠাণ্ডা বোধ হইত; বুক ফাটিয়া যাওয়ার ন্যায় কাশি, সমুদয় শরীরে চুলকানি, প্রধানতঃ নাসিকার, দন্তশূলের প্রবল আক্রমণ, প্রধানতঃ উপরের মাড়ির দাঁতে ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইয়াছিল।

ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, আক্ষেপিক হাঁপানি কাশি এবং ধনুষ্টঙ্কারে এই ঔষধ ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়া থাকেন। এতদ্ভিন্ন ২২০ পৃষ্ঠায় নাক্স্-বমিকা নামক ঔষধের বিবরণ দ্রষ্টব্য। মৃগী রোগেও এই ঔষধ দ্বারা বিশেষ উপকার দর্শে বলিয়া কোন কোন চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। মৃগীরোগে এই ঔষধ দ্বারা উপকার হওয়া অসম্ভব নহে। লাইকার ষ্ট্রিক্‌নিয়ার (Liquor Strychnia) ১ ফোঁটাকে ১৬ ভাগ করিয়া এক মাত্রা রোগের অবস্থা অনুসারে সেব্য। লেখক স্বয়ং এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। অতএব ইহার গুণাগুণ এবং মাত্রা সম্বন্ধেও তিনি বিশেষ কিছু বলিতে পারেন না।

এলিয়াম্ সিপা,-পেঁয়াইজ,-এলিয়াম্ সিপা

(ALLIUM CEPA,-ONION ; ALLI.-CEPA.)

যে প্রকার পেঁয়াইজ খুব বড় এবং লাল্‌চে ও যাহার গন্ধে নাকে অত্যন্ত ঝাঁজ লাগে, সেপ্রকার পেঁয়াইজের কোষই ঔষধার্থ ব্যবহার্য্য। পেঁয়াইজ ১ভাগ, ২০ ভাগ প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। চক্ষুর যোজক ঝিল্লী এবং শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীই ইহা অত্যন্ত প্রবল রূপে আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ উক্ত শ্লৈষ্মিক ঝিল্লী গুলি আক্রান্ত হইয়া তরুণ সর্দ্দির লক্ষণাদি প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা স্তব্ধভাবে থাকা (ইগ্‌নেস্, নেট্রাম্-মিউর, নাক্স্-মস্ক)।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; সর্দ্দির সঙ্গে সঙ্গে মাথা ধরা; সন্ধ্যার সময় ঘরের মধ্যে থাকিলে উক্ত প্রকারে মাথা ধরা, বহির্ব্বায়ুতে যাহার উপশম হয়, উষ্ণ ঘরে প্রবেশ করিলে যাহার পুনরায় বৃদ্ধি হয় (পাল্‌স্); কপালের দুইপার্শ্বে বেদনা, ডাইন পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয়, চক্ষু টিপাইলে যাহার বৃদ্ধি হয় এবং কপাল পর্য্যন্ত যাহা বিস্তৃত হয় ও বাম পার্শ্বে যাহা অধিক অনুভূত হয়।

চক্ষু। চক্ষু দিয়া প্রচুর জল পড়া; বাম চক্ষু দিয়াই অধিক জল পড়ে এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর গোলক লালবর্ণ হয় ও উহাতে আলোক সহ্য হয় না (একন্, বেল্), সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; চক্ষে চুলকানি, কামড়ানি এবং জ্বালা; চক্ষুর পাতার চতুর্দ্দিক স্ফীত (আর্স্)।

নাসিকা। নাকদিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া (একন্, ইউফ্রে্স্); অনবরত হাঁচি দেওয়া এবং নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন (এইলান্থ্,-গ্লাণ্ড,অরাম্, মার্ক্, সাঙ্গুনেরিয়া, স্কুইল্); উষ্ণ ঘরে থাকিলে উক্ত প্রকারের সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি; নাক দিয়া ছানার জলের ন্যায় পর্দ্দার আকার বিশিষ্ট পদার্থ মিশ্রিত ক্লেদ নিঃসরণ; আরক্ত

জ্বরের দ্বিতীয়াবস্থা (এইলান্থ্, এরাম্); তরল সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে নাক দিয়া প্রচুর পরিমাণে তরল শ্লেষ্মা নির্গমন, মাথা ধরা, চক্ষু দিয়া জল পড়া, কাশি, শরীর উষ্ণ, পিপাসা, হাত কাঁপা, সন্ধ্যার সময় এবং ঘরের মধ্যে থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং বহির্ব্বায়ুতে যাহার উপশম হয় (পালস্)।

গলার মধ্য। গলার মধ্যে বেদনা, যাহা কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হয় (ক্যালী-বাই)।

পাকস্থলী এবং উদর। দুষ্টক্ষুধা; পাকস্থলীতে চাপাবোধ; পাকস্থলীর পাইলোরাস্ (Pylorus) নামক অংশে বেদনা। অন্ত্রের মধ্যে গড়্‌গড়্, কল কল শব্দ হওয়া; গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ।

মূত্রযন্ত্র। বারম্বার প্রচুর পরিমাণে মূত্রত্যাগ (এপিস্, আর্জেণ্ট্-মেট্, আর্জেণ্ট্-নাইট্রিক্, ফস্-আস্); মূত্র লালবর্ণ এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা ও মূত্রনালীতে জ্বালা (একন্, ক্যান্থ্)।

শ্বাসযন্ত্র। সর্দ্দিজনিত স্বরভঙ্গ (এরাম্, কষ্ট্, কার্ব্বো-বেজ্, ফস্); গলার মধ্যে সুড়্‌সুড়ী এবং উহার সঙ্গে সঙ্গে কণ্ঠনালীতে কন্‌কনানি; নিশ্বাস দ্বারা ঠাণ্ডা বাতাস টানিলে খুশ্‌খুশে কাশি (একন্); সর্ব্বদা গলায় খেকুর দেওয়ার ইচ্ছা; সর্দ্দিজনিত প্রবল কণ্ঠনালী প্রদাহ; স্বরভঙ্গ বিশিষ্ট কাশিতে যেন কণ্ঠনালী ছিঁড়িয়া যায়; বুকের ঠিক মধ্যভাগে চাপ পড়ার দরুণ শ্বাসকষ্ট।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে, প্রধানতঃ বাহুতে, ক্লান্তিবোধ এবং টাটানি।

চর্ম্ম। আলপিন ফুটিলে যেরূপ হয়, গায় সেরূপ কুট্‌কুট্ করা, আক্রান্ত স্থান লালবর্ণ; গায় আমবাতের ন্যায় ফুস্কুড়ী।

ব্যবহার। শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ এবং উহাতে প্রচুর শ্লেষ্মার সঞ্চার; সর্দ্দি; তরুণ প্রবল শ্লেষ্মা জনিত রোগ; হাম ইত্যাদি অসুখে এলিয়াম্ সিপা ব্যবহার্য্য। ডাক্তার ডান্‌হাম্ (Dr. Dunham) বলেন যে, যে প্রকার সর্দ্দিজনিত শুষ্ক কাশিতে কাশিবার সময় কণ্ঠনালী ছিঁড়িয়া যায় বলিয়া অনুভূত হয়, সে প্রকার কাশিতে এই ঔষধ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। আক্রান্ত স্থানে সূচীবিঁধানের ন্যায় বা জ্বালাযুক্ত যাতনা ও কন্‌কনানি; সমুদয় শরীরেই দমকা উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে পিপাসা; অত্যন্ত দুর্ব্বল এবং ক্লান্তিবোধ, যাহার দরুণ শুইয়া থাকিতে ইচ্ছা হয়; সর্দ্দি লাগার সময় শরীর ক্রমে বা একবার শীত-বোধ এবং একবার উষ্ণবোধ; সমুদয় শরীরেই স্নায়ুশূলের ন্যায় বেদনা; সন্ধ্যার সময় এবং উষ্ণ ঘরে অসুখের বৃদ্ধি।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ইউফ্রেসিয়া, আর্সিনিক্, ক্যালী আয়োডাইড্, একোনাইট্, কষ্টিকাম্, ইপিকাকিউএনা, ফস্ফরাস্, পাল্‌সেটিলা।

প্রতিষেধক ঔষধ। আর্ণিকা, ক্যামোমিলা, বিরেট্রাম্ আল্‌-বাম্।

ডাইলুশন বিচার। ৩য় ও ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। অনেক সময় কাঁচা পেঁয়াইজের আদত রস, ২।৩ ফোঁটা মাত্রায় সেবনে তরল সর্দ্দিতে বিশেষ উপকার দর্শিতে দেখা গিয়াছে। কাঁচা সর্দ্দি লাগিলে এতদ্দেশের বৃদ্ধা স্ত্রীলোকগণ শিশুগণকে কাঁচা পেঁয়াইজের রস ১।১॥ ভরি পরিমাণে খাওয়াইয়া থাকেন এবং উহা দ্বারা বিশেষ উপকার হইতেও লেখক দেখিয়াছেন। এবিষয় চিকিৎসক মাত্রেরই স্মরণ রাখা এবং পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য। পেঁয়াইজের টাট্‌কা রস স্পিরিট মিশ্রিত আরোক অপেক্ষা অধিক উপকারী, চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ বিশ্বাস করেন।

এলিয়াম্ স্যাটাইবাম্,-রসুন,-এলিয়াম্ স্যাট্

(ALLIUM SATIVUM,-GARLIC,-ALLI.-SAT.)

রসুনের পাকা কোষ দিয়া যথানিয়মে এলিয়াম্ সিপার ন্যায় নিয়মে আদত বা মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ইহা সুস্থ শরীরে সেবনে উদ্গার উঠে এবং উহার সঙ্গে সঙ্গে মুখে প্রচুর পরিমাণে লাল উঠে; প্রচুর পরিমাণে সাদা মূত্র নিঃসরণ, যাহাতে নাইট্রিক্ আসিড্ মিশাইলে ঘোলাটিয়া

(Cloudy) হয়; প্রবল কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলা দিয়া চট্‌চটিয়া আঠা শ্লেষ্মা নির্গমন ও পাঁজরার নীচে বেদনা, স্তনের স্ফীতি এবং উহাতে বেদনা বা টাটানি ও সোয়াস্ এবং ইলিয়েকাস্ নামক পেশীতে বেদনা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। যে প্রকার পুরাতন আকারের কাশিতে গলা দিয়া প্রচুর পরিমাণে শ্লেষ্মা নির্গত হয় এবং সামান্য ঠাণ্ডা বাতাস লাগিলেই সর্দ্দি লাগে, তাহাতে এলিনয়াম্ সেটাইবাম্ সেবনে বিশেষ উপকার দর্শে। এতদ্দেশে বৃদ্ধা স্ত্রীলোকগণ শিশুগণের শ্লেষ্মা জনিত অসুখে পেঁয়াইজের ন্যায় রসুনের রসও সচরাচর ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকেন এরূপ দেখিতে পাওয়া যায়। পিট্রোজ্ এবং টেষ্টি (Petroz and Teste) ৬ষ্ঠ ক্রমের আরোক ব্যবহার করিয়া থাকেন। লেখক এই ঔষধ কখনও স্বয়ং ব্যবহার করিয়া দেখেন নাই, অতএব ইহার মাত্রা সম্বন্ধেও তিনি বিশেষ কিছু বলিতে পারেন না।

আপোমর্ফিয়া,-আপোমর্ফ্

(APOMORPHIA,-APOMORPH.)

আফিমে যে সকল সার পদার্থ আছে, তন্মধ্যে আপোমর্ফিয়াও উহার একটী সার পদার্থ মধ্যে পরিগণিত। ইহা সচরাচর গুঁড়ার আকারে প্রস্তুত হইয়া থাকে। ইহার আরোকও প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। মস্তিষ্কে আবের (Tumour) দরুণ বমন; মস্তিষ্ক এবং অন্যান্য যন্ত্রের উত্তেজনা হেতু বমন; পাকস্থলীর উত্তেজনা হেতু বমন ইত্যাদি অসুখে আপোমর্ফিয়া ব্যবহার্য্য। সমুদ্রদিয়া জাহাজাদিতে আরোহণে ভ্রমণের দরুণ বমন বা বমনোদ্বেগের পক্ষে ইহা বিশেষ উপকারী। ইহার ৩য় ক্রম উপকারী। গর্ভাবস্থায় বমন এবং বমনোদ্বেগে এই ঔষধের ৩য় ক্রমের গুঁড়া, ½ গ্রেইণ মাত্রায় ব্যবস্থা করিয়া ৫।৬ টী রোগীর চিকিৎসায় লেখক আশাতিরিক্ত ফল পাইয়াছেন।

আসেরাম্ ইউরোপিয়াম্,-আসের

(ASARUM EUROPÆUM,-ASAR.)

এই গাছের সমুদয় অংশ যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। বিরেট্রাম্ এবং ইলেটেরিয়ামের ন্যায় আসেরাম্ও যে সমুদয় শ্লৈষ্মিক ঝিল্লীর এক স্থানিক উত্তেজক (Local-irritant) ঔষধ তাহা বোধ হয় বিজ্ঞ চিকিৎসক মাত্রেই জ্ঞাত আছেন। ইহা নাসিকার যোজক ঝিল্লীর স্বাভাবিক নিঃসরণ বৃদ্ধিকারক (Errhine,) বমনোৎপাদক (Emetic) এবং রেচক (Purgative) ঔষধ বিশেষ। সুস্থ শরীরে এই ঔষধ খাওয়ার পর হোমিওপ্যাথির আবিষ্কর্ত্তা হানিমানের জ্ঞানেন্দ্রিয়ের অতিরিক্ত চেতনা, সার্ব্বাঙ্গিক শীতবোধ, কিন্তু পিপাসার অভাব; মস্তিষ্কের কার্য্যের জড়তা বা অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় ভারিবোধ সম্বলিত মাথাধরা; দৃষ্টির দুর্ব্বলতা বা হীনতা এবং চক্ষুর পাতার আক্ষেপিক কাঁপনি; শ্রবণশক্তির অত্যন্ত হ্রাস; প্রচুর শ্লেষ্মা ভেদ (হরিদ্রা বর্ণের অল্প পরিমাণে রসির ন্যায় এক নাগে শ্লেষ্মা ভেদও এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ বলিয়া হেল্‌স্ নিউ রেমিডিজ্ (Hale's "New-Remedics") নামক গ্রন্থে দেখিতে পাওয়া যায়); ফুস্ফুসে সূচীবিঁধানের ন্যায় প্রবল বেদনা বা যাতনা; পৃষ্ঠদেশ এবং পা ইত্যাদি নিম্নাঙ্গের পেশীতে অত্যন্ত বেদনা ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইয়াছিল। যাহাদিগের সর্ব্বদা শীতবোধ হয় তাহাদিগের অসুখের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী। চক্ষুরোগে অস্ত্র চিৎসার পর চক্ষে অস্ত্র বা ছুরি বিধানের ন্যায় বেদনার পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী। মদ্যপানে অত্যাচার জনিত অসুখে বিশেষ উপকারী বলিয়া রুসিয়া দেশের লোকেরা এই ঔষধ বিস্তৃতরূপে ব্যবহার করিয়া থাকেন।

ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জাসম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী আক্রমণ করে। ইহা আহার বহা নালীর (Alimentary Canal) শ্লৈষ্মিক ঝিল্লী বিশেষরূপে আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। আস্তে আস্তে ঘুমাইয়া পড়িলে যেরূপ হয়, মন হইতে আস্তে আস্তে চিন্তাদি সেরূপ দূরীভূত হয়।

মস্তক। মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা, কপালের বাম পার্শ্ব এবং কর্ণের পশ্চাৎভাগেই যাহা অধিক অনুভূত হয়; মাথার হাড়ে আঁটা-বোধ (কষ্ট), যাহার দরুণ চুলের গোড়া বেদনাযুক্ত হয়।

চক্ষু। চক্ষুর মধ্যদেশে কষ্টদায়ক শুষ্কবোধ।

কর্ণ। কানের মধ্যে চাপা এবং কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়।

মুখগহ্বর। মুখে বিশ্রী বমনোৎপাদক স্বাদ।

পাকস্থলী। বমনোদ্বেগ এবং বমনের ইচ্ছা; বারম্বার কাঠ উদ্গার উঠা; আহারের অনিচ্ছা, এমন কি আহারদ্রব্য দেখিলেও বমনোদ্বেগ হয়; কাঠবমী এবং কাঠবমীর সময় সমুদয় লক্ষণ বা উপদ্রবের বৃদ্ধি হয়, কিন্তু মাথায় অবসন্ন বোধ কমিয়া যায়; পাকস্থলীতে কর্ত্তনবৎ প্রবল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমন; মদ্যপানের অনিবার্য্য ইচ্ছা (কার্ব্বোলিক্-আস্)।

মল। দাস্তের পূর্ব্বে উদরে কর্ত্তনবৎ বেদনা এবং গুহ্যের মধ্যে সূচীবিঁধানের ন্যায় যাতনা, যাহা উপর হইতে নিম্নদিকে বিস্তৃত হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে যেন হাল্কা বা পাত্লা বোধ হয় (মেজিরিয়াম্); চলিবার সময় মনে হয় যেন বাতাসের মধ্য দিয়া গড়াইয়া যাওয়া হইতেছে; ডাইন উরুর সন্ধিতে ঘুশ্ঘুশে বেদনা বা চাপাবোধ।

ব্যবহার। পাকস্থলী এবং যকৃতের যে প্রকার অসুখের সঙ্গে সঙ্গে স্নায়বিক মণ্ডলী সহজেই উত্তেজিত বা অবসন্ন হইয়া থাকে, তাহাতেই আসে-রাম্ বিশেষ উপকারী। মদ্যপানে অত্যাচার জনিত অসুখেও ইহা বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় স্নায়ুর অতিরিক্ত চেতনা (চায়না, কফিয়া); কোন বিষয়ে চিন্তা করিবার সময় নক দিয়া বিছানার কাপড়াদি চুলকানের ন্যায় আচড়াণ এবং যাহার দরুণ রোগীর এমন একটী ভাব অনুভূত হয়, যাহার দরুণ রোগীর সমুদয় চিন্তা এবং কার্য্য বন্ধ হইয়া যায়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। কুপ্রাম্, নাক্স্-বমিকা, ফস্ফরাস্ পাল্সেটিলা।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, বিনিগার এবং বেজিটেবেল্ আসিড্স্।

ডাইলুশন বিচার। ইহার কোন ক্রম উপকারী সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ তিনি এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

আস্ক্লিপিয়াস্ টিউবারোসা,-আস্ক্লিপ্-টিউবার
(ASCLEPIAS TUBERSA,-ASCLEP. T.)

এই গাছের কাঁচা শিকড় দিয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। শুকনা শিকড় যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া মিশ্র গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা শ্লৈষ্মিক ঝিল্লীই অধিক আক্রমণ করে। শ্বাস যন্ত্র এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লার উপরই ইহার কার্য্য অতি প্রবল। মাস্তক অংশের (Serous Tissues) উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ ইহা ফুস্ফুসাবরক ঝিল্লী এবং সাইনোবিয়াল্ ঝিল্লী (Synovial membranes) আক্রমণ করিয়া উহাতে কতক পরিমাণে পুরাতন আকারের (Sub-acute) প্রদাহ উৎপাদন করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। চিন্তা এবং স্মরণ শক্তির হ্রাস; প্রথমতঃ উল্লাস এবং তৎপর খিট্ খিট্, চিড়চিড়্ করা।

মস্তক। মাথায় ঢিমা, গোলমেলে এবং ভারি বোধ; মাথায় যেন কোন প্রাণী হামা দিয়া যাইতেছে এরূপ অনুভূত হয়; কপালে এবং মাথার উপরিভাগে ঘুশ্ ঘুশে বেদনা, নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয় এবং শয়ন করিয়া থাকিলে যাহার উপশম হয়। মাথা বেদনা, যাহার দরুণ মনে হয় যেন মাথার ঠিক নিম্নভাগ কেহ সজোরে চাপিতেছে (ইপিকাক্); কাশিলে কপালে বেদনা (ব্রাই)।

চক্ষু। চক্ষে যেন টিসা ও ভারিবোধ হয়; চক্ষু প্রদাহ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে চুলকানি এবং বেদনা; বালি প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ চাপা বোধ; দেখিতে ব্যাঘাত জন্মে; চক্ষুর সম্মুখে বড় বড় কাল্‌চে দাগ দেখায়।

নাসিকা। সর্দ্দি এবং তদ্দরুণ বারম্বার হাঁচি ও নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন (একন্); নিশ্বাস ত্যাগ করার সময় বাম নাসারন্ধ্র দিয়া রক্ত নির্গমন; নাকের মধ্যে চুলকানি (সাল্‌ফ্)।

মুখমণ্ডল। মুখমণ্ডলের মৃতবৎ আকার (আর্স্, ক্যাম্ফার, বিরেট্-আল্ব্); মুখমণ্ডল হরিদ্রাবর্ণ (চেলিডন্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁত হরিদ্রাবর্ণ; মাড়ি দিয়া রক্ত পড়া; জিহ্বা হরিদ্রাবর্ণের কঠিন লেপযুক্ত; মুখে পচা স্বাদ (আর্ণিকা, মার্ক্, পাল্‌স্); মুখে রক্তের স্বাদ। গলার মধ্যে সামান্য রকমের আঁটা বোধ এবং কণ্ঠনালীতে কাঁটা বিঁধানের ন্যায় কুট্‌কুটানি।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা শূন্যতা; উদ্গার উঠা; বমনোদ্বেগ এবং বমনের চেষ্টা; পাকস্থলীতে স্নায়ুশূলের ন্যায় বা চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং ভারিবোধ (আর্স্, ব্রাই, নাক্স-বম্, পাল্‌স্); পাকস্থলীতে জ্বালা (আর্স্, কল্‌চ্)। অন্ত্রের মধ্যে গড়্‌গড়্, কল কল শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে উদরে অত্যন্ত অসুখ এবং প্রখর কর্ত্তনবৎ বেদনা; উদরে দূষিত বায়ুর সঞ্চারের দরুণ শূল বেদনা (আলোজ্, কার্ব্বো-বেজ্, লাই-কোপ্); চাপিলে অন্ত্রে ঘুশ্‌ঘুশে বেদনা।

মল। গুহ্যদ্বার দিয়া অত্যন্ত দুর্গন্ধযুক্ত দূষিত বায়ু নিঃসরণ (আর্ণিকা, আলোজ্, ব্রাই, কার্ব্বো-বেজ্, গ্রাফ্); পূর্ব্বাহ্ন ১১ টার সময় অত্যন্ত দুর্গন্ধযুক্ত কোমল মলত্যাগ এবং দাস্তের পূর্ব্বে উদরে গড়্‌গড়্, কল কল শব্দ হওয়া, মল আমাশয়ের ন্যায়; ডিমের সাদা লালের ন্যায় ভেদ; মল হরিদ্রাবর্ণ, চট্‌চটিয়া পচা ডিমের গন্ধযুক্ত (ক্যাল্ক-কার্ব্ব্, ক্যাম্ফ্)।

মূত্রযন্ত্র। মূত্রনালীতে ছুরি দিয়া কাটার ন্যায় বেদনা বা যাতনা; মূত্র কাল্‌চে লালবর্ণ এবং তলানি বিশিষ্ট ও সহজেই পচিয়া যায়।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ, অণ্ডকোষাদি কোমল তল্‌তলে এবং

উহাতে গন্ধহীন ঘর্ম্ম, পুরুষাঙ্গের দুর্ব্বলতা ; পুরুষাঙ্গ খাড়া হয়, কিন্তু উহার সঙ্গে স্ত্রীসহবাসের ইচ্ছা একবারে থাকে না।

শ্বাসযন্ত্র। শুষ্ক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে আঁটা বোধ, যাহার দরুণ কপাল এবং উদরে বেদনার উদ্রেক হয় ; শুষ্ক খুশ্‌খুশে কাশি ; নিশ্বাস প্রশ্বাস কষ্টকর এবং বুকের মধ্যে যাতনা, বাম ফুস্ফুসের নিম্ন ভাগেই যাহা অধিক অনুভূত হয় ; বুকের মধ্যে গরম বোধ ; হাঁপানি কাশির ন্যায় শ্বাসকষ্ট, থাকিয়া থাকিয়া যাহা অনুভূত হয় (আর্স্‌) ; বাম স্তনের বোঁটা হইতে নিম্নদিকে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে গ্রীবার বাম পার্শ্ব শক্ত হয় বা উহা নোয়ান যায় না ; বক্ষাস্থির পশ্চাৎভাগে কর্ত্তনবৎ প্রখর বেদনা, দীর্ঘ নিশ্বাস বা বাহু সঞ্চালনে যাহার বৃদ্ধি হয় ; বক্ষাস্থির নিকটবর্ত্তী পাঁজরার হাড়ের মধ্যবর্ত্তী স্থানে চাপ দিলে বেদনাযুক্ত হয় এবং উক্ত তীক্ষ্ণ, হঠাৎ আক্রমণকারী এবং ছুরী বিঁধানের ন্যায় বেদনা বুকের ডাইন পার্শ্বে সরিয়া পড়ে ; বুকে বেদনা, সম্মুখ পানে বাঁকিয়া পড়িলে যাহার উপশম হয় ; বুকের ডাইন পার্শ্বে ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ জনিত বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে শুষ্ক খুশ্‌খুশে কাশি ও গলা দিয়া অল্প পরিমাণে শ্লেষ্মা নির্গমন (একন্‌, ব্রাই) ; বুকে ডায়েফ্রাম্‌ (Diaphragm) নামক গোল পেশীর স্থান পর্য্যন্ত বেদনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডে আঁটা বোধের ন্যায় যাতনা ; হৃৎপ্রদেশে ছুরিদিয়া কাটার ন্যায় যাতনা (একন্‌, ক্যাক্ট্‌, ব্রাই, ক্যালী-কার্ব্ব্‌, স্পাইজেল্‌) ; নাড়ী সামান্য দ্রুতগামী হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে, দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে, ছুরিদিয়া কাটার ন্যায় যাতনা ; কোমরে, গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে প্রখর বেদনা ; কোমরে বাতের বেদনার ন্যায় বেদনা।

হাত, পা ইত্যাদি। হাত পায়ের সমুদয় সন্ধিতেই বাতের বেদনার ন্যায় বেদনা (একন্‌, ব্রাই, রাস্‌টক্স্‌) ; ডাইন স্কন্ধে খোঁচা বিঁধার ন্যায় প্রখর বেদনা ; বাম স্কন্ধে বেদনা, বুকের বাম পার্শ্ব হইতে যাহা আরম্ভ হয়।

জ্বর। শরীর অত্যন্ত শীর্ণ এবং দুর্ব্বল, শীতবোধ এবং উহার

সঙ্গে সঙ্গে পায়ের পাতা ঠাণ্ডা; প্রবল জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে উষ্ণ ঘর্ম্ম।

চর্ম্ম। সমুদয় শরীরে ফোস্কার ন্যায় বা ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী, বাহু, পা এবং মুখমণ্ডলেই যাহা অধিক হয়; গায় চুলকানি (সাল্ফ্)।

নিদ্রা। ঘুম ভাল হয় না এবং ঘুম হইলেও উহা দ্বারা শরীর সুস্থ মনে হয় না; অত্যন্ত কষ্টদায়ক স্বপ্ন দেখা।

ব্যবহার। ফুস্ফুসাবরক ঝিল্লীপ্রদাহ: ফুস্ফুস প্রদাহ; বায়ু উপনল প্রদাহ; শিশুগণের ফুস্ফুসের কৈশিক বায়ু উপনলের প্রদাহ (Capillary Bronchitis); হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি; হৃৎপ্রদাহ; বাতজনিত হৃদ্বাহ্যা-বরক ঝিল্লী প্রদাহ; বাত এবং সর্দ্দি জনিত জ্বর; কোমরে বাতের বেদনা; শ্লেষ্মা এবং পিত্তজনিত উদরাময়; অজীর্ণ ইত্যাদি অসুখে আক্লিপিয়াস্ টিউবারোসা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অনেক দিন ধরিয়া অসুখ হইলে যেরূপ হয়, সেরূপ দুর্ব্বলবোধ এবং গা মাটি মাটি করা।

সমগুণবিশিষ্ট ঔষধ। একোনাইট্, আর্ণিকা, আক্লিপিয়াস্ সিরিয়াকা, ব্রাইওনিয়া, সিমিসিফিউগা।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় দশমিক ক্রম ব্যবহার্য্য। ইহার মধ্যে কোন ক্রম উপকারী সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

ব্যারাইটা আসেটিকা,-ব্যারাইটা-আসেট্

(Baryta Acetica,-Baryt.-Acet.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত আসিটেট্ অব্ বেরিয়াম্ (Acetate of Barium) ক্রয় করিয়া যথানিয়মে চূয়ান জলের সঙ্গে মিশাইয়া ইহার ১ম শততমিক ক্রমের সলিউশন্ (Solution) প্রস্তুত হয়। ৫ভাগ রেক্টিফাইড্ স্পিরিট এবং ৯৫ ভাগ চূয়ান জল একত্রে মিশাইয়া, এই প্রকার মিশ্রিত স্পিরিটে যথা পরিমাণ ১ম শততমিক সলিউশন

মিশাইয়া ২য় শতত্মিক ক্রমের আরোক প্রস্তুত হয়। ৫ম দশমিক ক্রমের আরোক পর্য্যন্ত ডাইলুট্ স্পিরিট ব্যবহৃত হয়। তৎপর রেক্টিফাইড্ স্পিরিট ব্যবহার্য্য।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। আসিটেট্ অব্ বেরিয়াম্ই হানিমান এবং তাঁহার শিশুবর্গ সুস্থ শরীরে পরীক্ষা করিয়াছিলেন। ইহা দ্বারা বিষাক্ত হইয়া মরিলে রোগীর স্বেচ্ছাপূর্ব্বক অঙ্গাদি সঞ্চালনের সহায়কারী পেশীর সম্পূর্ণ পক্ষাঘাত হইয়া রোগীর সজ্ঞানে মৃত্যু হইয়া থাকে। ডাক্তার লাগার্ড (Dr Lagarde) এই ঔষধ তাঁহার আপন শরীরে পরীক্ষা করেন। ইহা সেবনের ৩ ঘণ্টাপর একপ্রকার অসুখ এবং সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা ও উহার সঙ্গে সঙ্গে মাথার পাত্লা বোধ হইতে আরম্ভ হয়। উর্দ্ধ শাখা এবং মাথার হাড় ও মুখমণ্ডলের চর্ম্মের নীচে কোন প্রাণী হামা দিয়া চলিয়া যাওয়ার ন্যায় এক প্রকার সুড়্সুড়ী অনুভূত হইয়াছিল। তৎপর আবার ৩ ঘণ্টাপর উক্ত দুর্ব্বলতা স্পষ্টতঃ বৃদ্ধি পাইয়া বামবাহু সঞ্চালন করিবার শক্তি একবারে বিনষ্ট হইল, কিন্তু উহাতে স্পর্শ জ্ঞানের কোনও বৈলক্ষণ্য হইল না। তাহার হাত দিয়া কোন দ্রব্য ধরিতে এবং বিছানা হইতে নড়িবার শক্তি একবারেই রহিল না এবং এই ঔষধ খাওয়ার ৮ঘণ্টা পর হাত পা পক্ষাঘাতের ন্যায় একবারে শক্তিহীন হইল। এই পক্ষাঘাত ক্রমে উদরে, তৎপর বুকে এবং গ্রীবাদেশে ও অবশেষে গুহ্যদ্বার এবং মূত্রাধারের সঙ্কোচক যন্ত্র (Sphincter) পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। কাশি দেওয়া, থুঁথুঁফেলা এবং ২।১টী শব্দের অধিক প্রয়োগ করাও কঠিন হইয়া পড়িয়াছিল; শ্বাস প্রশ্বাস কষ্টকর হইয়াছিল এবং মল মূত্র অনিচ্ছাপূর্ব্বক বা অসাড়ে নির্গত হইয়াছিল এবং নাড়ী প্রতি মিনিটে ৫৬ বারের অধিক স্পন্দন করে নাই। উক্ত বিবরণ পাঠে ইহা প্রতিয়মাণ হয় যে, ব্যারাইটা আসেটিকা পক্ষাঘাত এবং পক্ষাঘাত জনিত অসুখে ব্যারাইটা কার্ব্বোনিকা অপেক্ষাও অধিক উপকারী। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও স্বয়ং ব্যবহার করিয়া দেখেন নাই।

ব্যারাইটা মিউরিয়াটিকা,-ব্যারাইটা-মিউর

(BARYTA MURIATICA,–BARYT. MUR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনিত ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ (Chloride of Barium) ক্রয় করিয়া যথা নিয়মে চুয়ান জলে মিশাইয়া ইহার ১ম শততমিক ক্রমের সলিউশন্ (Solution) প্রস্তুত হইয়া থাকে। ২য় শততমিক ক্রমের সলিউশন্ পর্য্যন্ত ডাইলুট্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে। তৎপর রেক্টিফাইড্ স্পিরিট ব্যবহৃত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। এই ঔষধের সাধারণ ক্রিয়া সম্বন্ধে আমরা এপর্য্যন্ত নিশ্চিতরূপে কিছুই জানি না। তবে ইহার গুঁড়া মেসাণ্টারিক্ (Messenteric) এবং অন্যান্য প্রকারের গ্রন্থির অসুখে ব্যবহার করিয়া বিশেষ ফল পাইতে দেখা যায়। নিউইয়োর্ক্ (New-York) নিবাসী ডাক্তার হামণ্ড্ (Dr. Hammond) মস্তিক এবং কসেরুকা মজ্জার স্ক্লেরোসিস্ (Sclerosis) নামক অসুখে ২।১ গ্রেইণ মাত্রায় প্রতিদিন ২ মাত্রা ব্যবহার করিয়া বিশেষ উপকার পাইয়া থাকেন। এই ঔষধ সেবন করাইয়া একটী উদরস্থিত ধমনির প্রদাহ এবং বিস্তৃতির (Abdomenal Aneurism) চিকিৎসায় ডাক্তার ফ্লিণ্ট্ (Dr. Flint) বিশেষ ফল পাইয়াছেন। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছু বলিতে পারেন না।

ব্যারাইটা আয়োডেটা,-ব্যারাইটা আয়োড্

(BARTYTA IODATA, BARTYT. IOD.)

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, টন্সিল্ (Tonsil), অণ্ডকোষ এবং কখন কখন প্রষ্ট্রেট্ গ্রন্থির (Prostate Gland) বিবৃদ্ধির চিকিৎসায় এই ঔষধ বিশেষ উপকারী। যে প্রকার গণ্ডমালা জনিত চক্ষু প্রদাহের সঙ্গে সঙ্গে গ্রীবাদেশস্থ গ্রন্থিগুলি আক্রান্ত হইয়া থাকে, তাহার চিকিৎসায়ও ইহা উপকারী। একটী ৩০।৩২ বৎসর বয়স্ক রোগীর অণ্ডকোষের বিবৃদ্ধি এবং কঠিনতার চিকিৎসায় এই

ঔষধ ব্যবহার করিয়া আশাতিরিক্ত ফল পাওয়া গিয়াছে। অণ্ডকোষের স্ফীতি এবং কঠিনতার সঙ্গে সঙ্গে টন্‌সিল্‌, গ্রীবা দেশস্থ গ্রন্থি, কুঁচ্‌কির গ্রন্থি (বাগী), বোগলের গ্রন্থিগুলিও স্ফীত ও কঠিন হইয়াছিল। এই ঔষধ সেবনে যে কেবল অণ্ডকোষের স্ফীতি এবং কঠিনতা সারিয়া গিয়াছিল এমত নহে, উক্ত অন্যান্য গ্রন্থির স্ফীতি ও কঠিনতাও ৩ মাস কালের মধ্যে সারিয়া গিয়াছিল। ইং ১৮৮৫ সনের ১৫ই জুন হইতে ১৮ই অক্টোবর পর্য্যন্ত উক্ত রোগীকে চিকিৎসা করা গিয়াছিল। সে রোগীটী এপর্য্যন্ত, (অর্থাৎ, ইং ১৮৯০ সনের ২৩শে জুন পর্য্যন্ত) ভালই আছে এরূপ সংবাদ পাওয়া গিয়াছে এবং আগ্রানগরে সুস্থ শরীরে আপন কাজ কর্ম্ম করিতেছে।

বার্ব্বেরিস্‌ বাল্‌গারিস্‌,-বার্ব্বের

(BERBERIS VULGARIS,–BERB.)

এই গাছের শিকড়ের ডাল অথবা বড় শিকড়ের বাকল যথানিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। গ্যাংগ্লিয়োনিক্‌ স্নায়ু মণ্ডলীর মধ্য দিয়া ইহা কৈশিক শিরা গুলির বিবৃদ্ধি বা উহাতে রক্তাধিক্য আনয়ন করে। ইহা যকৃত সম্বন্ধীয় যন্ত্র, মূত্রকোষ এবং অন্যান্য মূত্র সম্বন্ধীয় যন্ত্রের শ্লৈষ্মিক যোজক ঝিল্লীকে বিশেষ রূপে আক্রমণ করিয়া থাকে। গলার মধ্যের শ্লৈষ্মিক ঝিল্লী ও পেশীর উপরও ইহার বিশেষ পরাক্রম দেখিতে পাওয়া যায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সকল বিষয়েই অমনোযোগ (ফস্‌, ফস্‌ আস্‌) এবং বৈরাগ্য।

মস্তক। মাথাঘোরা এবং মাথা ঝিম্‌ ঝিম্‌ করা; মনে হয় যেন মাথা স্বাভাবিক অপেক্ষা বড় হইতেছে; কপাল এবং কপালের দুই পার্শ্বে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, যাহা সকল সময়ে এক স্থানে থাকে না (পাল্‌স্‌); কপালের ডাইন পার্শ্বে ঠাণ্ডাবোধ।

নাসিকা। নাকে শুষ্কবোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডল ফিকা বা মাটির রঙ্গের ন্যায় এবং উহার সঙ্গে সঙ্গে গাল বসিয়া যাইয়া গর্ত্তের ন্যায় হয় ও চক্ষু লাল রেখা দ্বারা পরিবেষ্টিত হয় (আর্স্, চায়না, সিকেল্, সাল্ফ্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। ওষ্ঠ শুষ্ক; মুখে তূলার ন্যায় আঠা ফেণাযুক্ত লাল উঠে। তালুকা এবং তালুকার পার্শ্বস্থিত গ্রন্থিদ্বয় (Palate and Tonsils) স্ফীত এবং আগুণের ন্যায় লালবর্ণ; কথা বলিবার সময় বা গিলিবার সময় টন্সিলে বেদনা; গলার মধ্যের এক পার্শ্বে ডেলার ন্যায় একটী পদার্থ লাগিয়া থাকে এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে শুষ্কবোধ, খশ্খশে বোধ ও ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (বেল্)।

পাকস্থলী এবং উদর। পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে মুখগহ্বরে শুষ্কবোধ; উদ্গার উঠা। যকৃতের পিত্তাধার প্রদেশে চাপিয়া ধরার ন্যায় প্রবল বেদনা (ব্যাপ্ট্); উদরের বাম পার্শ্বে খাটিয়া ধরার ন্যায় প্রবল বেদনা যাহা অনেক সময় কোমর, কুঁচ্কি, যকৃত, প্লীহা অথবা পাকস্থলী পর্য্যন্তও বিস্তৃত হয়; মেরুদণ্ডের নিকটবর্ত্তী ইলিয়ামের (Ilium) গভীর প্রদেশ হইতে গুহ্যদ্বারের উপরিভাগ দিকে খাটিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় প্রবল বেদনা।

মল এবং মলদ্বার। বারম্বার বাহ্যের বেগ; চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ক্ষত হইলে যেরূপ হয়, গুহ্যদ্বারে সেরূপ জ্বালাযুক্ত বেদনা বা যাতনা; গুহ্যদ্বার এবং উহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ছিঁড়িয়া ফেলা, সূচীবিঁধানের ন্যায়, জ্বালাযুক্ত বেদনা বা যাতনা বা চুলকানি; ভেড়ার মলের ন্যায় কঠিন ও পরিমাণে অল্প মলত্যাগ (চেলিডন্, ওপিয়াম্, প্লাম্বাম্); জলবৎ তরলভেদ (আর্স্, চায়না)।

মূত্রযন্ত্র। এক বা উভয় মূত্রকোষ প্রদেশে খাটিয়া ধরা, খনন করা, ছিঁড়িয়া ফেলার ন্যায় বা দপ্দপিয়া বেদনা; মূত্রাধারে জ্বালাযুক্ত বেদনা; মূত্রকোষ হইতে মূত্রাধারে এবং মূত্রনালী পর্য্যন্ত খাটিয়া ধরার ন্যায় বা কর্ত্তনবৎ বেদনা; মূত্রনালীতে কর্ত্তনবৎ বা জ্বালাযুক্ত যাতনা (ক্যানাবিস্-স্যাট্, ক্যান্থ্); প্রস্রাব করার সময় কোমর ও কুঁচ্কিতে বেদনা; মূত্র ফিকা

হরিদ্রাবর্ণ এবং উহাতে সামান্য স্বচ্ছ, আঠা পদার্থ থাকে, কিন্তু উহাতে কোন তলানী পড়ে না, অথবা মূত্রে ঘোলাটীয়া গোলানীব ন্যায়, কাদার ন্যায় তলানী এবং উহার সঙ্গে সঙ্গে সাদা বা সাদাটিয়া ধূসর বর্ণের তলানী পড়ে ও তৎপর মূত্রে লাল্‌চে, ভাতের ফেনের ন্যায় তলানি পড়ে; মূত্র উজ্জ্বল হরিদ্রাবর্ণ (আর্স্‌); মূত্র রক্তের ন্যায় লালবর্ণ এবং উহাতে প্রচুর পরিমাণে শ্লেষ্মা তলানি পড়ে।

জননেন্দ্রিয়। পুরুষের পুরুষাঙ্গের শুক্রনিঃসারক সূত্রে (Spermatic Cord) কসিয়া ধরা বা ছুরি বিঁধানের ন্যায় বেদনা, যাহা অণ্ডকোষ পর্য্যন্ত বিস্তৃত হয় (হামামেলিস্‌, মার্ক্‌, পাল্‌স্‌); শুক্র নিঃসারক সূত্রে চিড়িক মারা, জ্বালাযুক্ত বেদনা এবং সূচী বিঁধানের ন্যায় যাতনা; জননেন্দ্রিয় দুর্ব্বল এবং শীতল (ক্যাপ্‌স্‌)। স্ত্রীলোকের যোনিদ্বারে জ্বালা এবং টাটানি ও স্পর্শ করিলে উহাতে অত্যন্ত যাতনার উদ্রেক হয়; অতি অল্প পরিমাণে রজঃস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে বাধকের বেদনা; যোনিদ্বার দিয়া ধূসর বর্ণের শ্লেষ্মা বা রক্তনিঃসরণ।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে থেঁৎলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা এবং কোমর সঞ্চালনে অশক্তি, যাহার দরুণ বসা অবস্থা হইতে দাঁড়াইতে অত্যন্ত কষ্ট অনুভূত হয় (রাস্‌-টক্স্‌); পৃষ্ঠদেশে কন্‌কনানি, বসিয়া বা শুইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয় (রাস্‌ টক্স্‌); কোমর এবং মূত্রযন্ত্র প্রদেশে চাপিয়া বা কসিয়া ধরার ন্যায় যাতনা ও কখন কখন উহার সঙ্গে সঙ্গে উক্ত স্থানে অবশবোধ, স্ফীতি, উষ্ণানুভব, কাঠিনতা এবং সঞ্চালনে অশক্তি, যাহা কখন কখন নিম্নাঙ্গ পর্য্যন্তও বিস্তৃত হয়।

অঙ্গপ্রত্যঙ্গ। হস্ত পদাদিতে ছিঁড়িয়া ফেলা, সূচীবিঁধান বা চিড়িক মারার ন্যায় বা দপ্‌দপিয়া বেদনা বা যাতনা।

ব্যবহার। পেশী এবং সন্ধিবাত ও উহার সঙ্গে মূত্র যন্ত্রের অসুখ,- যে সকল রোগে মৌত্রিক যন্ত্রের অসুখের লক্ষণাদি স্পষ্টরূপে বর্ত্তমান থাকে; মূত্রাধার এবং পিত্তাধারে পাথরী (Stones in the Urinary and Gall-bladder); মূত্রকোষ প্রদাহ এবং তদ্দরুণ মূত্রকোষাদি প্রদেশে ভয়ানক বেদনা; টন্‌সিল প্রদাহ (Tonsillitis); পিত্তসম্বন্ধীয় যন্ত্র এবং পাকস্থলী ও

অন্ত্রের অসুখ; কামল রোগ; পিত্তাধিক্য জনিত শূল বেদনা ইত্যাদি অসুখে বার্ব্বেরিস্ বাল্গারিস্ ব্যবহার্য্য।

সমগুণবিশিষ্ট ঔষধ। নাক্স্-বমিকা, ক্যাপ্সিকাম্, আলোজ, আর্সিনিক, ব্রাইওনিয়া, চায়না, পাল্সেটিলা।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ডাক্তার হেরিঙ্গের (Dr. Hering) মতে ৬ এবং ১২ ডাইলুশন ব্যবহার্য্য। ডাক্তার ক্লিফ্টান্ (Dr. Clifton) বলেন যে, যে পর্য্যন্ত মূল আরোক ব্যবস্থা না করা যায় সে পর্য্যন্ত এই ঔষধ দ্বারা কোনও ফল পাওয়া যায় না। ডাক্তার হিউজ্ও (Dr. Hughes) ডাক্তার ক্লিফ্টানের উক্ত মতের পোষকতা করেন। যে ২।৩ টী রোগীর পিত্তশিলা জনিত শূল বেদনার চিকিৎসায় লেখক সুফল পাইয়াছেন, উহার সকল রোগীকেই বার্ব্বেরিসের মূল আরোক, ১ ফোঁটা মাত্রায়, ব্যবস্থা করিতে হইয়াছিল। উক্ত রোগীগণেব ১ম হইতে ৬ষ্ঠ দশমিক ক্রম অনেক কাল সেবনেও কোন উপকার দর্শে নাই।

বোবিষ্টা,-বোবিষ্ট্

(BOVISTA,-BOVIST.)

ইউরোপের অনেকাংশের শুষ্ক মাঠ ময়দানে ইহা জন্মে। ইহা একটী গোলার ন্যায় পদার্থ বিশেষ। ইহার মধ্যে তুলার ন্যায় পদার্থ থাকে, যাহা ক্রমে কটাবর্ণ হয় এবং পাকিলে উহাতে প্রচুর পরিমাণে কটার আভাযুক্ত কাল মিহি গুঁড়ার ন্যায় পদার্থ উৎপন্ন হয়। এই গুঁড়া যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা আক্রমণ করে। চর্ম্ম এবং জননেন্দ্রিয়ের উপর ইহার স্থানিক কার্য্য অতি প্রবল।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বসা অবস্থা হইতে দাঁড়াইলে মাথাঘোরা এবং মাথায় অবসন্ন বোধ; মাথাঘোরা এবং তদ্দরুণ সম্মুখদিকে টলিয়া পড়া; প্রাতঃকালে ক্ষণিক অচেতনতা; মনে হয় যেন মাথা স্বাভাবিক অপেক্ষা বড় হইয়াছে (আর্জেন্ট-নাইট্রিক্, সিমিসিফ্, গ্লোনয়েন, জিঞ্জিবার); মাথার গভীরতম অংশে বেদনা; মাথার হাড়ে প্রবল চুলকানি, মাথা গরম হইলেই যাহা অধিক অনুভূত হয়; চুলকাইলে কপালে ক্ষত হয় এবং চুলকাইলেও চুলকানির হ্রাস হয় না।

কর্ণ। কান দিয়া দুর্গন্ধযুক্ত পূঁয পড়ে (এরাম্, হিপ্-সাল্ফ্, গ্রাফ্, সোরিনাম্)।

নাসিকা। প্রাতঃকালে নাক দিয়া রক্ত পড়া (একন্, বেল্, হামামেলিস্); হাঁচি দিলে বা নাক ঝাড়িলে নাক দিয়া ফোঁটায় ফোঁটায় রক্ত পড়া।

মুখমণ্ডল। প্রাতঃকালে ঘুম হইতে উঠিলে মুখমণ্ডল ফিকা বা শিটা বলিয়া বোধ হয়।

মুখগহ্বর। ছুরী দিয়া কাটিলে যেরূপ হয়, জিহ্বায় সেরূপ কর্তনবৎ বেদনা; মাড়িতে ঘা এবং উহা হইতে সহজেই রক্ত পড়া (কার্ব্বো-আনিমেল্, মার্ক, নাইট্রিক্-আস্); ক্ষয় প্রাপ্ত দন্তে কসিয়া ধরার ন্যায় প্রবল বেদনা, বাতাসে এবং উত্তাপে যাহা কম থাকে এবং সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; মুখে অধিক পরিমাণে লাল উঠা।

পাকস্থলী। বারম্বার কাঠ উদ্গার।

মল। মল প্রথমতঃ কঠিন এবং অতি কষ্টে নির্গত হয় ও তৎপর উহা জলবৎ তরল হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের রজঃস্রাবের সময় এবং উহার পূর্ব্বে প্রায়ই উদরাময়; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অতিরিক্ত পরিমাণে রজঃস্রাব (আর্স, ক্যাল্ক্-কার্ব্ব, নাক্স্-বম্); প্রাতঃকালেই প্রায় রজঃস্রাব অধিক এবং দিনেরবেলা ও রাত্রিতে রজঃস্রাব কম হয়; যোনির উপর দিক হইতে যেন কোন পদার্থ ঠেলিয়া নামার ন্যায় অনুভূত হয় এবং কোমরের পশ্চাৎভাগে

ভারিবোধ (বেল্); রজঃস্রাবের আভ্যন্তরিক কালে কখন কখন রক্তস্রাব (আমন্-কার্ব্ব); রজঃস্রাবের কএক দিন পূর্ব্বে এবং কএক দিন পর ডিমের সাদা লালের ন্যায় ন্যায় শ্বেতপ্রদর নিঃসরণ (আমন্-মিউর, বোরাক্স্, ক্যাল্ক্-ফস্, মেজিরিয়াম্); চলিয়া বেড়ানের সময় উক্ত প্রকারের শ্বেতপ্রদর নিঃসরণ।

নিদ্রা। অপরাহ্ণ এবং সন্ধ্যাকালের প্রারম্ভে অত্যন্ত নিদ্রার ভাব।

ব্যবহার। শ্বেতপ্রদর; (টেষ্টি (Teste) বলেন পুরাতন আকারের শ্বেত প্রদরে বোবিষ্টা বিশেষ উপকারী); অতিরিক্ত রজঃস্রাব ইত্যাদি স্ত্রীলোকের অসুখেই ইহা সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার ওয়াল্টার ওয়েসেল্হিফ্ট্ (Dr. Walter Wesselhœft) অনেক দিনের পুরাতন আকারের জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাবে (Chronic Metrorrhagia) যাহাতে চক্ষু এবং কপালের দুই পার্শ্বে স্নায়ুশূলের ন্যায় প্রখর বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় পূর্ণবোধ ও মাথা যেন স্বাভাবিক অপেক্ষা বড় হইয়াছে এরূপ অনুভূত হয়, এই ঔষধ ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়াছিলেন। ডিমের লালের ন্যায় শ্বেত প্রদর নিঃসরণে ডাক্তার গারেন্সির (Dr. Guerensey) বোবিষ্টা ব্যবস্থা করিয়া থাকেন।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সন্ধির অত্যন্ত দুর্ব্বলতা, হাত এবং পায়ের পাতায় অত্যন্ত ক্লান্তি বোধ; কোমরে আঁটিয়া কাপড় পরা সহ্য না হওয়া; বোগলে পেঁয়াইজের গন্ধ বিশিষ্ট ঘর্ম্ম; শক্তি না থাকিলে যেরূপ হয়, হাত হইতে দ্রব্যাদি সেরূপ পড়িয়া যায়; ভোঁতা অস্ত্র,-যথা ছুরী, কাঁইচি ইত্যাদি, ব্যবহার করিলে হাতের আঙ্গুলে অত্যন্ত লাগে; গুহ্যদ্বারের ঠিক উপরিভাগের হাড়ের প্রান্তর অগ্রভাগে চুলকানি, যাহার দরুণ চুলকাইলে উক্ত স্থানের ছাল উঠিয়া যায় এবং ক্ষত হয়।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ৬ হইতে ১২ ডাইলুশনই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার ওয়েসেল্হিফ্ট্ (Dr. Wesselhœft) ৩য় ক্রমের গুঁড়া ব্যবহার করিয়া জারায়ু হইতে উক্ত প্রকারের অতিরিক্ত রক্তস্রাবের রোগীর চিকিৎসায় বিশেষ ফল পাইয়াছিলেন। ইহার কোন ডাইলুশন কোন

অসুখে উপকারী সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না। কারণ, তিনি এই ঔষধ কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

ক্যালেডিয়াম্ সেগুইনাম্,-ক্যালেড্

(CALADIUUM SEGUINUM,-CALAD.)

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী দিয়া ইহা জননেন্দ্রিয় আক্রমণ করিয়া উহার অতিরিক্ত চেতনা, উত্তেজনা এবং প্রদাহ ব্যতীত স্ফীতি উৎপাদন করে। ইহা শ্লৈষ্মিক ঝিল্লী, চর্ম্ম এবং পেশী গুলিও আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সমুদয় বিষয় ভুলিয়া যাওয়া (আনাকার্ড্, আম্ব্রা, ল্যাক্, নাক্স-বম্); অত্যন্ত খিট্খিট্ করা এবং মানসিক অবসন্নতা বা বিমর্ষভাব; মনে অত্যন্ত গোলযোগ এবং কোন বিষয়ে মন নিবিষ্ট করাতে অশক্তি।

মস্তক। কপালে ঘুশ্ঘুশে বেদনা; প্রাতঃকালে মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; মাথায় পূর্ণবোধ, যাহার দরুণ মনে হয় যেন মাথায় অতিরিক্ত পরিমাণ রক্ত সঞ্চিত রহিয়াছে; মাথায় দপ্দপিয়া বেদনা (বেল্); মাথাধরা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ (ইপিকাক্, আইরিস্, সাঙ্গুনেরিয়া); কপালের বাম পার্শ্বে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে, অথবা কর্ত্তনবৎ প্রবল বেদনা; মাথার পার্শ্বে অবশবোধ।

চক্ষু। চক্ষুর পাতা লালবর্ণ এবং প্রদাহযুক্ত ও উহার সঙ্গে সঙ্গে উহাতে জ্বালা এবং চিড়িকমারা; চক্ষুর গোলকের কোন কোন অংশে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা বা কন্কনানি (আলোজ্, সিমিসিফ্); চক্ষুর গোলক টাটায় এবং চাপিলে বেদনাযুক্ত হয়।

কর্ণ। কানে শব্দ সহ্য হয় না (বেল্)।

নাসিকা। হয় তরল সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া প্রচুর পরিমাণ জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন, নতুবা শুষ্ক সর্দ্দি এবং তদ্দরুণ নাক বন্ধ হইয়া থাকা।

মুখমণ্ডল। মনে হয় যেন মুখমণ্ডলের স্থানে স্থানে মাকড়সার জাল বা কোন প্রকারের চট্‌চটিয়া আঠা পলস্তরা লাগান রহিয়াছে (আলাম্, ব্যারাইটা-কার্ব্ব, ব্রোমিন্, গ্রাফ্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা সাদা লেপযুক্ত (আণ্টি-ক্রুড, ব্রাই, মার্ক); জিহ্বার মধ্যভাগে কাল্‌চে কটাবর্ণ রেখা পড়ে (ব্যাপ্ট্); জিহ্বা স্ফীত; দন্ত, শূল এবং দাঁত যেন স্বাভাবিক অপেক্ষা লম্বা হইয়াছে এরূপ অনুভূত হয়। গলার মধ্যে খশ্‌খশে এবং শুষ্কবোধ।

পাকস্থলী এবং উদর। বমনোদ্বেগ, প্রাতঃকালে ঘুম হইতে উঠিলেই যাহা অধিক হয় (নাক্স-বম্, পিট্রোল, পাল্‌স্); টক উদ্গার উঠা; পাকস্থলী শুকনা আহার দ্রব্যাদি দ্বারা পরিপূর্ণ হইলে যেরূপ হয়, উদ্গারে যথোচিত পরিমাণে দূষিত বায়ু সেরূপ নির্গত হয় না; পাকস্থলীতে চাপিয়া ধরা বা কর্ত্তনবৎ বেদনা বা যাতনা এবং মনে হয় যেন পাকস্থলী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িয়াছে বা পেটে পিটে লাগিয়া পড়িয়াছে (হাইড্রাষ্ট, ইগ্নেস্, সিপিয়া)। পাকস্থলী এবং উদরে আক্ষেপিক কর্ত্তনবৎ বেদনা (কলোস্); উদর স্ফীত এবং প্রচাপনে বেদনাযুক্ত হয় (বেল্)।

মল। মল নরম, কাইয়ের ন্যায়, কাদার রঙ্গবিশিষ্ট এবং অতিকষ্টে নির্গত হয়; মলে কঠিন নেড় থাকে; মল পরিমাণে অল্প এবং কাইয়ের ন্যায়; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই বারম্বার বাহ্যের বেগ; মলত্যাগের পর গুহ্যদ্বারে জ্বালানুভব।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রী সহবাসের অতিরিক্ত ইচ্ছা, কিন্তু পুরুষাঙ্গ শিথিল হয় বা খাড়া হয় না (আগ্‌নাশ, ক্যাষ্টাস্, আগারিকাশ, আর্জেন্ট, কোনায়াম্), অথবা পুরুষাঙ্গ খাড়া হয় এবং তদ্দরুন অত্যন্ত যাতনার উদ্রেক হয়, কিন্তু স্ত্রীসহবাসের ইচ্ছা একবারেই থাকে না; ধ্বজভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে মানসিক অবসন্নতা; রাত্রিতে অনিচ্ছাপূর্ব্বক বা অসাড়ে স্বপ্নে ধাতু নির্গমন (স্বপ্নদোষ) (চায়না, ফস্-আস্); পুরুষাঙ্গ স্ফীত এবং শোথের ন্যায় টল্‌টলে। স্ত্রীলোকের যোনি এবং যোনিদ্বারে চুলকানি (আর্জেণ্ট-নাইট্রিক্, গ্রাফি); জরায়ুতে খিল ধরার ন্যায় যাতনা।

শ্বাসযন্ত্র। বুকের ডাইন পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় অত্যন্ত যাতনা

(ব্রাই, ক্যালী-কার্ব্ব); বায়ুনল ও কণ্ঠনালীতে অত্যন্ত আঁটাবোধ, যাহার দরুণ নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত জন্মে; মনে হয় যেন কণ্ঠনালীর উপরিভাগে উত্তেজনার দরুণই কাশির উদ্রেক হয়; শ্বাসকষ্ট বা সহজে নিশ্বাস টানিতে অশক্তি; বুকের উপর হাম ইত্যাদির স্তায় লালবর্ণের ফুস্কুড়ী, যাহা অত্যন্ত চুলকায়।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে বাতের বেদনার ন্যায় বেদনা, যাহার দরুণ রোগী অতি কষ্টে বিছানায় পাশ ফিরিতে পারে (রাস্টক্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে যেন অত্যন্ত ক্লান্তিবোধ হয়; অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনার ন্যায় বেদনা; অঙ্গ প্রত্যঙ্গের কাঁপনি।

নিদ্রা। সর্ব্বদা নিদ্রার ভাব বা ঝিমান; হয় নিদ্রা হয় না, নতুবা নিদ্রা হইলেও উহা দ্বারা রোগী উপশম অনুভব করে না; ঘুমের ঘোরে গোংরাণ; ঘুমের ঘোরে ভয়ানক স্বপ্ন দেখা।

চর্ম্ম। চর্ম্মে খশ্‌খশে এবং শুষ্কবোধ; শরীরের স্থানে স্থানে অত্যন্ত চুলকানি (সাল্‌ফ্)।

জ্বর। গরম ঘরেও শীতবোধ; জ্বর এবং শরীর শুষ্ক ও উষ্ণ; মুখমণ্ডল, মাথা এবং হাত গরম ও হাত পায়ের পাতা ঠাণ্ডা।

ব্যবহার। স্ত্রীলোকের যোনি এবং যোনিদ্বারের চুলকানি, ধ্বজভঙ্গ এবং বাতের ব্যারামেই ক্যালেডিয়াম্ অধিক ব্যবহৃত হইয়া থাকে। রক্তাদিস্রাব জনিত অসুখ; শ্লৈষ্মিক ঝিল্লীর শুষ্কতা এবং প্রদাহ; শোথের ন্যায় স্ফীতি ইত্যাদিতেও ইহা ব্যবহৃত হয়।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরে শ্রান্তিবোধ (চায়না); সামান্য কারণেই ব্যতীব্যস্ত হওয়া (সিমিসিফ্, কফিয়া); সমুদয় শরীরে অত্যন্ত দপ্‌দপানি (গ্লোনয়েন্, পাল্‌স্); ঘরের মধ্যে সমুদয় অসুখের বৃদ্ধি; বহির্বায়ু এবং নড়াচড়াতে অসুখের উপশম। যে সকল রোগী অত্যন্ত মোটা এবং যাহাদিগের শরীর তল্‌তলে, তাহাদিগের অসুখে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। আগ্‌নাশ্ ক্যাষ্টাস্, হেলোনিয়াস্, ফস্ফরিক্ আসিড্, পাল্‌সেটিলা।

প্রতিষেধক ঔষধ। ক্যাপ্সিকাম্। আখের রস।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। ইহার ১ম দশমিক ক্রম বা মূল আরোক বোধ হয় উপকারী।

ক্যাল্কেরিয়া আর্সিনিকা,-কাল্ক্-আর্স্

(Calcarea Arsenica,—Calc.-Ars.)

ডাক্তার সি, হেরিঙ্গের(Dr. C. Hering) মতে ইহা মৃগীরোগে উপকারী। ডাক্তার এইচ্ নান্কিবেলের (Dr. H. Nankivell) মতে অন্ত্রক্ষয় (Tabes Messenterica) এবং ফুস্ফুস প্রদাহ জনিত ক্ষয় কাশি ও উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া রক্ত উঠার পক্ষে ইহা বিশেষ উপকারী। ডাক্তার হিল্বার্সের (Dr. Hilbers) মতে হৃৎপিণ্ডের দুর্ব্বলতা জনিত শ্বাস কষ্টে ইহা বিশেষ উপকারী।

ক্যাল্কেরিয়া আয়োডেটা,-আয়োডাইড্ অব্ লাইম্,-ক্যাল্ক্-আয়োড্

(Calcarea Iodata,-Calc. Iod.)

ইহা মস্তকই অধিক আক্রমণ করিয়া থাকে। ডাক্তার মিহোফারের (Dr. Meyhoffer) মতে যে সকল শিশু বা ছোট বালক বালিকা অত্যন্ত কৃষাঙ্গী এবং গণ্ডমালা ধাতুবিশিষ্ট, তাহাদিগের পুরাতন আকারের বায়ু উপনল প্রদাহে ইহা বিশেষ উপকারী। গ্রীবা দেশস্থ গ্রন্থির অত্যন্ত স্ফীতি, শুষ্ক-কাশি এবং বায়ু উপনলের গ্রন্থির বিবৃদ্ধি ইহার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত। অতএব উক্ত অসুখে ইহা ব্যবহার্য্য। ইহার গুঁড়াই ব্যবহৃত হইয়া থাকে। ইহার সলিউশনও অনেকে ব্যবহার করিয়া থাকেন। কিন্তু উহা শীঘ্র শীঘ্র পচিয়া যায়।

ক্যালেণ্ডুলা অফিসিনেলিস্,-গাঁদা ফুল,-ক্যালেণ্ড্

(CALENDULA OFFICINALIS,-CALEND.)

এই গাছের ফুল এবং ফুলের নিকটবর্ত্তী কচি পাতা যথানিয়মে ডাইলুট্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার কেবল ফুল দিয়াও আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। এই ঔষধের আভ্যন্তরিক প্রয়োগ হইতে দেখা যায় না। কাটা ঘায় ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার দর্শে। ইহা কাটা ঘায়ের রক্তস্রাব এবং ঘায়ে পূঁয উৎপন্ন হওয়া নিবারণ করে। পচা ঘা, পোড়া ঘা ইত্যাদিতে বাহ্যপ্রয়োগে বিশেষ উপকার দর্শে। ডাক্তার লাড্লাম্ (Dr. Ludlam) বলেন যে, প্রসবের সময় যোনি দ্বারাদি ছিঁড়িয়া গেলে ইহার ব্যাহ্য প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। তিনি আরো বলেন যে, যে প্রকার পূঁয সম্বলিত পুরাতন আকারের শ্বেত প্রদরে জরায়ুর অগ্রভাগ বা উহার মুখের মধ্যদেশে প্রদাহ এবং গণ্ডমালা জনিত ক্ষত থাকে, তাহাতে স্তরিক প্রয়োগে বিশেষ উপকার দর্শে। লেখক কখনও এই ঔষধের আভ্যন্ত- ইহার আভ্যরিক প্রয়োগ করিয়া দেখেন নাই। কিন্তু উক্ত প্রকারের শ্বেত প্রদরে পিচ্কারি দ্বারা ইহার ব্যাহ্য প্রয়োগ ব্যবস্থা করিয়া অনেক রোগীর চিকিৎসায় তিনি বিশেষ উপকার পাইয়াছেন। ক্যালেণ্ডুলার কেবল বাহ্য- প্রয়োগ দ্বারা কোচ বিহার রাজের কোন একটী উচ্চ শ্রেণীর কর্ম্মচারির পায়ে প্রায় দেড় বৎসরের পুরাতন আকারের বিকচের (Eczema) ঘা ৩ সপ্তাহের মধ্যে লেখক আরাম করিয়াছিলেন। ক্যালেণ্ডুলার এরূপ উপকারীতা দেখিয়া কোচ-বিহারের অ্যালোপ্যাথিক ও হোমিওপ্যাথিক উভয় প্রণালীর চিকিৎ- সকগণ এবং অন্যান্য লোক চমৎকৃত হইয়াছিলেন। এস্থলে ইহা বলা আবশ্যক যে বাঁকিপুর, কলিকাতা এবং কোচ-বিহারের অনেক অ্যালো- প্যাথিক এবং হাতুড়িয়া চিকিৎসকগণ প্রায় ১ বৎসর কাল চিকিৎসা করিয়াও উক্ত ঘা আরাম করিতে পারেন নাই। বিকচ রোগ সহজে আরাম হয় না এবং একবার আরাম হইলেও উহার বারম্বার পুনরাক্রমণ হইয়া থাকে। কিন্তু এই রোগীর এপর্য্যন্ত পুনরাক্রমণ হয় নাই। এই

রোগীর চিকিৎসার বিবরণ ইং ১৮৮৯ সনের অক্টোবর মাসের হোমিওপ্যাথিক্ ওয়ারেল্ড্ (Homœopathic World) নামক লণ্ডনস্থ হোমিওপ্যাথিক চিকিৎসাবিষয়ক মাসিক পত্রিকা এবং আমেরিকার ফাইলেডেল্‌ফিয়ার ইং ১৮৮৯ সালের ১৫ই নবেম্বর তারিখের হোমিওপ্যাথিক রেকর্ডার (Homœopathic Recorder) নামক হোমিওপ্যাথিক চিকিৎসা বিষয়ক পত্রিকায় বিস্তৃতরূপে প্রকাশিত হইয়াছে। সুবিধা হইলে পাঠক মহাশয়গণ উক্ত দুইখানি পত্রিকা পাঠ করিয়া দেখিতে পারেন। ইহার মাত্রাদি বাহ্য প্রয়োগের ঔষধাদির অধ্যায়ে দ্রষ্টব্য।

কার্ডুয়াস্ মেরিয়েনাস্,-কার্ডুয়াস্

(CARDUUS MARIANUS,-CARDUUS M.)

এই গাছের শিকড় এবং বিচি সমান অংশ পরিমাণ লইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। যকৃত এবং পিত্তসম্বন্ধীয় যন্ত্র ইহা দ্বারা বিশেষ রূপে আক্রান্ত হইয়া কামল রোগ এবং অন্যান্য প্রকারের পিত্তজনিত অসুখ উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় ঢিমাবোধ; মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে মনে গোলমেলে বোধ।

পাকস্থলী এবং উদর। মুখে তিক্ত স্বাদ; ক্ষুধা শূন্যতা; বমনোদ্বেগ; উদ্গার উঠা; মুখে জল উঠা এবং অন্ত্রের স্ফীতি এবং বিকৃতি। যকৃতের স্ফীতি এবং উহাতে বেদনা; যকৃত প্রদেশে পূর্ণ বোধ; কামল রোগ (চেলিডন্, মার্ক্); যকৃতে রক্তাধিক্য বা রক্তাবরোধ বা অন্ত্রের ডিয়োডিনাম্ (Duodenum) নামক অংশের শ্লৈষ্মিক অসুখ হেতু কামল রোগ; উদরের পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা।

মল। মলে যথোচিত পরিমাণে বা একবারেই পিত্ত না থাকা

(ক্যাল্ক্-কার্ব্ব, হিপ্-সাল্ফ্); পর্য্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ এবং উদরাময় (অ্যান্টি-ক্রুড্, নাক্স-বম্, পডোফ্)।

মূত্রে। মূত্রে পিত্তের রঙ্গকারক পদার্থ থাকে (চেলিডন্); মূত্র পরিমাণে অল্প, কটাবর্ণ এবং ঘোলাটিয়া (আণ্টি-টার্ট, চেলিডন্)।

জ্বর। শীত কম্প এবং জ্বর ও উহার সঙ্গে সঙ্গে কামল রোগের উক্ত লক্ষণ।

ব্যবহার। কামল রোগ (নেবা); পিত্ত জনিত অসুখ; যকৃতে রক্তাধিক্য বা রক্তাবরোধ; অন্ত্রের ডিয়োডিনাম্ (Duodenum) নামক শ্লৈষ্মিক অংশের রোগ; পিত্তশিলা (Gall-stones) ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য। যকৃতের কঠিনতা সম্বলিত হ্রাস (Cirrhosis of the Liver) এবং উহার সঙ্গে সঙ্গে শোথের লক্ষণাদি বর্ত্তমানে এই ঔষধ দ্বারা বিশেষ উপকার দর্শিতে দেখা যায়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। চায়না, মার্কিউরিয়াস্, ফস্ফরাস্, পডোফিলাম্।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না। কারণ, তিনি এই ঔষধ অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। তবে একটী মাতালের শোথের লক্ষণাক্রান্ত যকৃতের হ্রাস এবং কঠিনতার (Cirrhosis of the liver with Dropsy) চিকিৎসায় প্রথমতঃ ১ম, ২য় এবং ৩য় দশমিক ক্রমের আরোক ১০।১২ দিন ব্যবহার করিয়া বিশেষ ফল না পাওয়াতে ইহার মূল আরোক ১ ফোঁটা মাত্রায় ২ সপ্তাহ কাল ব্যবহার করিয়া লেখক আশাতিরিক্ত ফল পাইয়াছিলেন। এমন কি, উক্ত রোগীর যে যকৃতের বা অন্য কোন যন্ত্রের অসুখ ছিল, ২ সপ্তাহ কাল পর এরূপও অনুভূত হইত না। তৎপর রোগী সম্পূর্ণ রূপে আরাম হইয়াছে কি না সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, রোগী লেখকের নিকট সেই অবধি আর আইসে নাই।

সিয়েনোথাস্ আমেরিকেনাস্,-সিয়েনোথ্

(CEANOTHUS AMERICANUS,–CEANOTH.)

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। প্লীহার উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল। ইহা প্লীহার প্রদাহ এবং বিবৃদ্ধিতে বিশেষ উপকারী বলিয়া ডাক্তার হেল্ (D. Hale) অত্যন্ত প্রশংসা করিয়াছেন। যাঁহার প্রশংসা দেখিয়া ডাক্তার হেল্ এই ঔষধের এত প্রশংসা করিয়াছেন, তিনি বলেন যে "প্লীহার পুরাতন আকারের বিবৃদ্ধি এবং প্রদাহে যখন প্লীহাতে কোন প্রকারের বেদনা বা টাটানি না থাকে, তখন এই আরোক ব্যবহার করিলে প্লীহা শীঘ্রই বেদনাযুক্ত হয় এবং টাটায়, তৎপর আস্তে আস্তে উহা স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়।" এইরূপ বিবরণ দেখিয়া ডাক্তার বার্ণেট্ (Dr. Burnett) প্লীহা সম্বলিত পালাজ্বরাক্রান্ত অনেকগুলি রোগীকে সিয়েনোথাস্ সেবন করাইয়া বিশেষ ফল পাইয়াছেন। তিনি বলেন যে প্লীহার সঙ্গে সঙ্গে যদি পার্শ্বে গভীরস্থিত বেদনা থাকে, প্লীহাতে বেদনা থাকুক আর না থাকুক, বা প্লীহার বিবৃদ্ধি থাকুক আর না থাকুক, এই ঔষধ দ্বারা উপকার হইবেই হইবে। স্ত্রীলোকের প্লীহার সঙ্গে সঙ্গে শ্বেতপ্রদর থাকিলে এই ঔষধ সেবনে শ্বেত প্রদরও অনায়াসে সারিয়া যায়। ২৫ বৎসর বয়স্কা একটী স্ত্রীলোকের ৫।৬ বৎসর ধরিয়া মেলেরিয়া জনিত প্লীহার বিবৃদ্ধি ও কঠিনতা সম্বলিত পালা জ্বর ছিল এবং উহার সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণে শ্বেতপ্রদর নিঃসরণও ছিল। আমি তাহাকে সিয়েনোথাস্ সেবনের ব্যবস্থা দিলাম। ক্রমাগত ৩ মাস নিয়মিতরূপে ইহা সেবনেও জ্বর বা প্লীহার বিবৃদ্ধি এবং কঠিনতার কোনও উপশম হইল না। কিন্তু শ্বেত প্রদর একবারে সারিয়া গেল। প্লীহার তরুণ এবং পুরাতন আকারের বিবৃদ্ধি এবং কঠিনতার চিকিৎসায় সিয়েনোথাসের উপকারিতা সম্বন্ধে আট্লাণ্টা মেডিকেল্ ও সার্জ্জিকেল্ জার্ণেল্ (Atlanta Medical and Surgical Journal) নামক চিকিৎসা বিষয়ক পত্রিকায় লিখিত আছে "ভূতপূর্ব্ব সিবিল ওয়ার (Civil War) নামক যুদ্ধের সময় প্লীহার প্রদাহে (Splenitis) এই গাছ ব্যবহার করিয়া আমি এত ভাল ফল পাইয়াছিলাম যে, উহার দরুণ ৬ বৎসর কাল উক্ত

রোগে সিয়েনোথাস্ ব্যতীত অন্য কোন ঔষধ ব্যবহার করিয়াছি বলিয়া স্মরণ পড়িতেছে না। শিশু হইতে অত্যন্ত বৃদ্ধ বয়স্ক রোগীর প্লীহার বিবৃদ্ধির চিকিৎসাও আমি এই ঔষধ ব্যবহার করিয়া দেখিয়াছি, উহার একটী রোগীর চিকিৎসায়ও নিষ্ফল হই নাই।" "পুরাতন আকারের প্লীহার বিবৃদ্ধিতে যখন প্লীহাতে বেদনাদি না থাকে, এই ঔষধ ব্যবহারে প্রথমতঃ প্লীহা অত্যন্ত বেদনাযুক্ত হয় এবং তৎপর শীঘ্র শীঘ্র উহা স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয় ও রোগী প্লীহার বিবৃদ্ধি একবারেই টের পায় না।" ইউরোপ এবং আমেরিকাস্থ হোমিওপ্যাথিক চিকিৎসকগণ প্লীহার বিবৃদ্ধি এবং কঠিনতার চিকিৎসায় সিয়েনোথাসের উপকারীতা সম্বন্ধে যেই যাহা বলুন না কেন, প্লীহার চিকিৎসায় লেখক সিয়েনোথাস্ ব্যবস্থা করিয়া বিশেষ ফল পান নাই। এতদ্দেশীয় অনেক হোমিওপ্যাথিক চিকিৎসকও লেখকের উক্ত মতের পোষকতা করেন। সিয়েনোথাস্ দ্বারা প্লীহার বিবৃদ্ধি ও কঠিনতা সম্বলিত পালা জ্বরাক্রান্ত ২৮০টী রোগীর চিকিৎসা করিয়া লেখক দেখিয়াছেন। উহার কোন রোগীর চিকিৎসায়ই তিনি এই ঔষধ দ্বারা বিশেষ কোন ফল পান নাই। গ্রন্থকার প্রণীত ইংরেজী ভাষায় জ্বররোগ চিকিৎসা নামক গ্রন্থের ৯৩ পৃষ্ঠায় উক্ত চিকিৎসার বিবরণ বিশেষ রূপে লিখিত হইয়াছে। ইহার ১ম দশমিক ক্রমের আরোক হইতে মূল আরোক ৫ ফোঁটা হইতে ১ এক চামচা পর্য্যন্ত আভ্যন্তরিক প্রয়োগে ব্যবহৃত হইয়া থাকে। ইহার মূল আরোক তুলীতে করিয়া প্লীহার উপর বাহ্য প্রয়োগ করার ব্যবস্থা আছে। এতদ্দেশে মেলেরিয়াজনিত পুরাতন আকারের পালাজ্বরে প্লীহার বিবৃদ্ধি এবং কঠিনতা সচরাচরই দেখিতে পাওয়া যায়। অতএব এতদ্দেশীয় চিকিৎসকগণের ইহা বিশেষরূপে পরীক্ষা করিয়া, পরীক্ষার ফল সর্ব্বসাধারণের উপকারার্থ প্রকাশ করা উচিত।

চিমাফিলা আম্বেলেটা,-চিমাফিলা

(CHIMAPHILA UMBELLATA)

যথানিয়মে এই গাছের মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। মূত্রযন্ত্রের উপর ইহার

কার্য্য দেখিতে পাওয়া। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, যেপ্রকার মূত্রকৃচ্ছ্র বা মূত্রাবরোধে মূত্রে শ্লেষ্মার ন্যায় তলানি পড়ে, তাহাতে চিমাফিলা বিশেষ উপকারী। ইহা দ্বারা পুরাতন আকারের প্রমেহ রোগও আরাম হয়। ডাক্তার হলাণ্ড্ (Dr. Holland) বলেন যে, মূত্রাধারের পুরাতন আকারের প্রদাহে (Chronic Cystitis) অন্যান্য ঔষধ প্রয়োগ দ্বারা কোন উপকার না দর্শিলে এই ঔষধ সেবনে রোগী সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করে। ইহার কার্য্য অনেকটা ক্যানাবিস্ স্যাটাইবা, ক্যান্থারিস্, কোপেইবা, ইউপেটোরিয়াম্ পার্পুরিয়াম্ এবং ইউবা আর্সাইয়ের ন্যায়। ইহার মূল আরোক এক ফোঁটা হইতে ৫ ফোঁটা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে।

সিষ্টাস্ ক্যানেডেন্সিস্,-সিষ্টাস্

(CISTUS CANADENSIS,-CISTUS.)

এই গাছের সমুদয় অংশ সংগ্রহ করিয়া উহা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। ইহা শ্লৈষ্মিক ঝিল্লী বিশেষরূপে আক্রমণ করিয়া উহাতে শ্লেষ্মা জনিত অসুখের ন্যায় অসুখ উৎপাদন করে। ইহা চর্ম্ম ও গ্রন্থি আক্রমণ করিয়া উহাতে গণ্ডমালা জনিত অসুখের ন্যায় অবস্থা উৎপাদন করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সকল প্রকারের মানসিক উত্তেজনাতেই যাতনার বৃদ্ধি হয়।

মস্তক। অত্যন্ত কষ্টদায়ক শিরঃপীড়া; শিরঃপীড়া ক্রমে ক্রমে সন্ধ্যাকালে বৃদ্ধি হইয়া সমস্ত রাত্রি ব্যাপিয়া থাকে।

চক্ষু। অনেক দিন স্থায়ী গণ্ডমালা জনিত চক্ষু প্রদাহ; মনে হয় যেন চক্ষুর চতুস্পার্শ্ববর্ত্তী স্থান দিয়া কিছু যাইতেছে এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে সূচীবিঁধানের ন্যায় যাতনা।

কর্ণ। কান দিয়া দুর্গন্ধযুক্ত জলের ন্যায় তরল পূঁয নির্গমন (গ্রাফ্, হিপ্-সাল্ফ); কানের মধ্য প্রদেশের স্ফীতি; কান এবং উহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে দাদের ন্যায় শুকনা ফুস্কুড়ী।

নাসিকা। সর্দ্দির অন্যান্য লক্ষণ প্রকাশ না পাইয়া কেবল হাঁচি; নাকের বাম অংশ প্রদাহযুক্ত এবং স্ফীত; নাকের আগা বেদনাযুক্ত।

মুখমণ্ডল। মুখমণ্ডলে দম্কা উষ্ণানুভব; মুখমণ্ডলে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী বিশিষ্ট বিসর্প বা ইরিসিপেলাস্ (Erysipelas) (রাস্টক্স্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দন্তমাড়ি স্ফীত ও ক্ষতযুক্ত এবং মাড়ির মাংস ফুলিয়া উচু হইয়া উঠে ও সামান্য চাপ পড়িলে বা সামান্য কারণেই উহা হইতে রক্ত পড়ে, পচাধরে এবং উহা হইতে অত্যন্ত দুর্গন্ধ বাহির হয় (কার্ব্বো-বেজ্, মার্ক্, নাইট্রিক্-আস্); জিহ্বা এবং মুখগহ্বরের পশ্চাৎভাগে শুষ্কবোধ; ছাল উঠিয়া গেলে যেরূপ হয়, জিহ্বায় সেরূপ জ্বালা বা চড়্চড়ানি; নিশ্বাস দ্বারা যে বায়ু টানা যায়, তাহা জিহ্বায় ঠাণ্ডা লাগে। মুখগহ্বরের পশ্চাৎভাগ অত্যন্ত শুষ্ক এবং প্রদাহযুক্ত হয় বটে, কিন্তু উহা রোগীর নিকট একবারেই শুষ্ক বলিয়া অনুভূত হয় না এবং উহার সঙ্গে সঙ্গে থক থক করিয়া কাশিলে গলা দিয়া কঠিন, তল্তলে, স্বাদশূন্য, শ্লেষ্মা নির্গমন; গলার মধ্যের অসহ্য শুষ্কতা দূরীভূত করিবার জন্য রোগী বারম্বার ঢোক গিলিতে বাধ্য হয়; এই লক্ষণটী রাত্রিযোগেই অধিক হয়; গলার মধ্যে শুষ্কবোধ, আহারের পর যাহার উপশম হয়; শ্বাস দ্বারা ঠাণ্ডাবাতাস টানিলে গলার মধ্যে বেদনার উদ্রেক হয়; গলার মধ্যে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হওয়ার দরুণ কাশির উদ্রেক হয়; মনের অত্যন্ত আন্দোলনে উক্তপ্রকারের কাশি; বুক হইতে গলার মধ্য পর্য্যন্ত ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়; মনে হয় যেন গলার মধ্যে বালি ঢুকিয়া রহিয়াছে।

পাকস্থলী এবং উদর। ঠাণ্ডা উদ্গার উঠা; আহারের পূর্ব্বে এবং উহার পর পাকস্থলীতে ঠাণ্ডাবোধ (আবিসিহ্, কল্চ)। সন্ধ্যার সময় এবং রাত্রিতে উদরে দূষিত বায়ুর সঞ্চার।

মল। ফল খাওয়ার পর উদরাময় (চায়না); মল তরল ধূসরের

আভাযুক্ত হরিদ্রাবর্ণ, উষ্ণ, যাহা গুহ্যদ্বার দিয়া সজোরে বন্দুকের গোলার ন্যায় নির্গত হয় (ক্রোটন্), শেষ রাত্রি হইতে বেলা দুই প্রহর পর্য্যন্ত যাহার বৃদ্ধি হয়।

শ্বাসযন্ত্র। বায়ুনলের বেদনা; নিশ্বাসে বায়ুনল এবং কণ্ঠনালীতে ঠাণ্ডাবোধ; গলার মধ্যে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হওয়ার দরুণ কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা; গলা দিয়া তিক্ত স্বাদের শ্লেষ্মা নির্গমন; বুকে চাপ পড়ার ন্যায় অনুভূত হয়।

গ্রীবাদেশ। গলার মধ্যের গ্রন্থি গুলির গণ্ডমালা জনিত স্ফীতি এবং উহার মধ্যে পূঁয হওয়া (ক্যাল্ক-কার্ব্ব, আয়োড্)।

অঙ্গ, প্রত্যঙ্গ। সন্ধিতে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; হাত এবং পায়ের পেশী বিশিষ্ট অংশে আপনা আপনি বা অনিচ্ছা-পূর্ব্বক কসিয়া ধরা বা উহার কাঁপনির ন্যায় অনুভূত হয়; অঙ্গ প্রত্যঙ্গের কাঁপনি এবং উহার সঙ্গে সঙ্গে জ্বর; পায়ের পাতা ঠাণ্ডা।

চর্ম্ম। পৃষ্ঠদেশে অত্যন্ত বেদনাযুক্ত ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; শরীরের নানা স্থানে দাদের ন্যায় ফুস্কুড়ী; পুরাতন আকারের ক্ষত।

ব্যবহার। গণ্ডমালা ধাতু জনিত চক্ষু, কর্ণ, নাসিকা এবং লিম্ফেটিক্ গ্রন্থির (Lymphatic Glands) অসুখ; গলার মধ্যের গ্রন্থির অসুখ; ক্ষত; দাদের ন্যায় ফুস্কুড়ী; বিকচ (Eczema); শ্লেষ্মাজনিত অসুখ; কুঁচ্কির অসুখ হেতু উহাতে বেদনা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। প্রাতঃকালে, সন্ধ্যার সময়, রাত্রিতে, ফল খাইলে, মানসিক উত্তেজনায় অসুখের বৃদ্ধি।

সমগুণ বিশিষ্ট ঔষধ। বেলাডোনা, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, গ্রাফাইটিস, হিপার সাল্ফিউরিস্, ক্যালী বাইক্রমিকাম্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, সাল্ফার।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে গণ্ডমালা জনিত অসুখে ইহার ১ম দশমিক ক্রমের আরোক উপকারী।

কোকাস্ ক্যাক্‌টাই,-কোকাস্

(COCCUS CACTI,–COCC. CAC.)

ইহা এক কীট বিশেষ। সমুদয় শুকনা কীট গুঁড়া করিয়া উহার এক ভাগ ২০ ভাগ প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জাসম্বন্ধীয় স্নায়ু মণ্ডল দিয়া ইহা মূত্রকোষ, পরিপাক সম্বন্ধীয় যন্ত্র এবং শ্বাস যন্ত্র আক্রমণ করিয়া উহাতে উত্তেজনা এবং প্রদাহ উৎপাদন করে, যাহার দরুণ উক্ত যন্ত্রের স্বাভাবিক নিঃসরণের বৃদ্ধি হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। ভয়াতুর, খিট্‌খিটে এবং চিড়্‌চিড়ে।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; মাথা ঝিম্ ঝিম্ করা; মাথায় রক্তাধিক্য (বেল্, ফেরাম্); মাথায় চাপিয়া ধরার ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা; কপালে উক্ত প্রকারের বেদনা; কপালের দুই পার্শ্বে দপ্‌দপানি বা চাপিয়া বা আঁটিয়া ধরার ন্যায় বেদনা।

চক্ষু। চক্ষুর কোটরে চাপিয়া ধরার ন্যায় বেদনা; চক্ষুর যোজক ঝিল্লীর প্রদাহ; চক্ষু দিয়া অধিক পরিমাণে জল পড়া।

কর্ণ। কানের মধ্য এবং উহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে কসিয়া ধরা, ছিঁড়িয়া ফেলা বা সূচীবিধানের ন্যায় যাতনা; মনে হয় যেন কান বন্ধ হইয়াছে (মাঙ্গেনিস্, সাইলিসি); কানের মধ্যে সুড়্‌সুড়ী এবং চুলকানি (ব্যারাইটা, হিপ্-সাল্‌ফ্, মার্ক্); গিলিবার সময় কানের মধ্যে কেড়্ কেড়্ শব্দ হওয়া; ঝড় হইলে যেরূপ হয়, কানের মধ্যে সেরূপ সোঁ সোঁ শব্দ হওয়া।

নাসিকা। বারম্বার প্রবল হাঁচি; নাকে অধিক পরিমাণে শ্লেষ্মার সঞ্চার; নাকের মধ্যে শুষ্ক বোধ।

মুখমণ্ডল। কোন প্রাণী হামা দিয়া যাইলে যেরূপ হয়, মুখমণ্ডলে সেরূপ অনুভূত হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতের গোড়ায় কসিয়া ধরা বা চিড়িক্ মারার ন্যায় যাতনা; কোন প্রকারের ঠাণ্ডা বস্তু লাগিলে দাঁত কন্ কন্ করে (আণ্টি-ক্রুড, ক্যাল্ক্-কার্ব্ব, ষ্টাফিস্, সাল্ফ্); মুখগহ্বর এবং জিহ্বা শুষ্ক এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত পিপাসা (আর্স্, ব্রাই); মুখ-গহ্বর এবং গলার মধ্যে জ্বালা (আর্স্, ক্যাঙ্থ্, ক্যাপ্স্); মুখগহ্বর এবং গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা বা চড়্চড়ানি; মুখগহ্বর এবং উহার পশ্চাৎ ভাগের অতিরিক্ত উত্তেজনা, যাহার দরুণ মুখ পরিষ্কার করিতে গেলে কাশির উদ্রেক হয় এবং গলাদিয়া গাঢ় ডেলা ডেলা শ্লেষ্মা নির্গত হয়; তালুকার ধনুকের ন্যায় বক্রাংশ অত্যন্ত উত্তেজিত; সজোরে কথা বলিলে, দাঁত মাজিবার সময় কাশি এবং বমনের উদ্রেক হয়; মুখে তামা কাঁসা ইত্যাদি ধাতুর স্বাদ এবং উহার সঙ্গে সঙ্গে মুখে জলের সঞ্চার; মুখে তামা কাঁসার ন্যায় স্বাদ (ইস্কুল্, ককিউল্, মার্ক্, সাল্ফ্); মুখে তিক্তস্বাদ (ব্রাই, চায়না, নাক্স্-বম্, পাল্স্, সাল্ফ্); মুখে মিষ্ট স্বাদ (আর্স্, ব্রাই, মার্ক্, সাল্ফ্); মুখে টক স্বাদ। মুখগহ্বরের পশ্চাৎভাগ এবং গলার মধ্যে শুষ্ক ও জ্বালানুভব; গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা এবং চড়্চড়ানি; গলার মধ্যে অনবরত সুড়্সুড়্ করা; উত্তাপে, বিশেষতঃ বিছানায়, গলার মধ্যে উপদ্রবের বৃদ্ধি; গিলিতে অত্যন্ত কষ্টবোধ।

পাকস্থলী এবং উদর। দুষ্ট ক্ষুধা; অত্যন্ত পিপাসা; উদ্গার উঠা; বুক জ্বালা; বমনোদ্বেগ এবং কাঠবমী; বমনের ইচ্ছা; পাক-স্থলীর স্ফীতি এবং বিস্তৃতি; পাকস্থলীতে ভারি এবং চাপাবোধ; পাক-স্থলীতে যাটিয়া ধরার ন্যায় বেদনা; দূষিত বায়ু সঞ্চিত হইলে যেরূপ হয়, প্রচাপনে উদরের বামপার্শ্বে সেরূপ টাটানি বা বেদনা, যাহা পৃষ্ঠদেশের বাম-পার্শ্বে এবং মেরুদণ্ডের কোমর প্রদেশস্থ হাড় পর্য্যন্ত বিস্তৃত হয়; প্লীহা প্রদেশে জ্বালাযুক্ত কসিয়া ধরার ন্যায় যাতনা; দূষিত বায়ু সঞ্চিত হওয়ার দরুণ উদরের স্ফীতি এবং বিস্তৃতি ও উহার সঙ্গে সঙ্গে গড়্গড়্, কলকল শব্দ হওয়া; পেটকামড়ানী এবং তৎপর উদরাময়।

মল। বাহ্যের বেগ এবং কখন কখন বেগ দিলে মল নির্গত হয় না; প্রচুর পরিমাণে কোমল কাইয়ের ন্যায় মল ত্যাগ।

মূত্রযন্ত্র। মূত্রকোষ প্রদেশে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা বা টাটানি; মূত্রাধারে চাপা বোধ; প্রস্রাব করার সময় মূত্রণালীতে জ্বালাযুক্ত যাতনা (ক্যানাবিস্‌-স্যাট্‌, ক্যান্থ্‌, ষ্টাফিস্‌); মূত্রনালীর মধ্যে সূচী বিঁধান বা চুল্‌কানির ন্যায় যাতনা; বারম্বার মূত্রত্যাগের প্রবল ইচ্ছা; বারম্বার প্রচুর পরিমাণে জলের ন্যায় পরিষ্কার মূত্রত্যাগ (ফস্‌-আস্‌) যাহা ত্যাগের কতকক্ষণ পরই ঘোলাটিয়া এবং মেঘের ন্যায় অস্বচ্ছ হয়; মূত্রে ইটের গুঁড়ার ন্যায় তলানী পড়ে (আর্ণিকা, লাইকোপ্‌, নেট্রাম্‌-মিউর, ফস্‌)।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ বারম্বার খাড়া হয় এবং উহার সঙ্গে সঙ্গে স্ত্রী সহবাসের ইচ্ছার অত্যন্ত বৃদ্ধি; মনে সর্ব্বদা স্ত্রী সহবাসের ভাবের উদয় হয়; রাত্রিতে ঘুমের ঘোরে অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ (স্বপ্নদোষ) (চায়না, ফস্‌-আস্‌, ষ্টাফিস্‌), স্ত্রীলোকের যোনির অত্যন্ত স্ফীতি এবং উহাতে অত্যন্ত উষ্ণানুভব; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অতিরিক্ত পরিমাণে এবং অনেক দিন ধরিয়া রজঃস্রাব (ক্যাল্ক্‌-কার্ব্ব্‌, নাক্স্‌-বম্‌)।

শ্বাসযন্ত্র। বায়ুনলে শ্লেষ্মার সঞ্চার (আণ্টি-টার্ট্‌, ইপিকাক্‌, সাম্বুকাস্‌, ষ্টানাম্‌); বায়ুনলে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা বা চড়্‌চড়ানি, যাহার দরুণ কাশির উদ্রেক হয়; কণ্ঠনালীর পশ্চাৎ ভাগে যেন একটী কঠিন পাথরের ন্যায় পদার্থ চাপিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়, যাহার দরুণ রোগী অনবরত ঢোক গিলিতে বাধ্য হয়; কণ্ঠনালীতে প্রবল আকারের সুড়্‌সুড়ী, যাহার দরুণ রোগী রাত্রিতে ঘুমাইতে পারে না এবং তদ্দরুণ কাশির উদ্রেক হয় ও গলাদিয়া প্রচুর পরিমাণে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মা নির্গত হয়; স্বরউৎপাদক যন্ত্রের ক্লান্তি (আর্জেণ্ট্‌-নাইট্রিক্‌, এরাম্‌, ফস্‌); অনায়াসে কথা বলিলেও স্বর উৎপাদক যন্ত্রের ক্লান্তি; স্বরভঙ্গ এবং কর্কশ স্বর; নিশ্বাস প্রশ্বাস কতক পরিমাণে কষ্টকর; খুশ্‌খুশে কাশি, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় এবং গলাদিয়া শ্লেষ্মা নির্গত হইয়া যাহার শেষ হয়; দাঁত মাজিবার সময় বা জলদিয়া কুলকুচা করার সময় কাশির উদ্রেক হয়; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া অধিক পরিমাণে ডিমের লালের ন্যায় আটাল শ্লেষ্মা নির্গমন (ষ্টানাম্‌); ক্ষণস্থায়ী কাশি এবং

তৎপর গুলাদিয়া সহজেই গোলার স্থায় শ্লেষ্মা নির্গমন; শ্বাসকষ্ট; বুকে অাঁটা বোধ এবং টাটানি; বুকের পার্শ্বে সূচীবিঁধান বা খাটিয়া ধরার স্থায় যাতনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে চাপিয়া ধরার স্থায় বেদনা; আহারের পর হৃৎপিণ্ডের অনিয়মিতরূপে দপ্‌দপানি এবং হৃৎস্পন্দন ও উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত উদ্বেগ; নাড়ী দ্রুতগামী।

পৃষ্ঠদেশ। দুইস্কন্ধের মধ্যবর্ত্তীস্থানে সূচী বিধানের স্থায় যাতনা; কোমরের পশ্চাৎদেশ এবং মূত্রকোষ প্রদেশে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার স্থায় বেদনা; মূত্রকোষ প্রদেশে চাপিয়া ধরার স্থায় প্রবল বেদনা।

হাত পা, ইত্যাদি। হাত পায়ে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার স্থায় বেদনা (রাস্‌-টক্স্‌, পাল্‌স্‌)।

নিদ্রা। ঘুমের অনিবার্য্য ইচ্ছা; অস্থির এবং অসুখকর নিদ্রা; স্পষ্ট স্বপ্ন দেখিয়া ঘুম ভাঙ্গিয়া যায়।

জ্বর। সমুদয় শরীরে শীত, অপরাহ্ন এবং সন্ধ্যার সময়ই যাহা অধিক হয়; শরীরের সন্তাপের বৃদ্ধি; শরীর সামান্য রকম গরম হইলেই যেন রোগী অত্যন্ত নিস্তব্ধ হইয়া পড়ে; সার্ব্বাঙ্গিক প্রচুর ঘর্ম্ম, প্রাতঃকালে যাহা অধিক হয়।

ব্যবহার। মূত্রকোষের প্রদাহ জনিত বেদনা; মূত্রকৃচ্ছ্র এবং তদ্দরুণ বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা; বায়ু উপনলের শ্লেষ্মা জনিত অসুখ; হুপিংকফ বা কাশি; কণ্ঠনালীর উত্তেজনা; স্বরভঙ্গ ইত্যাদি অসুখে কোকাস্ ক্যাক্টাই ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত শ্রান্তি বোধ এবং নিস্তেজতা; শরীরের স্থানে স্থানে চুলকানি এবং কুট্‌কুটানি; প্রাতঃকালে, উত্তাপে, বিশেষতঃ বিছানার উত্তাপে প্রায় সমুদয় উপদ্রবেরই বৃদ্ধি।

ডাইলুশন বিচার। ১ম দশমিক ডাইলুশন এবং কখন কখন মূল আরোকও ব্যবহৃত হইয়া থাকে। হুপিংকফে ডাক্তার জুসেটের (Dr. Jousset) মতে ৬ হইতে ৩০ ক্রম পর্য্যন্ত ব্যবস্থা।

কোকা,—কোকা।

(COCA,—COCA)

এই গাছের কাঁচা পাতা দিয়া আরোক এবং শুকনা পাতা যথা নিয়মে সুগার অব্ মিল্‌কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ। কোকা স্নায়ু মণ্ডলীকে উত্তেজিত করে বটে, কিন্তু সুরা, আফিম এবং হাচিসের ন্যায় ইহা উহার পদার্থে রক্তাবরোধ করিয়া উহার কার্য্যের কোনও বৈলক্ষণ্য জন্মায় না। ইহা শরীরের ধ্বংস নিবারণ করে। অতএব ইহা সেবনে যেমন আহারের কম আবশ্যকতা থাকে, তেমনি কোষ্ঠ বদ্ধ হয় এবং মূত্রে ঘন পদার্থের হ্রাস হয়।

অনেককাল হইতেই দক্ষিণ আমেরিকার লোকেরা তামাক খাওয়ার ন্যায় ইহা সচরাচরই ব্যবহার করিয়া আসিতেছে। পাহাড় পর্ব্বতে চড়া বা কোন প্রকারের কঠিন শারীরিক পরিশ্রম করার দরুণ ক্লান্তি এবং ক্ষুধা, তৃষ্ণা ভুলিয়া যাওয়ার অভিপ্রায়ে তথাকার লোকেরা ইহা খাইয়া থাকে। অতিরিক্ত পরিমাণে খাইলে মানসিক উত্তেজনা, হৃৎস্পন্দন, নিদ্রাশূন্যতা অথবা স্পষ্ট স্বপ্ন দেখা, চক্ষুর সম্মুখে অগ্নিশিখা বা কণা দেখা, কানের মধ্যে টন্ টন্ শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে ইন্দ্রিয়াদির অতিরিক্ত চেতনার লক্ষণ প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মস্তিষ্কের সামান্য রকমের উত্তেজনা; চিত্তবিভ্রম (আনাকার্ড, হায়োস, ষ্ট্রামন্); উত্তেজিত করার কল্পনা; আশ্চর্য্য রকমের স্বপ্ন বা দৃশ্য দেখা (ক্যানাবিস্-ইণ্ড); জীবন্ত ভাব; মানসিক পরিশ্রমে ইচ্ছা (আজাষ্ট, কফিয়া, ল্যাক্); মনের অবসন্ন ভাব; ভয়াতুরতা; উত্তেজিত এবং বিমর্ষভাব; মনের পরিষ্কার ভাব; মনে সাহসের ভাব; মনের অবস্থা সর্ব্বদা পরিবর্ত্তনশীল (একন, অরাম্ ইগ্নেস্, নাক্স-মস্)।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; মাথাঘোরা; শিরঃপীড়া; কপালে পূর্ণবোধ এবং চাপাযুক্ত বেদনা; কপালে ঘুশ্‌ঘুশে বেদনা, বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে যাহার উপশম হয়; এক গাছি ফিতা বাঁধিয়া

রাখিলে যেরূপ হয়, কপালের একপার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত সেরূপ আঁটাবোধ হয় (জেল্‌স্‌, চেলিডন্‌, মার্ক্‌, নাইট্রিক্‌-আস্‌); কপালের দুইপার্শ্বে চাপিয়া ধরার ন্যায় বেদনা; মাথার পশ্চাৎভাগে চাপিয়া ধরার ন্যায় বেদনা (জেল্‌স্‌, নাক্স্‌-বম্‌)।

চক্ষু। চক্ষে চাপাবোধ এবং বেদনা; চক্ষুর পাতায় ভারিবোধ (কষ্ট্‌, কোনায়াম্‌, জেল্‌স্‌, নেট্রাম্‌-কার্ব্ব্‌); চক্ষে আলোক একবারেই সহ্য হয় না এবং চক্ষুর তারা বিস্তৃত (বেল্‌); চক্ষুর সম্মুখে পাখীর ডানা ঝাড়ার ন্যায় ধড়্‌ফড়ানি এবং আগুণের কণা এবং শিখার ন্যায় দেখা (আগারিকাশ্‌, সাইক্লেমেন্‌, মার্ক্‌, ফস্‌, সাল্‌ফ্‌)।

কর্ণ। শ্রবণ শক্তির অতিরিক্ত চেতনা (কফিয়া, ওপিয়াম্‌); কানের মধ্যে গান করার ন্যায় শব্দ, টন্‌ টন্‌ শব্দ এবং সোঁ সোঁ শব্দ হওয়া (চায়না, মার্ক্‌)।

নাসিকা। হাঁচি এবং উহার সঙ্গে সঙ্গে নাকদিয়া জলবৎ তরল পরিষ্কার জলের ন্যায় শ্লেষ্মা নির্গমন; নাকের মধ্যে জ্বালা এবং উষ্ণানুভব।

মুখগহ্বর এবং গলার মধ্য। চলিয়া বেড়ানের সময় মুখ-গহ্বরে শুষ্কবোধ; মুখে লোনতা, চট্‌চটিয়া আঠা এবং তিক্তস্বাদ (ব্রাই, নাক্স্‌-বম্‌, চায়না, পাল্‌স্‌); গলাদিয়া অল্প পরিমাণে সাদা সাদা শ্লেষ্মা নির্গমন, প্রাতঃকালেই যাহা অধিক হয়; মুখগহ্বরের পশ্চাৎভাগ এবং আহার বহা গলনালীর উপরিভাগে সুড়্‌সুড়ী।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত ক্ষুধা; আহারে অরুচি; শরীরের পরিপোষণ অনাবশ্যকীয় বলিয়া বোধ হয়, এমন কি, অত্যন্ত কঠিন পরি-শ্রমেও খাওয়ার আবশ্যকতা বোধ হয় না; পরিপাকশক্তি অত্যন্ত প্রবল; উদ্‌গার উঠা; পাকস্থলীতে খালি বোধ (কারল্‌স্‌, হাইড্রাষ্ট্‌, ইগ্নেস্‌, সিপিয়া, সাল্‌ফ্‌)। উদর স্ফীত এবং বিস্তৃত ও উহার সঙ্গে সঙ্গে উদরে গড়্‌গড়্‌, কল কল্‌ শব্দ হওয়া; শূল বেদনা; গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ (চায়না, কার্ব্বো-বেজ্‌, লাইকোপ্‌, সাল্‌ফ্‌)।

মল। বারম্বার বাহ্যের বেগ হইয়া তৎপর স্বাভাবিক মল ত্যাগ; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। বারম্বার অতিরিক্ত পরিমাণে মূত্রত্যাগ (ফস্-আস্); মূত্রে ঘন পদার্থের অভাব বা ন্যূনতা; মূত্রে হরিদ্রার আভাযুক্ত লাল বা কমলা লেবুর ন্যায় রঙ্গ বিশিষ্ট তলানি পড়ে।

জননেন্দ্রিয়। পুরুষের পুরুষাঙ্গের দুর্ব্বলতা এবং স্ত্রীসহবাস সম্বন্ধীয় স্বপ্ন দেখিয়া অনিচ্ছা পূর্ব্বক ধাতু নিঃসরণ (আগ্‌নাশ্, চায়না, কোনায়াম্, ক্লস, ফস্-আস্)। স্ত্রীলোকের গৌণে রজঃস্রাব এবং তদ্দরুণ রাত্রিতে ঘুমের ঘোরে হঠাৎ প্রবল বেগে রজঃস্রাব হইয়া ঘুম ভাঙ্গিয়া যাওয়া।

শ্বাসযন্ত্র। বায়ুনল এবং কণ্ঠনালীতে সুড় সুড়ির দরুণ কাশি; খুশ খুশে কাশির দরুণ গলার মধ্যে সুড় সুড়ী বা টন্‌টনানি; নিম্ন স্থান হইতে উচ্চ স্থানে উঠিবার সময় কোন প্রকারের শ্বাস কষ্ট হয় না; অনবরত শ্বাস কষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে দীর্ঘ নিশ্বাসের ইচ্ছা, বুক এবং সমুদয় শরীরে স্বচ্ছন্দ বোধ, রোগী আপনাকে আপনি সুস্থ মনে করে এবং উহার সঙ্গে সঙ্গে দ্রুতবেগে চলিবার ইচ্ছা হয়; বুকে ভারি এবং আঁটা বোধ।

হৃৎপিণ্ড এবং নাড়ী। স্নায়বিক হৃৎস্পন্দন (আসাফ্, কফিয়া, ককিউল্, ইগ্‌নেস্); নাড়ী দুর্ব্বল এবং দ্রুতগামী; ধমনীতে রক্তের অধিক চাপ পড়া।

ব্যবহার। পরিপাক কার্য্যের সহায়তা, ঘুম উৎপাদন, স্নায়বিক উত্তেজনা নিবারণ এবং আক্ষেপ নিবারণ জন্যই এই ঔষধ এ পর্য্যন্ত ব্যবহৃত হইয়া আসিতেছে। ইহা নিম্নস্থান হইতে উচ্চ স্থানে উঠিবার সময় শ্বাসকষ্ট এবং উচ্চস্থানের হাল্কা বাতাস গ্রহণ করার শক্তি বৃদ্ধি করে; হস্ত মৈথুন বা অতিরিক্ত স্ত্রী বা পুরুষ সহবাস জনিত স্নায়বিক মণ্ডলীর অসুখে বিশেষ উপকারী; ইহা হৃৎপিণ্ডের অসুখে স্নায়বিক মণ্ডলীর অতিরিক্ত কার্য্য এবং স্নায়বিক মণ্ডলীর অতিরিক্ত উত্তেজনার দরুণ নিদ্রাশূন্যতা নিবারণ করে। অনেক কাল হইতে দক্ষিণ আমেরিকায় ইহা চা এবং তামাক খাওয়ার ন্যায় ব্যবহৃত হইয়া আসিতেছে। অধিক পরিমাণে খাইলে ইহা মানসিক উত্তেজনা, হৃৎস্পন্দন, নিদ্রাশূন্যতা বা স্পষ্ট স্বপ্ন এবং চক্ষুর সম্মুখে আগুণের শিখা বা কণা দেখা, কানে টন্ টন্ শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় ইন্দ্রিয়ের অতিরিক্ত চেতনা ইত্যাদি অসুখ বা লক্ষণ উৎপাদন

করে। ইহা শরীরের পদার্থের ক্ষয় বা বিনাশ নিবারণ করে, কোন প্রকারের আহার প্রয়োজন হয় না, কোষ্ঠ বদ্ধ হয় এবং মূত্রে ঘনপদার্থের হ্রাস হয়। এই দ্রব্যের এইরূপ কার্য্য করার ক্ষমতা থাকার দরুণ যে দেশে এই গাছ জন্মে সে দেশের লোকেরা পথ কষ্ট বা ক্লান্তি ভুলিয়া যাওয়ার অভিপ্রায়ে দূরদেশে চলিয়া যাওয়ার সময় এই গাছের পাতা চুসিতে চুসিতে চলিয়া যায় এবং তৎক্ষণ পথক্লান্তি অনুভূত হয় না। আর্সিনিকের ন্যায় ইহারও পাহাড়ে পর্ব্বতে উঠিবার কষ্ট এবং উচ্চস্থানে বায়ু নিশ্বাস দ্বারা টানিবার দরুণ কষ্ট নিবারণ করার শক্তি আছে। এই ঔষধের গুণাগুন সকল চিকিৎসকেরই বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য।

সমগুণবিশিষ্ট ঔষধ। কফিয়া। পূর্ব্বেই বলা হইয়াছে যে ইউরোপে যেমন চা কাফি এবং তমাকু যে অভিপ্রায়ে খাইয়া থাকে দক্ষিণ আমেরিকাস্থ লোকেরাও সেই অভিপ্রায়ে কোকা খাইয়া থাকে।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই জ্ঞাত নহেন। মূল আরোকই অধিক উপকারী হওয়ার সম্ভাবনা।

কিউরেয়ার,-কিউর

(CURARE.-CUR.)

ইহা আরোহলে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। গতি উৎপাদনের সহায়কারী স্নায়ুমণ্ডলীই ইহা সচরাচর আক্রমণ করিয়া উহার পক্ষাঘাত উৎপাদন করে। ইহা উক্ত স্নায়ুর উপরাংশ হইতে মধ্যের অংশ আক্রমণ করিয়া থাকে। ডাক্তার হিউজ (Dr. Hughes) বলেন যে, ধনুষ্টঙ্কার রোগে ইহা ব্যবহার করিয়া এপর্য্যন্ত কোনও ফল পাওয়া যায় নাই। জলাতঙ্ক(Hydrophobia) রোগে ইহা দ্বারা উপকার দর্শিবার সম্ভাবনা। ফ্রিম্যান্ সাহেবের (Mr. Freeman) মতে নিম্নলিখিত অসুখে এই ঔষধ উপকারী; যথা,-(১) শরীরের যে সকল অংশে মস্তক সম্বন্ধীয় স্নায়ু আছে, উহার বেদনা হীন পক্ষাঘাত; (২) সংজ্ঞাণ

রোগের পর এক পার্শ্বের পক্ষাঘাত ; (৩) কোন প্রকার আঘাত জনিত পক্ষাঘাত ; (৪) স্নায়বিক দুর্ব্বলতা ; (৫) বৃদ্ধবয়সের দুর্ব্বলতা ; (৬) কোন প্রকার প্রবল দুর্ব্বলকারক অসুখের পর দুর্ব্বলতা। উক্ত প্রকার অসুখে এই ঔষধ দ্বারা কোন উপকার দর্শে কি না সে সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি স্বয়ং কখনও ইহা ব্যবহার করিয়া দেখেন নাই। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, ধমনি এবং পেশীর গতি শাসক স্নায়ুর পক্ষাঘাতেই এই ঔষধে বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা। পক্ষাঘাত জনিত শ্বাস কষ্টেও এই ঔষধ দ্বারা উপকার দর্শিতে পারে। ইহার কার্য্যের সঙ্গে সঙ্গে কষ্টিকাম্, কোনায়াম্, ফাইসষ্টিগ্মা, জেল্সিমিয়াম্ ইত্যাদি ঔষধের কার্য্যের সাদৃশ্য আছে। ৩ হইতে ১২ ক্রমের আরোক সচরাচর ব্যবহার্য্য।

কুণ্ডুরাঙ্গো,-কুণ্ডুর

(CUNDURANGO,-CUNDUR.)

দক্ষিণ আমেরিকাতে এই গাছের জন্ম। ইহার কুঁড়ির বাকল দিয়া কথা-নিয়মে মূল আরোক অথবা মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। কর্কট রোগে (Cancer) উপকারী বলিয়া অনেকে এই ঔষধ ব্যবহার করিয়া দেখিয়াছেন। ডাক্তার ক্লটার মুলার (Dr. Clotar Müller) কর্কট রোগে এই ঔষধ প্রথম ব্যবহার করিয়া দেখিয়াছেন। কঠিনাকারের (Scirrhous) কর্কট রোগে ইহা দ্বারা কোনও উপকার দর্শে না। তবে সাংঘাতিক আকারের ক্ষতে (যাহার আকার কর্কট রোগের ন্যায় দেখায়), তাহাতে ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে। পাকস্থলীর কর্কট রোগ ইহা দ্বারা আরাম হয় বলিয়া চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। ডাক্তার বার্ণেট্ (Dr. Burnett) এই ঔষধ গরম জলে ভিজাইয়া কাত (Infusion) প্রস্তুত করিয়া সুস্থ শরীরে সেবন করাতে গায় ব্রণ এবং ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ ও চক্রাকারের ফুস্কুড়ী প্রকাশ পাইয়া-

ছিল ও উহার সঙ্গে সঙ্গে চর্ম্ম লালবর্ণ হইয়াছিল। এই ফুস্কুড়ীগুলি ওষ্ঠের কোণে প্রকাশ পাইয়া উক্ত স্থান কাটিয়া গিয়াছিল। তিনি এই ঔষধ ব্যবহার করিয়া ওষ্ঠের কোণ এবং গুহ্যদ্বারের কাটার চিকিৎসায় বিশেষ ফল পাইয়াছিলেন। ইহা ধাতুগত গরমীর ব্যারামেও উপকারী। অতিরিক্ত পরিমাণ মূত্রের সঞ্চার করা, বমন সম্বলিত পাকস্থলীতে বেদনা, চর্ম্ম কটার আভাযুক্ত করিয়া চুলকানি উৎপাদন করা এই ঔষধের কএকটী গুণ বা শক্তি বিশেষ। ইহার কার্য্যের সঙ্গে হাইড্রাষ্টিসের কার্য্যের সাদৃশ্য থাকায় সম্ভাবনা। ডাক্তার মুলার এই ঔষধের ১ম দশমিক ক্রমের আরোক বা মূল আরোক ব্যবহার করেন।

সাইক্লেমেন্ ইউরোপিয়াম্,-সাইক্লেম্

(CYCLAMEN EUROPÆUM,–CYCLAM.)

এই গাছের কাঁচা শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলীর উপর কার্য্য দ্বারা ইহা মস্তিষ্ক, চক্ষু, পাকস্থলী এবং অন্ত্র ও স্ত্রীলোকের জননেন্দ্রিয় আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা খিট্ খিট্, চিড় চিড়্ করা; বিমর্ষ ভাব; সামান্য কারণে বিরক্ত হওয়া (ক্যাপ্স্, ককিউল্, নাক্স্-বম্); সকল প্রকারের কার্য্য করিতেই অনিচ্ছা (চায়না, কোনায়াম্, নাক্স্-বম্, ফস্)।

মস্তক। মাথায় অত্যন্ত গোলমেলে বোধ; সন্ধ্যার সময় মাথায় গোলমেলে বোধ এবং উহার সঙ্গে মাথা ঘোরা; অপরাহ্নে বা সন্ধ্যার সময় মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে কপালে বেদনা; মাথায় রক্তাধিক্য বা

রক্তাবরোধ; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই প্রবল শিরঃপীড়া এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর ধড়্‌ফড়ানি (ফস্); কপালে চাপিয়া ধরার ন্যায় প্রবল বেদনা।

চক্ষু। চক্ষে ঝাপ্সা দেখা; চক্ষুর সম্মুখে দাগ দেখা (মার্ক্, সাল্‌ফ্), ঘুম ভাঙ্গিলেই যাহা অধিক অনুভূত হয়; চক্ষুর সম্মুখে যেন নানাপ্রকার রঙ্গের পদার্থ বা চিহ্ন ধড়্ ফড়্ করিয়া নড়িতেছে এরূপ অনুভূত হয়; চক্ষুর সম্মুখে চক্‌চকে সূচী, আগুণের কণার ন্যায় দেখায় (আগারিকাশ্, কষ্ট্, মার্ক্, ফস্, সিপিয়া, সাইলিসি, সাল্‌ফ্, থুজা); কুয়াশা বা ধূমের মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা (ফস্, জেল্‌স্); পুস্তকাদি পড়িতে আরম্ভ করিলেই যেন আলোক ধড়্‌ফড়্ করিয়া নড়িতে থাকে; চক্ষে এক বস্তু দুইটীর ন্যায় দেখায় (অরাম্, বেল্, সিকুটা); চক্ষুর উপরের পাতার স্ফীতি (এপিস্, রাস্-টক্স্, সাল্‌ফ্)।

নাসিকা। বারম্বার হাঁচি দেওয়া (একন্, সিনা, জেল্‌স্)।

মুখগহ্বর। মুখে অতিরিক্ত পরিমাণে লালের সঞ্চার এবং উহাতে কাইয়ের ন্যায় স্বাদ; লাল এবং আহার দ্রব্যাদি লোনতা লাগে (আণ্টি-ক্রুড্, মার্ক্-কর, সিপিয়া, সাল্‌ফ্); আহার দ্রব্যাদিতে যেন কোন স্বাদই থাকে না।

পাকস্থলী এবং উদর। সামান্য ক্ষুধা বা রুচি; প্রাতঃকালে এবং রাত্রিতে আহারের ইচ্ছা একেবারেই থাকে না; রুচির সম্পূর্ণ বিনাশ; রুটিতে অরুচি (নেট্রাম্-মিউর্); মাখনে অরুচি; সামান্য আহার দ্রব্যাদি উদরস্থ হইলেই আর খাইতে ইচ্ছা হয় না বা বমনোদ্বেগ হয়; দিনের বেলা পিপাসা একবারেই থাকে না এবং সন্ধ্যা বেলা পিপাসার উদ্রেক হয়; উদ্‌গার উঠা এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে অসুখবোধ; টক উদ্‌গার উঠা; উদ্‌গারের সঙ্গে সঙ্গে হিক্কা; আহারের পর বমনোদ্বেগ বা গা বমী বমী করা (নাক্স্-বম্, পাল্‌স্); চর্ব্বিযুক্ত দ্রব্য খাওয়ার পর বমনোদ্বেগ (পাল্‌স্); অতিরিক্ত আহার করিলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ পূর্ণ এবং চাপাবোধ। উদরের সকল স্থানেই ছিঁড়িয়া ফেলা বা ছুরী বিঁধানের ন্যায় বেদনা; নড়া চড়াতে উদরোর্দ্ধ প্রদেশে সূচীবিঁধানের ন্যায় যাতনা; প্রত্যহ আহারের পরক্ষণই উদরে গড়্ গড়্, কল কল শব্দ হওয়া; তলপেটে অসুখ বোধ এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ।

মল। উদরাময়, কফি পান করিলেই যাহার উদ্রেক হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং প্রচুর পরিমাণে রজঃস্রাব (ক্যাল্ক-কার্ব্ব); রক্ত কাল্চে (ক্যালী- নাইট্রিক্), চাপ চাপ, থানা থানা (আমন্-কার্ব্ব, ক্রোকাশ, ইগ্নেস্, প্লাটিনা) এবং পর্দ্দাযুক্ত (ব্রোমিন); রজঃরোধ, বা অল্প পরিমাণে, কষ্টকর রজঃস্রাব (সিমিসিফ, পাল্স্)।

শ্বাসযন্ত্র। শ্বাসরোধক প্রবল কাশি, কণ্ঠনালীতে সুড়্সুড়ী এবং চড়্চড়ানির দরুণ যাহার উদ্রেক হয় ও রাত্রিতেই যাহার অধিক উদ্রেক হয় এবং ঘুমের অবস্থায় যাহার বৃদ্ধি হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। ডাইন বাহুতে কঠিন চাপাবোধ, যাহার দরুণ বাহু সঞ্চালনের শক্তি থাকে না এবং যাহা বাহুর হাড়ের আবরক কঠিন পর্দ্দা ও বাহুর গভীর অংশস্থিত পেশী গুলির মধ্যে যেন অনুভূত হয় এবং যাহা হাতের আঙ্গুল পর্য্যন্ত বিস্তৃত হইয়া লেখার ব্যাঘাত জন্মে। উরুতে, হাঁটুর পশ্চাৎভাগে পপ্লিটিয়াল্ নামক স্থানের (Popleteal Space) ঠিক উপরিভাগে খিল ধরার ন্যায় বেদনা; থেঁত্লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, পায়ের পাতার তলায় সেরূপ বেদনা।

নিদ্রা। অস্থির নিদ্রা বা নিদ্রা দ্বারা শরীর সুস্থ মনে হয় না এবং ঘুমের ঘোরে ক্রমাগত স্বপ্ন দেখা; শেষ রাত্রি বা প্রাতঃকালে ঘুমাইবার অত্যন্ত ইচ্ছা।

ব্যবহার। পাকস্থলীর অসুখ; অতিরিক্ত রজঃস্রাব; রজঃরোধ; স্ত্রীলোকের শেষ রজঃরোধ হওয়া কালীন মাথাঘোরা এবং মানসিক বিকার ইত্যাদি অসুখে সাইক্লেমেন্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয় (আর্ণিকা, আর্স, চায়না, ফস্); সমুদয় শরীর যেন একবারে অবসন্ন হইয়া পড়ে, যাহার দরুণ একটী অঙ্গ সঞ্চালনেও যেন ভারিবোধ হয়; রাত্রিতে অত্যন্ত অসুস্থ-বোধ এবং অস্থিরতা। ইহার কার্য্য অনেকটা পাল্সেটিলার ন্যায়।

সমগুণবিশিষ্ট ঔষধ। পাল্সেটিলা, ক্রোকাশ, রুটা, বেলা-ডোনা, লাইকোপডিয়াম্, রাস্টক্স, সিপিয়া, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া, পাল্‌সেটিলা।

ডাইলুশন বিচার। ইহার ১৫ দশমিক ক্রমের আরোক ব্যবহৃত হয়। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

ইউপেটোরিয়াম্‌ পার্পূরিয়াম্‌,-ইউপেট্‌-পার্পূর

(EUPATORIUM PURPUREUM,-EUPAT. PURP.)

এই গাছের কাঁচা শিকড় যথানিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা মূত্রযন্ত্র এবং পেশী অত্যন্ত প্রবলরূপে আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ মূত্রের পরিমাণ বৃদ্ধি হয় এবং মূত্রনালী ইত্যাদির উত্তেজনার বৃদ্ধি হয় ও পেশী গুলিতে বাত রোগের ন্যায় লক্ষণাদি প্রকাশ পায়। অতএব ইহা মূত্রাধারে পাথরি (Gravel), মূত্র যন্ত্রের অসুখ জনিত শোথ এবং মূত্র কৃচ্ছ্রে ব্যবহৃত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। রোগীর মনে হয় যেন সে বামদিকে টলিয়া পড়িয়া যাইবে (এরাম্‌, বেল্‌, ষ্ট্রামন্‌, সাল্‌ফ্‌, জিঙ্ক) এবং উহার সঙ্গে সঙ্গে মাথা ঝিম্‌ ঝিম্‌ করা।

গলার মধ্য। গলার মধ্যে পূর্ণবোধ, যাহার দরুণ রোগী ফাঁপড় হওয়ার উপক্রম হয়; গলার মধ্যের পশ্চাৎভাগে জ্বালা এবং চিড়িক মারা (ক্যান্থ্‌)।

মূত্রযন্ত্র। মূত্রকোষের গভীরতম অংশে ঘুশ্‌ঘুশে বেদনা; মূত্রকোষে কর্ত্তনবৎ বেদনা (বার্ব্বেরিস্‌, ক্যান্থ্‌); প্রস্রাব করার সময় মূত্রাধার এবং মূত্রনালীতে ভয়ানক জ্বালা এবং চিড়িক্‌ মারা (ক্যাম্ফ্‌, ক্যানাবিস্‌-স্যাট্‌, ক্যান্থ্‌); মূত্র পরিমাণে বৃদ্ধি হয় (কস্‌-আস্‌); মূত্র ধারণে অশক্তি (শিশু বা ছোট বালক বালিকা গণেরই অধিক হয়); অনবরত মূত্র ধারণে অশক্তি

(শিশু বা ছোট বালক বালিকা গণেরই অধিক হয়); অনবরত মূত্র ত্যাগের ইচ্ছা; বারম্বার মূত্র ত্যাগের পরও মনে হয় যেন মূত্রাধার মূত্রে পরিপূর্ণ রহিয়াছে; মূত্রাধারে বেদনা এবং টাটানি; মূত্রাধারের গভীরতম অংশে কন্‌কনানি, অসুখ বোধ এবং উহার শ্লেষ্মাজনিত অসুখ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের বাম ডিম্বকোষে হঠাৎ ধাক্কা লাগার ন্যায় বেদনা; বাম ডিম্বকোষের উপরিভাগে অত্যন্ত চাপাবোধ; প্রচুর শ্বেত প্রদর নিঃসরণ এবং উহার সঙ্গে সঙ্গে মূত্র যন্ত্রাদির অসুখ।

জ্বর। একদিন অন্তর একদিন ভিন্ন ভিন্ন সময়ে শীতকম্প, যাহা কোমরের পশ্চাৎভাগে আরম্ভ হইয়া (ক্যাপ্স্, ল্যাক্) সমুদয় শরীরে বিস্তৃত হয়; শীত অপেক্ষা কম্প অধিক হয়; হাড়ে বেদনা; ওষ্ঠ এবং নখ নীলবর্ণ; শীতল এবং উষ্ণাবস্থায় পিপাসা; ঘর্ম্মাবস্থায় পাশ পরিবর্ত্তন কালীন শীতবোধ।

ব্যবহার। মূত্রে শর্করা শূন্য বহুমূত্ররোগ (Diabetes Insipidus); মূত্রাবরোধ বা মূত্র পরিমাণে অল্প বা মূত্রকৃচ্ছ্র; মূত্রাধারে পাথরী; ধ্বজ-ভঙ্গ; জননেন্দ্রিয়ের দুর্ব্বলতা বা জড়তা; সবিরাম জ্বর; বাতরোগ ইত্যাদি অসুখে ইউপেটোরিয়াম্ পার্পূরিয়াম্ ব্যবহার্য্য। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে স্ত্রীলোকের মূত্রাধারের উত্তেজনায় এই ঔষধ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বাত রোগের ভাব; বেদনাদি নিম্নদিক হইতে আরম্ভ হইয়া উপরের দিকে বিস্তৃত হয়; পিত্তযুক্ত তরল ভেদ; বাত এবং পিত্তজ্বরে অত্যন্ত অস্থিরতা, বিছানায় বারম্বার এপাশ ওপাশ করিয়া ছট্ ফট্ করা, কোঁথানি বা কোঁকানি, ক্লান্তিবোধ এবং মূর্চ্ছার ভাব ইত্যাদি।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ক্যান্থারিস্, কোপেইবা, ফেরাম্, অ্যাপো-সাইনাম্, ক্যানাবিস্ স্যাটাইবা, সেনিসিয়ো অরিয়াস্।

ডাইলুশন বিচার। ১ম দশমিক হইতে ৬ঠ দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) ২য় দশমিক ক্রমের আরোক ব্যবহার করিয়াই বিশেষ ফল পাইয়া থাকেন।

ফেরাম্ আয়োডেটাম্,-আয়োডাইড্ অব্ আয়রণ্,-ফেরাম্-আয়োড্

(FERRUM IODATUM,-IODIDE OF IRON,-FERR. IOD.)

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথাধরা বা শিরঃপীড়া।

কর্ণ। কানে সোঁ সোঁ শব্দ হওয়া।

মুখমণ্ডল। চক্ষুর রক্তবহা নালীতে রক্তাবরোধ এবং তদ্দরুণ চক্ষু লালবর্ণ; চক্ষুর পানে তাকাইলে রোগীকে মৃত্তিকা পাণ্ডুরোগাক্রান্ত (Chlorotic) বলিয়া অনুভূত হয় (আর্স, ফেরাম্)।

উদর। অতিরিক্ত আহার করিলে যেরূপ হয়, সামান্য আহার দ্রব্যাদি উদরস্থ হইলেও উদরে সেরূপ পূর্ণবোধ হয় (লাইকোপ্); উপরের দিকে ঠেলিয়া ধরিলে যেরূপ হয়, উদরে সেরূপ অনুভূত হয়; পেটে যেন সমুদয় আহার দ্রব্য সঞ্চিত হইয়া ডেলাপানা হইয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়, যাহার দরুণ রোগী সম্মুখ পানে হেলিতে পারে না (নাক্স্-বমি)।

মূত্র। মূত্র কাল্চে এবং উহাতে গাঢ় সাদা তলানি পড়ে; মূত্র ত্যাগের সময় মূত্রনালীতে জ্বালা এবং চিড়িক্ মারা।

স্ত্রী-জননেন্দ্রিয়। মনে হয় যেন তলপেটস্থ যন্ত্রাদি নিম্ন দিকে ঠেলিয়া নামিয়া যোনি দ্বার দিয়া বাহির হইয়া পড়িবে; বসিয়া থাকিলে মনে হয় যেন যোনিদ্বার দিক হইতে কেহ কোন পদার্থ উপরের দিকে হঠাৎ ধাক্কা দিয়া ঠেলিয়া দিতেছে; জরায়ু নিম্নদিকে এত নামিয়া পড়ে যে যোনি দ্বারে আঙ্গুল দিলেই জরায়ুর মুখ এবং গ্রীবা আঙ্গুলে ঠ্যাকে (বেল্, লিলিয়াম্); জরায়ুর মুখ বাঁকিয়া মোচড়াইয়া পড়া; ময়দাদি পাতলা করিয়া সিদ্ধ করিলে যেরূপ হয়, সেরূপ শ্বেতপ্রদর নিঃসরণ; মলত্যাগের সময় যোনিদ্বার দিয়া রসের ন্যায় শ্বেত প্রদর নিঃসরণ; যোনি এবং যোনি দ্বারের চুলকানি এবং টাটানি (সাল্ফ্) এবং তদ্দরুণ উরুাংশের অত্যন্ত স্ফীতি।

ব্যবহার। স্ত্রী জননেন্দ্রিয়ের জড়তা এবং উহাতে রক্তাবরোধ;

জরায়ু স্থানভ্রষ্ট হওয়া; গণ্ডমালা ধাতু বিশিষ্ট স্ত্রীলোকের মৃত্তিকা পাণ্ডু রোগ; আভ্যন্তরিক যন্ত্রাদির স্ফোটক রোগের (Tuberculosis) পূঁয উৎপাদনের অবস্থা। সকল প্রকারের গণ্ডমালা জনিত রোগ; স্ত্রীলোকের অতিরিক্ত বা প্রচুর রজঃস্রাব; আমাশয়; হাত পা চক্ষুর পাতাদিতে শোথের ন্যায় স্ফীতি সহ পুরাতন আকারের সবিরাম বা পালা জ্বর ইত্যাদি অসুখে ফেরাম্ আয়োডেটাস্ ব্যবহার্য্য।

সমগুণবিশিষ্ট ঔষধ। কলোফিলাম্, ফেরাম্, হেলোনিয়াস্, সিপিয়া, সাল্ফার।

ডাইলুশন বিচার। জরায়ু স্থান ভ্রষ্ট হইলে ডাক্তার এইচ্, সি, প্রেষ্টনের (Dr. H. C. Preston) মতে আয়োডাইড্ অব্ আয়রণের ১ম ক্রমের গুঁড়া দ্বারা বিশেষ উপকার দর্শে। কখন কখন ২য় এবং ৩য় ক্রমের গুঁড়াও ব্যবহৃত হইয়া থাকে।

হাইপারিকাম্ পার্ফোরেটাম্,-হাইপারিক্

(HYPERICUM PERFORATUM,-HYPERIC.)

কাঁচা অবস্থায় এই গাছের সমুদয় অংশ সংগ্রহ করিয়া উহাতে যথানিয়মে ২০ ওভার প্রুফ্ স্পিরিট্ মিশাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলীর মধ্য দিয়া রক্তবহা নালীর অতিরিক্ত চেতনা বা উত্তেজনা উৎপাদন করিয়া ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জায় রক্তাবরোধ উৎপাদন করে এবং তদ্দরুণ শরীরের যে সকল অংশে অধিক স্নায়ু আছে, সে সকল স্থান অত্যন্ত উত্তেজিত হয় এবং অতিরিক্ত চেতনার অবস্থা প্রাপ্ত হয়। অতএব মজ্জা এবং স্নায়ুগুলির চর্ম্মের নিকটবর্ত্তী অংশের আঘাতজনিত যে প্রকার অসুখে বেদনা যন্ত্রণাদি অত্যন্ত প্রবল হয়, তাহাতেই হাইপারিকাম্ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ

মন। স্মরণ শক্তির দুর্ব্বলতা বা হ্রাস; আঘাত প্রাপ্ত হওয়ার পর স্নায়বিক মণ্ডলীর অত্যন্ত অবসন্নতা।

মস্তক। মাথার গোলমেলে ও ভারিবোধ এবং মাথা ঘোরা; মস্তিষ্কে ছিঁড়িয়া ফেলা বা সূচী বিঁধানের ন্যায় যাতনা; অপরাহ্ণে মাথার উপরিভাগে দপ্‌দপানি এবং মাথায় উষ্ণানুভব; শিরঃপীড়া, যাহা গাল বা গালের হাড় পর্য্যন্ত বিস্তৃত হয়; পড়িয়া যাওয়ার দরুণ আঘাত লাগিয়া শিরঃপীড়া এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে টাটানি।

মুখগহ্বর। জিহ্বা সাদা (আণ্টি-ক্রুড্, ব্রাই, নাক্স্-বম্) বা হরিদ্রা লেপযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত পিপাসা; মুখগহ্বরে অত্যন্ত শুষ্ক বোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডল উষ্ণ, স্ফীত এবং টল্‌টলে।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা (একন্); বমনোদ্বেগ এবং বমনের ইচ্ছা (ইপিকাক্, আণ্টি-ক্রুড্)। উদরের স্ফীতি এবং বিস্তৃতি।

শ্বাসযন্ত্র। বারম্বার শুষ্ক খুশ্‌খুশে কাশি; বা অল্পকাল স্থায়ী খেউ খেউ শব্দ বিশিষ্ট কাশি; বুকের মধ্যে আঁটা বোধ (ফস্)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। পড়িয়া যাওয়ার পর বাহু বা গ্রীবার সামান্য সঞ্চালনেও রোগী চীৎকার করিয়া কাঁদিয়া উঠিতে বাধ্য হয়; মেরুদণ্ডে চোট লাগিয়া উহার কার্য্যাবরোধ হেতু অসুখ; খাড়া হইয়া পড়ার দরুণ গুহ্য দ্বারের ঠিক উপরিভাগের হাড়ে চোট লাগার দরুণ চলিতে বা মাথা হেঁট করিয়া উপুড় হওয়াতে অশক্তি।

অঙ্গ, প্রত্যঙ্গ। মেরুদণ্ডের যাতনার দরুণ রোগী চলিতে পারে না; সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে দুর্ব্বলবোধ এবং উহার কাঁপনি; অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পায়ের পাতা ইত্যাদিতে অবশবোধ এবং উহাতে হামা দেওয়ার ন্যায় সুড়্‌সুড়ী; ভাঙ্গিয়া খণ্ড খণ্ড হইলে যেরূপ হয়, হাত পায়ের পাতায় সেরূপ যাতনা।

ব্যবহার। মাথা বা মেরুদণ্ডে চোট লাগিয়া বা পড়িয়া যাইয়া মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার কার্য্যাবরোধ; আঘাতজনিত অসুখ; আঘাত লাগিয়া আব্‌ড়ু খাব্‌ড়ু হইয়া কাটিয়া বা ছিঁড়িয়া যাওয়ার দরুণ ঘা; অস্ত্রাঘাত; থেঁত্‌লিয়া যাওয়ার দরুণ ঘা; আঘাত জনিত ধনুষ্টঙ্কার; আক্ষেপ; স্নায়ুশূল; বাতরোগ; মেরুদণ্ডের অসুখ; হাত পায়ের আঙ্গুলের সন্ধিতে কড়ার ন্যায় কঠিন স্ফীতি (Bunions) ইত্যাদিতে হাইপারিকাম্ ব্যবহার্য্য। ডাক্তার ফ্রাঙ্ক্‌লিন (Dr. Franklin) বলেন যে, শরীরের যে সকল অংশে অধিক সংখ্যক স্নায়ু আছে (বিশেষতঃ হাত এবং পায়ের আঙ্গুল এবং নখের গোড়ায়), সে সকল স্থানে চোট লাগিয়া অত্যন্ত কষ্ট দায়ক খোলা ঘায়ের সঙ্গে সঙ্গে রক্তস্রাব হেতু সার্ব্বাঙ্গিক বলক্ষয় এবং স্নায়বিক মণ্ডলীর অত্যন্ত অবসন্নতা এবং থেঁত্‌লিয়া যাইয়া ঘা হইলে ইহা এক অত্যন্ত উৎকৃষ্ট ঔষধ মধ্যে পরিগণিত। তাঁহার মতে থেঁত্‌লিয়া যাইয়া বা মোচড়াইয়া পড়িয়া আঘাত প্রাপ্ত স্থানের চামড়া ছিঁড়িয়া না গেলে আর্ণিকা দ্বারা যেরূপ উপকার দর্শে, থেঁত্‌লিয়া গিয়া আঘাত প্রাপ্ত স্থানের চর্ম্ম ও পেশী গুলি ছিঁড়িয়া যাইয়া ঘা হইলে হাইপেরিকাম্ দ্বারা সেরূপ উপকার দর্শে।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। কোন প্রকার আঘাত বা ভঙ্গ খাইয়া অসুখ; হাত এবং পায়ের পাতায় আঘাত জনিত ধনুষ্টঙ্কার; আঘাত পাইয়া মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার কার্য্যাবরোধ জনিত অসুখ; পড়িয়া যাইয়া আঘাত পাওয়ার পর ঘাড় এবং বাহুর সামান্য সঞ্চালনেই রোগী চীৎকার করিয়া কাঁদিয়া উঠে; মেরুদণ্ডের গ্রীবা দেশস্থ হাড় স্পর্শ করিলে বেদনাযুক্ত হয়; যেসকল অংশে অধিক সংখ্যক স্নায়ু আছে, বিশেষতঃ হাতপায়ের আঙ্গুল এবং নখের গোড়া, সে সকল স্থানে আঘাত পাওয়া; আঘাত লাগিয়া আঘাত প্রাপ্ত স্থানের চর্ম্ম ও পেশী থেঁত্‌লিয়া ছিঁড়িয়া যাইয়া ঘা হইয়া উহাতে অত্যন্ত যাতনা; স্নায়ুর পর সন্ধি গুলি আক্রান্ত হয়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট্, আর্ণিকা, ক্যালেণ্ডুলা, রুটা।

ডাইলুশন বিচার। ডাক্তার ফ্রাঙ্ক্‌লিনের (Dr. Franklin) মতে

আভ্যন্তরিক প্রয়োগের জন্য উচ্চ ক্রম ব্যবস্থা। ৬, ১২ এবং ৩০ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

ইণ্ডিগো,-নীল,-ইণ্ডিগো

(INDIGO,-IND.)

নীল যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া মিশ্র-গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। সুস্থ শরীরে ইহা সেবনে মস্তিষ্কের ঠিক কেন্দ্রস্থানে মনে হয় যেন মস্তিষ্ক বিস্তৃত হইতেছে; নাক দিয়া রক্ত পড়া; বাতের বেদনার ন্যায় দন্ত শূল; পেট ফাঁপিয়া থাকে এবং মূত্রাধারের অধিক পরিমাণে উত্তেজনা এবং মূত্রের সঙ্গে শ্লেষ্মা নির্গমন ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। আলোপ্যাথিক মতে ইহা ব্যবহারে মৃগী এবং কোরিয়া (Chorea) রোগের চিকিৎসায় চিকিৎসকগণ কথন কথন ভাল ফল পাইয়া থাকেন। টেষ্ট (Teste) বলেন যে, শিশু এবং ছোট বালক বালিকাগণের ক্রমির দরুণ আটকান জ্বর তিনি ইহা দ্বারা আরাম করিয়াছেন এবং মূত্রাধারের পুরাতন আকারের শ্লেষ্মা জনিত অসুখ এবং প্রমেহ রোগের তরুণ আক্রমণের পর মূত্রনালীর সঙ্কোচনে (Stricture of the Urethra) এই ঔষধ ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছেন। ডাক্তার গ্যারেন্সি (Dr. Guerensy) বলেন যে, স্ত্রীলোকের রক্তঃস্রাবের সময় স্তনে জ্বালানুভব এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। প্রস্রাব বন্ধ হইলে অনেক সময় এতদ্দেশীয় স্ত্রীলোকেরা মূত্রাধারের উপর নীল ঘষিয়া লাগাইয়া থাকেন এবং উহা দ্বারা উপকার দর্শিতেও দেখা যায়। ইহা চিকিৎসকগণের স্মরণ থাকা উচিত।

ক্যালী নাইট্রিকাম্,-নাইট্রেট্ অব্ পটাস্,-ক্যালী নাইট্রিক্

(KALI NITRICUM,-NITRATE OF POTASH,-KALI-NITR.)

ইহাকে সচরাচর সল্ট্পিটার (সোরা) বলে। ইহার অন্য নাম নাইট্রাম্ (Nitrum),-নাইটার (Nitre)। কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনীত সোরা ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে চুয়ান জলে মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। যথানিয়মে ডাইলুট্ স্পিরিটে মিশাইয়া ইহার ২য় দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয় এবং ৩য় দশমিক ও তত্তোধিক দশমিক ক্রমের আরোক যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা কসেরুকা মর্জ্জাসম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী আক্রমণ করিয়া কসেরুকা মর্জ্জা এবং হৃৎপিণ্ডের পক্ষাঘাত উৎপাদন করিয়া, হৃৎপিণ্ড, উহার অরিকেল্স্ (Auriclos) নামক কোটর এবং তৎসম্বন্ধীয় ধমনির বিস্তৃতির ব্যাঘাত জন্মায়। ইহা রক্তের উপর তরল কারক এবং বিনাশকারক শক্তির ন্যায় কার্য্য করে। মূত্রকোষ, শ্বাসযন্ত্র এবং আহারবহা নালীর শ্লৈষ্মিক ঝিল্লীর উপর উত্তেজক ঔষধের ন্যায় কার্য্য করিয়া মূত্রের পরিমাণ এবং উহার ঘণ পদার্থের পরিমাণ অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি করে ও শ্বাসযন্ত্র এবং আহার বহা নালী উত্তেজিত করিয়া উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার প্রদাহ উৎপাদন করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। প্রাতঃকালে কোন বিষয়ে চিন্তায় অশক্তি; মনের উদ্বেগ; ক্লান্তি এবং সকল বিষয়ে বিরক্তি, স্তব্ধভাব এবং কাঁদ কাঁদ ভাব (নেট্রাম্-মিউর, নাক্স্-মস্ক্, ইগ্নেস্, পাল্স্)।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; মাথাঘোরা; মাথার ঢিমে, অবসন্ন এবং ভারিবোধ; মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা, কপালেই যাহা

অধিক অনুভূত হয়; মাথার পশ্চাৎভাগে কসিয়া বা আঁটিয়া ধরারং স্থায় বেদনা; আক্রান্ত স্থান নোয়ান যায় না; রোগী তাহার মাথা পশ্চাৎদিকে বাঁকাইতে বাধ্য হয়; চুল বাঁধিয়া রাখিলে যাতনার হ্রাস; মাথার স্থানে স্থানে গরমবোধ; চুল টানিলে যেরূপ হয়, মাথার উপরিভাগে সেরূপ বেদনা; স্পর্শনে মাথার হাড় বেদনাযুক্ত হয় (কার্ব্বো-বেজ্, চায়না, মার্ক্, নেট্রাম্-মিউর্, নাইট্রিক্-আস্); মাথার স্থানে স্থানে মরা চাম পড়ে এবং চুলকায়।

চক্ষু। ক্ষণস্থায়ী অন্ধতা; আঙ্গটীর স্থায় নানা প্রকারের রঙ্গ যেন চক্ষুর সম্মুখে ভাসে; চক্ষে জ্বালা, চক্ষু দিয়া জলপড়া এবং চক্ষে আলোক সহ্য না হওয়া যাহা প্রাতঃকালেই অধিক হয়; ঠাণ্ডা জল দিয়া ধুইলেও চক্ষুর উক্ত প্রকারের অবস্থা।

কর্ণ। বধিরতা; কানের মধ্যে টন্‌টন্, সোঁ সোঁ শব্দ হয় (চায়না, মার্ক্, সাইলিসি, সাল্‌ফ্); রাত্রিতে এবং যে পাশে শোয়া যায়, সে পাশের কানে সূচীবিঁধানের স্থায় যাতনা; কানের পশ্চাৎদিকে কসিয়া ধরার স্থায় বেদনা।

নাসিকা। সর্দ্দির সঙ্গে সঙ্গে ঘ্রাণ শক্তির বিনাশ; হাঁচিদেওয়া; নাসিকার পশ্চাৎভাগ দিয়া শ্লেষ্মা মুখগহ্বরের পশ্চাৎভাগে পড়ে; নাক দিয়া রক্ত পড়ে; নাক শুষ্ক এবং রুদ্ধ হয়; নাসারন্ধ্র স্ফীত এবং চাপিলে বেদনাযুক্ত হয়; নাকের হাড় স্পর্শনে বেদনাযুক্ত হয়।

মুখমণ্ডল। মুখাকৃতি শিটা, রুগ্ন, বসিয়া যায়; নাক ঠাণ্ডা (আর্স্, ক্যাম্ফার, বিরেট্-আব্); গালে ছিঁড়িয়া ফেলার স্থায় প্রবল বেদনা (চায়না, চিনিনাম্-সাল্‌ফ্, স্পাইজেল্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মাড়ি পাণ্ডবর্ণ এবং স্ফীত; মাড়িদিয়া সহজে রক্ত পড়ে (মার্ক্, নাইট্রিক্-আ্); দাঁতের গোড়ায় ছিঁড়িয়া ফেলার স্থায় বেদনা এবং দপ্‌দপানি, ঠাণ্ডা দ্রব্যে যাহার বৃদ্ধি হয় (আর্ণিট-ক্রুড্, ক্যাল্ক্-কার্ব্ব্, ষ্টাফিস্); মুখে বিশ্রী বমনোৎপাদক স্বাদ; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে গলার মধ্যে টক স্বাদ; জিহ্বা এবং মুখের মধ্যে শুষ্কবোধ (আর্স্, ব্রাই, নাক্স্-মস্ক্); ফাটিয়া গেলে যেরূপ হয়, জিহ্বার অগ্রভাগ সেরূপ জ্বালা করে; জিহ্বায় জ্বালাকর ফুস্কুড়ী; জিহ্বা সাদা শ্লেষ্মা

দ্বারা শ্লেষ্মযুক্ত ; মুখে অত্যন্ত দুর্গন্ধ (আর্স, হিপ-সাল্ফ, মার্ক-আয়োড, নাইট্রিক্‌-আস্)। গলার মধ্যে জ্বালা এবং কর্ত্তনবৎ বেদনা, যাহার দরুণ গিলিবার ব্যাঘাত জন্মে ; গলায় খেকুর দিলেই গলা দিয়া কঠিন মিষ্ট স্বাদ যুক্ত শ্লেষ্মা নির্গমন ; গলার মধ্যে ছাল উঠা বা চাঁচিয়া ফেলার ন্যায় চড়্‌চড়ানি (আমন্-কার্ব, কষ্ট) ; গলার মধ্যে বেদনা বা টাটানি ; আল্জিহ্বা এবং টন্সিল্ লালবর্ণ (বেল্)।

পাকস্থলী এবং উদর। হয় অত্যন্ত ক্ষুধা, নতুবা রুচি একেবারেই না থাকা ; প্রবল পিপাসা ; শ্বাস কষ্টের দরুণ জলাদি পান করিতে অশক্তি ; বমনোদ্বেগ ; গা বমী বমী করা বা পেট কামড়ানী ; রক্ত মিশ্রিত শ্লেষ্মা বমন ; পেটে পিটে লাগিয়া গেলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ অনুভূত হয় (সিমিসিফ, ইগ্নেস্, পিট্রোল, পাল্স) ; পাকস্থলীতে হয় ঠাণ্ডা বোধ, নতুবা জ্বালা বোধ ; পাকস্থলীর প্রদাহ ; পাকস্থীতে বাটিয়া ধরার ন্যায় প্রখর বেদনা, যাহার দরুন নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত জন্মে ; পাকস্থলীর মধ্যে চাপা বোধ এবং চর্ব্বনবৎ যাতনা। উদরে শূল বেদনা, ডাইন পার্শ্বে যাহা অধিক অনুভূত হয় ; পেট কামড়াণী বা নাভি প্রদেশে কর্ত্তনবৎ বেদনা (কলোস্) ; উদর অত্যন্ত স্ফীত ও বিস্তৃত এবং উহার সঙ্গে সঙ্গে উদরে গড়্‌গড়্ কল কল শব্দ হওয়া (চায়না, কার্ব্বো-বেজ, লাইকোপ্, সাল্ফ) ; গুহ্য দ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু (Flatulence) নিঃসরণ।

মল। জলবৎ তরল, স্বাভাবিক মল সংযুক্ত, রক্তমিশ্রিত, কোমল মল ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে শূল বেদনা ; গরুর বাছুরের মাংশ খাইয়া উদরাময় ; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। বারম্বার অধিক পরিমাণে ফিকা মূত্রত্যাগ এবং উহার সঙ্গে সঙ্গে উহাতে লাল্‌চে, ঘোলাটিয়া পদার্থের সঞ্চার ; মূত্রে শ্লেষ্মা তলানি পড়ে ; উহার ঘন পদার্থের বৃদ্ধি হয় ; উহার আপেক্ষিক গুরুত্ব ১০৩০-১০৪০ হয় ; মূত্রাবরোধ ; মূত্র ত্যাগের বারম্বার ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রনালী ইত্যাদিতে জ্বালা ; বেগদিলে মাত্র কয়েক ফোঁটা মূত্র প্রথমতঃ নির্গত হয় ; উত্তেজক ঔষধ সেবনের পর উক্ত প্রকারে মূত্রত্যাগ এবং তদ্দরুণ উক্ত প্রকারের যাতনা ; প্রমেহ জনিত উক্ত প্রকারের মূত্র কৃচ্ছ্র।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ প্রবল বেগে খাড়া হয় এবং উহার সঙ্গে সঙ্গে স্ত্রী সহবাসের ইচ্ছা বৃদ্ধি হয়। স্ত্রীলোকের রজঃরোধ; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং প্রচুর পরিমাণে রজঃস্রাব; রজঃস্রাবের রক্ত কালীর ন্যায় কাল (ক্রোকাশ, সাইক্লেমেন্, সাবাইনা); উদর, কোমরের পশ্চাৎ ভাগ এবং উরুতে বেদনা (সিমিসিফ্, পাল্স্)।

শ্বাসযন্ত্র। স্বরশূন্যতা; কণ্ঠনালীতে চাঁচিয়া ফেলার ন্যায় বা খশ্ খশে বোধ এবং উহার সঙ্গে সঙ্গে স্বরভঙ্গ; শ্বাস কষ্টের দরুণ জলাদি পানে অশক্তি, যাহার দরুণ রোগী জলাদি এক ঢোক এক ঢোক করিয়া পান করিতে বাধ্য হয়; ছোট বালক বালিকাগণ জলাদির পাত্র দুই হাতে ধরিয়া আগ্রহের সহিত জলাদি পান করিতে প্রয়াস পায়, কিন্তু সে একবারে এক ঢোকের অধিক জলাদি পান করিতে পারে না; সন্ধ্যার সময় এবং রাত্রিতে সময়ে সময়ে শ্বাসকষ্ট এবং শ্বাস প্রশ্বাস ঘন ঘন হয়, প্রাতঃকালে যাহা অনেক কম থাকে; সিঁড়ি ভাঙ্গিয়া উপরের ঘরে উঠিতে অত্যন্ত শ্বাস কষ্ট (আর্স, আর্কিপিরাস্, ক্যাল্ক-কার্ব্ব, মার্ক); হাঁপানি কাশি; একবারে সোজা হইয়া শয়ন করাতে অশক্তি এবং শ্বাস কষ্ট ও শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া (আর্স, ইপিকাক্, সাম্বুকাশ); কাশি; শেষ রাত্রি ৩টার সময় অবসন্নকারক শিরঃপীড়া হইয়া ঘুম ভাঙ্গিয়া যায়; বহির্ব্বায়ুতে কাশির উদ্রেক হয়, উচ্চ স্থানে উঠিবার সময় অথবা নিশ্বাস বন্ধ করিয়া থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং উহার সঙ্গে সঙ্গে বুকে কর্ত্তনবৎ ও সূচী বিঁধানের ন্যায় যাতনা; গলা দিয়া জমাট রক্ত উঠা; গলায় খেকুর দিয়া শ্লেষ্মা নির্গমনের পর কাশি; পৃষ্ঠদেশ পান হইতে ফুস্ফুস আঁটিয়া ধরিলে যেরূপ হয়, বুকে সেরূপ আঁটা বোধ; দীর্ঘ নিশ্বাসে অথবা কাশিলে বুকে সূচী বিঁধানের ন্যায় যাতনা (ব্রাই); বুকে রক্তাধিক্য বা রক্তাবরোধ; একটী বোঝা চাপাইয়া দিলে যেরূপ হয়, বুকে সেরূপ চাপা, ভারি এবং আঁটাবোধ, শ্বাস কষ্ট, যাহার দরুণ রোগী ফাঁপড় হওয়ার উপক্রম হয়; ফুস্ফুস যে পরিমাণে যকৃতবৎ কঠিন (Hepatized) হয়, তদোপেক্ষা শ্বাস কষ্ট অধিক হয়; ফুস্ফুস পাকিয়া উহাতে পূঁয উৎপন্ন হয় এবং তদ্দরুণ অত্যন্ত দুর্ব্বলকারক ঘর্ম্ম হয় (হিপ-সাল্ফ, কস্)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। তাড়াতাড়ী নড়িলে চড়িলে, অথবা বসা অবস্থা হইতে দাঁড়াইলে, হৃৎস্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডলে উষ্ণানুভব ও বুকে আঁটা বোধ; হৃৎস্পন্দন, দূরবর্ত্তী স্থান হইতেও যাহার শব্দ শুনা যায় (স্পাইজেল) এবং উহার সঙ্গে সঙ্গে শ্বাস কষ্ট ও মনের উদ্বেগ, যাহার দরুণ রোগী শয়নাবস্থা হইতে বিছানায় উঠিয়া বসিতে বাধ্য হয় (একন্‌); নাড়ী সাধারণতঃ পূর্ণ, কঠিন, দ্রুতগামী; প্রাতঃকালে নাড়ী মৃদুগতি বিশিষ্ট, দুর্ব্বল এবং সূত্রবৎ সূক্ষ্ম।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবা এবং পৃষ্ঠদেশের কঠিনতা এবং উহাতে পক্ষাঘাতের ন্যায় অবশ এবং অসাড় বোধ; মোচড়াইয়া পড়িলে বা থেঁতলিয়া গেলে যেরূপ হয়, কোমরের পশ্চাৎ ভাগে সেরূপ যাতনা; পৃষ্ঠদেশে চাপা এবং জ্বালাবোধ, নড়াচড়াতে যাহার উপশম হয়; মূত্রকোষ প্রদেশে কসিয়া ধরার ন্যায় বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে পক্ষাঘাতের ন্যায় অবশ বোধ এবং উহার কাঁপনি; অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনার ন্যায় বেদনা এবং রাত্রিতে উহাতে সূচী বিঁধানের ন্যায় যাতনা; আক্রান্ত অঙ্গ যেন কাঠের ন্যায় অনুভূত হয়; অঙ্গ প্রত্যঙ্গের পক্ষাঘাত; অঙ্গ প্রত্যঙ্গের দুর্ব্বলতা।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে চুলকানি বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বা ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; সূচীবিঁধাইলে যেরূপ হয়, শরীরের স্থানে স্থানে সেরূপ অনুভূত হয় এবং তৎপর জ্বালানুভব; শরীরে হরিদ্রা বর্ণের সিরাম পূর্ণ জ্বালা যুক্ত ফোস্কার ন্যায় ফুস্কুড়ী, চুলকাইলে যাহা ফাটিয়া যায়।

নিদ্রা। সর্ব্বদা হাঁইতোলা এবং নিদ্রার ভাব; রাত্রিতে অস্থির নিদ্রা; রাত্রি দুই প্রহরের পর বা শেষ রাত্রিতে নিদ্রা শূন্যতা; রাত্রিতে ঘুমের ঘোরে বোবায় ধরা (Night-mare)।

জ্বর। অপরাহ্ন এবং সন্ধ্যার সময় শীত কম্প এবং ঠাণ্ডাবোধ, নড়াচড়াতে যাহার বৃদ্ধি হয়, শয়ন করিলে যাহা থাকে না; শীত কম্প ও তৎপর ঘর্ম্ম এবং উহার মধ্যবর্ত্তী কালে শরীর উষ্ণ হয় না; শীত এবং কম্প ও উহার সঙ্গে সঙ্গে পিপাসা; রাত্রিতে শরীর উষ্ণ হয়; কিন্তু উহার সঙ্গে সঙ্গে পিপাসা থাকে না এবং উহার পর ঘর্ম্মও হয় না; সামান্য

পরিশ্রমেই দুর্ব্বলকারক ঘর্ম্ম হয় (ক্যাল্ক-কার্ব্ব, চিনিনাম্-সাল্ফ, হিপ্-সাল্ফ, মার্ক, ফস্, সাল্ফ); রাত্রিতে প্রচুর পরিমাণে শীতল চট্চটিয়া ঘর্ম্ম (আর্স, ফস, মার্ক)।

ব্যবহার। ক্যান্থারিস্, টার্পেণ্টাইন্ এবং মসলাদির অপব্যবহারের পর মূত্র কৃচ্ছ্র; মূত্রাবরোধ; অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক মূত্রত্যাগ বা স্বপ্নে বিছানায় প্রস্রাব করা; মূত্রকোষের ব্রাইট্স্ ডিজিজ্; বহুমূত্র; উদরাময়; অন্ত্রাবরক ঝিল্লী প্রদাহ (Peritonitis); ফুস্ফুস প্রদাহ; হাঁপানি কাশি; যক্ষাকাশ; বাত রোগ; শোথের ন্যায় স্ফীতি (Œdema); পক্ষাঘাত; বুক জ্বালা; হৃৎপিণ্ডের কার্য্যের বৈলক্ষণ্য; কোরিয়া (Chorea) ইত্যাদি অসুখে ক্যালী নাইট্রি-কাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরের পেশীর স্পন্দন এবং কম্পন; অত্যন্ত নিস্তেজতা এবং দুর্ব্বলতা; অঙ্গাদির কাঁপনির সহিত দুর্ব্বলতা; মনে হয় যেন সমুদয় শরীর বা উহার কোন কোন অংশ কাঠ নির্ম্মিত; শরীরে কুট্কুটানি; শরীরের অনেক অংশে আঁটা বোধ; উজ্জ্বল লাল রক্তস্রাব (একন্, ইরিজারেণ্, হামামেলিস্, ইপিকাক্, সিকেল); শরীর, গ্রীবা এবং উরুর হঠাৎ অত্যন্ত স্ফীতি; উনানের আগুনের তাপে, জল বৃষ্টির সময়, ঠাণ্ডা দ্রব্যে, ঘর্ম্মের সময়, বহির্ব্বায়ুতে, পূর্ণিমা তিথিতে, গরুর বাছুরের মাংশ খাইলে, কর্পূর খাইলে, অসুখের বৃদ্ধি; উষ্ণ বায়ুতে এবং ঘর্ম্মের পর অসুখের উপশম।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট্, ক্যান্থারিস্, টিরিবিন্থিনা, আর্সেনিক।

ডাইলুশন বিচার। ১ম হইতে ৩০ ক্রম পর্য্যন্ত ব্যবহার্য্য। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

ক্যালী পার্ম্মাঙ্গেনিকাম্,-পার্ম্মাঙ্গেনেট্ অব্ পটাস্,-ক্যালী-পার্ম্মাঙ্গেন্

(KALI PERMANGANICUM,-PERMANGANAT OF POTASH,- KALI-PERMANG.)

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। সুস্থ শরীরে ইহা সেবনে গলার মধ্য প্রদাহযুক্ত হয়। এই প্রদাহ নাসিকার গোড়া, কণ্ঠনালী, লাল নিঃসারক গ্রন্থি এবং কর্ণের মধ্যদেশ পর্য্যন্তও বিস্তৃত হয় ও গলার মধ্যে ডিপ্থিরিয়ার ন্যায় কৃত্রিম পর্দ্দা উৎপন্ন হয়। লক্ষণ বিশেষে অন্যান্য ঔষধ দ্বারা কোন উপকার না দর্শিয়া মুখে অসহ্য দুর্গন্ধ, কাল্চে দুর্গন্ধযুক্ত উদরাময়, বমন দ্বারা উদরস্থ জলীয় পদার্থ নাক দিয়া বাহির হয় এবং সার্ব্বাঙ্গিক বলক্ষয় ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। এমতাবস্থায় ডাক্তার আলেন্ (Dr. Allen) একটী ডিপ্থিরিয়া আক্রান্ত রোগীর চিকিৎসায় বিশেষ ফল পাইয়াছিলেন। রাত্রি ৯টার সময় ৩ গ্রেইণ পার্ম্মাঙ্গেনেট্ অব্ পটাস্, ½ গ্লাশ জলে মিশাইয়া, প্রত্যেক ঘণ্টায় এক মাত্রা সেবনের ব্যবস্থা দিয়া চলিয়া আসিলেন। সেই দিনই রাত্রি ১২ টার সময় তিনি আবার রোগীকে দেখিলেন। তখন তিনি দেখিলেন রোগীর শ্বাস কষ্ট অনেক কমিয়াছে এবং শরীর হইতে উষ্ণ ঘর্ম্ম বাহির হইতেছে। এমতাবস্থায় এই ঔষধ আরো সেবন করিতে বলিয়া তিনি চলিয়া আসিলেন। তৎপর দিবস প্রাতে গিয়া দেখিলেন রোগী সুস্থাবস্থার ন্যায় বসিয়া রহিয়াছে এবং তাহার মুখাকৃতি অনেক ভালর দিকে পরিবর্ত্তন হইয়াছে। গলার মধ্যের কৃত্রিম পর্দ্দা বিগলিত হইয়া গিয়াছে এবং মুখে দুর্গন্ধ একবারেই নাই। তৎপর রোগী জাগিয়া থাকার অবস্থায় ৩ ঘণ্টা অন্তর এক মাত্রা সেবনে রোগী অতি শীঘ্রই আরোগ্য লাভ করিল। ডাক্তার ড্রামণ্ড এবং ডাক্তার উড্গেট্দের (Dr. Drummund and Woodgates) মতে ৪ গ্রেইণ পার্ম্মাঙ্গেনেট্ অব্ পটাস্, ৮ আউন্স্ জলে মিশাইয়া উহা দ্বারা কুলী (Gargle) করিলে ক্ষত সহ গলার মধ্যে বেদনায় বিশেষ উপকার দর্শে। ক্ষত সহ গলার মধ্যে বেদনায় ডাক্তার আলেনের (Dr. Allen) ন্যায় ইহার

আভ্যন্তরিক প্রয়োগ ব্যবস্থা করিয়া ২।৩টী রোগীর চিকিৎসায় লেখক আশাতিক্ত ফল পাইয়াছেন।

লাইকোপাস, বার্জিনিকাস্,-লাইকোপাস্,

(LYCOPUS VIRGINICUS,-LYCOPUS. VIRG.)

এই গাছের কাঁচা শিকড় দিয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অন্যান্য যন্ত্র অপেক্ষা ইহা হৃৎপিণ্ড অধিক আক্রমণ করিয়া থাকে। হৃৎপিণ্ডের উপর ইহার কার্য্য ডিজিটালিসের ন্যায়। কিন্তু ডিজিটালিসের ন্যায় ইহা হৃৎপিণ্ডের বিবৃদ্ধি উৎপাদন করে না। প্রথমতঃ ইহা হৃৎপিণ্ডের শক্তি এবং জীবনী শক্তির হ্রাস করে এবং ধমনিতে রক্তের চাপ কম করে। অতএব সকল দিকেই কসিয়া ধরার ন্যায় অনুভূত হইয়া থাকে। দ্বিতীয়তঃ ইহা হৃৎপিণ্ডের অতিরিক্ত চেতনা উৎপাদন করে এবং এই ঔষধ যদি অধিক কাল ব্যবহার করা যায়, তবে হৃৎপিণ্ডের বিস্তৃতির সহিত বিবৃদ্ধি হয়। ইহার প্রাথমিক কার্য্যের ফলের দরুণ শরীরের সমুদয় যন্ত্রেই শিরা সম্বন্ধীয় রক্তাবরোধ (Venous Congestion) হয়। যকৃত, ফুস্ফুস এবং মূত্র কোষেই এই রক্তাবরোধ অধিক হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

চক্ষু। চক্ষু যেন বহির্দ্দিকে ঠেলিয়া বাহির হইতেছে এরূপ অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎপিণ্ডের ভয়ানক দপ্ দপ্ শব্দ হয়; হৃৎপিণ্ডের অসুখের দরুণ চক্ষু বহির্দ্দিক পানে বাহির হইয়া পড়ে; বাম চক্ষুর কোটরের উপরিভাগে ঘুশ্ ঘুশে বেদনা; চক্ষুর গোলকে অত্যন্ত কষ্টদায়ক চাপ পড়া (আলোজ্, ব্যাপ্ট, সিমিসিফ্)।

পাকস্থলী। পাকস্থলীর কোন এক নির্দ্দিষ্ট স্থানে চাপিয়া বাঁধার ন্যায় বেদনা বা যাতনা; অজীর্ণ এবং উহার সঙ্গে সঙ্গে উদরোর্দ্ধ প্রদেশে বেদনা এবং যাতনাবোধ।

মল। উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে পেট কামড়ানী এবং পেটে গড়্গড়্, কল কল শব্দ হওয়া; দুর্ব্বল হৃৎপিণ্ডের দরুণ কামল রোগে উদরাময়; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। মূত্র পরিমাণে অল্প, গাঢ়, কাদাটিয়া বা ঘোলাটিয়া এবং উহার সঙ্গে সঙ্গে পায়ের পাতার শোথের ন্যায় স্ফীতি; মূত্রে অতিরিক্ত পরিমাণে শ্লেষ্মা এবং উহার সঙ্গে সঙ্গে এপিথেলিয়েল্ কোষ (Epithelial cells) এবং অক্জেলেট্ অব্ লাইম্ (Oxalate of Lime) থাকে ও মূত্রের আপেক্ষিক গুরুত্ব ১০১২-১০২০ হয়; সশর্করা বহুমূত্র (Diabetes Mellitus)।

জননেন্দ্রিয়। পুরুষের অণ্ডকোষের মধ্য দিয়া ছুরিবিঁধানের ন্যায় প্রখর বেদনা।

শ্বাসযন্ত্র। শ্বাসকষ্ট; কণ্ঠনালীতে আঁটাবোধ; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া সামান্য পরিমাণে ফিকা শ্লেষ্মা নির্গমন; পাঁজরার হাড়ের মধ্যবর্ত্তী স্থানে বেদনা (সিমিসিফ্, রানান্কুলাস্, রডোড্, রাস্টক্স্); বুকে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে শ্বাস কষ্ট।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে আঁটিয়া ধরার ন্যায় বেদনা বা যাতনা; হৃৎপ্রদেশে বাতের বেদনার ন্যায় কন্‌কনানি বা ছুরি বিঁধানের ন্যায় প্রখর বেদনা (একন্, ক্যাল্মিয়া, রাস্টক্স্, স্পাইজেল্); হৃৎপিণ্ডের প্রথম শব্দের (1st Sound) পরিবর্ত্তে মাইট্রেল্ রিগার্জিটেশনের (Mitral Regurgitation) ব্লোয়িং শব্দ (Blowing Sound) শুনা যায়; বক্ষাস্থির (Sternum) ডাইন দিকে হৃৎপিণ্ডের স্পন্দন অধিক স্পষ্ট দেখিতে পাওয়া যায়; হৃৎপিণ্ডে অত্যন্ত আঁটাবোধ এবং যাতনা; হৃৎপ্রদেশে হাতের পাতা রাখিলে হৃৎপিণ্ডের দপ্‌দপানি হাতে অতি সামান্য অনুভূত হয় বা উহা একবারেই অনুভূত হয় না (ডিজিট্); হৃৎপিণ্ডের অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী অসম (Intermittent) ও মূর্চ্ছার ভাব (ডিজিট্); নিম্ন স্থান হইতে তাড়াতাড়ি উচ্চ স্থানে উঠিবার সময় হৃৎপিণ্ডের উক্তাবস্থা (আর্স্); হৃৎপিণ্ডের শব্দ অস্পষ্ট; হৃৎপিণ্ডের সিষ্টোলিক্ (Systolic) শব্দ ডায়েষ্টোলিক্ (Diastolic) শব্দে পরিবর্ত্তিত হয়; ঘুম ভাঙ্গিলে হৃৎপিণ্ডের অত্যন্ত কষ্টকর স্পন্দন, বারম্বার যাহার বিরাম হয়;

হৃৎপিণ্ডের দুর্ব্বল, দ্রুত এবং অনিয়মিত কার্য্য (ডিজিট্); হৃৎপিণ্ডের প্রবল এবং উচ্চ শব্দ বিশিষ্ট স্পন্দন বা দপ্‌দপানি (স্পাইজেল্, বিরেট্, বিরাইড্), যাহা বিছানা হইতে কএক হাত দূরেও শুনা যায়; চক্ষু যেন উহার কোট-রের বাহির হইয়া পড়ে; নাড়ী দ্রুতগামী, অসম (Intermittent); দুর্ব্বল অনিয়মিত গতি বিশিষ্ট এবং অসম; প্রত্যেক বার নিশ্বাসে নাড়ী দ্রুতগামী হয়; নাড়ী লুপ্তপ্রায়; নাড়ীর অবস্থা সর্ব্বদা পরিবর্ত্তনশীল; নাড়ীর স্পন্দ-নের অসমতা বা অনিয়মিততা এবং আঙ্গুলের চাপে অনায়াসে ডুবিয়া যায়।

পৃষ্ঠদেশ। গ্রীবা, পৃষ্ঠদেশ এবং কোমরে বাতের বেদনার ন্যায় বেদনা (রাস্‌টক্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনার ন্যায় বেদনা (রাস্‌টক্স্)।

ব্যবহার। হৃৎপিণ্ডের অতিরিক্ত কার্য্যের চাঞ্চল্য, বাতরোগ, ধাতু-গত বা সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা অথবা তামাকু ইত্যাদি হৃৎপিণ্ডের উত্তেজক দ্রব্য বা ঔষধ সেবন দ্বারাই হউক, হৃৎপিণ্ডের উত্তেজনা এবং দুর্ব্বলতায় লাইকোপাস্ বিশেষ উপকারী। ইহা হৃৎপিণ্ডের স্পন্দন অপেক্ষাকৃত মৃদু, পূর্ণ এবং নিয়মিত করে। ইহা স্নায়বিক উত্তেজনা অথবা হৃৎপিণ্ডের যান্ত্রিক অসুখজনিত হৃতস্পন্দনে বিশেষ উপকারী। ডিজিটালিসের পরিবর্ত্তে ইহা কাশি এবং ফুস্ফুসের উত্তেজনা নিবারণ করে, জ্বর এবং রক্তাধিক্যে ধমনির কার্য্যের হ্রাস করে; যক্ষাকাশে ইহা ফুস্ফুস হইতে রক্ত নির্গমণ নিবারণ করে। হৃৎপিণ্ডের অসুখ জনিত চক্ষু উহার কোটর ভ্রষ্ট হইয়া বহির্দ্দিকে সরিয়া পড়া; আমাশয়; উদরাময়; কৃত্রিম ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ বা প্লুরোডিনিয়া (Pleurodynia); বাতরোগ; স্নায়ুশূল বা স্নায়ুশূলের ন্যায় বেদনা ইত্যাদি রোগে লাইকোপাস্ ব্যবহার্য্য। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, হৃৎপিণ্ডের যেপ্রকার কার্য্যসম্বন্ধীয় অসুখে হৃৎপিণ্ডের উত্তেজনার সঙ্গে সঙ্গে হৃৎপিণ্ডের শক্তির হ্রাস হয়, তাহাতে লাইকোপাস্ দ্বারা বিশেষ উপকার দর্শে।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বাতের ন্যায় বেদনা, যাহা বামদিক হইতে ডাইন দিকে বিস্তৃত হইয়া আবার পুনরায় বামদিকে ফিরিয়া আইসে

এবং যাহা পেশী ও সন্ধি গুলিই অধিক আক্রমণ করিয়া থাকে এবং যাহা নড়া চড়া বা ঠাণ্ডা বাতাসে ও যাতনাদির দিকে মন গেলে বৃদ্ধি হয়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট্, ক্যাক্টাস্, ডিজিটালিস্, ক্যাল্মিয়া, স্পাইজেলিয়া, বিরেট্রাম আল্বাম্।

ডাইলুশন বিচার। ১ম হইতে ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য।

মিনিয়ান্থিস্ ট্রিফোলিয়েটা,-মিনিয়াস্থ্

(MENYANTHES TRIFOLIATA,-MENYANTH.)

এই গাছের সমুদয় অংশ প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করিয়া [illegible] উত্তেজনা এবং রক্তাধিক্য বা রক্তাবরোধ উৎপাদন করে। [illegible] এবং অপ্টিক্ স্নায়ু (Optic nerve) প্রথমতঃ আক্রমণ করিয়া [illegible] পীড়া এবং দৃষ্টিহীনতা উৎপাদন করে ও গ্যাংগ্লিয়নিক [illegible] (Ganglionic System of nerves) উপর কার্য্য করিয়া [illegible] রিয়া জনিত জ্বরের ন্যায় জ্বর উৎপাদন করে। টেষ্টি (Test [illegible] কার্য্য ড্রসিরার ন্যায়। কিন্তু ইহার কার্য্য ড্রসিরার ন্যায় [illegible] তিনি আরো বলেন যে, এমন খুব কম অসুখই আছে যাহাতে [illegible] হইয়া থাকে এবং যাহাতে মিনিয়ান্থিস্ ব্যবহৃত হইতে পারে [illegible] এই মতের সম্পূর্ণ পোষকতা করা যাইতে পারে না।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় গোলমেলে এবং ভারিবোধ; মাথার উপর [illegible] হইতে নিম্নদিকে চাপপড়া, সজোরে হাতদিয়া চাপিয়া ধরিলে যাহার উপশম হয়; মাথায় চাপিয়া ধরার ন্যায় অবসন্নকারক বেদনা, কপালেই যাহা অধিক অনুভূত হয়; কপালের ডাইন পার্শ্বে কানের ঠিক উপরিভাগের

নিকটবর্ত্তী স্থানে সূচীবিঁধান বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; মস্তিষ্কের বাম দিকে বেদনা, যাহা মাথার উপরিভাগ পানে বিস্তৃত হয়।

চক্ষু। চক্ষে অন্ধকার দেখা; কুয়াশার মধ্যদিয়া দেখিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা এবং চক্ষুর সম্মুখে পাখীর ডানা ঝাড়ার ন্যায় ধড়্ ফড়ানি (আগারিকাশ্, সাইক্লেমেন্, মার্ক্, ফস্, সাল্ফ্)।

মুখমণ্ডল। মুখমণ্ডলের পেশীর স্পষ্ট স্পন্দন, যদিচও উহাদ্বারা কোন বিশেষ যাতনা অনুভূত হয় না (আগারিকাশ্, ইগ্নেস্, নাক্স্-বম্), ডাইন পার্শ্বেই যাহা অধিক হয় (বেল্) এবং বিশ্রাম কালীন যাহার বৃদ্ধি হয়।

গলার মধ্য। গলার মধ্যে ঠাণ্ডাবোধ, যাহা আহার বহা গলনালী পর্য্যন্ত বিস্তৃত হয় এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত বমনোদ্বেগ, পাকস্থলীতে চাপাবোধ হইয়া যাহার উদ্রেক হয়; কাঠ উদ্গার উঠা।

উদর। অতিরিক্ত পরিমাণে আহার করিলে যেরূপ হয়, উদরের সেরূপ স্ফীতি এবং বিস্তৃতি, কিন্তু আহারে রুচির কোন হ্রাস হয় না ও উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন উদরে দূষিত বায়ু সঞ্চিত হইয়া রহিয়াছে এবং তন্নিবন্ধন বারম্বার দূষিত বায়ু নির্গত করার চেষ্টা (কার্ব্বো-বেজ্, চায়না, লাইকোপ্); তামাকু খাইলে উদরের স্ফীতি অনেকটা কমিয়া যায় (ইগ্নেস)।

মল। কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা, কিন্তু বেগ দিলে একবারে অতি সামান্য পরিমাণ মূত্র নির্গত হয়।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ; শ্বাসকষ্ট; বুকের দুই পার্শ্বেই চাপাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে সূচীবিঁধানের ন্যায় অত্যন্ত যাতনা, নিশ্বাসে যাহার অত্যন্ত বৃদ্ধি হয়।

পৃষ্ঠদেশ। বাম স্কন্ধাস্থিতে ছিদ্র করা, বা যাটিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা, যাহা মেরুদণ্ডের মধ্য দিয়া বিস্তৃত হয়; দুই স্কন্ধাস্থির মধ্যবর্ত্তী স্থানে ছিঁড়িয়া ফেলার ন্যায় অত্যন্ত কষ্টদায়ক বেদনা, যাহা নিম্নদিকে বিস্তৃত হয় এবং দীর্ঘনিশ্বাস প্রশ্বাসেই অধিক অনুভূত হয়; কোমরের

পশ্চাৎভাগে এবং গুহ্যদ্বারের ঠিক উপরিভাগ প্রদেশে চাপিয়া ধরা, মোচড়াইয়া পড়া বা থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ। ডাইন হাতের উপরিভাগের পেশী স্পন্দন; বাম হাতের সম্মুখ অংশের পেশীতে খিলধরার ন্যায় (প্রায় পক্ষাঘাতের ন্যায়) বেদনা যাহা হাতের পাতা পর্য্যন্ত বিস্তৃত হয়; ডাইন পায়ের পেশীতে খিলধরার ন্যায় বেদনা, যাহা নিম্নদিক হইতে পক্ষাঘাতের ন্যায় উপরের দিকে বিস্তৃত হয়; সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে খিল ধরার ন্যায় বেদনা বা যাতনা।

নিদ্রা। যে বিষয় জাগরিতাবস্থায় স্মরণ থাকে না, ঘুমের ঘোরে সে বিষয়ে স্পষ্ট স্বপ্ন দেখা।

জ্বর। শীতবোধ, আঙ্গুলেই যাহা অধিক অনুভূত হয়; পায়ের পাতা বরফের ন্যায় ঠাণ্ডা (টেবেকাম্) এবং শরীরের অন্যান্য অংশ গরম; শরীরের উর্দ্ধাংশে শীতকম্প এবং উহার সঙ্গে সঙ্গে হাইতোলা।

ব্যবহার। যেপ্রকার জ্বরে শীতলাবস্থা অধিক স্পষ্টরূপে প্রকাশ পায়, হানিমানের মতে সেপ্রকার জ্বরে মিনিয়াস্থিন্ ব্যবহার্য্য। সর্দ্দি জনিত অসুখ; অন্ধতা ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ড্রসিরা।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

মার্কিউরিয়াস্ সায়েনেটাস্,-সায়েনাইড্-অব্ মার্কারি,-মার্ক্-সায়েন্

(MERCURIUS CYANATUS,-CYANIDE OF MERCURY,-MERC. CYAN.)

রেক্‌টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার আরোক প্রস্তুত হয় এবং সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ডাক্তার বিলার্স (Dr. Villers), ডাক্তার বার্ট (Dr. Burt), ডাক্তার আলেন্ (Dr. Allen),

এবং ডাক্তার জুসেটের (Dr. Jousset) মতে ডিপ্‌থিরিয়া রোগে এই ঔষধ বিশেষ উপকারী। তাঁহারা এই ঔষধ দ্বারা ডিপ্‌থিরিয়া আক্রান্ত অনেক রোগীকে আরাম করিয়াছেন। তাঁহারা বলেন যে রোগের প্রারম্ভে ডিপ্‌থিরিয়া হইয়াছে জানিতে পারিলে এই ঔষধ সেবনে রোগ বৃদ্ধি পাইতে পারে না এবং ইহাতেই রোগ সারিয়া যায়। এই ঔষধের ১ম, ২য় এবং ৩য় ক্রমের গুঁড়া ব্যবহার্য্য।

মার্কিউরিয়াস্‌ আয়োডেটাস্‌,-আয়োডাইড্‌ অব্‌ মার্কারি,-মার্ক্‌-আয়োড্‌

(MERCURIUS IODATUS,-IODIDE OF MERCURY,-MERC. IOD.)

ইহাকে প্রটো-আয়োডাইড্‌ অব্‌ মার্কারিও বলে। কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত আয়োডাইড্‌ অব্‌ মার্কারি ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্‌ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথার উপরিভাগে বা ডাইন পার্শ্বে বেদনা; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই মাথায় ঘুশ্‌ঘুশে বেদনা; কপালে ঘুশ্‌ঘুশে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে নাকের গোড়ায় বেদনা (ক্যাল্‌-বাই, নেট্রাম্‌-আর্স্‌); মাথার হাড়ে চুলকানি (গ্রাফ্‌, নাইট্রিক্‌-আস্‌, সাল্‌ফ্‌)।

মুখমণ্ডল। মুখমণ্ডলের হাড়ে কন্‌কনানি এবং টাটানি।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা উজ্জ্বল হরিদ্রাবর্ণের লেপযুক্ত; ওষ্ঠ এবং উহার ধার লালবর্ণ; জিহ্বার নিম্নভাগ পুরু, কালচে হরিদ্রাবর্ণের লেপযুক্ত (চিনিনাম্‌-সাল্‌ফ্‌), যাহা প্রাতঃকালে ঘুম হইতে উঠিলেই অধিক হয়। গলার মধ্যে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার; গলায় ঢেকুর দিলে কাঠবমীর উদ্রেক হয়; গলার মধ্যে জ্বালা (আর্স্‌, ক্যাম্প্‌, ক্যান্থ্‌, মার্ক্‌-কর); মুখগহ্বরের পশ্চাৎভাগ এবং আহার বহা গলনালীর উপরিভাগ

লালবর্ণ এবং প্রদাহযুক্ত; টন্সিল্ (Tonsils) স্ফীত; ডাইন্ টন্সিল্ই অধিক স্ফীত হয়; গিলিবার সময় গলার মধ্যে বেদনা; গলার মধ্যে ডেলার স্থায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয় (বেল্); আহার বহা গলনালীর উপরিভাগের পশ্চাৎ ভাগের স্থানে স্থানে শ্লেষ্মা এবং ক্ষুদ্র ক্ষুদ্র দাগ পড়ে, যাহা ক্ষতের স্থায় দেখায়।

মল। মল পুটির স্থায় কঠিন এবং অতি কষ্টে নির্গত হয়; মল তরল, ফিকা কটাবর্ণ, ফেণাযুক্ত।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গের মাথায় কঠিন আকারের গরমীর ঘা (ইহা ব্যবহারে একবারে সারিয়া যায় এবং পরবর্ত্তী অসুখ বা লক্ষণাদি প্রকাশ পাইতে পারে না); পুরুষাঙ্গে বেদনাহীন গরমীর ঘা এবং উহার সঙ্গে সঙ্গে কুঁচ্কির গ্রন্থির স্ফীতি (বাগী) যাহা পাকে না। স্ত্রীলোকের হরিদ্রাবর্ণের শ্বেতপ্রদর, বিশেষতঃ শিশু বা ছোট বালিকাগণের।

ব্যবহার। গ্রন্থির অসুখ; গণ্ডমালা জনিত অসুখ; গরমীর পরবর্ত্তী পীড়া বা গৌণ উপদংশ (Secondary Syphilis); ডিপ্থিরিয়ার স্থায় অসুখ, প্রধানতঃ ডিপ্থিরিয়ার লক্ষণাক্রান্ত গলার মধ্যে বেদনা, টাটানি বা ক্ষত; গলার মধ্যের গ্রন্থির অসুখ সম্বলিত অসুখে মার্কিউরিয়াস্ আয়োডাইড্ ব্যবহার্য্য। ডাক্তার কুপারের (Dr. Cooper) মতে টন্সিলের পুরাতন আকারের প্রদাহে (Chronic Tonsillites), প্রদাহের ভাব এবং ক্ষত বর্ত্তমানে এই ঔষধ বিশেষ উপকারী। ডাক্তার ব্লেক্লী (Dr. Blakely) যিনি এই ঔষধ সুস্থ শরীরে পরীক্ষা করিয়া দেখিয়াছেন, গলার মধ্যে যেরূপ অসুখে রোগীর জিহ্বার তলা উজ্জ্বল হরিদ্রাবর্ণের লেপযুক্ত এবং উহার উপরি ভাগ পরিষ্কার, সেপ্রকার গলার মধ্যের অসুখে তাঁহার মতে ইহা বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মূর্চ্ছার ভাব; সর্ব্বদা শয়ন করিয়া থাকার ইচ্ছা (নাক্স-মস্ক); সমুদয় শরীরের কষ্টদায়ক চুলকানি; রাত্রিতে, বিশেষতঃ বিছানায় শয়ন করিলে, যাহার বৃদ্ধি হয়; গ্রন্থির স্ফীতি এবং কঠিনতা (মার্ক); পিতা, মাতার গরমীর ব্যারাম জনিত দোষে শিশুগণের মুখ মণ্ডলে ফস্কুড়ী; সন্ধ্যার সময়, রাত্রিতে, অঙ্গে নাড়িলে, বিশ্রামে, অসুখের

বৃদ্ধি এবং দিনের বেলা, বহির্ব্বায়ুতে, প্রবল নড়া চড়াতে, অসুখের উপশম।

সমগুণবিশিষ্ট ঔষধ। বেলাডোনা, ক্যালী বাইক্রমিকাম্,ল্যাকেসিস্, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, সাল্ফার।

ডাইলুশন বিচার। গরমীর ব্যারাম এবং গলার মধ্যের অসুখে ১ম হইতে ৬ষ্ঠ দশমিক ক্রমের গুঁড়া, ১ বা ২ গ্রেইণ মাত্রায়, ব্যবহার করিয়া লেখক বিশেষ ফল পাইয়া থাকেন। আবার কোন কোন চিকিৎসকের মতে ইহার ৬, ১২ এবং ৩০ ক্রমের আরোক ব্যবহার্য্য।

নেজা ট্রিপুডিয়ান্স্,-নেজা

(NAJA TRIPUDIANS,-NAJA.)

এই প্রকার স্বর্পবিষ-ঔষধ ক্রোটেলাস্ হরিডাসের ন্যায় প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। অন্যান্য প্রকারের স্বর্প বিষের ন্যায় ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ু এবং তদ্দরুণ নিউমোগ্যাষ্ট্রিক্ এবং গ্লসো-ক্যারিঞ্জিয়াল্ স্নায়ুই (Pneumogastric and Glosso-pharyngeal Nerves) অধিক আক্রান্ত হইয়া থাকে। অতএব শ্বাস কষ্ট, হৃৎপ্রদেশে কষ্টবোধ এবং রক্ত পচন ও তরলাবস্থা প্রাপ্ত হইয়া শরীরের স্থানে স্থানে লোমচ্ছা যাওয়ার ন্যায় হয়, রক্তস্রাব এবং স্বর্প বিষ দ্বারা বিষাক্ত হওয়ার ন্যায় অন্যান্য লক্ষণ প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। আত্মহত্যার প্রবল ইচ্ছা বা উন্মত্ততা (অরাম্, নাক্স্-বম্); মন নানা বিষয়ে ধাবিত হয়; বিমর্ষ ভাব এবং সমুদয় বিষয়ে গভীর চিন্তা; অস্থির মতি; স্তব্ধভাব; কাল্পনিক অনিষ্ট এবং দুর্ঘটনা ঘটিবে ভাবিয়া অস্থিরতা (নাক্স-বম্, ইগ্নেস্); সকল বিষয় ভুলিয়া যাওয়া; অন্যমনস্কতা (আনাকার্ড, এপিস্, কার্ব্স্, নাক্স-মস্, ফস্-আস্); স্পর্শজ্ঞান রহিতত্তা; চেতনাশূন্যতা।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; কপালে দুপ্ দুপে বেদনা;

কপালের পার্শ্বে দপ্দপানি এবং কন্কনানি; মাথায় উষ্ণানুভব এবং উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ।

চক্ষু। চক্ষু স্থির এবং একদৃষ্টে তাকানের ন্যায় ভাব বিশিষ্ট (বেল্, ষ্ট্রামন্); চক্ষু বিস্তৃত রূপে খোলা এবং উহাতে আলোক জ্ঞান রহিততা (ওপিয়াম্, হায়োস্, ষ্ট্রামন্); চক্ষুর পাতায় ভারি বোধ (কোনায়াম্, জেল্স্, নেট্রাম্ কার্ব্ব); দৃষ্টিরোধ।

নাসিকা। প্রবল সর্দ্দি এবং নাক দিয়া উগ্র, জ্বালা উৎপাদক তরল শ্লেষ্মা নির্গমন; নাক উষ্ণ, স্ফীত এবং উহাতে জ্বালা বা টাটানি।

মুখমণ্ডল। মুখ মণ্ডল ফিকা, শীর্ণ এবং রুগ্ন, সবুজের আভাযুক্ত হরিদ্রা বা নীলবর্ণ; মুখ মণ্ডলে স্নায়ু শূলের ন্যায় বেদনা, যাহা কখন কখন চক্ষু এবং কপালের পার্শ্বেও সরিয়া যায়; ওষ্ঠ শুষ্ক, উষ্ণ এবং ফাটা-যুক্ত (আর্স, ল্যাক্), উষ্ণ এবং জ্বালা বা টাটানিযুক্ত; দৃঢ় ভাবে দাঁত লাগা (সিকুটা, ইগ্নেস্, হায়োস্, লরোস্, নাক্স-বম্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখ বিস্তৃত রূপে খোলা; জিহ্বা শীতল (ক্যাম্ফার); দাঁতের গোড়ায় চর্ব্বনবৎ বেদনা; মাড়ি উষ্ণ, স্ফীত এবং স্পর্শনে বেদনাযুক্ত; জিহ্বা গাঢ় হরিদ্রার লেপযুক্ত; জিহ্বা সাদা লেপ-যুক্ত, শুষ্ক, কিন্তু পিপাসা থাকে না (নাক্স-মস্ক); জিহ্বার তলার যোজক সরু ঝিল্লীতে (Frœnum) ক্ষত; মুখগহ্বর অত্যন্ত শুষ্ক (আর্স, ব্রাই, নাক্স-মস্ক); মুখে ফেণা উঠা (সিকুটা, ককিউলাস্, কুপ্রাম্, লরোস্); মুখে স্বাদ শূন্যতা বা মুখে তিক্ত, টক বা তামাদি ধাতুর স্বাদ (ককিউল্, ইস্কুলাস্, মার্ক); বাকরোধ (ডাল্ক্, জেল্স্, কষ্ট্, হায়োস্, লরোস্)। গলার মধ্যে অধিক পরিমাণে শ্লেষ্মার সঞ্চার; গলার মধ্যে চাপাবোধ এবং তদ্দরুণ কাঠবমী; গলায় চাঁচিয়া ফেলার ন্যায় বা খশ্খশে বোধ; ফাঁপড় হওয়ার উপক্রম হওয়ার দরুণ রোগী গলা চাপিয়া ধরে (একন্, আয়োড্); গলার মধ্য এবং মুখ গহ্বরের পশ্চাৎভাগে শুষ্ক এবং আঁটা বোধ; গলার মধ্যের বামপার্শ্বে টাটানি এবং কুট্কুটানি; আহার বহা গলনালীর সঙ্কোচন; কোন দ্রব্য গিলা কষ্টকর বা একবারে অসম্ভব; মুখগহ্বরের পশ্চাৎ ভাগ কাল্চে লাল-বর্ণ (এইলান্থ, ব্যাপ্ট, ফাইটোল)।

পাকস্থলী এবং উদর। রুচি শূন্যতা; যেসকল উত্তেজক দ্রব্যে রোগের বৃদ্ধি হয়, সেসকল দ্রব্য খাওয়ার ইচ্ছা; উদ্গার উঠা; বুক জ্বালা; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে মূর্চ্ছার ভাব; বমন; অজীর্ণ হইলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ অসুখ বোধ; একখানি পাথর চাপাইয়া রাখিলে যেরূপ হয়, আহারের পর পাকস্থলীতে সেরূপ চাপা বোধ (আর্স্, ব্রাই, নাক্স্-বম্, পাল্স্)। উদরে কর্ত্তনবৎ, মোচ্ড়াইয়া ধরার ন্যায় বেদনা বা পেট কাম্ড়ানী; উদরে প্রচুর দূষিত বায়ুর সঞ্চার এবং উহাতে গড়্ গড়্, কল্কল্ শব্দ হওয়া ও শূল বেদনার ন্যায় বেদনা।

মল। হঠাৎ বাহ্যের বেগ; পিত্তযুক্ত উদরাময়; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। মূত্রাধারে অসুখ এবং চাপাবোধ; মূত্রে লাল তলানি পড়ে এবং উক্ত তলানিতে শ্লেষ্মা মিশ্রিত থাকে।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রী সহবাসের অতিরিক্ত ইচ্ছা; রাত্রিতে স্বপ্নে অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ। স্ত্রীলোকের বাম ডিম্ব-কোষে খিল ধরার ন্যায় বেদনা; পাতলা সাদাটিয়া শ্বেত প্রদর নিঃসরণ; স্তনে দুগ্ধ সঞ্চারের হ্রাস।

শ্বাসযন্ত্র। কাশি এবং উহার সঙ্গে সঙ্গে কণ্ঠনালীতে পূর্ণ এবং আঁটা বোধ; কণ্ঠনালী এবং বায়ুনলে জ্বালা, উত্তেজনা এবং সুড়্সুড়ী; স্বরভঙ্গ; অল্পকাল স্থায়ী স্বরভঙ্গ সম্বলিত কাশি; শুষ্ক খুশ্খুশে কাশি; রক্তোৎকাশ (একন্, হামামেলিস্); নিশ্বাস প্রশ্বাস মৃদু, আসান এবং প্রায় অনুভূত হয় না; শ্বাস প্রশ্বাস কষ্টকর; নিশ্বাস প্রশ্বাসের জন্য অত্যন্ত প্রয়াস পাওয়া (হাঁপি খাওয়া); বুকে অসুখ এবং বেদনা বোধ; বুকে ছুরি দিয়া কাটার ন্যায় যাতনা, দীর্ঘ নিশ্বাসে যাহার বৃদ্ধি হয় (ব্রাই); বুকে হাঁপানি কাশির ন্যায় আঁটাবোধ এবং তৎপর গলাদিয়া প্রচুর শ্লেষ্মা নির্গমন।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে অবসন্ন এবং অসুখ বোধ; হৃৎপ্রদেশে প্রবল বেদনা; হৃৎস্পন্দন বা উহার ধড়্ফড়ানী; হৃৎপিণ্ডের স্পন্দন শব্দ দূর হইতে শুনা যায় (স্পাইজেল); নাড়ীর স্পন্দন এবং গতি উভয়ই অনিয়মিত (ডিজিট্); নাড়ী দুর্ব্বল এবং সূত্রবৎ সূক্ষ্ম, লুপ্ত প্রায় (একন্, আর্স্)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবা এবং পৃষ্ঠদেশে বাতের বেদনা; দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে বেদনা; কোমরে কন্‌কনানি; কোমরের পশ্চাৎ দেশে প্রখর বেদনা; কোমরের পশ্চাৎ দেশে চর্ব্বনবৎ বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গের হঠাৎ বলক্ষয়; অঙ্গ প্রত্যঙ্গে বাতের ন্যায় বেদনা।

চর্ম্ম। চর্ম্মে কোন প্রাণী হামা দিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়; চুলকানি এবং টন্‌টনানি; চর্ম্ম স্ফীত, কোঁচকান এবং কাল্‌চে বেগুনী, নীলবর্ণ; কোন এক প্রদাহযুক্ত স্ফীত স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী; স্ফীত এবং প্রদাহযুক্ত স্থানে ফোস্কার ন্যায় সাদা ফুস্কুড়ী এবং উহাতে অত্যন্ত চুলকানি; আক্রান্ত স্থানের ক্ষতে সপূঁয পচা লাগা (Gangrene)।

নিদ্রা। হাঁইতোলা; অত্যন্ত নিদ্রাবেশ; অস্থির বা ভগ্ন নিদ্রা; ঘুমেরঘোরে স্পষ্ট স্বপ্ন দেখা।

জ্বর। শরীর শীতল এবং অবশ বা পতনাবস্থা প্রাপ্ত (Collapsed) (কার্ব্বো-বেজ্‌, ক্যাম্ফার); হাত পা বরফের ন্যায় ঠাণ্ডা (টেবেকাম্‌); মুখমণ্ডলে আগুণের ন্যায় জ্বালানুভব; রোগী অত্যন্ত অসুস্থ, গরম এবং জ্বরভাব অনুভব করে; প্রচুর ঘর্ম্ম।

ব্যবহার। যে সকল অবস্থায় ল্যাকেসিস্‌ ব্যবহার্য্য, সে সকল অবস্থায় নেজাও ব্যবহার্য্য। কিন্তু ল্যাকেসিসের ন্যায় নেজা অধিক ব্যবহৃত হয় না। হাঁপানি কাশি; আক্ষেপিক ঘুংড়ী কাশি; কামল রোগ; হৃৎস্নায়ুশূল বা হৃদ্বেদনা; হৃদাচ্ছাবরক ঝিল্লীপ্রদাহ; বাত জনিত হৃৎপ্রদাহ; স্নায়ুশূল; হৃৎপিণ্ডের যান্ত্রিক অসুখ; সন্তাপিত, উত্তেজক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎপিণ্ডের অসুখ; ডিপ্‌থিরিয়া; ক্ষত বা ঘা; হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি; জলাতঙ্ক; মুখাদিতে ঘা; সপূঁয পচাযুক্ত ঘা (Gangrene) ইত্যাদি অসুখে নেজা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গা মাটি মাটি করা; ক্লান্তিবোধ; জড়তা; শারীরিক এবং মানসিক শক্তির অবসন্নতা; কোন প্রকারের উত্তেজক দ্রব্যে অসুখের বৃদ্ধি; বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে অসুখের উপশম।

সমগুণবিশিষ্ট ঔষধ। এপিস্, আর্সিনিকাম্, ক্যাক্‌টাস্, ক্রোটন্, হিপার সাল্‌ফিউরিস্, ল্যাকেসিস্, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, রাস্ টক্স্, সাল্‌ফার, স্পাইজেলিয়া।

প্রতিষেধক ঔষধ। উত্তাপ; সুরা এবং ক্ষারগুণ বিশিষ্ট ঔষধ বা পদার্থ।

ডাইলুশন বিচার। ল্যাকেসিসের ন্যায়, ৬, ১২ এবং ৩০ ডাইলুশন ব্যবহার্য্য। ওলাউঠার পতনাবস্থায় এই ঔষধের ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। লেখক এই ঔষধ অধিক ব্যবহার করেন নাই। অতএব ইহার মাত্রা সম্বন্ধেও বিশেষ কিছু বলিতে পারেন না।

জ্যাবোরাণ্ডি,-জ্যাবোর

(JABORANDI,-JABOR.)

এই গাছের পাতা যথা নিয়মে ষ্ট্রং স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণক্রিয়া। ইহা লাল এবং ঘর্ম্ম নিঃসারক গ্রন্থি আক্রমণ করিয়া উহার উত্তেজনা এবং অতিরিক্ত নিঃসরণ উৎপাদন করে। ইহার প্রাকৃতিক গুণ বা শক্তি নিম্নে লিখিত হইতেছে;—"ইহা সেবনের অনতিকাল বিলম্বেই মুখমণ্ডল লালবর্ণ হয়; টেম্পোরেল্ ধমনি (Temporal arteries) অধিক দপ্ দপ্ করে এবং তৎপর মুখগহ্বর ও মুখমণ্ডলে এক বিশেষ প্রকৃতির উষ্ণানুভব হয় এবং তৎপর মুখদিয়া লাল পড়িতে আরম্ভ হয়। উহার কিয়ৎক্ষণ পর কপাল আর্দ্র হয় এবং মুখ মণ্ডল অধিকতর লাল বর্ণ হয় ও তৎপর কপাল, গাল এবং কপালের পার্শ্বে সারি সারি বিন্দু বিন্দু ঘর্ম্ম প্রকাশ পায়। অধিক পরিমাণে লাল গড়াইতে থাকে এবং ক্রমে সকল লাল নিঃসারক গ্রন্থিরই লাল নিঃসরণে কার্য্য বৃদ্ধি হইতে থাকে; মুখগহ্বর প্রচুর পরিমাণে তরল পদার্থ দ্বারা পরিপূর্ণ হয়, রোগী অনবরত থুথু ফেলিতে থাকে, উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডল এবং গ্রীবা দেশে প্রচুর

ঘর্ম্ম প্রকাশ পায় ও তৎপর সমুদয় শরীর লালবর্ণ এবং আর্দ্র হয় ও শরীরে এক প্রকারের সন্তুষ্টিজনক উষ্ণানুভূত হয়; কয়েক মিনিট সময়ের মধ্যেই সমুদয় শরীরে ঘর্ম্ম হয় এবং উহা শরীরের সকলদিকে গড়াইয়া পড়ে। ইতি মধ্যে অন্যান্য লক্ষণ প্রকাশ পায়। চক্ষুর পাতা প্রথমতঃ আর্দ্র হয়, ক্রমে চক্ষুর জলের সঞ্চার বৃদ্ধি পায় এবং উহা চক্ষুর কোণে সঞ্চিত হইয়া গড়াইয়া গালে পড়ে ও উহার সঙ্গে সঙ্গে নাক দিয়াও জলবৎ শ্লেষ্মার ন্যায় পদার্থ নির্গত হইতে থাকে। এতদ্ভিন্ন আহার বহা গল নালীর উপরিভাগ, বায়ুনল এবং বায়ুনলের শ্লৈষ্মিক ঝিল্লীর গ্রন্থিগুলির নিঃসরণও পরিমাণে বৃদ্ধিপায়। এই ঔষধ খাওয়ার পর ¼ ঘণ্টার মধ্যে এই সকল লক্ষণ প্রকাশ পাইয়া ৩০। ৪০ মিনিট ব্যাপিয়া থাকে। একপাশে শয়ন করিলে পাছে লাল গড়াইয়া পড়ে সে ভয়ে রোগী প্রতি মিনিটে ১০। ১৫ বার থুথু ফেলিতে বাধ্য হয় এবং লালের এত শীঘ্র শীঘ্র সঞ্চার হয় যে, উহার দরুণ রোগী কথা বলিতে পারে না; লাল নিঃসারক গ্রন্থিগুলি বর্দ্ধিতাবস্থা প্রাপ্ত হয় এবং মুখগহ্বর অপেক্ষাকৃত উষ্ণ হয়। সমুদয় শরীর ঘর্ম্মাবৃত হয়, গায় কাপড় থাকিলে উহা ভিজিয়া যায় এবং তৎপর রোগী আপনাকে আপনি কতক পরিমাণে সুস্থ, নতুবা দুর্ব্বল মনে করে। পিপাসা অত্যন্ত বৃদ্ধি পায়; চক্ষুর তারা কতক পরিমাণে সঙ্কুচিত হয়। ক্রমে লাল, ঘর্ম্মাদির সঞ্চারের পরিমাণ কমিতে থাকে এবং এক বা দেড় ঘণ্টার মধ্যে চক্ষের জল, নাসিকার শ্লেষ্মা, বায়ুনল দিয়া শ্লেষ্মা নিঃসরণ এবং অবশেষে লাল এবং ঘর্ম্মের পরিমাণ স্পষ্টতঃ কমিয়া যায় ও শরীরের আক্রান্ত অংশগুলি উহার স্বাভাবিক অবস্থা পুনঃ প্রাপ্ত হয়। ঘর্ম্ম এবং লাল নিঃসরণ কমিয়া গেলে, রোগী নিস্তেজ ভাবে নিদ্রিতের ন্যায় পড়িয়া থাকে। যে সকল অংশে উক্ত নিঃসরণের সঞ্চার হয়, সে সকল স্থান, বিশেষতঃ মুখ গহ্বর এবং আহার বহা গলনালীর উপরি ভাগ, অত্যন্ত শুষ্ক হয়, এই সময় পিপাসাও অত্যন্তও বৃদ্ধি পায়"। রক্ত সঞ্চালন ক্রিয়ার চাঞ্চল্য অত্যন্ত বৃদ্ধি পায়, কিন্তু উহার দরুণ ধমনিতে রক্তের চাপের বৃদ্ধি হয় না এবং শরীরের সন্তাপও অনেক কমিয়া যায়।

ব্যবহার। কোন প্রকার তরুণ রোগের ভোগ বা উহার আরাম

হওয়ার সময় অথবা যক্ষাকাশির ন্যায় পুরাতন আকারের রোগের, ভোগ সময়ে অতিরিক্ত ঘর্ম্ম; মুখ দিয়া প্রচুর বা অতিরিক্ত পরিমাণে লাল পড়া; দূরবর্ত্তী বস্তু দেখিতে অশক্তি (Myopia); ফুস্‌ফুস এবং উহার আবরক ঝিল্লীতে শোথের ন্যায় দূষিত জলীয় পদার্থের সঞ্চার; হৃৎপিণ্ডের অসুখ জনিত শোথ; মূত্রযন্ত্রের অসুখ জনিত শোথ; মূত্রে শর্করা ব্যতীত বহুমূত্র (Diabetes Insipidus); চুলকানি ইত্যাদি অসুখে জ্যাবোরাণ্ডি ব্যবহার্য্য।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আমিল্ নাইট্রেট্, ফাইসষ্টিগ্‌মা, মার্কেরিয়াস্, আট্রোপিয়া।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রমের আরোক ব্যবহার্য্য।

নেট্রাম্ সাল্‌ফিউরিকাম্,-নেট্রাম্,-সাল্‌ফ্

(NATRUM SULPHURICUM,-NATR.-SULPH.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত সোডিক্ সাল্‌ফেট্ (Sodic Sulphate) ক্রয় করিয়া যথা নিয়মে চুয়ান জলে মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। ইহার ১ম শততমিক বা ২য় দশমিক ক্রমের আরোক যথা নিয়মে ডাইলুট্ স্পিরিটে প্রস্তুত হয়; ৩য় দশমিক ক্রমের আরোক যথা নিয়মে ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে প্রস্তুত হয় এবং তৎপর সমুদয় ক্রমের আরোকই যথা নিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। সুস্থ শরীরে যে এই ঔষধ কিরূপে কার্য্য করে সে সম্বন্ধে আমরা বিশেষ কিছু বুঝিতে পারি না। রক্তের উপর ইহার প্রবল কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ ইহা শরীরের সমুদয় অংশ, প্রধানতঃ শ্লৈষ্মিক ঝিল্লী এবং শরীরের আর্শাল অংশ শ্লেষ্মা জনিত এবং বাতের প্রদাহ দ্বারা আক্রান্ত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অবসন্নতা; সর্ব্বদা কাঁদ কাঁদ ভাব; বাদ্যে রোগীকে

(স্ত্রীলোকে) অত্যন্ত দুঃখিত করে (নেট্রাম্-কার্ব্, সাবাইনা); অত্যন্ত চিড়্ চিড়্, খিট্ খিট্ করা, প্রাতঃকালে যাহা অধিক হয়।

মস্তক। মাথাঘোরা; মাথায় গোলমেলে এবং ঢিমাবোধ; কপালে চাপাবোধ, আহারের পর যাহা অধিক অনুভূত হয় এবং যাহার দরুণ মনে হয় যেন কপাল ফাটিয়া যাইবে (ব্রাই); মাথায় ভারিবোধ; কপাল এবং কপালের বাম পার্শ্বে ছিদ্র করার ন্যায় বেদনা; মাথা আক্রান্ত হইয়া মস্তিষ্কের উত্তেজনা।

চক্ষু। চক্ষে ঝাপ্সা দেখা; দৃষ্টির দুর্ব্বলতা এবং চক্ষু দিয়া জল পড়া; চক্ষে আলোক সহ্য হয় না এবং উহার সঙ্গে সঙ্গে মাথা ধরা; ডাইন চক্ষে জ্বালা; চক্ষু দিয়া জল পড়া; দৃষ্টিহীনতা, যাহা আগুণের নিকট অধিক হয়; চক্ষুর পাতার প্রান্ত জ্বালা করে; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে এবং উহাব সঙ্গে সঙ্গে চক্ষে আলোক সহ্য হয় না (ক্যাল্ক-কার্ব্ব, গ্রাফ্, সাল্ফ্); প্রাতঃকালে চক্ষুর পাতার প্রান্ত চুলকায়।

কর্ণ। কানে ঘণ্টার ন্যায় টন্‌টন্ শব্দ হয়; ডাইন কানের মধ্যে ছুরি ইত্যাদি বিধানের ন্যায় বেদনা বা যাতনা; কানের মধ্যে সূচীবিধানের ন্যায় হঠাৎ বেদনা, ঠাণ্ডা বাতাস হইতে উষ্ণ ঘরে প্রবেশ করিলে যাহার বৃদ্ধি হয়; আর্দ্র বাতাসে এবং শেত্‌শেথিয়া বা ভিজা মাটিতে শয়ন করিলে অসুখের বৃদ্ধি।

নাসিকা। স্ত্রীলোকের রজঃস্রাবের সময় নাক দিয়া রক্ত পড়া (ব্রাই, হামামেলিস্), যাহা কখন কখন থামিয়া পুনরায় আরম্ভ হয়; নাক বন্ধ হইয়া যায়; হাঁচি দেওয়া এবং নাক দি প্রচুর পরিমাণে জলবৎতরল শ্লেষ্মা নির্গমন; গরমীর ব্যারাম জনিত নাকে পূঁয সম্বলিত ঘা, মুখগহ্বরের পশ্চাৎভাগে ঘা হইয়া যাহার আরম্ভ হয়, কিন্তু ঘায় গন্ধ থাকে না (পূঁযে গন্ধ থাকিলে অরাম্ ব্যবস্থা)।

মুখমণ্ডল। মুখমণ্ডল ফিকা বা পিটা এবং হরিদ্রাবর্ণ বা পাঙ্গাসিয়া, কানের নিকটবর্ত্তী গালের হাড়ে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বার অগ্রভাগে ফোস্কার ন্যায়

ফুস্কুড়ী এবং উহাতে জ্বালাযুক্ত যাতনা ; গোলমরিচ খাইলে যেরূপ হয়, মুখের মধ্যে সেরূপ জ্বালা ; মুখগহ্বর শুষ্ক ; পিপাসা ; মাড়ি লালবর্ণ ; তালুকাতে ফোস্কা পড়া, যাহা অত্যন্ত টাটায় এবং যাহার দরুণ খাইতে কষ্ট অনুভূত হয় ; ঠাণ্ডা দ্রব্য খাইলে যাতনার উপশম হয় ; আহারের পর মুখে অধিক পরিমাণে লাল উঠে। গলার মধ্যে শুষ্কবোধ ; পিপাসা থাকে না (নাক্স্-মস্ক্, পাল্স্) ; টন্সিল্ এবং আল্জিহ্বা প্রদাহযুক্ত এবং স্ফীত ; টন্সিলে ঘা।

পাকস্থলী এবং উদর। সন্ধ্যার সময় অত্যন্ত পিপাসা এবং বরফ বা বরফ মিশ্রিত ঠাণ্ডা জল পানের ইচ্ছা ; আহারের পূর্ব্বে গা বমী বমী করা ; মুখে অনবরত টক জল উঠা। বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইবার সময় যকৃত প্রদেশে সূচীবিঁধানের ন্যায় যাতনা ; স্পর্শনে, চলিতে, দীর্ঘ নিশ্বাস প্রশ্বাসে অথবা হঠাৎ ঝাকি লাগিলে যকৃত প্রদেশ অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায় ; প্রাতঃকালে আহারের পূর্ব্বে নাভির চতুর্দ্দিকে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে উদরে দূষিত বায়ুর সঞ্চার ও বারম্বার পেট গুলিয়া উঠা এবং উহাতে গড়্গড়্কল্কল্ শব্দ হওয়া ; উদরে, প্রধানতঃ ডাইন পার্শ্বে, দূষিত বায়ু রুদ্ধ হইয়া থাকা, এবং তদ্দরুণ অত্যন্ত কষ্ট অনুভূত হওয়া, গুহ্য দ্বার দিয়া দূষিত বায়ু নিঃসরণের পর যাহার উপশম হয় (আলোজ্, লাইকোপ্) ; ডাইন কুঁচকির প্রদাহ ; অন্ত্রের সিকাম্ (Cœcum) নামক অংশের প্রদাহ (Typhlitis) ; উদরের ডাইন পার্শ্বের মাংসবিশিষ্ট অংশে ছুরি বিঁধানের ন্যায় যাতনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ।

মল। উদরাময়, আর্দ্র বাতাসাদিতে যাহার বৃদ্ধি হয় ; প্রাতঃকালে উদরাময় ; শাক সব্জী বা তৈলাক্ত বা চর্ব্বিযুক্ত দ্রব্য খাইয়া উদরাময় ; সন্ধ্যা কালের ঠাণ্ডা বাতাস লাগিয়া উদরাময় ; মল কঠিন গুট্লে এবং উহার সঙ্গে রক্তের ছিট থাকে ও মলত্যাগ করার পূর্ব্বে গুহ্যদ্বারে জ্বালা এবং চিড়িক্ মারা ; স্বল্প রজঃস্রাবের সঙ্গে সঙ্গে অনেক সময় উক্ত প্রকারের মলত্যাগ ; গুহ্যদ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ ; গুহ্য দ্বারে ও উরুর মধ্যবর্ত্তী স্থানে আঁচিলের ন্যায় ফুস্কুড়ী ; সাইকোসিস্ (Sycosis)।

মূত্রযন্ত্র। মূত্রপরিমাণে অল্প; মূত্রত্যাগের সময় মূত্রনালীতে জালানুভব।

জননেন্দ্রিয়। সন্ধ্যার সময় পুরুষের স্ত্রীসহবাসের অত্যন্ত ইচ্ছা; প্রাতঃকালেও স্ত্রীসহবাসের অত্যন্ত ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষাঙ্গ খাড়া হওয়া; পুরুষাঙ্গ ইত্যাদি জননেন্দ্রিয়ের চুলকানি; প্রমেহরোগ; সাইকোসিস্ (Sycosis)। স্ত্রীলোকের স্বল্প রজঃস্রাব; গৌণে রজঃস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে গুঁটলে মলত্যাগ; রজঃস্রাবের পূর্ব্বে নাকদিয়া রক্ত পড়া।

শ্বাসযন্ত্র। চলিয়া বেড়ানের সময় শ্বাসকষ্ট, বিশ্রামে ক্রমে ক্রমে যাহার উপশম হয়; বায়ু উপনলের শ্লেষ্মার দরুণ যুবা পুরুষ এবং যুবতী স্ত্রীলোকের হাঁপানি কাশি, শুষ্ক বায়ু আর্দ্র বায়ুতে পরিবর্ত্তিত হইলে যাহার বৃদ্ধি হয়; বারম্বার কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া কতক পরিমাণ শ্লেষ্মা নির্গমন; দাঁড়াইয়া থাকা অবস্থায় কাশিলে বুকের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা এবং উহার সঙ্গে সঙ্গে শ্বাসকষ্ট; একটী ভারি বোঝা চাপিয়া থাকিলে যেরূপ হয়, বুকে সেরূপ চাপাবোধ; বুকের পার্শ্বে, কোমর প্রদেশের নিকটবর্ত্তী স্থানে, চাপাবোধ, নড়াচড়া এবং প্রচাপনে যাহার বৃদ্ধি হয়; বুকের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। মেরুদণ্ডের উপরি এবং নিম্নভাগে ও গ্রীবাদেশে টাটানি; কোমরের পশ্চাৎদেশে থেঁত্লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। অঙ্গ প্রত্যঙ্গ এবং সন্ধিতে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা। বাহু এবং হাতে টন্ টন্ করা, যাহার দরুণ মনে হয় যেন উহার পক্ষাঘাত হইয়াছে; নখকোণী (Onychia), ঘরের বাহিরে যাহার যাতনার বৃদ্ধি হয়; শেত্শেতিয়া স্থানে, আর্দ্র প্রাচীর বিশিষ্ট ঘরে ব'সের দরুণ রোগী শিটা, ফিকা বা রুগ্ন হয়। ডাইন উরু বা কুঁচ্কির সন্ধিতে বেদনা, মাথা হেট করিয়া উপুড় হইলে, বসা অবস্থা হইতে দাঁড়াইলে, অথবা বিছানায় নড়িলে এবং চলিলে যাহার বৃদ্ধি হয়; চলিয়া বেড়ানের সময় বাম কুঁচ্কি বা উরুর সন্ধিতে হঠাৎ সূচীবিঁধানের ন্যায় অসহ্য যাতনা, যাহার দরুণ রোগী চলিয়া বেড়াইতে পারে না।

জ্বর। সন্ধ্যার সময় শীতকম্প; আভ্যন্তরিক শীতবোধ এবং উহার সঙ্গে সঙ্গে গা ভাঙ্গা ও হাঁইতোলা; সন্ধ্যা হওয়া হওয়া সময়ে শরীরে হঠাৎ বা দম্‌কা উষ্ণানুভব।

চর্ম্ম। গায় বিকচ (Eczema), যাহা হইতে প্রচুর জল্‌ভানি নির্গত হয়; গায়ের কাপড় খুলিয়া ফেলার সময় চুলকানি; সমুদয় শরীরে আঁচিলের ন্যায় লাল ডেলা ডেলা ফুস্কুড়ী।

ব্যবহার। সাইকোসিস্ (Sycosis); রক্তের শ্বেতকণার বৃদ্ধি জনিত অসুখ (Leukæmia); শ্লেষ্মা এবং বাতজনিত অসুখ; প্রমেহ; হাঁপানি কাশি; সশর্করা বহুমূত্র (Diabetes Mellitis); যক্ষাকাশ; পুরাতন আকারের উদরাময়; উদরে দূষিত বায়ুর সঞ্চার, (Flatulence); সায়েটিক্ স্নায়ু প্রদেশে বেদনা বা সায়েটিকা (Sciatica); প্রদাহজনিত শূলবেদনা, যাহা প্রায় সকল সময়ই ডাইন কুঁচ্‌কিতে আরম্ভ হয় ইত্যাদি অসুখে নেট্রাম্ সাল্‌ফিউরিকাম্ ব্যবস্থা।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ। বলক্ষয়, ক্লান্তি এবং শ্রান্তিবোধ, প্রধানতঃ হাঁটুতে; বেদনাদির হঠাৎ আক্রমণ; উদরের মধ্য দিয়া আড়ে পার্শ্বে এবং পৃষ্ঠদেশে টাটানি; ভিজা সেত্‌সেতিয়া স্থানে, উষ্ণ এবং শুষ্ক বায়ু আর্দ্র বায়ুতে পরিণত হইলে, অসুখের বৃদ্ধি, এবং বহির্ব্বায়ু, মধ্যাহ্নে আহারের পর, নড়া চড়াতে ও রাত্রিতে অসুখের বৃদ্ধি; জল বৃষ্টি এবং সেত্‌সেতিয়া স্থান বা বায়ুতে অসুখ হওয়ার ধাতু (Hydrogenoid Constitution) এবং সাইকোসিসের (Cycotic) ধাতু।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ডাল্‌কেমেরা, রাস্ টক্স, ষ্টাফিসেগ্রিয়া, থুজা।

ডাইলুশন বিচার। ২য় হইতে ৬ষ্ঠ ক্রম ব্যবহার্য্য। ওষ্ঠের উপর ফোস্কার ন্যায় সাদা ফুস্কুড়ীতে কোন একটী রোগীর চিকিৎসায় ৬ষ্ঠ ক্রম ব্যবস্থা করিয়া ১০ দিবসের মধ্যে লেখক বিশেষ ফল পাইয়াছিলেন।

নুফর লুটিয়াম্,-নুফর

(NUPHAR LUTEUM,-NUPH.)

এই গাছের সমুদয় অংশ যথানিয়মে ডাইলুট্ আল্কোহলে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা অন্ত্রের নিম্নাংশ এবং জননেন্দ্রিয় আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। কপাল এবং উহার দুই পার্শ্বে চাপিয়া ধরার ন্যায় বেদনা, বহির্বায়ুতে যাহার বৃদ্ধি হয়; কপালের বাম উন্নত স্থানের পশ্চাৎ-ভাগে ছুরিবিঁধানের ন্যায় গভীর, ঘুশ্ঘুশে বেদনা; চলিবার সময় প্রত্যেক ধাপেই মস্তিকে যেন থেঁতলিয়া যাওয়া, মোচড়াইয়া পড়া বা ধাক্কা গালার ন্যায় বেদনা অনুভূত হয়।

চক্ষু। চক্ষুর কোটরের মধ্যে ভারিবোধ এবং ঘুশ্ঘুশে বেদনা; চক্ষুর সম্মুখে উজ্জল আলোকের কণার ন্যায় অনুভূত হয়, কঠিন কাশির পর যাহার অধিক উদ্রেক হয়।

মল। মল কোমল এবং নির্গত হওয়ার পূর্ব্বে পেটে শূলবেদনার ন্যায় বেদনা, প্রাতঃকালেই যাহা অধিক হয়; প্রাতঃকালে হরিদ্রাবর্ণের উদরাময়; মলত্যাগের পর গুহ্যদ্বারে জ্বালা এবং চিড়িকমারা (আর্স, সাল্ফ); সূচীবিঁধাইলে যেরূপ হয়, গুহ্যের মধ্যে সেরূপ যাতনা; প্রাতঃ-কালে বেদনাহীন উদরাময় (পডোফ্)।

মূত্রযন্ত্র। মূত্রে প্রচুর লাল বালির ন্যায় তলানি পড়ে (চায়না, নেট্রাম্ মিউর্, লাইকোপ্, ফস্), যাহা পাত্রের গায় দৃঢ়ভাবে লাগিয়া থাকে।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছা একবারেই থাকে না (আগ্নাশ্); স্ত্রীসহবাস-বিষয়ে চিন্তা করিলেও পুরুষাঙ্গ খাড়া হয় না (আগারিকাশ্, আগ্নাস্, কোনায়াম্); পুরুষাঙ্গ শিথিল হয় বা কোঁচ্কাইয়া যায়; অণ্ডকোষাধার চল্চলে হয়; উভয় অণ্ডকোষে ছুরিবিঁধানের ন্যায়

বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষাঙ্গের মাথায় বেদনা; ধ্বজভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ (আগারিকাশ্, আগ্নাস্, কোনায়াম্, কস্, কস্-আস্); ঘুমেরঘোরে ধাতু নিঃসরণ (স্বপ্নদোষ); মলত্যাগের সময় ধাতু নিঃসরণ; প্রস্রাব করার সময় ধাতু নিঃসরণ।

চর্ম্ম। মাছিতে কামড়াইলে যেরূপ হয়, শরীরের স্থানে স্থানে সেরূপ অনুভূত হয়; গায় খোসের ন্যায় শুকনা ফুস্কুড়ী।

ব্যবহার। প্রাতঃকালে উদরাময়; অন্ত্র এবং সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ; স্ত্রী বা পুরুষ সহবাসের ক্ষমতার অভাব বা ন্যূনতা; ধ্বজভঙ্গ; অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ বা স্পার্মেটোরিয়া (Spermatorrhœa) ইত্যাদি অসুখে নুফর লুটিয়াম্ ব্যবহার্য্য।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আগ্নাস্ ক্যাষ্টাস্, রুমেক্স্, আর্সিনিক, ব্যারাইটা কার্ব্ব্, কোনায়াম্, পডোফিলাম্, সাল্ফার।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ইহার ১ম হইতে ৬ষ্ঠ ডাইলুশনই সচরাচর ব্যবহার্য্য। লেখক ইহার মাত্রা সম্বন্ধে কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

ওরিগেনাম্ মার্জোরেনা,-ওরিগেন্

(ORIGANUM MARJORANA,-ORIG.)

এই গাছ কাঁচা অবস্থায় সংগ্রহ করিয়া প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। জননেন্দ্রিয়, প্রধানতঃ স্ত্রীজননেন্দ্রিয়ের উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল। স্ত্রী বা পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা হইলে যেরূপ হয়, সেরূপ মস্তিষ্ক এবং স্নায়ুমণ্ডলী ইহা দ্বারা আক্রান্ত হইয়া থাকে এবং তদ্দরুণ স্ত্রী বা পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছার উদ্রেক হয়। অতিরিক্ত স্ত্রী বা পুরুষ সহবাসের ইচ্ছা, স্ত্রী বা পুরুষ সহবাস

সম্বন্ধে চিন্তার উদ্রেক করা এবং স্বপ্ন দেখান এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত। স্ত্রী বা পুরুষ সহবাসের ইচ্ছা, হস্তমৈথুন জনিত (প্রধানতঃ বালিকাগণের) উত্তেজনা হেতু শ্বেতপ্রদর এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষ সহবাসের ইচ্ছার পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী। ইহার ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য।

স্যাবাডিলা,-স্যাবাড্

(SABADILLA,-SABAD.)

ইহার খোসা সমেত বিচি যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার অব্ মিকে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী দিয়া ইহা শরীরের পরিপোষণের সহায়কারী যন্ত্রনাদি আক্রমণ করিয়া থাকে। শ্লৈষ্মিক ঝিল্লীর উপরিভাগই ইহা দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অত্যন্ত অশান্তি এবং চিন্তা ও উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত আন্দোলন; সহজেই ভয় খাওয়া; ব্যারাম না থাকিলেও মনে হয় ব্যারাম হইয়াছে।

মস্তক। কপাল এবং উহার দুই পার্শ্বে অবসন্নকারক বেদনা, যাহার দরুণ রোগী চলিবার সময় হেলিয়া টলিয়া পড়িবার উপক্রম হয়; মাথার ভারি এবং ঢিমাবোধ; মাথাধরা, প্রত্যেকবার চলিয়া বেড়ানের পর যাহা সচরাচর অধিক অনুভূত হয়; অনেক চিন্তা করা বা কোন বিষয়ে অত্যন্ত মনযোগের সহিত চিন্তা করার দরুণ মাথা ধরা; মাথার উপরিভাগ যেন জ্বলিয়া থাক হয়।

চক্ষু। শরীরের কোন অংশে সামান্ত চোট লাগিলেই চক্ষু দিয়া জল পড়ে; বহির্ব্বায়ুতে শারীরিক পরিশ্রম করিলে চক্ষু দিয়া জল পড়া; চক্ষুর পাতার প্রান্ত লালবর্ণ।

কর্ণ। কানের মধ্যে সুড় সুড়ী।

নাসিকা। নাকের মধ্যে চুল্‌কানি এবং টন্ টন্ করা; নাক দিয়া রক্ত পড়া; আক্ষেপিক হাঁচি; হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি; সর্দ্দি ও তদ্দরুণ নাকদিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন; একটী না একটী নাসারন্ধ্র প্রায়ই বন্ধ হইয়া থাকে; নাক দিয়া নিশ্বাস টানা অত্যন্ত কষ্ট-কর; নাক ডাকা বা নাকে গোঁ গোঁ শব্দ হওয়া।

মুখমণ্ডল। মুখ মণ্ডল উষ্ণ এবং আগুণের ন্যায় লালবর্ণ (ফেরাম); বামদিকের উপরের মাড়ির পেশীতে দপ্‌দপানি এবং লাফানি; মদ্যপানের পর যেরূপ হয়, মুখমণ্ডলে সেরূপ উষ্ণবোধ; মুখমণ্ডল এবং চক্ষু লালবর্ণ; হাঁপানি এবং জ্বরের লক্ষণ সম্বলিত সর্দ্দি।

মুখগহ্বর এবং গলার মধ্য। কসের দাঁতের গোড়ায় খোঁচা বিঁধার ন্যায় যাতনা; জিহ্বার অগ্রভাগে জ্বালা; মুখে তিক্তস্বাদ (ব্রাই, নাক্স-বম্, পাল্‌স)। গলার মধ্যে শুষ্কবোধ; গলার মধ্যে ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হওয়ার দরুণ রোগী বারম্বার ঢোক গিলিতে বাধ্য হয়; খশ্‌খশে এবং চাঁচিয়া ফেলিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অনুভূত হওয়ার দরুণ বারম্বার ঢোক গিলার ইচ্ছা; কোন এক বহুব্যাপক গলার মধ্যে বেদনায় (Epidemic Sore-throat) সময় সকলেরই বেদনাদি বাম দিক হইতে আরম্ভ হইয়া ডাইন দিকে বিস্তৃত হয় (ল্যাক্)।

পাকস্থলী এবং উদর। মিষ্ট দ্রব্য, মধু, পিষ্টক, লুচি, কচুরি ইত্যাদি খাওয়ার অত্যন্ত স্পৃহা; মাংসে অরুচি; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে বমনের ইচ্ছা; ক্রিমি বমন; পাকস্থলী এবং আহার বহা গল-নালীতে ক্ষত কারক জ্বালানুভব। ক্রিমি থাকিলে যেরূপ হয়, উদরে সেরূপ বেদনা; ছুরি দিয়া কাটিলে যেরূপ হয়, অন্ত্রের মধ্যে সেরূপ কর্ত্তনবৎ বেদনা; উদরে জ্বালা (আর্স); খালিপেটে যেরূপ হয়, উদরে সেরূপ গড়্ গড়্, কলকল শব্দ হওয়া (লাইকোপ্)।

মল এবং মলদ্বার। গুহ্য এবং গুহ্যদ্বারে হামা দেওয়ার ন্যায় সুড়্‌সুড়ী; সূত্রবৎ কৃমি; উদরাময়; মল কটাবর্ণ এবং টক গন্ধযুক্ত; লম্বা গোল কৃমি; ফিতার ন্যায় কৃমি; কৃমি জনিত জ্বর।

জননেন্দ্রিয়। সূত্রবৎ কৃমির উত্তেজনার দরুণ স্ত্রীলোকের পুরুষ সহবাসের অত্যন্ত ইচ্ছা।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা, সন্ধ্যার সময়ই যাহা অধিক হয়; মূত্র কাল্‌চে, কাদাটিয়া, গাঢ় এবং ঘোলাটিয়া; প্রস্রাব করার সময় মূত্রনালীতে জ্বালানুভব।

শ্বাসযন্ত্র। শ্বাস কষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে মনের উদ্বেগ; রাত্রিতে শুষ্ক কাশি (হায়োস্); গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হওয়ার দরুণ ক্ষণস্থায়ী শুষ্ক কাশি; বুকের পাশে সূচীবিঁধানের ন্যায় যাতনা, নিশ্বাস এবং কাশিবার সময়ই যাহা অধিক অনুভূত হয় (ব্রাই)।

অঙ্গ প্রত্যঙ্গ। সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে শ্রান্তি এবং ভারিবোধ; উরুতে হুল ফুটানের ন্যায় অনুভূত হয়; পায়ের ডিমে খাটিয়া ধরা; পায়ের পাতায় ভারি বোধ।

নিদ্রা। দিনের বেলা ঘুমের অত্যন্ত ইচ্ছা; রাত্রিতে বারম্বার ঘুম ভাঙ্গিয়া যায় এবং ঘুম দ্বারা রোগী আপনাকে আপনি সুস্থ মনে করে না ও ঘুমেরঘোরে চিন্তা উৎপাদক স্বপ্ন দেখে।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে লাল চিহ্ন এবং লাল রেখার ন্যায় পড়ে, বহির্ব্বায়ুতেই যাহা অধিক স্পষ্ট দেখিতে পাওয়া যায়।

জ্বর। জ্বর, কিন্তু উহার সঙ্গে পিপাসা থাকে না (এপিস্, পাল্‌স্); শরীর কম্পন এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন উষ্ণানুভব, যাহা মাথা এবং মুখ মণ্ডলেই অধিক অনুভূত হয়; অপরাহ্ন বা সন্ধ্যার সময় শীতকম্প, যাহা প্রায় সকল দিনই রোগীকে এক নির্দ্দিষ্ট সময়ে আক্রমণ করিয়া থাকে এবং অনেক সময় উহার পর শরীর উষ্ণ হয় না; জ্বর ভাব; গা বমী বমী করা; মনের উদ্বেগ, সহজে চমকিয়া উঠা, শরীর কম্পন, নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন এবং গরম; অত্যন্ত শীত, হাত পায় যাহা অধিক অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডলের উষ্ণতা।

ব্যবহার। সবিরাম বা পালা জ্বর; গলার মধ্যের পুরাতন আকারের বেদনা বা ক্ষত ইত্যাদি কৃমি বা কৃমি জনিত অসুখ; আহার বহা গল নালীর প্রদাহ; পাকস্থলী প্রদাহ; উদরাময়; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ যাহাতে প্রদাহ জনিত জ্বর বা পিপাসা থাকে না ইত্যাদি অসুখে স্যাবাডিলা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গা মাটি মাটি করা; শরীরের স্থানে স্থানে থেঁতলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় ক্ষণস্থায়ী প্রবল বেদনা; একখানি ধারাল ছুরি দিয়া চাঁচিলে বা কাটিলে যেরূপ হয়, সমুদয় হাড়ের মধ্যে, প্রধানতঃ সন্ধিতে, সেরূপ বেদনা; ঠাণ্ডা বাতাস সহ্য হয় না; লক্ষণাদি প্রথমতঃ ডাইন দিকে আরম্ভ হইয়া বামদিকে বিস্তৃত হয়; শয়ন করিয়া থাকিলে অধিকাংশ লক্ষণের উপশম।

সমগুণবিশিষ্ট ঔষধ। ষ্টাফিসেগ্রিয়া, বিরেট্রাম্ আল্বাম্, একোনাইট্, ব্রাইওনিয়া, চায়না, নেট্রাম্ মিউরিয়াটিকাম্, পাল্সেটিলা, সিপিয়া।

প্রতিষেধক ঔষধ। পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। ৩য় দশমিক ক্রমের আরোক সচরাচর ব্যবহার্য্য। কোন কোন চিকিৎসক ইহার ৬ এবং ১২ ক্রমও ব্যবহার করিয়া থাকেন।

শ্যাম্বুকাশ্ নাইগ্রা,-শ্যাম্বুক্

(SAMBUCUS NIGRA,-SAMBUC.)

এই গাছের কচি কাঁচা ডালের বাকলের মধ্যের অংশ যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী এবং চর্ম্ম ইহা দ্বারা বিশেষ রূপে আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ সর্দ্দি বসিয়া যাইয়া অসুখ এবং প্রচুর ঘর্ম্ম হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অনবরত খিট্ খিট্ করা; সহজেই চমকিয়া উঠা; শরীর কম্পন, মনের উদ্বেগ এবং অস্থিরতা (একন্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল স্ফীত এবং টল্‌টলে অথবা কাল্‌চে নীল বর্ণ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের সন্তান প্রসবের পর প্রচুর পরিমাণে দুর্ব্বলকারক ঘর্ম্ম।

উদর। ঠাণ্ডা লাগিয়া উদরে শূল বেদনার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং কণ্ঠনালীতে প্রচুর পরিমাণে কঠিন শ্লেষ্মার সঞ্চার (ক্যালী-বাই, রুমেক্স্); বুকে আঁটাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে চাপাবোধ ও বমনোদ্বেগ; বুকের বামপার্শ্বে ও স্তনের বোঁটার নিচে আঁটাবোধ এবং সূচী বিঁধানের ন্যায় যাতনা (ক্যালী-কার্ব্ব্); রাত্রি দুই প্রহরের পর শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া (একন্, আণ্টি-টার্ট্, আর্স্, চায়না), যাহার দরুণ রোগী হঠাৎ জাগিয়া বিছানায় উঠিয়া বসিতে বাধ্য হয়, নীলবর্ণ হয় এবং নিশ্বাস প্রশ্বাসের প্রয়াস পায়; শিশু বা ছোট বালক বালিকাগণের শ্বাসরোধক কাশি এবং তদ্দরুণ ক্রন্দন।

নিদ্রা। নিদ্রার ইচ্ছা থাকে বটে, কিন্তু নিদ্রা হয় না (ক্যাম্, বেল্, ল্যাক্)।

জ্বর। জ্বরের উষ্ণাবস্থায় গায়ের কাপড় ফেলিতে ভয় হওয়া বা অনিচ্ছা; মুখ মণ্ডলে জ্বালাযুক্ত উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে শরীরের পরিমিত উত্তাপ, পায়ের পাতা বরফের ন্যায় ঠাণ্ডা, কিন্তু পিপাসা থাকে না; জাগা অবস্থায় থাকিলে প্রচুর পরিমাণে অত্যন্ত দুর্ব্বলকারক ঘর্ম্ম; রাত্রিতে প্রচুর পরিমাণে ঘর্ম্ম (চায়না, ফস্, ফস্-আস্, সাল্‌ফ্)।

ব্যবহার। সর্দ্দি এবং নাক দিয়া প্রচুর শ্লেষ্মা নির্গমন; সর্দ্দির দরুণ শিশুগণের নাসারন্ধ্র বন্ধ হইয়া থাকা; ঘুংড়ী কাশি; হুপিং কফ; হাঁপানির লক্ষণ বিশিষ্ট সর্দ্দি; শোথ; হাতের সম্মুখ ভাগে স্নায়ুশূলের ন্যায় বেদনা ইত্যাদি অসুখে শ্যাম্বুকাশ্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। হাত পায়ের পাতা স্ফীত, টল্‌টলে এবং নীলবর্ণ; শোথের ন্যায় স্ফীতি; বিশ্রামকালীন অসুখের বৃদ্ধি এবং নড়া চড়া ও বিছানায় সোজা হইয়া বসিলে অসুখের উপশম। ওপিয়ামের পর স্যাম্বুকাশ্‌ বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট, আর্সিনিক, বেলাডোনা, চায়না, ইপিকাকিউএনা, রাস্‌টক্স্‌, সিপিয়া, সাল্‌ফার।

প্রতিষেধক ঔষধ। আর্সিনিক্‌, ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। অতিরিক্ত ঘর্ম্ম এবং হাঁপানিতে ১ম দশমিক ক্রমের আরোক উপকারী। হানিমানের মতে এই গাছের আদত রস অধিক উপকারী।

সিলা ম্যারিটিমা,-স্কুইল্‌,-সিলা

(SCILLA MARITIMA,-SQUILL,-SCILLA.)

ইহার কাঁচা শিকড় যথানিয়মে প্রেক্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহাকে স্কুইলও বলে।

সাধারণ ক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ু-মণ্ডলী আক্রমণ করিয়া উহাতে অত্যন্ত উত্তেজনা উৎপাদন করে, যাহা শ্বাস যন্ত্র এবং মূত্রযন্ত্রেই অধিক প্রকাশ পায় ও যাহার দরুণ উহাতে প্রদাহও হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় ঝিম্‌ ঝিম্‌ করা; কপালের ডাইন পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা; কপালের দুই পার্শ্বে সঙ্কোচক বেদনা বা যাতনা; মাথার পশ্চাৎভাগে হঠাৎ ক্ষণস্থায়ী কসিয়া ধরার ন্যায় বেদনা যাহা বামদিক হইতে ডাইন দিকে বিস্তৃত হয়।

চক্ষু। চক্ষুর তারা সঙ্কুচিত।

কর্ণ। বাম কর্ণের পশ্চাৎ ভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

নাসিকা। সর্দ্দি এবং প্রাতঃকালে নাকদিয়া প্রচুর পরিমাণে উগ্র ক্ষতকারক শ্লেষ্মা নির্গমন; হাঁচি এবং চক্ষু দিয়া জল পড়া (আর্স, সিপা, ইউফ্রেস); নাসারন্ধ্রের ধারে জ্বালা এবং টাটানি।

গলার মধ্য। তালুকা এবং গলার মধ্যে জ্বালা; গলার মধ্যে খুশখুশি এবং সুড়সুড়ী, যাহার দরুণ কাশির উদ্রেক হয়।

পাকস্থলী এবং উদর। আহার দ্রব্যে তিক্ত বা মিষ্ট স্বাদ; অনিবার্য্য ক্ষুধা; বমনোদ্বেগ, গলার মধ্যের পশ্চাৎভাগ হইতে যাহার উদ্রেক হয় বলিয়া অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে মুখের মধ্যে প্রচুর পরিমাণে লালের সঞ্চার; একখানি পাথর চাপিয়া রাখিলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ ভারিবোধ (আর্স, ব্রাই, নাক্স-বম্, পাল্স)। উদর এবং মূত্রাধার প্রদেশে অত্যন্ত বেদনা এবং টাটানি।

মূত্রযন্ত্র। মূত্রাধারে ক্রমাগত চাপাবোধ; মূত্রত্যাগের অত্যন্ত ইচ্ছা এবং প্রচুর পরিমাণে জলবৎ মূত্রত্যাগ (এপিস্, আপোসাইনাম্); লালবর্ণ গাঢ় মূত্রত্যাগ (একন্, আর্স, ক্যান্থ,); মূত্র পরিমাণে অধিক হয় (এপিস্, আপোসাইনাম্)।

শ্বাসযন্ত্র। প্রবল কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা, গলার থাইরয়েড্ উপাস্থির (Thyroid Cartillage) নীচে সুড়সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয় এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া শ্লেষ্মা নির্গমন; নিশ্বাস টানিবার সময় অল্পক্ষণস্থায়ী শুষ্ককাশি; শ্বাসকষ্ট, যাহার দরুণ রোগী বারম্বার দীর্ঘনিশ্বাস টানিতে বাধ্য হয় এবং যাহার দরুণ কাশির উদ্রেক হয়; শ্বাসকষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে বুকে সূচীবিঁধানের ন্যায় যাতনা, নিশ্বাস টানিবার সময়ই যাহার বৃদ্ধি হয়; বুকে সূচীবিধানের ন্যায় যাতনা, কোন দ্রব্য সোঁকিবার সময় বা কাশিবার সময় যাহা অধিক অনুভূত হয়; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (ব্রাই)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না; বাম স্কন্ধাস্থির উপরিভাগে অত্যন্ত কষ্টদায়ক ঝাকনি বা লাফানি; বাম স্কন্ধে বেদনাহীন কসিয়া ধরার ন্যায় অনুভূত হওয়া।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহু এবং পায়ের আক্ষেপিক স্পন্দন বা লাফানি।

নিদ্রা। অস্থির নিদ্রা এবং উহার সঙ্গে সঙ্গে বিছানায় বারম্বার এপাশ ওপাশ করিয়া ছট্ ফট্ করা (একন্)।

জ্বর। হাত পায়ের পাতা বরফের ন্যায় ঠাণ্ডা এবং শরীরের অন্যান্য অংশ উষ্ণ; শরীর শুষ্ক এবং উহাতে আগুনের ন্যায় উত্তাপ ও গায়ের কাপড় ফেলিয়া দিলেই শীতকম্প এবং যাতনা।

ব্যবহার। শ্লেষ্মা জনিত অসুখ; হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি; বায়ু উপনল প্রদাহ; ফুস্ফুস প্রদাহ; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ; হাম; মূত্রকোষ প্রদাহ; মূত্রে শর্করা ব্যতীত বহুমূত্র (Diabetes Insipidus); শোথ জনিত অসুখ; মূত্র কৃচ্ছ্র; মূত্রাবরোধ, রক্ত বা আবুমেন্ যুক্ত মূত্রত্যাগ ইত্যাদি অসুখে সিলা ম্যারিটিমা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ঘুম পায় না, অথচ গা ভাঙ্গা এবং হাই তোলা; সমুদয় শরীরে শ্রান্তিবোধ এবং দুর্ব্বলতা; প্রত্যেক সন্ধির পশ্চাৎভাগের চামড়ার ভাঁজে ভাঁজে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ক্ষত।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে কাশি বা শ্বাসযন্ত্র সম্বন্ধীয় অসুখে ১ম দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। মৌত্রিক যন্ত্রের অসুখে ২য় এবং ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। শ্বাস ও মৌত্রিক যন্ত্রের অসুখে লেখক মূল আরোক, রোগী শিশু বা ছোট বালক বালিকা হইলে, ½ ফোঁটা এবং রোগী যুবা বা যুবতী হইলে ১, এবং কখন কখন, ২ ফোঁটা মাত্রায় ব্যবস্থা করিয়া থাকেন। অনেক রোগীর চিকিৎসায় মিশ্র আরোক দ্বারা বিশেষ ফল না পাইয়া তিনি এইরূপ মূল আরোক ব্যবহার করেন এবং তদ্দরুণ বিশেষ ফলও পাইয়া আসিতেছেন।

সেনিগা,-সেনিগা

(SENEGA,-SENEG.)

এই গাছের শুকনা শিকড় যথানিয়মে প্রুফ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী ইহা বিশেষরূপে আক্রমণ করিয়া থাকে যাহাতে ইহা শ্লেষ্মাজনিত প্রদাহ উৎপাদন করে। ইহা চক্ষু এবং উহার যোজক ঝিল্লীর উপরও উক্ত প্রকারে কার্য্য করিয়া থাকে। ইহা পাকস্থলী এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীকে উত্তেজিত করে, যাহার দরুণ বমন, শূলবেদনা এবং উদরাময় হয়। ইহা ফুস্ফুসাবরক ঝিল্লী এবং সন্ধিগুলিও আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথার গোলমেলে বোধ; মাথাঘোরা, যাহার দরুণ রোগী মনে করে যেন সে টলিয়া পড়িবে; মাথার ঢিমাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে চাপাবোধ ও উহার দুর্ব্বলতা; মাথা যেন ভারি হইয়াছে এরূপ অনুভূত হয়; কপাল, মাথার পশ্চাৎদেশ এবং পার্শ্বে এক প্রকারের কন্‌কনানি যাহা রোগীকে প্রত্যহ আক্রমণ করিয়া থাকে এবং যাহা উষ্ণ ঘরে বসিয়া থাকিলে অনুভূত হয় ও যাহার সঙ্গে সঙ্গে চক্ষে চাপাবোধ হয় ও যাহাতে কোন প্রকারের চাপ সহ্য হয় না, অথচ চাপ দিলে মাথার বেদনা বৃদ্ধি হয় না; বহির্বায়ুতে অঙ্গ চালনায় অসুখের উপশম; মধ্যাহ্নে আহারের পর কপাল এবং চক্ষুর কোটরে চাপিয়া ধরার ন্যায় বেদনা, মাথার বাম পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয় এবং বহির্ব্বায়ুতে যাহার উপশম হয়।

চক্ষু। চক্ষুর কোটরের উপরিভাগে কন্‌কনানি; কোন বস্তুর দিকে একদৃষ্টে স্থিরভাবে তাকাইয়া থাকিলে চক্ষু কাঁপে এবং চক্ষু দিয়া জল পড়ে; পুস্তকাদি পাঠকরার সময় চক্ষে দুর্ব্বলবোধ এবং চক্ষে জলের সঞ্চার হয়; চক্ষুর গোলকে কসিয়া এবং চাপিয়া ধরার ন্যায় যাতনা ও উহার সঙ্গে সঙ্গে দৃষ্টি শক্তির হ্রাস; দৃষ্টি শক্তির দুর্ব্বলতা এবং পুস্তকাদি পাঠ করিবার সময়

চক্ষুর সম্মুখে পাখীর পাখা ঝাড়িবার ন্যায় ধড়ফড়ানি, যাহার দরুণ রোগী বারম্বার চক্ষু মুছিতে থাকে হয়; সূর্য্য অস্ত যাওয়া কালীন পশ্চিম মুখা চলিবার সময় নিম্ন দিকে তাকাইলে রোগী যেন সূর্য্যের নীচে আর একটী ডিম্বাকারের সূর্য্য দেখে, মাথা পশ্চাৎদিকে ফিরাইলে বা চক্ষু বুজিলে যাহা অদৃশ্য হয়; চক্ষে এক বস্তু দুইটীর ন্যায় দেখায়, পশ্চাৎ দিকে মাথা এঁকা বাঁকা করিলে বা ফিরাইলে যাহা অনুভূত হয় না; চক্ষুর পাতার পক্ষ্মে (Eye-lashes) কঠিন পিচুটী (কেতুর) জড়াইয়া ঝুলিয়া পড়ে; সাবান প্রবিষ্ট হইলে যেরূপ হয়, চক্ষুর যোজক ঝিল্লীতে সেরূপ জ্বালা এবং চিড়িক মারা, প্রাতঃকালেই যাহা অধিক হয়; চক্ষুর পাতার প্রদাহ এবং উহার দরুণ চক্ষুর পাতায় পাতায় এত দৃঢ়ভাবে লাগিয়া থাকে যে জলদিয়া ভালরূপে না ভিজাইলে উহা খোলা যায় না।

নাসিকা। নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লীর অত্যন্ত কষ্টদায়ক শুষ্কতা; যত অধিক হাঁচি হয়, তত অধিক মাথা ঝিম্ ঝিম্ করে এবং ভারি হয়; হাঁচির পর নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন।

মুখমণ্ডল। মুখমণ্ডলের বাম অর্দ্ধাংশে পক্ষাঘাতের ন্যায় অবশ বা অসাড় বোধ।

মুখগহ্বর এবং গলার মধ্য। প্রাতঃকালে জিহ্বা সাদা, হরিদ্রার আভাযুক্ত, সাদা বা চট্‌চটিয়া আঠা লেপযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে মুখে চট্‌চটিয়া বিশ্রীস্বাদ। মুখগহ্বর এবং গলার মধ্য শুষ্ক; গলার মধ্যে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার, যাহা গলায় খেকুর দিলেও সহজে নির্গত হয় না; গলার মধ্যে চাঁচিয়া ফেলা এবং খস্‌খসে বোধ হয়; মুখগহ্বরের পশ্চাৎভাগে আঁটা বোধ; বারম্বার গলায় খেকুর দেওয়া।

পাকস্থলী। উদ্গার উঠা, যাহাতে গলার মধ্যে শ্লেষ্মার সঞ্চারের হ্রাস হয় এবং গলায় খেকুর দেওয়ার আবশ্যকতা থাকে না; পাকস্থলীর মধ্যের নিম্নভাগে চাপা বোধ; অত্যন্ত প্রবল ক্ষুধা; পাকস্থলীতে জ্বালা; পরিপাক কার্য্যের বৈলক্ষণ্য।

মল। মল জলবৎ তরল, যাহা গুহ্যদ্বার দিয়া প্রবল বেগে পিচ্কারীর ধারের ন্যায় নির্গত হয় (ক্রোটন্, গ্রাটিয়োলা, থুজা)।

মূত্রযন্ত্র। মূত্রের পরিমাণ কমিয়া যায়; মূত্র কাল্‌চে এবং ফেণা-যুক্ত; মূত্র ত্যাগের পর মূত্র ঠাণ্ডা হইলে ঘোলাটিয়া এবং অস্বচ্ছ হয় ও উহার নীচে গাঢ়, হরিদ্রার আভাযুক্ত লাল তলানি পড়ে, তলানির ঠিক উপরিভাগ হরিদ্রা বর্ণ এবং গোলানির ন্যায় দেখায়।

শ্বাসযন্ত্র। বুকের মধ্যে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার, যাহার দরুণ বারম্বার গলায় ক্ষেকুর এবং কাশির উদ্রেক হয়; উচ্চৈঃস্বরে পুস্তকাদি পাঠ করার সময় হঠাৎ স্বরভঙ্গ হয়; নিচের ঘর হইতে সিঁড়ি ভাঙ্গিয়া উপরের ঘরে উঠিবার সময় শ্বাসকষ্ট এবং বুকে আঁটাবোধ ও গলার মধ্যে খশ্‌খশে বোধ; কণ্ঠনালীতে শ্লেষ্মার সঞ্চার, সুড়্‌সুড়ী বা জ্বালার দরুণ অল্পক্ষণ স্থায়ী খুশ্‌খুশে কাশি, বহির্বায়ুতে এবং তাড়াতাড়ি চলিয়া বেড়াইলে যাহার বৃদ্ধি হয়; সামান্য সর্দ্দিতে যেরূপ হয়, হাঁচি হইয়া কাশির সেরূপ শেষ হয়; বুকে টাটানি, শুষ্ক কাশি, গলার মধ্যে শুষ্ক বোধ, স্বরভঙ্গ এবং তৎপর বায়ুনল ও বায়ু উপনলের মধ্যে প্রচুর শ্লেষ্মার সঞ্চার; সন্ধ্যার সময়, রাত্রিতে, বিশ্রাম কালীন, বসিয়া থাকিলে, (বাম) পার্শ্বে শয়ন করিলে এবং উষ্ণ ঘরে কাশির বৃদ্ধি; রক্ত যেন গরম হয়; কষ্টানুভব এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার দমকা উষ্ণানুভব; কষ্টানুভব, বিশ্রাম কালীন যাহার বৃদ্ধি হয়; বুকে আঁটা বা যাটিয়া ধরার ন্যায় অনুভূত হয় (মার্ক্‌-কর); বুকে কন্‌কনে প্রবল বেদনা, রাত্রিতে এবং বিশ্রাম কালীনই যাহা অধিক অনুভূত হয়; স্পর্শ করিলে বা হাঁচিদিলে বুকের প্রাচীরে বেদনা বা টাটানি, ঠাণ্ডা লাগিলে যাহা অনেক কাল ব্যাপিয়া থাকে (রেনান্‌কুলাস্‌); বুক খুব আঁটা হইলে যেরূপ হয়, নড়া চড়াতে বুকে সেরূপ যাতনা, যাহার দরুণ যাহাতে বুক বিস্তৃত হয় সে জন্য রোগী ব্যাকুল হয় এবং যাহার দরুণ বুকে টাটানি থাকিয়া যায়; বক্ষাস্থির নীচে জ্বালাযুক্ত বেদনা বা টাটানি, নড়াচড়া এবং দীর্ঘ নিশ্বাসে যাহা অধিক অনুভূত হয়; বুকে সূচীবিঁধান বা খোঁচা বিঁধার ন্যায় যাতনা, নিশ্বাস এবং বিশ্রামে যাহার বৃদ্ধি হয়; কণ্ঠ-নালী, বায়ুনল এবং বুকের মধ্যে শ্লেষ্মার সঞ্চার (আণ্টি-টার্ট্‌, ইপিকাক্‌, ষ্টানাম্‌)।

হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে ছিদ্রকারার ন্যায় প্রবল বেদনা (ষ্টিলিঞ্জ)।

জ্বর। শীত বোধ; পৃষ্ঠদেশের কম্পন; মুখমণ্ডলে উষ্ণানুভব; দুর্ব্বলতা; চক্ষে জ্বালা; দপ্ দপিয়া শিরঃপীড়া; শ্বাস কষ্ট; থেঁতুলিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, সমুদয় শরীরে সেরূপ অনুভূত হয়; চর্ম্ম উষ্ণ; নাড়ী কঠিন এবং দ্রুতগামী।

ব্যবহার। শ্লৈষ্মিক ঝিল্লীর (প্রধানতঃ কণ্ঠনালী, বায়ুনল এবং বায়ু উপনলের শ্লৈষ্মিক ঝিল্লীর) অসুখ; যে প্রকার শ্লেষ্মা জনিত অসুখে অসুখ সারিয়া গেলেও বুকের প্রাচীরের স্থানে স্থানে সীমা বিশিষ্ট বেদনা বা টাটানি থাকিয়া যায়, সেপ্রকার প্রদাহ জনিত অসুখ; বুকের মধ্যের যন্ত্রাদির প্রদাহের পর বক্ষ শোথ; গণ্ডমালা ধাতু বিশিষ্ট রোগীর পূঁয সম্বলিত চক্ষু প্রদাহ; চক্ষুর যোজক ঝিল্লী প্রদাহ; চক্ষুর আইরিস্ নামক অংশের প্রদাহ (Iritis); চক্ষের ছানি কাটার পর বিশেষ উপকারী; পুরাতন আকারের বায়ু উপনল প্রদাহ (বৃদ্ধ বয়সে অধিক উপকারী); ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ; ফুস্ফুস প্রদাহ ইত্যাদি অসুখে সেনিগা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং উহার সঙ্গে সঙ্গে অঙ্গ প্রত্যঙ্গে সূচীবিধানের ন্যায় যাতনা ও মাথায় গোলমেলে বোধ; শরীরের ঊর্দ্ধাংশে অবশ বোধ এবং উহার সামান্য কাঁপনি; বহির্ব্বায়ুতে চলিয়া বেড়ানের সময় মূর্চ্ছার ভাব; বিশ্রাম কালীন, চলিয়া বেড়াইলে, বহির্ব্বায়ুতে অসুখের বৃদ্ধি। ডাক্তার হেরিং (Dr. Hering.) বলেন যে, ভোপ্সা বা চর্ব্বিযুক্ত শরীর বিশিষ্ট ছোট বালক বালিকাগণ যাহাদের সহজে সর্দ্দি লাগে, অথবা যাহাদের সর্দ্দি অনবরতই লাগা থাকে এবং সম্পূর্ণরূপে সারে না, তাহাদিগের পক্ষে সেনিগা বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। শ্বাস যন্ত্রের উপর সেনিগার কার্য্য অনেকটা ব্রাইওনিয়া এবং হিপার সাল্‌ফিউরিসের ন্যায়। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে ক্যাল্‌কেরিয়া কার্ব্বোনিকা, কষ্টিকাম্, ব্যারাইটা কার্ব্ব্ এবং সিপিয়া ম্যারিটিমার কার্য্যেরও সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ২য় এবং ৩য় ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হয়। ৬, ১২ এবং ৩০ ডাইলুশনও অনেকে ব্যবহার করিয়া থাকেন।

সেনা,-সোনামুখী,-সেনা

(SENNA,-SENNA.)

সোনামুখীর পাতা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। আলোপ্যাথিক মতে চিকিৎসাপ্রণালী এবং বৈদ্যশাস্ত্র মতে সোনামুখী এক উগ্র রেচক বা সারক ঔষধ মধ্যে পরিগণিত। ইহা ক্ষুদ্রান্ত্রই (Small Intestines) অধিক আক্রমণ করিয়া থাকে এবং উহার রেচক কার্য্যের সঙ্গে সঙ্গে উদরে শূল বেদনার ন্যায় প্রবল বেদনা উৎপাদন করে। হোমিওপ্যাথির নিয়মানুসারে ইহা কোন কোন রকমের উদরাময়ে উপকারী। ইহা মূত্রের ইউরিয়া (Urea), ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ (Chloride of sodium); আর্থি ফস্ফেট্স্ (Earthy Phosphates) এবং ইউরেটেসের (Urates) পরিমাণ বৃদ্ধি করে। অতএব মূত্রের আপেক্ষিক গুরুত্বও বৃদ্ধি পায় এবং তজ্জন্য মূত্রে অক্জেলেট্ অব্ লাইম্ (Oxalalate of lime) এবং উহার সঙ্গে সঙ্গে ইউরিয়া থাকিলে ও মল উদরাময়ের ন্যায় তরল হইলে, সেনার মূল আরোক ২ ফোঁটা মাত্রায় প্রতিদিন দুই মাত্রা সেবনে বিশেষ উপকার দর্শে। ডাক্তার ড্রাইস্ডেল (Dr. Drysdale) উক্ত রোগাক্রান্ত একটী রোগীকে সেনা সেবন করাইয়া আরাম করিয়াছিলেন।

ষ্টিক্টা পাল্মোনেরিয়া,-ষ্টিক্টা

(STICTA PULMONARIA,-STICTA)

এই গাছের সমুদয় অংশ যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করিয়া শ্লেষ্মা জনিত অসুখের লক্ষণাদি উৎপাদন করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ

মন। নানা প্রকারের চিন্তা আসিয়া মনকে অস্থির করিয়া ফেলে, যাহার দরুণ কোন বিষয়েই মন নিবিষ্ট হয় না।

মস্তক। মাথায় চিমা বোধ এবং উহার সঙ্গে সঙ্গে মাথার উপরি ভাগ দিয়া, মুখ মণ্ডলের পার্শ্বে এবং নিম্ন মাড়িতে, ছুরী বিঁধানের ন্যায় প্রখর বেদনা; কপাল এবং নাকের গোড়ায় ভারি এবং চাপ পড়ার ন্যায় অনুভূত হয় (একন্, ক্যালী-বাই, ফাইটোল্); নাক দিয়া শ্লেষ্মা নির্গমনের পূর্ব্বে সর্দ্দি জনিত মাথা ধরা।

চক্ষু। চক্ষুর পাতায় জ্বালানুভব ও উহার সঙ্গে সঙ্গে চক্ষু বুজিবার সময় বা ঘুরাইবার সময় চক্ষুর গোলকে টাটানি; সর্দ্দি জনিত চক্ষুর যোজক ঝিল্লীর প্রদাহ এবং তদ্দরুণ চক্ষু দিয়া জ্বালা উৎপাদনের শক্তি হীন জল পড়া।

নাসিকা। নাকের গোড়ায় পূর্ণ, ভারি এবং চাপা বোধ (একন্, ক্যালী বাই); নাকের ডাইন পার্শ্বে টন্‌টনানী; ঘ্রাণ শক্তির বিনাশ; শুষ্ক সর্দ্দি; নাসিকার শ্লেষ্মা জনিত অসুখ; হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি (একন্); বারম্বার নাক ঝাড়িবার চেষ্টা, কিন্তু নাক ঝাড়িলে কিছুই নির্গত হয় না; নাকের শ্লৈষ্মিক ঝিল্লীতে অত্যন্ত কষ্টকর শুষ্কবোধ, নাকের মধ্যের নিঃসরণ শীঘ্র শীঘ্র শুকাইয়া যায় এবং তদ্দরুণ নাকের মধ্যে মামড়ী (চুমটী) পড়ে, যাহা সহজে বাহির করা যায় না।

শ্বাসযন্ত্র। শুষ্ক কাশি, রাত্রিতে এবং সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয় এবং যাহার দরুণ ঘুমাইতে বা বসিয়া থাকিতে পারা যায় না; শুষ্ক খুশ্ খুশে কাশি, কণ্ঠনালী এবং বায়ু উপনলে সুড়্ সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয়; যক্ষাকাশাক্রান্ত রোগীর অনবরত শুষ্ক খুশ্‌খুশে কাশি; হুপিং কফের আক্ষেপিক অবস্থা; বুকে কষ্ট এবং আঁটা বোধ।

ব্যবহার। ইহা শ্বাস যন্ত্রের শ্লেষ্মা জনিত রোগেই বিশেষ উপকারী। হাঁপানির লক্ষণ বিশিষ্ট সর্দ্দি; হুপিং কফ; বায়ু উপনল প্রদাহ; যক্ষাকাশ; চক্ষুর যোজক ঝিল্লী প্রদাহ; সর্দ্দি এবং উহার দরুণ নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন ইত্যাদি অসুখে ষ্টিক্‌টা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সর্দ্দি লাগিবার পূর্ব্বে যেরূপ হয়,

সেরূপ পা মাটি মাটি করা (জেল্স্, হাইড্রাষ্টি); মনে হয় যেন পা বাতাসে ঝুলিতেছে; রোগীর (স্ত্রীলোক) মনে হয় যেন সে বাতাসে ভাসিতেছে এবং সে যেন বিছানায় শোয় নাই (আসেরাম্)।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট,ডাল্কেমেরা, হাইড্রাষ্টিস্, ক্যালী-বাইক্রমিকাম্, মার্কিউরিয়াস্, রুমেক্স্, সাঙ্গুনেরিয়া।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ১ম এবং ২য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য।

টেবেকাম্,-তামাকু,-টেবেক্

(TABACUM,-TOBACCO,-TABAC.)

তামাকের কাঁচা পাতা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু এবং মেডালা অব্লঙ্গেটা (Pneumogastric Nerve and Medulla oblongata) আক্রমণ করিয়া ইচ্ছা পূর্ব্বক সঞ্চালনের শক্তি বিহিন পেশী গুলির পক্ষাঘাত এবং শিথিলতা উৎপাদন করে। নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু দিয়া ইহা পরিপাক সম্বন্ধীয় যন্ত্র গুলিকেও অত্যন্ত প্রবল রূপে আক্রমণ করিয়া থাকে। বার্থোলো (Bartholow) ইহার কার্য্য তিন প্রকারে বিভক্ত করিয়াছেন। (১) মস্তিষ্কের উপর কার্য্য; (২) পাকস্থলীর শ্লৈষ্মিক ঝিল্লীর উপর স্থানিক কার্য্য; (৩) বমনোৎপাদক শক্তি। ইহা অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর নিঃসরণ বৃদ্ধি করে এবং অন্ত্রের পৈশিক অংশের ধনুষ্টঙ্কারের ন্যায় সঙ্কোচনের অবস্থা উৎপাদন করে, যাহার দরুণ তরল ভেদ হইয়া থাকে। ভয়ানক আকারের বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে শরীর শিটা বা নীলের

আভাযুক্ত হওয়া, মাথা ঘোরা, শীতল ঘর্ম্ম এবং নাড়ী অসম (Intermittent) হওয়া এই ঔষধের কতকগুলি বিশেষ প্রাকৃতিক শক্তি বা গুণ বিশেষ।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের উদ্বেগ, কাঁদিলে যাহার অনেক উপশম হয়; কোন বিষয়ে মন নিবিষ্ট করা অত্যন্ত কঠিন হইয়া পড়ে।

মস্তক। মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে পেট গুলিয়া উঠা বা গা বমী বমী করা, ঘরের মধ্যে থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং বহির্ব্বায়ুতে যাহার উপশম হয়; মাথায় ভারি বোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডল মৃতবৎ শিটা বা ফিকা হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে গা বমী বমী করা (আণ্টি-টার্ট, আর্স, ইপিকাক্); মুখমণ্ডল শিটা বা ফিকা হয় ও বসিয়া যায় এবং শীতল ঘর্ম্মে আবৃত হয় (অক্জ্যাল্); মুখমণ্ডলের হাড় এবং দাঁতে ছিঁড়িয়া ফেলার ন্যায় প্রবল বেদনা।

মুখগহ্বর। মুখ দিয়া ফেণা উঠা (ককিউল, সিকুটা, লরোস্); মুখে প্রচুর পরিমাণে লালউঠা (হিপ্-সাল্ফ্, মার্ক, নাইট্রিক্-আস); মুখগহ্বর এবং গলার মধ্যে সাদা চট্চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার, থুঁথুর ন্যায় যাহা বারম্বার ফেলিতে হয়।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা; পেট গুলিয়া উঠা, গা বমী বমী করা, বমনোদ্বেগ এবং বমন, নড়াচড়াতে যাহার বৃদ্ধি হয়; ভয়ানক বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয়; সমুদয় শরীর শীতল ঘর্ম্ম দ্বারা আবৃত (বিরেট্-আল্ব্); সমুদ্র পথে জাহাজাদিতে যাওয়া কালীন বমন বা বমনোদ্বেগ (Sea-Sickness) (ককিউল্); পাকস্থলীর মধ্যে ঠাণ্ডা বোধ (ক্যাম্ফার, কল্চ্) এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; পেটে পিটে যেন লাগিয়া যায়; পাকস্থলীতে শিথিল বোধ (ইপিকাক্)। নাভি যেন পশ্চাৎদিকে আকৃষ্ট হয়, যাহার দরুণ অত্যন্ত কষ্ট অনুভূত হয়; উদরের উপরস্থিত পেশী গুলির সঙ্কোচন (চেলিডন্, প্লাম্বাম্, পডোফ্); রুদ্ধ অন্ত্র বৃদ্ধি (Incarcerated Hernia)।

মল। কোমল মল নির্গত হওয়ার সময় কোমরের পশ্চাৎদেশে

প্রবল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে কোঁৎপাড়া এবং গুহ্যদ্বারে জ্বালা; উদরাময়; মল হরিদ্রাবর্ণ, অথবা সবুজের আভাযুক্ত চট্‌চটিয়া আঠা; ওলাউঠার ন্যায় ভেদ (আর্স্, ক্যাম্ফ্যার, কুপ্রাম্, বিরেট্-আল্ব্)।

শ্বাসযন্ত্র। শ্বাস কষ্ট; বুকে ভয়ানক আঁটা বোধ; হুপিং কফের প্রত্যেক আক্রমণের পর হিক্কা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। প্রবল হৃৎস্পন্দন (একন্, আর্স্, অরাম্, স্পাইজেল্); রাত্রিতে হৃৎপ্রদেশে অত্যন্ত কষ্টবোধ, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎস্পন্দন ও দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে বেদনা; নাড়ী অত্যন্ত দুর্ব্বল, কোমল এবং মৃদুগতি বিশিষ্ট; নাড়ী ক্ষুদ্র এবং অসম (Intermittent), প্রায় অনুভূত হয় না।

জ্বর। হাঁটু হইতে পায়ের আঙ্গুল পর্য্যন্ত বরফের ন্যায় শীতল; (মিনিয়াস্থ্); হাত, কপাল এবং মুখমণ্ডলে শীতল ঘর্ম্ম (বিরেট্-আল্ব্); গায় শীতল চট্‌চটিয়া ঘর্ম্ম (আর্স্, ক্যাম্ফার, মার্ক্, ফস্, টিরিবিস্থ্)।

ব্যবহার। যেসকল অসুখ মস্তিষ্কের উত্তেজনার দরুণ হইয়া উহার পর বমনোদ্বেগ, বমন ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়; স্নায়বিক এবং হৃৎপিণ্ডের যে সকল অসুখে ভয়ানক আকারের বমনোদ্বেগ থাকে; নৌকা জাহাজাদিতে চাপিয়া সমুদ্রাদিতে যাতায়াতের দরুন বমন বা বমনোদ্বেগ (Sea-sickness) হয়; ওলাউঠা; শিশুগণের ওলাউঠা; রুদ্ধ অন্ত্রবৃদ্ধি; হাঁপানি কাশি; শ্বাসরোধ; হৃদ্বেদনা বা হৃৎস্নায়ুশূল; অন্ধতা; শুক্রক্ষরণ বা অনিচ্ছা পূর্ব্বক ধাতু নিঃসরণ (স্বপ্নদোষ) ইত্যাদি অসুখে টেবেকাম্ ব্যবহার্য্য। ডাক্তার ব্লেকের (Dr. Blake) মতে হৃৎপিণ্ডের বিস্তৃতির দরুণ নিদ্রা শূন্যতাতে ইহা বিশেষ উপকারী। টেষ্টির (Teste) মতে পাকস্থলী এবং অন্ত্রের আক্ষেপ বা বেদনায় এই ঔষধ ব্যবহার্য্য। যেপ্রকার মাথাঘোরা পাকস্থলীর কার্য্যের বৈলক্ষণ্য হেতু হয়, তাহাতে ডাক্তার জুসেটের (Dr. Jousset) মতে টেবেকাম্ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং নিস্তেজতা (আর্স্, চায়না); অত্যন্ত অস্থিরতা, রোগী বারম্বার বা অনবরত পাশ পরিবর্ত্তন করিতে চাহে; রাত্রিতে অবসন্নকারক বা অজ্ঞানবৎ নিদ্রা।

সমগুণবিশিষ্ট ঔষধ। আণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, ডিজি-টালিস্, লোবিলিয়া, বেলাডোনা, ইপিকাকিউএনা, নাক্স্-বমিকা, ওপিয়াম্, ষ্ট্রামোনিয়াম্, বিরেট্রাম্ আল্বাম্।

প্রতিষেধক ঔষধ। আর্সিনিক্, ক্যামোমিলা, ইপিকাকিউ-এনা, নাক্স্-বমিকা, ইগ্নেসিয়া, পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। ১ম হইতে ৬ষ্ঠ ক্রম ব্যবস্থা। কোন কোন চিকিৎসক আবার মূল আরোক ২।৩ ফোঁটা মাত্রায় ব্যবস্থা করিয়া থাকেন।

ট্যারেক্সে্কাম্,-ট্যারেক্স্

(TARAXACUM,-TARAX.)

এই গাছের সমুদয় অংশ সংগ্রহ করিয়া যথানিয়মে উহা প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা পরিপাক সম্বন্ধীয় যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী এবং যকৃত আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বসিয়া থাকিলে কপালের বাম পার্শ্বে কসিয়া ধরার ন্যায় বেদনা, দাঁড়াইলে বা চলিয়া বেড়াইলে যাহার উপশম হয়; মাথার পশ্চাৎ-ভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; বসিয়া থাকিলে কপালের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা, দাঁড়াইলে যাহার উপশম হয়; শয়ন করার পর মাথার পশ্চাৎদেশের নিম্নভাগে চাপা এবং ভারিবোধ।

চক্ষু। বাম চক্ষুর গোলকে জ্বালা।

কর্ণ। কর্ণের বহির্দ্দেশে কসিয়া ধরার ন্যায় বেদনা।

মুখমণ্ডল। মুখমণ্ডল লালবর্ণ এবং উষ্ণ।

মুখগহ্বর। টক দ্রব্যাদি খাইলে যেরূপ হয়, দাঁত সেরূপ টকে যাওয়া;

জিহ্বা সাদা লেপযুক্ত, সাদা লেপ উঠিয়া যাইয়া জিহ্বার স্থানে স্থানে কাল্‌চে, লাল দাগ থাকিয়া যায় এবং যাহা অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায়; মুখে প্রচুর পরিমাণে লালের সঞ্চার এবং উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন কণ্ঠ-নালী কেহ চাপিয়া বন্ধ করিতেছে; আহারের পর মুখে তিক্ত স্বাদ।

পাকস্থলী এবং উদর। টক উদ্‌গার উঠা; হিক্কা; অতিরিক্ত পরিমাণ চর্ব্বিযুক্ত দ্রব্য খাইলে যেরূপ হয়, সেরূপ বমনোদ্বেগ এবং বমনের ইচ্ছা (পাল্‌স্)। উদরের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় বেদনা; বুদ্‌বুদ্ উঠিয়া ফাটিয়া গেলে যেরূপ হয়, উদরের মধ্যে সেরূপ অনুভূত হয়।

মল। মল কঠিন নহে বটে, কিন্তু উহা অতিকষ্টে নির্গত হয়।

শ্বাসযন্ত্র। বুকে সূচীবিঁধানের ন্যায় বেদনা (ব্রাই); ডাইন পার্শ্বের পাঁজরার হাড়ের মধ্যবর্ত্তী স্থানের পেশীতে স্পন্দন।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড়ের বাম পার্শ্বে স্পন্দন বা ঘাটিয়া ধরার ন্যায় যাতনা; ডাইন স্কন্ধে গড়্ গড়্ শব্দ হওয়া।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহুর পেশীর স্পন্দন; হাতের আঙ্গুলের মাথা বরফের ন্যায় শীতল; ডাইন হাতের শেষ তিনটী আঙ্গুলে চাপিয়া ধরার ন্যায় বেদনা। বাম উরুতে সূচীবিঁধানের ন্যায় যাতনা; বাম পায়ের ডিমে চাপিয়া ধরার ন্যায় বেদনা; ডাইন পায়ের ডিমে লাফানের ন্যায় বেদনা, স্পর্শ করিলেই যাহা থামিয়া যায়; ডাইন পায়ের পাতার উপরিভাগে কসিয়া ধরার ন্যায় বেদনা; ডাইন পায়ের পাতার তলায় সূচীবিঁধানের ন্যায় প্রবল বেদনা; পায়ের আঙ্গুলে জ্বালানুভব।

নিদ্রা। দিনের বেলা হাই উঠা এবং নিদ্রার ভাব; যে সকল বিষয় একবারেই স্মরণ থাকে না, সে সকল বিষয়েও স্পষ্ট স্বপ্ন দেখা।

জ্বর। আহার বা পানের পর শীতবোধ (ক্যাপ্‌স্)।

ব্যবহার। শিরঃপীড়া; পাকস্থলীর অসুখ; যকৃতের বিবৃদ্ধি এবং কঠিনতা; কামলরোগ; বাতরোগ; স্নায়ুশূল; উদরাময় ইত্যাদি রোগে ট্যারেক্সেকাম্ ব্যবহার্য্য। কখন কখন প্রচুর মূত্রত্যাগ, রাত্রিতে প্রচুর ঘর্ম্ম এবং অল্প কালের চর্ম্ম রোগও ইহা দ্বারা আরাম হইয়া থাকে। বসা অবস্থায় সমুদয় লক্ষণের বৃদ্ধি এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ব্রাইওনিয়া, ক্যাপসিকাম্, নাক্স-বমিকা, পালসেটিলা, স্পাইজেলিয়া।

ডাইলুশন বিচার। হানিমান্ ইহার মূল আরোক দুই ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া গিয়াছেন। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসায় ইহা অধিক ব্যবহার করেন নাই। যে কএকটী রোগীর চিকিৎসা তিনি এই ঔষধ দ্বারা করিয়াছেন, উহার সমুদয় রোগীকেই তিনি হানিমানের মতানুসারে মূল আরোক, ১ ফোঁটা মাত্রায়, ব্যবহারের ব্যবস্থা দিয়াছেন।

টেলুরিয়াম,-টেলুর

(TELLURIUM,-TELLUR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত টেলুরিয়াম্ ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা প্রধানতঃ চর্ম্ম আক্রমণ করিয়া উহাতে দাদের ন্যায় কোস্কা বিশিষ্ট এক প্রকার ফুস্কুড়ী উৎপাদন করে। এই ফুস্কুড়ী কখন কখন চক্রাকারের হার্পিসের (Herpes Circinatus) আকার ধারণ করে। ইহা মেরুদণ্ড, উরুদেশ এবং গুহ্যদ্বারের উপরিভাগের হাড়েও সায়েটিকার (Sciatica) ন্যায় বেদনা উৎপাদন করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

চক্ষু। চক্ষুর লেন্স্ নামক অংশের (Lense) সম্মুখে চাক্‌ড়ির ন্যায় এক প্রকার পদার্থের সঞ্চার হয়; চক্ষু দিয়া পূঁযের ন্যায় পদার্থ নিঃসরণ; চক্ষের পাতার উপর ইম্পিটিগোর আকার বিশিষ্ট বিকচ (Eczema Impetigoides); ফুস্কুড়ী; চক্ষুর যোজক ঝিল্লীর মধ্যে দাদের ন্যায় ফুস্কুড়ী;

চক্ষুর শিরার বিবৃদ্ধি এবং কর্ণিয়ার প্রান্তের নিকটবর্ত্তী স্থানে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী, কাঁদিলে যাহার বৃদ্ধি হয়।

কর্ণ। দিবা রাত্রি কানের মধ্যে ঘুশ্‌ঘুশে রকমের দপ্‌দপিয়া বেদনা, কান দিয়া জলবৎ তরল ক্ষতকারক নিঃসরণ; কানের পটহতে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী, যাহা পাকিয়া ফাটিয়া যাইয়া পটহে ছিদ্র হয়; পটহতে ক্ষত হইয়া শ্রবণ শক্তির অনেক হ্রাস হয়; কানের মধ্যের স্ফীতি এবং উহাতে চুল্‌কানি ও কানের বহির্দ্দেশে অত্যন্ত কষ্টদায়ক দপ্‌দপানি; উহার ৩।৪ দিবস পর কানদিয়া তরল কল্‌তানি নির্গত হয়; এই কল্‌-তানি যেথানে লাগে সেথানেই ঘা হয়; কানে শোথের ন্যায় স্ফীতি এবং উহাতে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; শ্রবণ শক্তির হ্রাস বা বিনাশ।

নাসিকা। বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে সর্দ্দিলাগা এবং নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নিঃসরণ ও চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল নির্গমন; অল্পকালস্থায়ী কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বক্ষাস্থির নীচে চাপাবোধ।

মুখগহ্বর। মুখের মধ্যে রসুনের ন্যায় গন্ধ।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের অতিরিক্ত ইচ্ছা; অণ্ডকোষাধার এবং অণ্ডকোষাধার ও গুহ্যদ্বারের মধ্যবর্ত্তী স্থানে দাদের ন্যায় ফুস্কুড়ী।

পৃষ্ঠদেশ। মেরুদণ্ডের হাড়ের, ঘাড় হইতে কোমর পর্য্যন্ত অংশে, টাটানি, চাপিলে এবং স্পর্শনে যাহা অত্যন্ত বেদনাযুক্ত হয় ও যাহার দরুণ রোগী কাহাকেও তাহার নিকট আসিতে দেয় না; গুহ্যদ্বারের উপরিভাগে বেদনা, যাহা ডাইন উরুতে বিস্তৃত হইয়া সায়েটিক স্নায়ুর (Sciatic nerve) শাখা পাশি আগা গোড়া অনুভূত হয়, মলত্যাগের সময় কোঁথ পাড়িলে, কাশিলে, হাসিলে, আক্রান্ত পার্শ্বে শয়ন করিলে যাহার বৃদ্ধি হয় (সায়েটিকা,-Sciatica)।

চর্ম্ম। সমুদয় শরীরে দাদের ন্যায় ফুস্কুড়ী যাহা নিম্নাঙ্গেই অধিক হয় এবং কথন কথন কেবল শরীরের কোন কোন অংশে প্রকাশ পায়।

ব্যবহার। দাদ বা দাদের ন্যায় ফুস্কুড়ী; দাদের ন্যায় ফোস্কা

বিশিষ্ট ফুস্কুড়ী; মেরুদণ্ডের উত্তেজনা; সায়েটিক স্নায়ুতে বেদনা বা, সায়েটিকা (Sciatica); কান দিয়া পচা মাছের গন্ধ বিশিষ্ট জলবৎতরল নিঃসরণ এবং উহার সঙ্গে সঙ্গে শ্রবণ শক্তির হ্রাস ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য।

ডাইলুশন বিচার। ৩য় ক্রমের গুঁড়া ব্যবহার্য্য। ডাক্তার ডান্‌হামের (Dr. Dunham) মতে ৩০ক্রম ব্যবহার্য্য।

ট্রিলিয়াম্ পেণ্ডুলাম্,-ট্রিলিয়াম্

(TRILLIUM PENDULUM,-TRILL.)

এই গাছের শিকড় দিয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় যন্ত্রদিয়া ইহা শ্লৈষ্মিক ঝিল্লী এবং রক্তবহা কৈশিক নালী (প্রধানতঃ জরায়ুর) গুলি আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ জরায়ু হইতে রক্তস্রাব হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

নাসিকা। নাসিকা হইতে রক্তস্রাব (একন্, বেল্, ব্রাই, হামামেলিস্)।

মুখগহ্বর। মাড়িদিয়া আপনা আপনি রক্তপড়া বা দাঁত তুলিয়া ফেলার দরুণ মাড়িদিয়া রক্তপড়া (হামামেলিস্)।

পাকস্থলী। পেটে পিটে লাগিয়া যাওয়া এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে গরমবোধ; পাকস্থলী হইতে গলাদিয়া রক্ত উঠা বা রক্তবমন (হামামেলিস্, ইপিকাক্)।

মল এবং মলদ্বার। রক্তামাশয়ে মল যখন প্রায় টাট্‌কা খাটি রক্ত অথবা জলবৎতরল এবং রক্তের ছিটযুক্ত হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের জরায়ু হইতে রক্তস্রাব; শেষ রজঃরোধের সময় জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব; রক্ত সাদাটিয়া, ফিকা,

এবং প্রতি দুই সপ্তাহেই রজঃস্রাব হয়; জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া এবং তদ্দরুণ অতিরিক্ত রজঃস্রাব; সামান্য নড়াচড়াতেই জরায়ু হইতে হঠাৎ পিচ্‌কারির ধারের ন্যায় উজ্জ্বল লালবর্ণ রক্তস্রাব এবং তৎপর রক্তাল্পতার দরুণ রক্ত ফিকা হয়; গর্ভস্রাব শীঘ্রই হইবে এরূপ লক্ষণাদি প্রকাশ পায়; জরায়ু হইতে প্রচুর রক্তস্রাব; পৃষ্ঠদেশে বেদনা এবং অঙ্গ, প্রত্যঙ্গ ঠাণ্ডা ও উহার সঙ্গে সঙ্গে রক্তস্রাব; অতিরিক্ত শারীরিক পরিশ্রমের দরুণ অত্যন্ত অবসন্ন হওয়ায় অতিরিক্ত রজঃস্রাব; সন্তান প্রসবের পর অনেকদিন ধরিয়া ক্লেদ বা লোকিয়া (Lochia) নিঃসরণ (কলোফিলাম্)।

শ্বাসযন্ত্র। কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলাদিয়া পূঁয বা রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গমন; রক্তোৎকাশ (Hœmoptysis) (ইপিকাক্)।

ব্যবহার। জরায়ু হইতে সকল প্রকারের রক্তস্রাবেই উপকারী (কলোফিলাম্)। জরায়ু হইতে রক্তস্রাব যখন হামামেলিস এবং মিলিফোলিয়ামে না থামে, তখন ট্রিলিয়াম্ দ্বারা বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। রক্তস্রাবে রক্ত সচরাচর উজ্জ্বল লালবর্ণ এবং পরিমাণে অধিক ও উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন কুঁচ্‌কির সন্ধি খসিয়া পড়িবে, যাহার দরুণ রোগী উক্ত স্থানে কসিয়া বাঁধিয়া রাখিতে চাহে; জরায়ু হইতে রক্তস্রাবের সঙ্গে সঙ্গে হাড় ভাঙ্গিয়া ফেলার ন্যায় বেদনা; কসিয়া বাঁধিয়া রাখিলে যেরূপ হয়, আক্রান্ত স্থানের শিরাতে সেরূপ যাতনা, পা এবং পায়ের পাতার সন্ধিতেই যাহা অধিক অনুভূত হয়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। হামামেলিস্, ইপিকাকিউএনা, স্যাবাইনা, সিকেল্ কর্ণুটাম্।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। আমেরিকাস্থ চিকিৎসকগণ ইহার মূল আরোক ব্যবহার করিয়া থাকেন।

বুফো রাণা,-বুফো

(BUFO RANA,-BUFO.)

কট্‌কটিয়া বেঙ্গের বিষ যথানিয়মে সুগার অব্‌ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। এই ঔষধ রীতিমত সুস্থ শরীরে পরীক্ষা করা হয় নাই।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। মস্তিষ্ক এবং কশেরুকা মর্জ্জাসম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী দিয়া ইহা নৈতিক জ্ঞান এবং গতি উৎপাদনের সহায়কারী স্নায়ুগুলিকে আক্রমণ করিয়া থাকে। ইহা অত্যন্ত নিচ প্রবৃত্তিকে উত্তেজিত করিয়া মনুষ্যকে পশুবৎ করিয়া ফেলে। ইহা মদ্যপানের ইচ্ছাকে উত্তেজিত করে এবং হস্তমৈথুন করার জন্য রোগী নির্জ্জন স্থানে যাইতে অত্যন্ত ব্যাকুল হইয়া পড়ে। ইহা পুরুষের ধ্বজভঙ্গ উৎপাদন করে। ইহা কথিত আছে যে, যাহাতে স্ত্রীলোকের সন্তান না হয়, সে অভিপ্রায়ে স্ত্রীলোকেরা তাহাদিগের স্বামীগণকে এই ঔষধ খাওয়াইয়া থাকে। ইহা মৃগীরোগের ন্যায় লক্ষণাদি উৎপাদন করিয়া থাকে। অতএব ইহা মৃগীরোগের চিকিৎসায় অনেকে ব্যবহার করিয়া থাকেন। যদি স্ত্রী বা পুরুষ সহবাসের সময় মৃগীর আক্রমণ হয়, অথবা মৃগী রোগ যদি হস্তমৈথুন জনিত হয়, তবে এই ঔষধ আরো উপকারী। ডাক্তার লিপির (Dr. Lippe) মতে ভয় খাইয়া মৃগীরোগ হইলে এই ঔষধ দ্বারা উপকার দর্শে। যদি মৃগী রোগের আক্রমণের পূর্ব্বে রোগী অত্যন্ত রাগ করে এবং অসংলগ্ন কথা বলে ও তাহার নিকটবর্ত্তী লোকে যদি তাহার কথা না বুঝার দরুণ সে অত্যন্ত রাগ করে, তবে এই ঔষধ ব্যবহার্য্য। ইহা লিম্ফেটিক্ নালী ইত্যাদি (Lymphatic System) আক্রমণ করে, যাহার দরুণ লিম্ফেটিক্ নালীর গতির সঙ্গে সঙ্গে আগা গোড়া নীল বর্ণের স্ফীতি বর্ত্তমান থাকে। ইহা সচরাচর কোন প্রকারের ঘা হইতে উৎপন্ন হইয়া থাকে। ইহা সাঙ্ঘাতিক আকারের ফোস্কার ন্যায় ফুস্কুড়ীতে বিশেষ উপকারী এবং উহা গাল এবং মুখগহ্বর আক্রমণ করিয়া যদি আক্রান্ত স্থান ছিদ্র করিয়া ফেলে, তবে ইহা আরো উপকারী। ডাক্তার আলেনের (Dr. Allen's)

ভৈষজ্যতত্ত্বে বুফোর যে সকল লক্ষণাদি পাঠ করা যায়, তাহার উপর বিশেষ নির্ভর করা যায় না। অতএব এই ঔষধের অধিক বাহুল্য বিবরণ নিষ্প্রয়োজন। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, মৃগী রোগে বুফো ব্যবহার করিয়া তিনি কোন ফল পান নাই। ৬,১২ এবং ৩০ এবং ২০০ ডাইলুশন ব্যবহার্য্য।

প্লাণ্টেগো মেজার,-প্লাণ্টেগো

(PLANTAGO MAJOR,-GREAT PLANTAIN,-PLANTAGO.)

এই গাছের কাঁচা শিকড় এবং পাতা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। সুইজারলাণ্ডে এই গাছের শিকড় এবং পাতা দন্তশূলে অনেক কাল হইতে ব্যবহৃত হইয়া আসিতেছে। ইহার শিকড় বা পাতা আক্রান্ত পার্শ্বের কানের মধ্যে দিয়া রাখিতে হয়। হোমিওপ্যাথিক চিকিৎসকগণ দন্তশূলে ইহার আরোকের আভ্যন্তরিক প্রয়োগ করিয়া থাকেন। ডাক্তার রুট্লিঙ্গার (Dr Reutlinger) বলেন যে, ইহার ২য় দশমিক ক্রমের আরোক সেবনের ১৫ মিনিট মধ্যে দন্তশূল সারিয়া যায়। ডাক্তার হাম্ফ্রিজ্ও (Dr. Humphreys) উক্ত মতের পোষকতা করিয়াছেন। ডাক্তার হেল্ (Dr. Hale) উক্ত বিবরণের সত্যাসত্য সম্বন্ধে প্রথমতঃ সন্দেহ করিয়াছিলেন। কিন্তু ইহা ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়ার দরুণ উক্ত মতের পোষকতা করিয়া তিনি বলিয়াছেন যে, যত রকমের দন্ত শূলের ঔষধ আছে তন্মধ্যে প্লাণ্টেগোর ন্যায় সম উপকারী একটী ঔষধও নাই। ডাক্তার হিউজ্ (Dr Hughes) ডাক্তার হেলের উক্ত মতের পোষকতা করেন। চিকিৎসা বিষয়ক গ্রন্থে দন্তশূলের চিকিৎসায় প্লাণ্টেগোর উপকারীতার বিষয় পাঠ করিয়া লেখক স্বয়ং অনেক রোগীকে উহা দিয়া আশানুরূপ ফল পান নাই। তবে ইহা দ্বারা যে প্রায় সকল রোগীরই অনেক আশু উপকার দর্শিয়াছে তাহা তিনি অস্বীকার

করিতে পারেন না। কোন কোন চিকিৎসক স্বপ্নে বিছানায় প্রস্রাব করার চিকিৎসায় এই ঔষধ দ্বারা বিশেষ উপকার পাইয়াছেন। অতিরিক্ত পরিমাণে প্রস্রাব হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত। ১ম, ২য়, ৩য় দশমিক ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

রাটান্হিয়া,-র‍্যাটানিয়া,-রাটান্

(RATANHIA,-RATANIA,-RAT.)

এই গাছের শুক্না শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। চক্ষুর সম্মুখে যেন একখানি চামড়া ঝুলিতেছে এরূপ অনুভূত হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ দেখিয়া ডাক্তার মেডেন্ (Dr. Madden) ইহা চক্ষুর টেরিজিয়াম্ (Pterygium)* নামক অসুখে বিশেষ ফল পাইয়াছেন। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, চক্ষুর উক্তপ্রকার অসুখে তিনিও তিনটী রোগীর চিকিৎসায় এই ঔষধ দ্বারা বিশেষ ফল পাইয়াছেন। ইহা সেবনে গুহ্যদ্বারে শুষ্কবোধ এবং হঠাৎ ছুরী বিঁধাইয়া দেওয়ার ন্যায় যাতনা অনুভূত হয়। এই প্রাকৃতিক লক্ষণটী দেখিয়া ডাক্তার আলেন্ (Dr. Allen) গুহ্য ফাটা (Fissure of the Anus) আক্রান্ত রোগীর চিকিৎসায় এই ঔষধের ৩য় ক্রমের আরোক ব্যবস্থা করিয়া বিশেষ ফল পাইয়াছেন। টেষ্টি (Teste) বলেন যে, কোমর প্রদেশে কোন প্রকারের কুস্কুড়ী বসিয়া যাইয়া জরায়ুতে বেদনা হইলে রাটান্হিয়া সেবনে বিশেষ উপকার দর্শে। ইহার ২য় দশমিক ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ইহার ১ম এবং ৩য় দশমিক ক্রমের আরোকও কখন কখন ব্যবহৃত হইয়া থাকে।

---

* এই প্রকার রোগে চক্ষুর নাকের নিকটবর্ত্তী কোণ হইতে চক্ষুর গোলক এবং কর্ণিয়ার দিকে পর্দ্দার ন্যায় পদার্থের সঞ্চার হয়।

এবিস্ নায়গ্রা,-এবিস্ নায়গ্

(ABIES NIGRA,--ABIES-NIG.)

গঁদের ন্যায় পদার্থ দ্বারা যথানিয়মে ইহার আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। পাকস্থলীর শ্লৈষ্মিক ঝিল্লীর উপরই ইহার কার্য্য প্রবল, যাহার দরুণ অজীর্ণ এবং তজ্জনিত লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। ইহার গঁদের ন্যায় পদার্থ চুষিয়া পাকস্থলীর মধ্যে একটী সিদ্ধ করা ডিম লাগিয়া রহিয়াছে, ডাক্তার সেইণ্ট্ ক্লেয়ার স্মিথ্ (Dr. St. Clair Smith) এরূপ অনুভব করিয়া ছিলেন। ইহা দেখিয়া ডাক্তার আলেন্ (Dr. Allen) এবং অন্যান্য চিকিৎসকগণ এই লক্ষণাক্রান্ত অজীর্ণ রোগে এই ঔষধ ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়াছেন। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, এক ব্যক্তি বাইসাইকেল্ (Bicycle) হইতে পড়িয়া যাইয়া রক্ত বমন করে এবং রক্ত বমনের সঙ্গে সঙ্গে আহার বহা গলনালীর নিম্নাংশের মধ্যে যেন ঢেলার ন্যায় কোন একটী পদার্থ লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হইরাছিল। আর্ণিকা দ্বারা তাহার রক্ত বমন থামিয়া গেল। কিন্তু আহার বহা গলনালীতে উক্ত প্রকারের অসুখ বোধ দূরীভূত না হওয়ায়, ডাক্তার হিউজ্ (Dr Hughes) এবিস্ নাইগ্রার ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবস্থা করা মাত্রই উক্ত অসুখ সারিয়া গেল।

আকালিফা ইণ্ডিকা,-আকালিফ্-ইণ্ড্

(ACALYPHA INDICA,-ACALYPH. IND.)

কলিকাতাস্থ ভূতপূর্ব্ব চিকিৎসক ডাক্তার টনিয়ার (Dr. Tonnerre) ইহার মূল আরোক ১০ ফোঁটা মাত্রায় খাওয়াতে তাঁহার শুষ্ককাশি হইয়া তৎপর শ্লেষ্মার সঙ্গে গলাদিয়া রক্ত উঠিয়াছিল। ডাক্তার হল্কোম্ব্ এবং ডাক্তার টমাস্ (Drs. Holcombe and Thomas) ফুস্ফুস হইতে রক্তস্রাবে

(Pulmonary hæmorrhage) ইহা ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়াছিলেন। ক্লিফ্‌টান্ সাহেবের (Mr. Clifton) মতে ফুস্ফুসের স্ফোটক রোগের (Pulmonary Tuberculosis) দরুণ গলাদিয়া রক্ত উঠার পক্ষে আকালিফার ন্যায় সমগুণ বিশিষ্ট ঔষধ আছে কি না সন্দেহ। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, প্রাতঃকালে গলাদিয়া উজ্জল লাল রক্ত এবং বৈকালে কাল্‌চে ডেলা ডেলা বা থানা থানা রক্ত উঠা এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত। উক্ত চিকিৎসক গণের মতে ৬ হইতে ১২ ডাইলুশন ব্যবস্থা। লেখক যে কয়েকটী যক্ষাকাশাক্রান্ত রোগীর গলা দিয়া রক্তউঠার চিকিৎসায় এই ঔষধ ব্যবহার করিয়া সুফল পাইয়াছেন, উহার সকলকেই ইহার মূল আরোক ২।৩ ফোঁটা মাত্রায় সেবন করাইতে হইয়াছে। ইহার ১ম হইতে ১২ ক্রম পর্য্যন্ত ব্যবহার করিয়া কোনও ফল পাওয়া যায় নাই।

আব্‌সিন্থিয়াম্,-আর্টিমিসিয়া আব্‌সিন্থিয়াম্,-আব্‌সিন্থ্

(ABSINTHIUM,-ARTEMISIA ABSINTHIUM,-ABSINTH.)

সাধারণ ক্রিয়া। স্নায়বিক মণ্ডলীর উপর ইহার কার্য্য এক বিশেষ প্রকৃতির, যাহার দরুণ মৃগী রোগের ন্যায় লক্ষণ, পেশীর কাঁপনি, পেশীর আক্ষেপ এবং তদ্দরুণ উহার একবার প্রসারণ এবং একবার সঙ্কোচন, মুখে ফেণাউঠা, অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মল এবং শুক্র নিঃসরণ ও উহার সঙ্গে সঙ্গে প্রলাপ এবং কাল্পনিক দৃশ্য দেখা ও কসেরুকা মজ্জা এবং মস্তিষ্কে রক্তাবরোধের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। মেডালা অব্‌লঙ্গেটাই (Medulla Oblongata) উক্ত লক্ষণাদি দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে। প্রকারান্তরে শরীরের পরিপোষণের সহায়কারী যন্ত্রের উপরও ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ প্রথমতঃ ক্ষুধা বা রুচির বৃদ্ধি হয়, পরিপাক শক্তির বৃদ্ধি হয়, রক্ত সঞ্চালন ক্রিয়া সতেজ হয়, শরীরের স্বাভাবিক নিঃসরণের কতক পরিমাণে বৃদ্ধি হয় এবং কতককাল পর উহার

সমুদয়ই বিপরীত অবস্থা প্রাপ্ত হইয়া অজীর্ণ রোগ এবং তজ্জনিত অন্যান্য লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। তরুণাবস্থায় ইহার কার্য্য অনেকটা সুরার ন্যায়। পুরাতনাবস্থায় ইহার কার্য্যের ফল অধিক অনিষ্টকর বা প্রখর।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অতি অল্প কাল হইল যে ঘটনা ঘটিয়াছে তাহাও ভুলিয়া যাওয়া; উন্মত্ত; নির্ব্বোধ এবং পশুর ন্যায় ভাব; অন্য লোকের সঙ্গে কোনও কার্য্য করিবার অনিচ্ছা; ভয়ানক দৃশ্য দেখা (ওপিয়াম্) এবং ভয় উৎপাদক কাল্পনিক ভয়; (আনাকার্ড্, ক্যানাবিস্-ইণ্ড্, হায়োস্, ষ্ট্রামন্); অর্দ্ধজ্ঞান রহিততা (Stupor) এবং উহার সঙ্গে সঙ্গে পর্য্যায়ক্রমে ভয় উৎপাদক প্রলাপ, অচেতনতা এবং উহার সঙ্গে সঙ্গে আক্ষেপ (Convulsions)।

মস্তক। মাথাঘোরা; মাথায় গোলমেলে বোধ; মাথা নিচু করিয়া শুইবার ইচ্ছা; মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জায় রক্তাধিক্য বা রক্তাবরোধ।

চক্ষু। চক্ষুর যোজক ঝিল্লী লালবর্ণ; চক্ষের মধ্যে বেদনা এবং চুলকানি; চক্ষুর পাতায় ভারিবোধ (কষ্টি, কোনায়াম্, নেট্রাম্-কার্ব্ব)।

কর্ণ। কান দিয়া পূঁযাদি নিঃসরণ।

মুখমণ্ডল। মুখমণ্ডল নির্ব্বোধের ন্যায়; মুখমণ্ডলে রক্তাধিক্য (একন্, বেল্); মৃগীরোগের ন্যায় মুখে পোঁটা এবং গ্যাজ্‌লা উঠা।

মুখগহ্বর এবং গলার মধ্য। মাড়িতে মাড়িতে দৃঢ়ভাবে লাগিয়া থাকা (সিকুটা, ইগ্নেস্, হায়োস্, নাক্স্-বম্); মৃগী রোগের ন্যায় জিহ্বা কামড়ান; জিহ্বা পুরু এবং মুখের বাহির হয় ও তজ্জন্য কথা বলিতে অশক্তি; জিহ্বা কাঁপে এবং পক্ষাঘাতের ন্যায় অবশ বলিয়া অনুভূত হয়; পুড়িয়া গেলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ যাতনা।

পাকস্থলী এবং উদর। অক্ষুধা বা অরুচি; আহারে অনিচ্ছা; আহার দ্রব্য যেন পাকস্থলীতে ভারি হইয়া থাকে, যাহার দরুণ মনে হয় যেন উদরস্থ আহার দ্রব্যাদি হজম হইবে না (আর্স্, ব্রাই, নাক্স্-বম্, পাল্স্, সিপ্টাস্, কল্চ্); পাকস্থলীতে ঠাণ্ডা এবং কষ্টবোধ; উদ্গার উঠা; বমনোদ্বেগ; বমন; বমনোদ্বেগ যাহা যেন যকৃতের পিত্তাধারে কোন

অসুখের দরুণ উৎপন্ন বলিয়া বোধ হয়; পাকস্থলী অত্যন্ত উত্তেজিত এবং উহাতে অসুখ বোধ। মনে হয় যেন প্লীহা এবং যকৃত স্ফীত হইয়াছে-; পেট যেন ঠোশ মারিয়া থাকে; উদরে অধিক দূষিত বায়ুর (Flatulence) সঞ্চার (কার্ব্বো-বেজ, চায়না, লাইকোপ,' সাল্ফ্)।

মূত্রযন্ত্র। অনবরত প্রস্রাব করার ইচ্ছা; মূত্রগাঢ় কমলালেবুর রঙ্গের ন্যায়, উগ্র গন্ধযুক্ত (বেঞ্জ-আস্), ঘোড়ার মূত্রের ন্যায় (নেট্রাম্-কার্ব্ব, নাট্রিক্-আস্)।

স্ত্রী জননেন্দ্রিয়। ডাইন ডিম্বকোষে ছুরি বিঁধানের ন্যায় যাতনা (এপিস্); মৃত্তিকা-পাণ্ডুরোগ (ফেরাম্, হেলোনিয়াস্)।

হৃৎপিণ্ড। হৃৎপিণ্ডের কম্পন পৃষ্ঠদেশ পানে অধিক অনুভূত হয়; হৃৎপিণ্ড দপ্দপ্ করে, যাহার শব্দ স্কন্ধাস্থিতেও শুনা যায়।

ব্যবহার। মস্তিষ্ক, মেডালা অব্লঙ্গেটা এবং মেরুদণ্ডের রক্তাধিক্য বা রক্তাবরোধ; চক্ষুর যোজক ঝিল্লীর শ্লৈষ্মিক প্রদাহ (Catarrhal Conjunctivitis); যকৃত এবং প্লীহার বিবৃদ্ধি; অন্ত্রে দূষিত বায়ু আট্কাইয়া শূল বেদনা (Flatulent-colic); মৃগীরোগের ন্যায় আক্ষেপ; অজীর্ণ রোগ; মৃত্তিকা পাণ্ডুরোগ; কোরিয়া(Chorea); নিদ্রিতাবস্থায় স্বপ্ন দেখিয়া জাগরিতের ন্যায় আপন কার্য্যাদি করা (Somnambulism); শিশু বা ছোট বালক বালিকাগণের মৃগীরোগের ন্যায় আক্ষেপ বা দাঁত উঠার সময় আক্ষেপে আব্সিন্থিয়াম্ বিশেষ উপকারী বলিয়া চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। রোগের আরাম হওয়ার পূর্ব্বে প্রচুর দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। পায়ের পাতা অত্যন্ত ঠাণ্ডা; মৃগী রোগের আক্রমণের ন্যায় হঠাৎ পড়িয়া যাইয়া অজ্ঞান হওয়া, আকৃতি বিকৃত হওয়া, অঙ্গ প্রত্যঙ্গের আক্ষেপ, মুখে রক্ত মিশ্রিত ফেণা এবং জিহ্বা কামড়ান (সিকুটা) ও তৎপর অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়া; ধনুষ্টঙ্কারের ন্যায় শরীর পশ্চাৎ দিকে বাঁকিয়া পড়া; দাঁতে দাঁতে কড়্মড়্ শব্দ করা এবং তৎপর অর্দ্ধ চেতনাবস্থায় থাকা (নাক্স্-বম্, ওপিয়াম্); আভ্যন্তরিক যন্ত্রের পক্ষাঘাত; যুবা বয়স।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্টিমিসিয়া বাল্‌গারিস্, আব্রোটে-নাম্, স্থুরা, বেলাডোনা, ক্যামোমিলা, হায়োসায়েমাস্, ষ্ট্রামোনিয়াম্।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

আসিটিক্ আসিড,-আসিট্-আস্

(ACETIC ACID,-ACET. AC.)

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লীর উপরের অংশের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত ঝিল্লীগুলি উত্তেজিত ও প্রদাহযুক্ত হয় এবং উহার স্বাভাবিক নিঃসরণ বৃদ্ধি পায়। বাহ্য প্রয়োগে ইহা উত্তেজক এবং ধারক (Stimulant and Astringent) ঔষধের ন্যায় কার্য্য করে ও যে স্থানে প্রয়োগ করা যায়, উহাতে কষ্টিক্ (Caustic) ইত্যাদি ঔষধের ন্যায় ইহার কাল, পচা এবং কঠিন ঘা উৎপাদন করিবার শক্তি আছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক অবসন্নতা এবং চিন্তাবোধ; মানসিক উত্তেজনা (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্); পর্য্যায়ক্রমে অর্দ্ধজ্ঞান রহিততা (Stupor) এবং প্রলাপ (Delirium)।

মস্তক। মাথায় ভারিবোধ এবং ঘুশ্‌ঘুশে বেদনা; তামাকু, মদ্য, আফিম বা কাফির অপব্যবহার জনিত মাথাধরা (ইগ্‌নেস্, নাক্স্-বম্)।

নাসিকা। বারম্বার বা ঘন ঘন সর্দ্দি লাগা।

মুখমণ্ডল। মুখমণ্ডল চিন্তাযুক্ত, পাগলের ন্যায়, গাল উষ্ণ এবং আরক্ত (একন্, বেল্); জ্বরের সময় বাম গাল অত্যন্ত লালবর্ণ; মুখমণ্ডল ফিকা বা শিটা, মোমের ন্যায় এবং রুগ্ন।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতে যেন কোন শক্তি থাকে না; মুখে দুর্গন্ধ (আর্স্, নাক্স্-বম্)। শিশু বা ছোট বালক বালিকাগণ অতি কষ্টে এক চাম্‌চা জল গিলিতে পারে।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা, বমনোদ্বেগ এবং বারম্বার বমন (আর্স, ইপিকাক্, আন্টি-টার্ট্) ; পাকস্থলীস্থ দ্রব্যাদি যেন ফুটিতেছে এরূপ অনুভূত হয় ; পাকস্থলী এবং বুকের মধ্যে জ্বালাযুক্ত প্রবল যাতনা এবং তৎপর শরীর ঠাণ্ডা এবং কপালে শীতল ঘর্ম্ম। উদর স্ফীত ও বিস্তৃত এবং শূল বেদনার ন্যায় বেদনা।

মল। উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে হাত পায়ের পাতার স্ফীতি (বিশেষতঃ যক্ষাকাশাক্রান্ত রোগীগণের) ; উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে শূল বেদনার ন্যায় বেদনা এবং উদরে টাটানি ; রক্তভেদ (আর্স, হামামেলিস, নাইট্রিক্-আস্)।

মূত্রযন্ত্র। মূত্র পরিমাণে বৃদ্ধি হয় (ফস্-আস্)।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে বায়ুনলের উপরিভাগে উত্তেজনা (হিপ্-সাল্ফ্, ক্যালী কার্ব্ব্, স্পঞ্জ্) ; বায়ুনল এবং উহার উপরি ভাগ ঘুংড়ী কাশির ন্যায় ফাইব্রিন্ বিশিষ্ট (Fibrinous) পদার্থ দ্বারা আবৃত (ব্রোমিন্, ক্যালী-বাই) ; গলার মধ্যে হিস্ হিস্,ঘড়্-ঘড়্ শব্দ হওয়া।

অঙ্গ, প্রত্যঙ্গ। পা এবং পায়ের পাতায় শোথের ন্যায় স্ফীতি আর্স, এপিস্)।

জ্বর। চর্ম্ম শীতল (ক্যাম্ফার) ; ঘুশ্ঘুশে জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে রাত্রিতে ঘর্ম্ম (সাল্ফ্) ; প্রচুর ঘর্ম্ম (চায়না)।

ব্যবহার। শিরঃপীড়া ; নাক দিয়া রক্তপড়া ; ফুস্ফুস্, পাকস্থলী, অন্ত্র এবং জরায়ু হইতে রক্তস্রাব ; অজীর্ণ রোগ ; উদরাময় ; ঘুংড়ী কাশি ; সার্ব্বাঙ্গিক শোথ এবং শোথ ঘটিত বা শোথ সম্বলিত অসুখ ; পূঁযাদি রসক্ষয় হেতু জ্বর বা হেক্টিক্ ফিবার (Hectic Fever); আন্ত্রিক জ্বর বা জ্বরবিকার ; শুক্রক্ষরণ (Spermatorrhœa) ; পোড়া ঘা ; কীটাদির কামড়, জট বা জড়ুল (Nœvi) ; আঁচিল ; কড়া (Corns) ; কর্কট রোগ ইত্যাদি অসুখে আসিটিক্ আসিড্ ব্যবহার্য্য। কর্কট রোগের পক্ষে আসিটিক্ আসিডের ন্যায় সম উপকারী ঔষধ নাই ইউরোপ এবং আমেরিকায় অনেক চিকিৎসক এরূপ বিশ্বাস করেন।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। আক্ষেপ, পাগলের ন্যায় লাফান

এবং হাঁপা দেওয়া ও যাতনায় চীৎকার করা; শরীর কৃশ (আর্স, ফেরাম, আয়োড, গ্রাফ, নেট্রাম-মিউর, ফস্); চর্ম্ম পিটা এবং মোমের ন্যায়; সার্ব্বাঙ্গিক শোথ এবং শোথজনিত অসুখ (আর্স); শরীরের মধ্য এবং বহির্দ্দেশে জ্বালা ইত্যাদি আসিটিক্ আসিডের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

প্রতিষেধক ঔষধ। অধিক মাত্রায় বিষাক্ত হইলে তরল ম্যাগ্নেসিয়া; চুনের জল ব্যবস্থা। এতদ্ভিন্ন টেবেকাম্, একোনাইট্, নেট্রাম্-মিউরিয়াটিকাম্ এবং সিপিয়া সেব্য।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না। কারণ, তিনি কেবল ৫। ৬ টী রোগীর চিকিৎসায় ইহা ব্যবহার করিয়াছেন। কর্কট রোগের চিকিৎসায় আদত আসিটিক্ আসিড্, ১ ফোঁটা মাত্রায় অধিক পরিমাণ জলে মিশাইয়া সেবন করাইয়া বিশেষ ফল পাওয়া গিয়াছে।

আম্ব্রা গ্রিসিয়া,-আম্ব্রা

(AMBRA GRISEA,-AMB.)

যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার গুঁড়া প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। স্নায়ুমণ্ডলীর উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত মণ্ডলীর উপরের অংশের কার্য্যের বৈলক্ষণ্য দেখিতে পাওয়া যায়। ইহা স্ত্রী জননেন্দ্রিয়ই অধিক আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ উক্ত যন্ত্রাদি উত্তেজিত হইয়া অনেকানেক স্নায়বিক এবং হিষ্টিরিয়া রোগের ন্যায় লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। ইহার গন্ধ মৃগনাভি, রেড়ির তৈল এবং বেলিবিয়ানের ন্যায় অত্যন্ত তীব্র এবং তদ্দরুণই গলার মধ্য হইতে থক্ থক করিয়া শ্লেষ্মা বাহির করিবার সময় রোগী ফাঁপড় হয় এবং বমন নিবারণ কষ্টসাধ্য হইয়া পড়ে; মল তরলই হউক, আর

কঠিনই হউক, মলত্যাগের সময় কোঁথ্পাড়িতে হয়; বারম্বার প্রচুর পরিমাণে ফিকা মূত্রত্যাগ, স্ত্রী সহবাসের ইচ্ছার কতক পরিমাণে উত্তেজনা এবং স্ত্রীলোকের যোনির উত্তেজনা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। হিষ্টিরিয়া রোগাক্রান্ত রোগীর মানসিক অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে মনের উদ্বেগ, নিদ্রাশূন্যতা এবং তদ্দরুণ শ্রবণ ও দৃষ্টির হ্রাস, শ্বাসরোধক আক্ষেপিক কাশিতে এই ঔষধ বিশেষ উপকারী। ডাক্তার লরেন্স্ নিউটান্ (Dr. Lawronco Newton) লিখিয়াছেন যে, একটী স্ত্রীলোকের সন্তান প্রসবের পর কোষ্ঠ বদ্ধে তিনি এই ঔষধ দ্বারা বিশেষ উপকার পাইয়াছেন। স্নায়বিক মাথা ঘোরাতেও ইহা বিশেষ উপকারী। যোনিতে চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ীতে ডাক্তার গারেন্সির (Dr. Guerensy) মতে ইহা বিশেষ উপকারী। রজঃস্রাবের সময় সামান্য রাগ হইলেই রক্তস্রাব বৃদ্ধি হওয়া, ডাক্তার গারেন্সির মতে, এই ঔষধের একটি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণশক্তির হ্রাস বা দুর্ব্বলতা (আনাকার্ড্, ক্রিয়াজ্, ল্যাক্, মার্ক্, নেট্রাম্-মিউর, নাক্স্-মস্ক্); কোন বিষয় সহজে বুঝিতে অশক্তি; চিন্তা করিবারে অশক্তি (জেলস্, নাক্স্-বম্, ফস্); গুরুবায়ু (Melancholia); সন্ধ্যার সময় মনের অত্যন্ত উদ্বেগ; উত্তেজিত ভাব; নানা বিষয়ে চিন্তা; কথা বলিতে (স্ত্রীলোকের) ক্লান্তিবোধ; রাত্রিতে ঘুমাইবারে অশক্তি।

মস্তক। মাথাঘোরা এবং পাকস্থলীতে দুর্ব্বলবোধ হওয়ার দরুণ শুইয়া থাকিতে বাধ্য হওয়া, কপালের বামপার্শ্ব হইতে মাথার ঠিক উপরিভাগ পর্য্যন্ত ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং কপালের ডাইন পার্শ্বের উন্নত স্থানে উক্ত প্রকারের বেদনা; মাথার ঠিক উপরিভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় অতি কষ্টদায়ক বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডল শিটা এবং বাম হাতের পাতা ঠাণ্ডা; মাথার পশ্চাৎভাগে ঢিমা এবং গোলমেলে বোধ; বাদ্যের শব্দে মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ হয়; মাথার চুল পড়িয়া যাওয়া (গ্রাফ্, হিপ্-সাল্ফ্, নেট্রাম্-মিউর, ল্যাক্, ফস্, সিপিয়া)।

চক্ষু। অত্যন্ত দৃঢ়ভাবে চক্ষু বুজিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ বেদনা

বা যাতনা ; চক্ষে চাপাবোধ ; চক্ষের পাতায় চুলকানি, যাহার দরুণ মনে হয় যেন চক্ষে আঞ্জনী (Stye) হইবে।

কর্ণ। অপরাহ্ণে কানের মধ্যে সোঁ সোঁ শব্দ হওয়া ; বাদ্যের শব্দে কাশির বৃদ্ধি এবং মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্‌) ; কানে কম শুনা।

নাসিকা। অতি প্রত্যুষে নাক দিয়া রক্ত পড়া (আগারিকাশ্‌, ব্রাই) ; নাকের মধ্যে শুকনা রক্ত সঞ্চিত হওয়া।

মুখমণ্ডল। মুখমণ্ডলে দমকা উষ্ণানুভব ; মুখমণ্ডল কামল রোগের ন্যায় হরিদ্রাবর্ণ (চেলিডন্‌, ক্রোটন্‌, পডোফ্‌)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখে দুর্গন্ধ (আর্ণিকা, হিপ্‌-সাল্‌ফ্‌, আয়োড্‌, নাইট্রিক্‌-এসি, মার্ক, ক্রিয়জ্‌) ; দাঁতে কসিয়া ধরার ন্যায় বেদনা বা যাতনা। গলার মধ্যে ধূসরের আভাযুক্ত শ্লেষ্মার ন্যায় পদার্থ সঞ্চিত হওয়া, যাহা তুলিতে অত্যন্ত কষ্টবোধ হয় এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় যাতনা ; দমকা বাতাস লাগিয়া গলার মধ্যে বেদনা (বেল্‌) ; গলার মধ্য হইতে ডাইন কান পর্যন্ত সূচী বিঁধানের ন্যায় যাতনা (ল্যাক্‌), জিহ্বা সঞ্চালনেই যাহা অধিক হয় ; গলনালীর উপরিভাগের উপরাংশে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় যাতনা।

পাকস্থলী এবং উদর। বারম্বার কাঠ উদ্গার উঠা (কার্ব্বো-বেজ্‌, নাক্স-বম্‌, ফস্‌, সাল্‌ফ্‌) ; বুক জ্বালা এবং উদ্গার উঠা বন্ধ হওয়া (আর্স্‌) ; পাকস্থলী এবং উদরের দুই পার্শ্বে চাপাবোধ ; প্রতিদিন সন্ধ্যার সময়ই মনে হয় যেন পেট খারাপ করিয়াছে এবং গলা দিয়া উগ্র উদ্গার উঠা। উদরে ঠাণ্ডাবোধ (এথুজা, ক্যাম্ফার) ; উদরের এক পার্শ্বে ঠাণ্ডা-বোধ ; যকৃত প্রদেশে কন্‌কনানি।

মল। বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল নির্গত হয় না (নাক্স-বম্‌), যাহার দরুন রোগী (স্ত্রীলোক) চিন্তাযুক্তা হয় ; মলত্যাগের সময় অন্য লোক সম্মুখে থাকিলে রোগী অত্যন্ত বিরক্ত হয় ; কোষ্ঠবদ্ধ (আলাম্‌, ব্রাই, ক্যাল্‌-কার্ব্ব, নাক্স-বম্‌, ওপিয়াম্‌, ফস্‌)।

মূত্রযন্ত্র। মূত্রত্যাগের সময়ও মূত্র ঘোলাটিয়া থাকে এবং উহাতে

কটার আভাযুক্ত তলানি পড়ে ও তলানীর উপরের মূত্র স্বচ্ছ এবং হরিদ্রাবর্ণ থাকে (আর্স্); রাত্রিতে বারম্বার প্রস্রাব করা (বোরাক্স্, ফস্-আস্)।

স্ত্রী জননেন্দ্রিয়। যোনির ভয়ানক অনিবার্য্য চুলকানি (ক্যাস্থ, ক্রিয়াজ, মার্ক্, সাল্ফ্), যাহার দরুণ রোগী যোনি সজোরে চুলকাইতে বা রগড়াইতে বাধ্য হয় (ক্রিয়াজ্); যোনিতে টাটানি এবং চুলকানি ও উহার সঙ্গে সঙ্গে যোনির লেবিয়া (Labia) নামক অংশের স্ফীতি; উদরের উপর চাপ দিলে বা নিশ্বাস টানিলে ডিম্বকোষ প্রদেশে সূচীবিঁধানের ন্যায় যাতনা; রজঃস্রাবের মধ্যবর্ত্তী সময়ে রক্তস্রাব (ক্যাক্ট্); মলত্যাগের সময় সামান্য কোঁথ পাড়িলে বা চলিয়া বেড়াইলে যোনিদ্বার দিয়া রক্ত স্রাব; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে প্রচুর পরিমাণে রজঃস্রাব (আলোজ্, আমন্-কার্ব্ব্, ক্যাল্ক্-কার্ব্ব্, নাক্স্-বম্)।

শ্বাসযন্ত্র। অত্যন্ত প্রবল আক্ষেপিক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার উদ্গার উঠা এবং স্বরভঙ্গ; গলার মধ্যের উত্তেজনার দরুণ কাশি, যাহা রাত্রিতেই অধিক হয় (হায়োস্); প্রতি দিন সন্ধ্যার সময় কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বাম পার্শ্বের পাঁজরার হাড়ের নীচে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন উক্ত স্থান ছিঁড়িয়া চল্‌চলে হইয়াছে; হুপিং কফ্, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয়, কিন্তু নিশ্বাস টানিবার সময় গলার মধ্যে সাঁই সাঁই শব্দ হয়; গলাদিয়া অত্যন্ত লোন্‌তা স্বাদ বিশিষ্ট শ্লেষ্মা নির্গমন (কার্ব্বো-বেজ্, লাইকোপ্, ফস্, সিপিয়া); বুকে চাপাবোধ; বুকের মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (ফস্, রুমেক্স্); বুকের মধ্যে সাঁই সাঁই শব্দ হওয়া; হৃৎপিণ্ডে অত্যন্ত যাতনা, যাহার দরুণ শ্বাস কষ্ট ও দম্‌কা উষ্ণানুভূত হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। বামস্কন্ধের সন্ধিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; হাতের আঙ্গুলে কসিয়া বা টানিয়া ধরার ন্যায় যাতনা। পায়ে ভারিবোধ; প্রায় প্রতি রাত্রেই পায়ের ডিমে এবং পায়ে খিল ধরা (সাল্ফ্); পায়ের পাতার তলার মধ্য দিকের প্রান্তে চুলকানি।

নিদ্রা। অস্থির নিদ্রা বা ঘুম ভাল না হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত চিন্তা উৎপাদক স্বপ্ন দেখা।

ব্যবহার। স্নায়বিক এবং হিষ্টিরিয়া জনিত অসুখ, যথা হাঁপানি কাশি, আক্ষেপিক কাশি, হুপিংকফ্, যুনির চুলকানি, ডিম্বকোষ প্রদাহ, পুরুষ সহবাসের অত্যন্ত ইচ্ছা বা কামোন্মত্ততা, জিহ্বার নীচে আবের ন্যায় স্ফীতি (Ranula) ইত্যাদি অসুখে আম্ব্রা গ্রিসিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সামান্য পরিশ্রমেই ঘর্ম্ম (সিপিয়া, সাইলিসি); শরীরের পেশী বিশিষ্ট অংশে আক্ষেপ এবং স্পন্দন (আগারিকাশ্, সিকুটা); বাহু এবং অঙ্গ প্রত্যঙ্গে সহজেই ঝিঁ ঝিঁ ধরে; অত্যন্ত দুর্ব্বলতা এবং গা মাটি মাটি করা (আর্স, চায়না); প্রাতঃকালে, রাত্রিতে, উষ্ণ দ্রব্য পানে, উষ্ণ ঘরে, উচ্চৈঃস্বরে পড়িলে বা কথা বলিলে, শুইয়া থাকিলে, বাদ্যের শব্দে অসুখের বৃদ্ধি এবং আহারের পর, ঠাণ্ডা বাতাসে, ঠাণ্ডা দ্রব্য আহারে বা পানে অসুখের উপশম ইত্যাদি আম্ব্রা গ্রিসিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বৃদ্ধ বয়সে, শিশু ও ছোট বালিকা, স্নায়বিক, কৃষাঙ্গ বিশিষ্ট, পিত্তাধিক্য ধাতুতে বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্সিনিক, আসাফিটিডা, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, ককিউলাস্, কফিয়া, ইগ্নেসিয়া, লাইকোপডিয়াম্, মস্কাশ্, নাক্স্-বমিকা, ফস্ফরাস্, পাল্সেটিলা, সিপিয়া, ষ্টাফিসেগ্রিয়া, বেলেরিয়ান্।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া, নাক্স্-বমিকা, পাল্-সেটিলা, ষ্টাফিসেগ্রিয়া।

ডাইলুশন বিচার। হানিমান ইহার ৩য় ক্রম ব্যবহারের ব্যবস্থা দিয়া গিয়াছেন। মার্সির (Marcy) মতে ৬ এবং ১২ ডাইলুশন ব্যবস্থা। এই ঔষধ দ্বারা যত রোগীর চিকিৎসা করা গিয়াছে, উহার সমুদয় রোগীকেই লেখক ৬ষ্ঠ ক্রম সেবন করাইয়া যথোচিত ফল পাইয়াছেন।

আঙ্গাষ্টুরা বিরা,-আঙ্গাষ্ট্

(ANGUSTURA VERA,-ANGUST.)

যথানিয়মে ইহার আরোক এবং গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। মস্তিষ্ক এবং কসেরুক

মর্জ্জার উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ হয়, কিন্তু উহাতে চেতনার কোন বৈলক্ষণ্য হয় না। শরীরের পরিপোষণের সহায়কারী যন্ত্রের উপর ইহার কার্য্য অনেকটা সিঙ্কোনার ন্যায়। যে যে স্থানে এই গাছ জন্মে, সে সকল স্থানে ম্যালেরিয়া (Malaria) জনিত সবিরাম এবং স্বল্পবিরাম জ্বরে ইহা সিঙ্কোনা বা কোইনাইনের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। এতদ্ভিন্ন ধনুষ্টঙ্কার, হৃৎপিণ্ডের আক্ষেপিক অসুখ; মুখমণ্ডলের বেদনা বা স্নায়ুশূল (Prosopalgia); হৃৎপিণ্ডের দুর্ব্বলতা; হৃৎপিণ্ডের বিস্তৃতি সম্বলিত হৃৎপিণ্ডের বিবৃদ্ধি; আক্ষেপ, অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক বা বিছানায় বা স্বপ্নে প্রস্রাব করা; গতি উৎপাদক স্নায়ুর যেপ্রকার অসুখের দরুণ পক্ষাঘাত হয়, তাহাতে আঙ্গাষ্টুরা ব্যবহার্য্য। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও স্বয়ং ব্যবহার করিয়া দেখেন নাই। ফার্ম্মাকোপিয়ার মতে ইহার গুঁড়া, আরোক অপেক্ষা অধিক উপকারী।

আসিডাম্ বেঞ্জোয়িকাম্,-বেঞ্জোয়িক্ আসিড্,-বেঞ্জ্-আস্

(ACIDUM BENZOICUM,-BENZOIC ACID,-AC. BENZ.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত বেঞ্জোয়িক্ আসিড্ ক্রয় করিয়া যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার মিশ্র আরোক প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মূত্রযন্ত্র, সন্ধি এবং শরীরের আঁশাল অংশের উপরই ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়। মূত্র গাঢ় লালবর্ণ করা এবং মূত্রে অত্যন্ত উগ্র গন্ধ উৎপাদন করা এই ঔষধের বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বায় আব্ড়া খাব্ড়া উচু

নিচু, ফাটাবিশিষ্ট বিস্তৃত আকারের ঘা। গলার মধ্যের উপরিভাগ এবং টন্সিল্ প্রদেশে অত্যন্ত বেদনা, ক্ষত এবং টাটানি ও উহার সঙ্গে সঙ্গে মূত্র অত্যন্ত গাঢ় লালবর্ণ।

মল। শিশু বা ছোট বালক বালিকাগণের উদরাময়; প্রচুর পরিমাণে জলবৎতরল, সাদাটিয়া বা ফিকা, দুর্গন্ধযুক্ত, দুর্ব্বলকারক উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে মূত্র গাঢ় লালবর্ণ।

মূত্রযন্ত্র। মূত্র গাঢ় লালবর্ণ এবং অত্যন্ত উগ্র গন্ধযুক্ত (নাইট্রিক্ আস্); মূত্র অত্যন্ত ক্ষার গুণবিশিষ্ট, উগ্র দুর্গন্ধযুক্ত (আসাফ্, আস্পার); বাম মূত্রকোষে টাটানি, উষ্ণানুভব এবং জ্বালাযুক্ত যাতনা; মূত্রের তলানিতে ফস্ফেট্সের সঙ্গে দানাযুক্ত শ্লেষ্মা মিশ্রিত থাকে; মূত্র কাল্চে লালের আভাযুক্ত কটাবর্ণ; প্রতিক্রিয়াতে মূত্র টক এবং দুর্গন্ধযুক্ত হয়; মূত্রত্যাগের আভ্যন্তরিক কালে মূত্রাধারে সঞ্চরমান বেদনা; প্রমেহরোগ, পাথরী অথবা ক্ষুদ্র সন্ধিবাত রোগের অবরোধ হেতু মূত্রনালী ইত্যাদির শ্লৈষ্মিক রোগ।

জননেন্দ্রিয়। গুপ্ত প্রমেহরোগ; অনেক কালের পুরাতন আকারের প্রমেহ রোগ (Gleet) এবং উহার সঙ্গে সঙ্গে দুর্গন্ধযুক্ত মূত্রত্যাগ।

কাশি। কাশিতে কাশিতে গলাদিয়া সবুজ শ্লেষ্মা নির্গমন।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠ দেশে, মূত্রকোষ প্রদেশের উপর, ঘুশ্ঘুশে বেদনা এবং কোমরে বেদনার দরুণ কোমর শক্ত হয় বা উহা নোয়ান যায় না।

হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে অত্যন্ত বেদনা বা যাতনা।

নিম্নাঙ্গ। ডাইন হাঁটু স্ফীত; পায়ের সমুদয় অংশেই ক্ষতের ন্যায় যাতনা এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রকোষে বেদনা; চলিবার সময় হাঁটুতে শুষ্কবোধ এবং তদ্দরুণ হাঁটুতে কেড়্ কেড়, মট্ মট্ শব্দ হওয়া; উভয় হাঁটুতেই বেদনা; পায়ের পাতার অস্থি সন্ধিতে ছিঁড়িয়া ফেলা বা সূচীবিঁধানের ন্যায় বেদনা বা যাতনা, পায়ের বৃদ্ধাঙ্গুলীর ক্ষুদ্র হাড়ের সন্ধিতেই যাহা অধিক অনুভূত হয়; ক্ষুদ্র সন্ধিবাত বা গাউট্ (Gout) জনিত হাঁটুর সন্ধিতে পাথরী বা গিরার ন্যায় স্ফীতি।

ব্যবহার। মুখগহ্বর এবং জিহ্বায় ঘা; টন্সিল্ প্রদাহ (Tonsil-

ritis); হাঁপানি কাশি; শিশুগণের উদরাময়; মূত্রকোষের প্রদাহ জনিত শূলবেদনা (Nephritic colic); বৃদ্ধ বয়সে মূত্র কৃচ্ছ বা মূত্রাবরোধ; শিশু বা ছোট বালক বালিকাগণের অনিচ্ছাপূর্ব্বক বা অসাড়ে মূত্রত্যাগ (বিছানায় প্রস্রাব করা); প্রমেহ রোগ অবরুদ্ধ হওয়া; পুরাতন আকারের প্রমেহ রোগ (Gleet); সন্ধিবাত(Articular Rheumatism); ক্ষুদ্র সন্ধিবাত বা গাউট্ (Gout); বৃহৎ এবং ক্ষুদ্র সন্ধিবাত জনিত সন্ধি প্রদাহ (Rheumatic and gouty arthritis); কোপেইবার অপব্যবহার জনিত অসুখ ইত্যাদি অসুখে বেঞ্জোয়িক্ আসিড্ ব্যবহার্য্য। উক্ত সমুদয় অসুখেই মূত্র উগ্র গন্ধযুক্ত ও গাঢ় লালের আভাযুক্ত কটাবর্ণ হওয়া আবশ্যক। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, মূত্রের রঙ্গ অপেক্ষা গন্ধ (যাহা পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে) এই ঔষধ ব্যবহারের বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শ্রান্তিবোধ এবং গা মাটি মাটি করা (চায়না); বেদনা যাতনাদি একস্থান হইতে অন্য স্থানে হঠাৎ সরিয়া পড়ে (ক্যালী-বাই, লেডাম্, পাল্স্); অসুখের লক্ষণাদি শরীরের বাম পার্শ্ব হইতে ডাইন পার্শ্বে এবং নিম্ন হইতে ঊর্দ্ধদিকে (বিশেষতঃ বৃহৎ এবং ক্ষুদ্র সন্ধিবাতে) বিস্তৃত হয়। বাত বা গাউট, গরমীর ব্যারাম বা প্রমেহ রোগাক্রান্ত রোগীর পক্ষে বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। নাইট্রিক্ আসিড্, পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। আদত বেঞ্জোয়িক্ আসিডের $\frac{1}{10}$ গ্রেইন হইতে ৩য় দশমিক ক্রম পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে। ইহার ৬, ১২ এবং ৩০ ক্রমও ব্যবহৃত হয়।

ক্লিমেটিস্ ইরেক্টা,-ক্লিমেটিস্

(CLEMATIS ERECTA,-CLEMAT.)

এই গাছের পাতা এবং পাতার নিকটবর্ত্তী কোমল ডাঁটা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। হানিমান বলিয়া গিয়াছেন যে, "পারার অপব্যবহার জনিত যে সকল অসুখের সঙ্গে সঙ্গে সোরা (Psora) এবং মাথা ও শরীরের অন্যান্য অংশে খারাপ রকমের ঘা থাকে, এবং মুত্রযন্ত্রের অসুখজনিত মূত্র নালীর সঙ্কোচন ও অপ্রশস্ততা (Stricture of the Urethra) ও চক্ষুর নানা রকমের কষ্টদায়ক প্রদাহ বর্ত্তমান থাকে, তাহা এই ঔষধ প্রয়োগে আরাম হয়।" তিনি আরো বলিয়া গিয়াছেন যে "প্রমেহ রোগে কুচিকিৎসার পর একশিরা (Orchitis) এবং অণ্ডকোষের প্রদাহ ও কঠিনতার চিকিৎসায়, ষ্টাফ্ (Staff) এই ঔষধে বিশেষ উপকার পাইয়া গিয়াছেন।" চর্ম্ম, লিম্ফেটিক্ গ্রন্থি, জননেন্দ্রিয় ও মূত্র যন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথার পশ্চাৎভাগে ফুস্কুড়ী (লাইকোপ্, পিট্রোল্, সিপিয়া) যাহা ঘাড় পর্য্যন্ত বিস্তৃত হইয়া ক্ষত হয় এবং উহাতে হামা দেওয়ার ন্যায় সুড়্ সুড়্ করে ও হুল্ ফুটানের ন্যায় চুলকায়, যাহাতে অনেক সময় শুকনা আঁইশের ন্যায় মামড়ী (চুমটী) পড়ে, শয়ন করার পর বিছানার উষ্ণতাতে যাহার বৃদ্ধি হয় (মার্ক্), চুলকাইলে কতকক্ষণের জন্য চুলকানির কতক পরিমাণে উপশম হয়।

কর্ণ। কানের জ্বালাযুক্ত যাতনা এবং উষ্ণানুভব।

চক্ষু। চক্ষু প্রদাহ; চক্ষের মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা এবং চিড়িক মারা।

মুখগহ্বর। দন্তশূল, বিছানায় সোজা হইয়া শুইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং ঠাণ্ডা জল লাগিলে, ঠাণ্ডা বাতাস নিশ্বাস দ্বারা টানিলে, স্বল্পসময়ের জন্য যাহার উপশম হয় (বিস্মাথ্, কফিয়া); বিছানার উষ্ণতাতে দন্তশূলের বৃদ্ধি (মার্ক্); রুটির ছিল্কা খাইলে দন্তশূলের বৃদ্ধি।

উদর। কুঁচ্কি প্রদেশে টাটানি; কুঁচ্কি প্রদেশের স্ফীতি এবং কঠিনতা (বাগী) (ক্যাল্ক্-কর্ব্ব্, নাইট্রিক্-আস্) এবং উহার সঙ্গে উক্ত প্রদেশে কুট্ কুট্ করা বা কাঁটা বিধানের ন্যায় যাতনা।

মল। কোষ্ঠবদ্ধ (আলাম্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, নাক্স্-বম্, ওপিয়াম্।

মূত্রযন্ত্র। মূত্র নির্গত হইতে হইতে মূত্র নির্গমন বারম্বার বন্ধ হয় (কোনায়াম্) এবং উহার সঙ্গে সঙ্গে মূত্র ত্যাগের সময়, প্রধানতঃ মূত্রত্যাগ আরম্ভ করার সময়, অথবা মূত্রত্যাগ শেষ হওয়ার সময়, মূত্রনালীতে জ্বালা; মূত্রনালীর অনেক কালের সঙ্কোচন বা অপ্রশস্ততা (Very chronic Stricture of the Urethra); একবারে সঞ্চিত সমুদয় মূত্রত্যাগে অশক্তি।

পুরুষ জননেন্দ্রিয়। অণ্ডকোষাধারের ডাইন অংশ স্ফীত (পাল্স্); অণ্ডকোষের শিথিলতা এবং তদ্দরুণ ঝুলিয়া পড়া (ক্যাম্ফার, সাল্ফ্); অণ্ডকোষ প্রদাহযুক্ত, স্ফীত এবং বেদনাযুক্ত (রডোড্, স্পঞ্জ্); অণ্ডকোষে বেদনা যাহা শুক্র নিঃসারক সূত্র (Spermatic cord) পর্য্যন্ত বিস্তৃত হয় (স্পঞ্জ্); ডাইন দিকের শুক্র নিঃসারক সূত্র অত্যন্ত টাটায় এবং উহার সঙ্গে সঙ্গে অণ্ডকোষ উপরের দিকে আকৃষ্ট হয় (রডোড্)।

চর্ম্ম। গ্রন্থির কষ্টদায়ক স্ফীতি এবং কঠিনতা (ক্যাল্ক্-কার্ব্, আয়োড্); গায় চুলকানি এবং কন্‌কনানি বিশিষ্ট বিকচের ঘা (পিট্রোল্, গ্রাফ্, মার্ক্), ঠাণ্ডা জলে ধুইলে বা বিছানার উষ্ণতাতে (অ্যালাম্, মার্ক্) এবং ভিজা পুল্টিসে যাহার বৃদ্ধি হয়।

ব্যবহার। গণ্ডমালা এবং পারার অপব্যবহার জনিত অসুখ; বিকচ (Eczema); দুগ্ধপোষ্য শিশুগণের মুখমণ্ডলাদিতে ফুস্কুড়ী; গ্রন্থির অসুখ; প্রমেহ রোগ জনিত মূত্রনালীর সঙ্কোচন বা অপ্রশস্ততা (Stricture of the Urethra); ক্ষত বা ঘা; একশিরার ব্যারাম (Orchitis); অণ্ডকোষ প্রদাহ; গরমীর ব্যারাম বা পারার অপব্যবহার জনিত দন্তশূল ইত্যাদিতে ক্লিমেটিস্ ইরেক্টা ব্যবহার্য্য। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন, গরমীর ব্যারাম বা বাত জনিত চক্ষুর আইরেস প্রদাহে (Syphilitic and Rheumatic Iritis) ইহা দ্বারা উপকার হওয়ার সম্ভাবনা। পুরাতন আকারের প্রমেহ রোগের দরুন অল্প কালের মূত্রনালীর সঙ্কোচন এবং অপ্রশস্ততার চিকিৎসায় এই ঔষধের ৩য় ক্রম ব্যবহার করিয়া অনেক রোগীর চিকিৎসায় লেখক বিশেষ ফল পাইয়াছেন। মূত্র নির্গত হইতে হইতে মূত্র নির্গমন হঠাৎ বন্ধ হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ, অনেক রোগীর চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্সিনিক, ব্রাইওনিয়া, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, কোনায়াম্, গ্রাফাইটিস্, মার্কিউরিয়াস্, পিট্রোলিয়াম্ রাস্টক্স্, সাইলিসিয়া, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ৩য় দশমিক ক্রমের আরোকই লেখক সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকেন। কোন কোন চিকিৎসক ৬, ১২ এবং ৩০ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন।

হেলোনিয়াস্-ডায়োইকা,-হেলোন্-ডায়ো

(HELONIAS DIOICA,-HELON. DIO.)

আমেরিকার ইউনাইটেড্ ষ্টেট্সের জঙ্গল, বাগান, মাঠ ময়দান এবং ভিজা জমীতে এই গাছ জন্মে। ইহার শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। হেলোনিন্ যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। শরীরের পরিপোষণ কার্য্যের সহায়করী যন্ত্রের মধ্যদিয়া ইহা রক্তের উপর কার্য্য করে, যাহার দরুণ দুর্ব্বলতা, রক্তাল্পতা এবং মৃত্তিকা পাণ্ডু রোগ উৎপন্ন হয়। মূত্র কোষ এবং জরায়ুর উপর ইহার স্থানিক কার্য্য আছে, যাহার দরুণ উক্ত যন্ত্রগুলি প্রথমতঃ উত্তেজিত হইয়া তৎপর জড়াবস্থা প্রাপ্ত হয়। ইহার কার্য্য অনেকটা লৌহের (Iron) ন্যায় এবং যাহাদের (স্ত্রীলোকের) লৌহ বা লৌহ ঘটিত ঔষধ সহ্য না হয়, তাহাদিগের পক্ষে ইহা বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। কোন কাজ কর্ম্মে নিযুক্ত থাকিলে ভাল থাকা; একাকী থাকিবার ইচ্ছা; কথা বলিতে অনিচ্ছা; মানসিক অবসন্নতা।

মূত্রযন্ত্র। মূত্রকোষে বেদনা এবং মূত্রে আল্‌বুমেন্ থাকা; মূত্র-কোষে জ্বালা; মূত্র ত্যাগের সময় মূত্রনালী ইত্যাদিতে জ্বালা এবং চিড়িক্ মারা; মূত্রত্যাগের পর মূত্রাধারে খালি বোধ হইলেও অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক মূত্র বহিয়া বা গড়াইয়া পড়া; মূত্র ফিকা এবং পরিমাণে প্রচুর।

স্ত্রী জননেন্দ্রিয়। স্ত্রীলোকের পুরুষ সহবাসের ক্ষমতার অভাব বা হ্রাস এবং উহার সঙ্গে সঙ্গে বন্ধ্যাত্ব থাকিতে পারে, নাও থাকিতে পারে; প্রবল স্তব্ধ বায়ু এবং মনের অত্যন্ত অবসন্নতা ও উহার সঙ্গে সঙ্গে জরায়ু প্রদেশে ভারিবোধ এবং টাটানি, যাহার দরুণ জরায়ুর অস্তিত্ব যেন স্পষ্ট টের পাওয়া যায়; গুহ্যদ্বারের ঠিক উপরি ভাগে কন্‌কনানি এবং দুর্ব্বলবোধ ও উহার সঙ্গে সঙ্গে জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া (Prolapsus uteri); শেষরজঃ রোধ হওয়ার সময় উক্ত প্রকারের অসুখ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা; জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া এবং উহাতে ক্ষত ও উহার সঙ্গে সঙ্গে যোনিদ্বার দিয়া অনবরত কাল্‌চে দুর্গন্ধযুক্ত রক্ত মিশ্রিত ক্লেদ নিঃসরণ; পৃষ্ঠদেশে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে যোনিদ্বারে টাটানি বা চড়্‌চড়ানি; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব (একন্. হামামেলিস্, সাবাইনা); শ্বেত প্রদর এবং উহার সঙ্গে সঙ্গে রক্তাল্পতা ও সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা; যোনির অত্যন্ত চুল্‌কানি এবং উহা অত্যন্ত উষ্ণ, লালবর্ণ এবং স্ফীত ও উহার চর্ম্মের ছাল উঠিয়া যাওয়া; যোনি এবং যোনিদ্বারের প্রদাহ ও উহাতে পচাযুক্ত ঘা, উহা হইতে দধির ন্যায় ক্লেদ নিঃসরণ; জরায়ুর দুর্ব্বলতার দরুণ গর্ভস্রাবের উপক্রম হওয়া; স্তনের বোঁটায় টাটানি বা বেদনা; স্তন স্ফীত।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে, দুইস্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে, জ্বালা এবং উষ্ণানুভব; কোমর এবং গুহ্যের ঠিক উপরিভাগে জ্বালা এবং ক্লান্তি বোধ।

ব্যবহার। যন্ত্রাদির দুর্ব্বলতা বা জড়তার দরুণ অসুখ; জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া (*Prolapsus uteri*); রজঃরোধ; জরায়ু হইতে রক্তস্রাব; শ্বেত প্রদর; গর্ভস্রাব; রক্তাল্পতা; মৃত্তিকা পাণ্ডুরোগ; বহুমূত্র; মূত্র কোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's disease); মূত্রে আলবুমেন্ থাকা; সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, জরায়ুর জড়তার দরুণ বা জরায়ু হইতে রক্তস্রাবের পর, শোথ ইত্যাদি অসুখে হেলোনিয়াস্ ডায়োইকা ব্যবহার্য্য। যে প্রকার

মানসিক অবসন্নতা ব্রোমাইড্ অব্ পটাসিয়ামের অতিরিক্ত ব্যবহারে উৎপন্ন হয়, তাহাতে ডাক্তার জোন্স্ এবং ডাক্তার ক্যারল্ ডান্হামের (Drs. Jones and Carroll Dunham) মতে হেলোনিয়াস্ বিশেষ উপকারী। ডাক্তার জোন্স্ (Dr. Jones) বলেন যে, কোন কাজে মন নিযুক্ত থাকিলে অসুখের উপশম এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত। তিনি বলেন "কোন বিষয়ে মন নিবিষ্ট হইলে মাথাধরা থাকে না। বেদনাদি থাকে যখন রোগী কোন কার্য্যে নিযুক্ত থাকে না। অত্যন্ত দুর্ব্বলতার ভাব দূরীভূত হয় যখন অঙ্গ চালনা করা যায়। পুস্তকাদি পাঠের সময় অসুখাদি থাকে না এবং যাই পুস্তক হইতে মন অন্যদিকে যাইয়া নানা প্রকারের চিন্তার উদ্রেক হয়, অমনি মাথাধরার পুনরায় উদ্রেক হয়। যখন নিষ্কর্ম্মা হইয়া রোগী বসিয়া থাকে, তখনই জ্বালাযুক্ত বেদনাদি আরম্ভ হয়। যখন মনে হয় যে রোগী এক পাও চলিতে পারিবে না এবং বিশ্রাম আবশ্যক, তখন শয়ন করিয়া না থাকিয়া চলিয়া বেড়াইলেই অসুখের হ্রাস হয়।"

সমগুণ বিশিষ্ট ঔষধ। চায়না, ফেরাম্, ফস্ফরিক্ আসিড্, সিপিয়া, ষ্টানাম্।

ডাইলুশন বিচার। ১ম দশমিক ক্রমের আরোক বা হেলোনিনের ১ম দশমিক ক্রমের গুঁড়া ব্যবহার্য্য।

হাইড্রোকোটাইল্ আসিয়াটিকা,-হাইড্রোকোট্
(HYDROCOTYLE ASIATICA,–HYDROCOT.)

এই গাছের সমুদয় অংশ দিয়া যথা নিয়মে মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। চর্ম্মের উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল। এজন্যই কুষ্ঠরোগ (Loprosy), লুপাস্ (Lupus), বিকচ (Eczena) ইত্যাদি রোগে ইহা বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। উল্লাস ; বিপদ বিষয়ে চিন্তা।

মস্তক। মাথা ঘোরা, মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ, মাথায় ভারিবোধ।

পাকস্থলী। আহারে অনিচ্ছা বা অরুচি।

স্ত্রী জননেন্দ্রিয়। যোনি দ্বারের পশ্চাৎভাগে উষ্ণানুভব ; যোনি দ্বারের মুখে কুট্‌কুটানি এবং চুলকানি।

চর্ম্ম। চর্ম্ম বিসর্পের ন্যায় লালবর্ণ; গায় দাদের ন্যায় চক্রকারের উচু ধার ও আঁইশবিশিষ্ট ফুস্কুড়ী; উভয় পায়ে হরিদ্রা দাগ পড়া; মুখমণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী; বুকে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; শরীরের না না স্থানে অসহ্য চুলকানি

ব্যবহার। কুষ্ঠরোগ, গোদ, গলিত কুষ্ঠরোগ, লুপাস্ একজিডেন্স্ (Lupus Exedens) এবং পুরাতন আকারের বিকচ; মুখমণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ ইত্যাদি অসুখে এই ঔষধ উপকারী বলিয়া চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। বিকচ ব্যতীত উক্ত অন্য কোন রোগেই এই ঔষধ ব্যবহার করিয়া লেখক বিশেষ ফল পান নাই।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সার্ব্বাঙ্গিক অবসন্নতা, ভারিবোধ এবং টিমাবোধ; সার্ব্বাঙ্গিক শ্রান্তিবোধ; মোচড়াইয়া পড়িলে বা থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, পেশীতে সেরূপ অসুখ বোধ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্সিনিক, সাইলিসিয়া, লাইকোপডিয়াম্, ডাল্কেমেরা।

ডাইলুশন বিচার। ৬ষ্ঠ ক্রমের আরোক ব্যবহার্য্য। এই ঔষধ দ্বারা লেখক যত রোগীর চিকিৎসা করিয়াছেন উহার সমুদয় রোগীর চিকিৎসায়ই ডাক্তার হিউজের (Dr. Hughes) ব্যবস্থানুসারে প্রথমতঃ ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া বিশেষ ফল না পাওয়াতে তিনি ১ম, ২য়, ৩য় এবং ১২ ক্রম ব্যবহার করিয়া দেখিয়াছেন। বিকচ রোগের চিকিৎসায় যে কএকটী রোগীর চিকিৎসায় ভাল ফল পাওয়া গিয়াছে, উহার সমুদয় রোগীকেই

১ম দশমিক ক্রমের আরোক সেবন করাইয়াছিলেন। ১৪।১৫ বৎসর বয়স্কা একটী ইউরাসিয়ান্ বালিকার মুখ মথমণ্ডলের ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের চিকিৎসায় ১২ ক্রম ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছিলেন।

ম্যাঙ্গেনাম্ { ম্যাঙ্গেনাম্ কার্ব্বোনেট্, ম্যাঙ্গেনাম্ আসিটেট্

MANGANUM { MANGANUM CARBONATE, MANGANUM ACETATE)

ম্যাঙ্গেনাম্ কার্ব্বোনেট্ যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হয়। ম্যাঙ্গেনাম্ আসিটেট্ যথা নিয়মে চুয়ান জলে মিশাইয়া মিশ্র আরোক বা সলিউশন্ (Solution) প্রস্তুত হইয়া থাকে।

সাধারণক্রিয়া। ইহা গতি উৎপাদনের সহায়কারী স্নায়ুমণ্ডলীকে (Motor nervous System) প্রবল রূপে আক্রমণ করে, যাহার দরুণ পক্ষাঘাত হয়। পক্ষাঘাত প্রথমতঃ অর্দ্ধাঙ্গের পক্ষাঘাতের (Hemiplegia) আকারে আরম্ভ হয়। স্নায়ুমণ্ডল দিয়া ইহা শরীরের নানা যন্ত্রের উত্তেজনা উৎপাদন করে। এই উত্তেজনা অনেক সময় প্রদাহেও পরিণত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। উদাস ভাব (পাল্স্); খিট্ খিট্ করা; সর্ব্বদাই চটিয়া থাকা।

মস্তক। মাথায় ভারি বোধ, যাহার দরুণ মনে হয় যেন মাথা স্বাভাবিক অপেক্ষা বড় হইয়াছে (রেনান্কুল্); মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার সঙ্গে সঙ্গে মাথার দপ্দপানি (একন্, গ্লোনয়েন্, বেল্), বহির্ব্বায়ুতে যাহার উপশম হয়; বহির্ব্বায়ুতে মাথায় টানিয়া ধরা, হুলফুটান, বা কসিয়া ধরার ন্যায় বেদনা, ঘরের মধ্যে থাকিলে যাহাব উপশম হয়; মাথা সামান্য নাড়িলেও মস্তিষ্ক যেন অত্যন্ত আলোড়িত হয় বলিয়া অনুভূত হয়; মাথার সম্মুখ ভাগে সঙ্কোচক, সূচীবিঁধানের ন্যায় যাতনা, কপালের দুই পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে পিপাসা;

ঘরের মধ্যে মাথা ধরা আরম্ভ হইলে বহির্ব্বায়ুতে গেলে মাথা ধরা সারিয়া যায় এবং বহির্ব্বায়ুতে মাথা ধরা আরম্ভ হইলে ঘরের মধ্যে গেলে মাথা ধরার উপশম হয় বা উহা সারিয়া যায়।

চক্ষু। চক্ষে জ্বালাযুক্ত উষ্ণ এবং শুষ্কবোধ; সঞ্চালনে চক্ষু বেদনা যুক্ত হয় এবং কোন উজ্জ্বল আলোকের পানে তাকাইলে চক্ষে শুষ্কবোধ হয়; চক্ষুর তারা বিস্তৃত বা সঙ্কুচিত।

কর্ণ। কথা বলিবার সময় কানের মধ্যে খোঁচা বিঁধার ন্যায় ঘুস্ ঘুসে বেদনা; কোন বস্তু দিয়া কান বন্ধ করিয়া রাখিলে যেরূপ হয়, সেরূপ কানে না শুনা (কোকাস্); গিলিবার সময় বা নাক ঝাড়িবার সময় কানের মধ্যে কেড়্ কেড়্ শব্দ হওয়া (গ্রাফ্); বাম কর্ণমূলস্থ গ্রন্থি স্ফীত এবং লাল্চে হওয়া (মোহক জ্বরে)।

নাসিকা। শুষ্ক সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে নাসারন্ধ্র রুদ্ধ হওয়া (নাক্স্-বম্); কখন কখন তরল সর্দ্দি এবং কখন কখন শুষ্ক সর্দ্দি।

মুখমণ্ডল। মুখাকৃতি অসহ্য যন্ত্রণার চিহ্নযুক্ত; মুখাকৃতি পিটা বা রুগ্ন হয় এবং বসিয়া যায়; ওষ্ঠের কোণে ফুস্কুড়ী এবং ক্ষত (আণ্টি-ক্রুড্, গ্রাফ্, লাইকোপ্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতের গোড়ায় ভয়ানক বেদনা যাহা শীঘ্র শীঘ্র অন্য স্থানে বিস্তৃত হয়। গলার মধ্য শুষ্ক; একটী গাছের পাতা লাগিয়া থাকিলে যেরূপ হয়, বায়ুনলের মধ্যে সেরূপ রুদ্ধ বোধ হইয়া সুড়্ সুড়্ করা; গলার মধ্যে বেদনা বা টাটানি, যাহার দরুণ মনে হয় যেন গলার মধ্যের ছাল উঠিয়া গিয়াছে। কোন দ্রব্য গিলিবার সময় এইরূপ অসুখ অনুভূত হয় না।

পাকস্থলী এবং উদর। পিপাসা থাকে না (এপিস্, পাল্স্); পাকস্থলীতে উষ্ণ এবং জ্বালাবোধ যাহা বুকেও বিস্তৃত হয় (আর্স্)। দীর্ঘ নিশ্বাসে নাভি প্রদেশে কর্ত্তনবৎ বেদনা।

মল এবং মলদ্বার। বসা অবস্থায় থাকিলে গুহ্য দ্বারে সঙ্কোচক বেদনা; কোষ্ঠবদ্ধ; মল শুষ্ক, গুঁট্লে, যাহা অতি কষ্টে নির্গত হয় (প্লাম্বাম্, ম্যাগ্নেস্-মিউর)।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্র ত্যাগের ইচ্ছা (একন্, এপিস্, আপোস্)।

জননেন্দ্রিয়। পুরুষের পুরুষাঙ্গাদিতে দুর্ব্বল বোধ এবং উহার সঙ্গে সঙ্গে শুক্র নিঃসারক সূত্রে (Spermatic Cord) কসিয়া ধরার ন্যায় জ্বালাযুক্ত যাতনা, পুরুষাঙ্গের অগ্রভাগ পর্য্যন্ত যাহা বিস্তৃত হয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অপ্রচুর বা স্বল্প রজঃস্রাব।

শ্বাসযন্ত্র। উচ্চৈঃস্বরে পুস্তকাদি পড়িলে শুষ্ককাশি এবং উহার সঙ্গে সঙ্গে বায়ুনলের উপরিভাগে অত্যন্ত কষ্টকর শুষ্ক, খশ্‌খশে বোধ এবং উহার সঙ্কোচন; গভীর কাশি, কিন্তু গলা দিয়া শ্লেষ্মা নির্গত হয় না, শয়ন করিয়া থাকিলে যাহা সারিয়া যায়; অনিবার্য্য স্বরভঙ্গ এবং গলার মধ্যে খশ্‌খশে বোধ, প্রাতঃকালে এবং বহির্ব্বায়ুতে যাহা অধিক অনুভূত হয় (কষ্ট্, নাক্‌-বম্) এবং উদরের মধ্য ভাগ হইতে বুক পর্য্যন্ত উষ্ণ বোধ এবং সঙ্কোচন ও উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ।

হৃৎপিণ্ড। হৃৎপিণ্ড এবং বুকের বাম পার্শ্বের উপর হইতে নিম্ন দিকে হঠাৎ ধাক্কা লাগার ন্যায় যাতনা; নাড়ী অনিয়মিত গতি বিশিষ্ট, কখন দ্রুতগামী, কখন মৃদুগতি বিশিষ্ট, কিন্তু অনবরত দুর্ব্বল এবং কোমল।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহু এবং হাতের সন্ধিতে ঘাটিয়া ধরার ন্যায় বেদনা; স্কন্ধ হইতে আঙ্গুল পর্য্যন্ত ছিঁড়িয়া ফেলা বা বাতের বেদনার ন্যায় বেদনা; উরুদেশে ঘাটিয়া ধরা এবং সূচী বিঁধানের ন্যায় যাতনা।

চর্ম্ম। সন্ধির চর্ম্মের ভাজে ভাজে ছাল উঠিয়া যাওয়া এবং উহাতে ক্ষত হইয়া ফাটিয়া যাওয়া (গ্রাফ্, সিলা); অসহ্য চুলকানি, চুলকাইলে যাহার অনেক উপশম হয় (সাল্‌ফ্); হাঁটুর পশ্চাৎভাগের গর্ত্তের ন্যায় স্থান এবং উরু ও পায়ের ডিমে সূচী বিঁধানের ন্যায় যাতনা।

নিদ্রা। ঘুমের ঘোরে অত্যন্ত উদ্বেগ উৎপাদক স্পষ্ট স্বপ্ন দেখা যাহা জাগরিতাবস্থায়ও স্মরণ থাকে।

ব্যবহার। ক্ষুদ্র সন্ধিবাত জনিত অসুখ; অস্থি প্রদাহ; অস্থির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ (Periostitis); কর্ণ শূল; কর্ণ প্রদাহ; পুরাতন আকারের সর্দ্দি; কণ্ঠনালী প্রদাহ; কণ্ঠনালী সম্বন্ধীয় যক্ষাকাশ; স্বরভঙ্গ, যাহা গলার মধ্যে শ্লেষ্মা সঞ্চিত হইয়া উৎপন্ন হয় এবং উক্ত শ্লেষ্মা

নির্গত হইয়া গেলে স্বরভঙ্গ সারিয়া যায়; বধিরতা বা কানে কম শুনা; দুর্ব্বল স্ত্রীলোক দিগের আহারের পর পেটে বেদনা ইত্যাদি অসুখে ম্যাগ্নেনাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের স্থানে স্থানে কসিয়া ধরা বা খিল ধরার ন্যায় যাতনা; সন্ধিতে ক্ষুদ্র সন্ধিবাতের ন্যায় বেদনা, রাত্রিতেই যাহা অধিক হয় (মার্ক); অস্থি এবং অস্থির আবরক কঠিন পর্দ্দায় অসহ্য খনন করার ন্যায় যাতনা, রাত্রিতে যাহার বৃদ্ধি হয় (মার্ক্, কল্-আস্); স্পর্শনে সমুদয় হাড়ে (বিশেষতঃ নিম্নাঙ্গের) অত্যন্ত বেদনা বা টাটানি; রাত্রিতে, বায়ুর অবস্থার পরিবর্ত্তনে (রেনান্কুল্) অসুখের বৃদ্ধি এবং যাতনাদি ঘরের মধ্যে আরম্ভ হইলে বহির্ব্বায়ুতে উহার উপশম হয় ও বহির্ব্বায়ুতে আরম্ভ হইলে ঘরের মধ্যে গেলে উহার উপশম হয়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আমোনিয়াম্ কার্ব্বোনিকাম্, কফিয়া, কোনায়াম্, লাইকোপডিয়াম্, প্লাটিনা, পাল্সেটিলা, থুজা, বিরেট্রাম্ আল্বাম্।

প্রতিষেধক ঔষধ। কফিয়া।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। ম্যাঙ্গেনাম্ কার্ব্বোনেটের ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের গুঁড়া এবং ম্যাঙ্গেনাম্ আসিটেটের ৬ষ্ঠ ক্রমের আরোক ব্যবহারে উপকার দর্শিবার সম্ভাবনা।

আরালিয়া রেসিমোসা,-আরাল্

(ARALIA RACEMOSA,-ARAL. RACE.)

সাধারণ ক্রিয়া। নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু (Pneumogastric nerve) দিয়া শ্বাসযন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ হাঁপানি এবং বহু ব্যাপক আকারের হাঁপানির লক্ষণাক্রান্ত সর্দ্দি ইত্যাদি অসুখের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

নাসিকা। জ্বালা উৎপাদক শ্লেষ্মার দরুণ নাকের পশ্চাৎভাগে জ্বালা এবং চিড়িকমারা (আর্স্, এরাম্, আমন্-কার্ব্ব্, সিপা) এবং উহার সঙ্গে সঙ্গে ফাটিয়া গেলে যেরূপ হয়, দুই নাসারন্ধ্রের মধ্যবর্ত্তী উপাস্থিতে এক বিশেষ প্রকৃতির সেরূপ জ্বালা এবং টাটানি।

শ্বাসযন্ত্র। নিশ্বাস প্রশ্বাস শুষ্ক এবং সাঁই সাঁই শব্দবিশিষ্ট; শীঘ্রই হাঁপড় হইবে রোগী এরূপ অনুভব করে; নিশ্বাস টানিবার সময়ই উক্ত সাঁই সাঁই শব্দ অধিক হয়; শ্বাস কষ্টের দরুণ রোগী বিছানা হইতে উঠিয়া সোজা হইয়া বসিতে বাধ্য হয় (আর্স্, স্নাম্বুক্); শ্বাস রোধক জ্বর সম্বলিত সর্দ্দি বা হাঁপানি (Hay Asthma); ঘুম ভাঙ্গিলেই কাশির উদ্রেক হয় এবং কাশির দরুণ রোগী পুনরায় ঘুমাইতে পারে না; হাঁপানি কাশির অত্যন্ত বর্দ্ধিতাবস্থায় গলাদিয়া অতি সামান্য পরিমাণে শ্লেষ্মাদি নির্গত হয় এবং উহার আক্রমণের হ্রাস হইলে গলাদিয়া উষ্ণ এবং লোনতা স্বাদ বিশিষ্ট শ্লেষ্মার পরিমাণ বৃদ্ধি পায়; বক্ষাস্থির (Sternum) পশ্চাৎভাগে আগাগোড়া, ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালাযুক্ত টাটানি (রুমেক্স্); প্রত্যেক ফুস্ফুসেও উক্ত প্রকারের যাতনা।

ব্যবহার। হাঁপানিকাশি; সর্দ্দির লক্ষণাক্রান্ত হাঁপানি কাশি; শ্বাসরোধক কাশি বা সর্দ্দি ইত্যাদি রোগে আরালিয়া রেসিমোসা ব্যবহার্য্য। গৃহচিকিৎসায় আমেরিকাতে সকল প্রকারের কাশি, কষ্টকর রজঃস্রাব এবং বাদকের বেদনা (Painful Menstruation), শ্বেত প্রদর এবং প্রসবের পর ক্লেদাদি (Lochia) নিঃসরণ বন্ধ হওয়া ইত্যাদি অসুখে ইহা বিস্তৃতরূপে ব্যবহৃত হইয়া থাকে।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট্, আর্সিনিক, আণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, স্নাম্বুকাশ্, সাল্ফার।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

ব্যাডায়াগা,-ব্যাডায়াগ্

(BADIAGA,-BADIAG.)

ইহার শুকনা পদার্থ যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে ইহার আরোকও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। হানিমান্ এই ঔষধকে আণ্টিসোরিক্ (Anti-psoric) ঔষধের শ্রেণীভুক্ত করিয়া গিয়াছেন। রক্তের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ গণ্ডমালা (Scrofula) জনিত অসুখের লক্ষণের ন্যায় লক্ষণাক্রান্ত অসুখ হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। অপরাহ্ন ২টা হইতে প্রাতঃকালে ৭টা পর্য্যন্ত মাথাধরা এবং উহার সঙ্গে সঙ্গে দুই চক্ষুর গোলকের পশ্চাৎভাগে এবং কপালের দুই পার্শ্বে সামান্য কন্‌কনানির ন্যায় যাতনা; দিনের বেলা প্রায় সকল সময়েই মাথাধরা এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর গোলকে বেদনা বা যাতনা (সিমিসিফ্, স্পাইজেল্), যাহা মাথার বাম দিকে এবং অপরাহ্ন ১টা হইতে ৭ টা পর্য্যন্ত অধিক অনুভূত হয়; পূর্ব্বাহ্নে মাথার সম্মুখ ভাগে বেদনা, কপালের দুই পার্শ্বেই যাহা অধিক অনুভূত হয় এবং যাহা বাম চক্ষুর গোলকের পশ্চাৎভাগ পর্য্যন্ত বিস্তৃত হয় ও চক্ষু সঞ্চালনে যাহার বৃদ্ধি হয়; কপালের দুই পার্শ্বে এবং চক্ষুর গোলকে বেদনা যাহা চক্ষুর গোলক হইতে আরম্ভ হইয়া কপালের দুই পার্শ্বে বিস্তৃত হয়; মাথার ঠিক উপরিভাগে অত্যন্ত বেদনা, যাহা সকল সময় একভাবে থাকে, রাত্রিতে ঘুমের পর, প্রাতঃকালে যাহার অনেকটা উপশম হয় এবং প্রাতঃকালে আহারের পর যাহার প্রবল পুনরাক্রমণ হয় ও অনেক দিন ব্যাপিয়া থাকে; মাথায় অধিক পরিমাণে মরা চাম এবং খুসকি পড়ে (ক্যান্থ্, মেজিরিয়াম্) এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় সামান্য চুলকানি; মাথা স্পর্শ করিলেও যাতনার উদ্রেক হয় এবং উহার সঙ্গে সঙ্গে কপালে মরা চামের ন্যায় শুষ্ক ফুস্কুড়ী।

চক্ষু। চক্ষুর পাতার প্রান্ত নীলের আভাযুক্ত বেগুনী এবং চক্ষুর

নিম্ন ভাগ নীলবর্ণ; চক্ষুর গণ্ডমালা জনিত প্রদাহ এবং উহার সঙ্গে সঙ্গে মিবোমিয়ান্ গ্রন্থির (Mebomian glands) কঠিনতা (গ্রাফ, সালফ); বাম চক্ষু-গোলক এবং কপালের বাম পার্শ্বে প্রবল বেদনা; মাথাধরা, চক্ষুর গোলক পর্য্যন্ত যাহা বিস্তৃত হয় (সিমিসিফ, স্পাইজেল); বাম চক্ষুর গোলক টাটায়, এমন কি সজোরে চক্ষু বুজিলেও চক্ষে বেদনার উদ্রেক হয়।

কর্ণ। দূরবর্ত্তী স্থান হইতে কামান বা বন্দুক ছুড়িলে যেরূপ হয়, অপরাহ্নে কানের মধ্যে সেরূপ হঠাৎ শব্দ হয়।

নাসিকা। তরল সর্দ্দি এবং তদ্দরুণ নাক, বিশেষতঃ বাম নাসারন্ধ্র, দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নির্গমন, যাহা অপরাহ্ন এবং সন্ধ্যার সময়ই অধিক হয় ও উহার সঙ্গে সঙ্গে বারম্বার হাঁচি।

মুখমণ্ডল। মুখমণ্ডলে খুসখি বা মড়া চামের ন্যায় ফুস্কুড়ী; মুখমণ্ডল ফিকা, ছাইয়া বা সীসার ন্যায় রঙ্গ বিশিষ্ট; মাড়ি সঞ্চালনে অশক্তি।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখগহ্বর এবং নিশ্বাস জ্বরের ন্যায় উষ্ণ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত পিপাসা ও তদ্দরুণ অধিক পরিমাণে জল খাওয়া (ব্রাই); প্রাতঃকালে গলাদিয়া আঁটাল রক্তমিশ্রিত শ্লেষ্মা নির্গমন; গলার মধ্যের প্রদাহ এবং উহাতে অত্যন্ত বেদনা বা টাটানি যাহা কোন দ্রব্য বা ঢোক গিলিবার সময়ই অধিক অনুভূত হয়।

উদর। কুঁচকির গ্রন্থির কঠিনতা; গরমীর ব্যারাম জনিত বাগী (Buboes); অর্শ রোগ।

শ্বাসযন্ত্র। কখন কখন প্রবল আক্ষেপিক কাশি এবং তদ্দরুণ গলা এবং বায়ুনল হইতে সজোরে শ্লেষ্মা নির্গমন; বায়ুনলের উপরিভাগে সুড়্সুড়ীর দরুণ এই কাশির উদ্রেক হয়; বুকের ডাইন পার্শ্বের উপরিভাগে বেদনা; ফুস্ফুসাবরক ঝিল্লীর প্রদাহ জনিত বুকে বেদনা, নিশ্বাসেই যাহা অনুভূত হয় (ব্রাই, ক্যালী-কার্ব্ব, ফস্); ডাইন কণ্ঠাস্থির উপরিভাগে (Right supra clavicular region) ছুরিদিয়া কাটার ন্যায় প্রবল বেদনা; বুকের পার্শ্বে, বিশেষতঃ ডাইন পার্শ্বে, সূচীবিঁধানের ন্যায় বেদনা (ক্যালী-কার্ব্ব)।

হৃৎপিণ্ড। হৃৎপিণ্ডের ভয়ানক আন্দোলন; বসিয়া বা শয়ন করিয়া

থাকিলে হৃৎপিণ্ডের ভয়ানক কাঁপনি এবং হৃৎস্পন্দন, কোন প্রকারের মানসিক উত্তেজনা বা ভয়ানক বিষয়ে চিন্তা করিলেই যাহার হঠাৎ উদ্রেক হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় নোয়ান যায় না (রাস্টক্স, চেলিডন্); ঘাড়ে টাটানি এবং ঘাড় সঞ্চালনে অশক্তি ও উহার সঙ্গে সঙ্গে ঘাড়ে সূচীবিঁধানের ন্যায় যাতনা, ঘাড় সম্মুখ এবং পশ্চাৎদিকে নোয়াইলে যাহার বৃদ্ধি হয়; মুখমণ্ডল, গলার মধ্য এবং গ্রীবার গ্রন্থির গণ্ডমালা জনিত স্ফীতি, যাহার দরুণ উক্ত গ্রন্থিগুলি মুর্গির ডিমের ন্যায় বড় হয় এবং উহার কোন কোন গ্রন্থি কঠিন হয় ও কোন কোন গ্রন্থি পাকিয়া উহাতে পূঁযও হইয়া থাকে; ডাইন স্কন্ধাস্থির নিম্ন ভাগের পশ্চাৎদেশে প্রবল বেদনা এবং সূচীবিঁধানের ন্যায় যাতনা, সম্মুখ পানে হেলিয়া বাঁকিয়া পড়িলে যাহার বৃদ্ধি হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাতের পাতায় তালু উষ্ণ এবং শুষ্ক; পায়ের ডিমের হাড়ের উপর দিয়া আগা গোড়া ক্ষুদ্র ক্ষুদ্র কঠিন স্ফীতি; ডাইন পায়ের সম্মুখভাগস্থিত পেশীতে অত্যন্ত টাটানি; রাত্রিতে অঙ্গ প্রত্যঙ্গে ছুরী বিঁধানের ন্যায় ভয়ানক বেদনা।

ব্যবহার। মাথা এবং কপালে খুস্‌খি বা মরামাস বিশিষ্ট শুষ্ক ফুস্কুড়ী; গণ্ডমালা জনিত অসুখ, বিশেষতঃ গ্রন্থির স্ফীতি; চক্ষুর গণ্ডমালা জনিত প্রদাহ; সর্দ্দি; গরমীর ব্যারাম জনিত বাগী; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ; হৃৎস্পন্দন; অর্শরোগ ইত্যাদি অসুখে ব্যাডায়াগা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরের পেশী এবং চামড়ায় টাটানি; পেশীর টাটানি, কাপড়ের চাপ পড়িলেও যাহার বৃদ্ধি হয়; মারিলে যেরূপ হয়, গায় সেরূপ টাটানি (আর্ণিকা, রুটা)।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ব্যারাইটা কার্ব্ব, আয়োডিয়াম্, ক্যালী আয়োডাইড্, মার্কিউরিয়াস্, ফাইটোলাকা, সাইলিসিয়া, স্পঞ্জিয়া, সাল্‌ফার।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

গ্যাম্বোজিয়া,-গামি গাটি,-গ্যাম্বোজ্

(GAMBOGIA,-GUMMI GUTTI,-GAMBOG.)

ইহার গোঁদের ন্যায় গুঁড়া পদার্থ যথানিয়মে রেক্‌টিফায়েড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লীর (বিশেষতঃ অন্ত্রের) উপরই ইহার কার্য্য প্রবল, যাহার দরুণ অন্ত্র নালী (Intestinal Canal) উত্তেজিত হইয়া উহার নিঃসরণ পরিমাণে অত্যন্ত বৃদ্ধি পায় এবং কখন কখন উহা প্রদাহযুক্তও হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বিশ্রাম বা নড়া চড়াতে এবং প্রাতঃকালে ঘুম হইতে উঠিলে মাথা ঘোরা।

চক্ষু। সন্ধ্যার সময় বা অপরাহ্নে চক্ষে অত্যন্ত জ্বালানুভব এবং উহাতে আলোক অসহ্য হওয়া (Photophobia), বহির্ব্বায়ুতে যাহার উপশম হয় এবং প্রাতঃকালে যাহার পুনরাক্রমণ হয়; সন্ধ্যার সময় চক্ষে অত্যন্ত চুলকানি; রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকা এবং প্রাতঃকালে উহাতে জ্বালানুভব; চক্ষুর নাসিকার নিকটবর্ত্তী কোণে চুলকানি।

নাসিকা। পুরাতন আকারের প্রবল হাঁচি; ডাইন নাসারন্ধ্রের শুষ্কতা।

মুখগহ্বর এবং গলার মধ্য। সম্মুখের ইন্‌সিজার্স্ (Incissors) নামক দাঁতের প্রান্তে ঠাণ্ডা বোধ। গলার মধ্যের ডাইন পার্শ্বে হুল ফুটানের ন্যায় প্রবল বেদনা; গলার উপর চাপ দিলে গলার মধ্যে বেদনা বা টাটানি; গলার মধ্যে খশ্‌খশে এবং উহাতে জ্বালানুভব, যাহার দরুণ রোগী অনবরত গলার খেকুর দিতে বাধ্য হয়।

পাকস্থলী এবং উদর। আহারে অনিচ্ছা বা অরুচি; সন্ধ্যার সময় অত্যন্ত পিপাসা; বমনোদ্বেগ যেন পাকস্থলী হইতে আরম্ভ হয়; পাকস্থলীতে ভয়ানক চর্ব্বনবৎ যাতনা (ইগ্‌নেস্, লিথিয়াম্); পাকস্থলীতে

ছুরীদিয়া হানা বা সূচীবিঁধানের ন্যায় বেদনা (ব্রাই); পাকস্থলীতে ক্ষতের ন্যায় যাতনা, আহারের পর যাহা থাকে না। উদর স্ফীত এবং বিস্তৃত ও উহার সঙ্গে সঙ্গে নাভি প্রদেশে চিম্‌টিকাটার ন্যায় বা চিন্‌চিনে বেদনা; অন্ত্রের মধ্যে গড়্ গড়্, কল কল্ শব্দ হওয়া (আলোজ্, লাইকোপ্); উদর এবং কুঁচ্‌কি প্রদেশে চিন্‌চিনে বেদনা।

মল। গুহ্যদ্বার দিয়া বারম্বার দূষিত দুর্গন্ধযুক্ত বায়ু নিঃসরণ, সন্ধ্যার সময় এবং রাত্রিতেই যাহা অধিক হয়; উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বারে জ্বালাযুক্ত বেদনা এবং কষ্টদায়ক কোঁথপাড়া, গুহ্য বাহির হইয়া পড়া, নাভির চতুর্দ্দিকে অনবরত চিন্‌চিনে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন গুহ্যদ্বার দিয়া শ্লেষ্মা নির্গমন; প্রচুর পরিমাণে জলবৎ তরল উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে কষ্টদায়ক কোঁথ পাড়া এবং উদরে শূল বেদনার ন্যায় বেদনা; স্বাভাবিক মল সম্বলিত উদরাময়, যাহাতে মল গুহ্য দ্বার দিয়া অতি প্রবল বেগে নির্গত হয়; হরিদ্রা বা সবুজ বর্ণের শ্লেষ্মা মিশ্রিত তরল ভেদ এবং দাস্তের পূর্ব্বে নাভির চতুস্পার্শ্ববর্ত্তী স্থানে কর্ত্তনবৎ প্রবল বেদনা; কঠিন অপ্রচুর মল ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে ঘন ঘন বাহ্যের বেগ ও গুহ্যদ্বারে চাপাবোধ এবং গুহ্য বাহির হইয়া পড়া (নাক্স্-বম্)।

মূত্রযন্ত্র। অনেকক্ষণ অন্তর মূত্রত্যাগ।

স্ত্রী জননেন্দ্রিয়। শ্বেত প্রদর।

শ্বাসযন্ত্র। বুকের মধ্য ভাগে চাপাবোধ; ছাল উঠিয়া গেলে যেরূপ হয়, বুকের সমুদয় অংশেই সেরূপ বেদনা বা যাতনা (রুমেক্স্); বক্ষাস্থি প্রদেশে অত্যন্ত কষ্টদায়ক বারম্বার সূচীবিঁধানের ন্যায় যাতনা।

নিদ্রা। নিদ্রাবেশ এবং সর্ব্বদা ঘুমের ইচ্ছা; ঘুমেরঘোরে বিরক্তি এবং চিন্তা উৎপাদক স্বপ্ন দেখা।

ব্যবহার। শ্লেষ্মা জনিত অসুখ; চক্ষুর যোজক ঝিল্লী প্রদাহ (Cunjunctivitis); অজীর্ণ রোগ; উদরাময়; আমাশয়; শিশুগণের ওলা-উঠা ইত্যাদি অসুখে গ্যাম্বোজিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্কন্ধে ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা; শরীরের স্থানে স্থানে জ্বালাযুক্ত যাতনা (আর্স্); শরীরে অত্যন্ত গরম বোধ

এবং উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত উদ্বেগ (একন্.); সন্ধ্যার সময় বা রাত্রিতে অসুখের বৃদ্ধি; বসিয়া থাকিলে সমুদয় উপদ্রবের আক্রমণ এবং বহির্বায়ুতে নড়া চড়াতে অসুখের উপশম।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্সিনিক, ব্রাইওনিয়া, কলোসিন্থ, মার্কিউরিয়াস্, পডোফিলাম্।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ ক্রমই অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন রোগীর উদরাময়ের চিকিৎসায় ১ম দশমিক ক্রম ব্যবহার করিয়া ৩য় এবং ৬ষ্ঠ ক্রম অপেক্ষা লেখক অধিক ফল পাইয়াছেন। ৬ষ্ঠ অপেক্ষা উচ্চ ক্রম ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায় না অনেক রোগীর চিকিৎসা করিয়া তাঁহার এরূপ বিশ্বাস জন্মিয়াছে।

আরানিয়া ডায়েডিমা,-আরানিয়া

(ARANEA DIADEMA,-ARAN. DIAD.)

ইহা এক প্রকারের মাকড়সা বিশেষ। একটী মাকড়সা ১০০ ফোঁটা প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার নিম্ন গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মেলেরিয়ার বিষ শরীরে প্রবেশ করিলে যেরূপ হয়, ইহাতেও সেরূপ লক্ষণাদি প্রকাশ পায়। ম্যালেরিয়া জনিত যেপ্রকার সবিরাম জ্বরে শীতাবস্থা অত্যন্ত স্পষ্টরূপে প্রকাশ পায় এবং যাহাতে লক্ষণাদি প্রতিদিন এক সময়ে প্রকাশ পায়, যে সকল রোগীর শরীরে অতিরিক্ত পরিমাণে জলীয় পদার্থ থাকে এবং যাহাদিগের শরীরের স্বাভাবিক সন্তাপ কম থাকে ও ভিজা শেতশেতিয়া স্থানে সামান্য কারণেই অসুখ হয়, (Hydrogenoid Constitution), তাহাদিগের অসুখেই ডাক্তার বন্ গ্রবগলের (Dr. Von Grauvogl) মতে এই ঔষধ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথাধরা এবং মাথায় গোলমেলে বোধ, তামাক খাইলে

যাহার উপশম হয়; মাথা ধরা সন্ধ্যাকাল পর্য্যন্ত ব্যাপিয়া থাকে; মাথা ধরা কএক ঘণ্টা অবস্থিতি করিয়া ক্রমে ক্রমে কমিয়া বহির্ব্বায়ুতে এক-বারে সারিয়া যায়; মাথা ধরা এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে জ্বালানুভব ও মুখ মণ্ডলে উষ্ণানুভব।

মুখগহ্বর। রাত্রিতে শয়ন করিবার পরই সমুদয় দাঁতে হঠাৎ প্রবল বেদনা।

উদর। তলপেটে ভারি এবং পূর্ণ বোধ, যাহার দরুণ মনে হয় যেন উদরে একখানি পাথর চাপান রহিয়াছে এবং উহার সঙ্গে সঙ্গে পেট কাম-ড়ানী; উরুদেশে ভারিবোধ, যাহার দরুণ পা যেন চলে না এরূপ অনুভূত হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় গোলমেলে বোধ; প্রতি দিনই এক সময়ে এই প্রকারের অসুখের উদ্রেক হয় এবং অপরাহ্ণ ৫টার সময় অর্দ্ধ ঘণ্টা অবস্থিতি করে; প্লীহার বিবৃদ্ধি।

মল। জলবৎ তরল ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে উদরে বেদনা।

স্ত্রী জননেন্দ্রিয়। নিয়মিত সময়ের ৬৮ দিবস পূর্ব্বে প্রচুর রজঃস্রাব।

বক্ষ। ফুস্ফুস হইতে রক্তস্রাব।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাড়ের মধ্যে খনন করা বা ছিদ্র করার ন্যায় বেদনা (ইউপেট, মার্ক), পায়ের টিবিয়া (Tibia) নামক হাড়, পায়ের গোড়াড়ীর হাড় (Os calcis), ডাইন বাহু এবং হাতের হাড়েই যাহা অধিক অনুভূত হয়; বাহু এবং হাত যেন ভয়ানক ফুলিয়াছে এরূপ অনুভূত হয়।

ব্যবহার। ম্যালেরিয়া জনিত জ্বর; ম্যালেরিয়া জনিত অসুখ; কোইনাইনে আটকান সবিরাম জ্বর; রক্তস্রাব; প্লীহার বিবৃদ্ধি; দন্তশূল ইত্যাদি অসুখে আরানিয়া ডায়েডিমা ব্যবহার্য্য। ম্যালেরিয়া জনিত এবং কোইনাইনে আটকান সবিরাম জ্বর ও প্লীহার বিবৃদ্ধিতে লেখক অনেক রোগীর চিকিৎসায় এই ঔষধ ব্যবহার করিয়া দেখিয়াছেন। উহাতে ইহা দ্বারা বিশেষ ফল পান নাই। তবে একটী স্ত্রীলোকের দন্তশূলে ইহার ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছেন। যদিচ লেখক এই ঔষধ

দ্বারা আশানুরূপ ফল পান নাই, হোমিওপ্যাথিক চিকিৎসকগণের এই ঔষধ বিস্তৃতরূপে ব্যবহার করিয়া পরীক্ষা করা উচিত, কারণ, আমেরিকার হোমিওপ্যাথিক মতে চিকিৎসাবিষয়ক গ্রন্থে ইহার অনেক প্রশংসা দেখিতে পাওয়া যায়।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত ক্লান্তি এবং শ্রান্তিবোধ; অস্থির নিদ্রা বা ভালঘুম না হওয়া ও বারম্বার জাগিয়া উঠা; ভিজা, আর্দ্র বা শেতশেঁতিয়া স্থান বা বায়ুতে অসুখ হওয়া বা অসুখের বৃদ্ধি (রাস্-টক্স); ভিজা বা আর্দ্র দিনেই শীতবোধের বৃদ্ধি, যাহার দরুণ মনে হয় শীত যেন অস্থিতে পর্য্যন্ত অনুভূত হয়; সমুদয় অসুখ অপেক্ষা শীত অধিক অনুভূত হয়; জ্বর না থাকা; প্রতিদিন ঠিক এক নির্দ্দিষ্ট সময়ে অসুখের লক্ষণাদির আক্রমণ (সিড্রন্); মনে হয় যেন বাহু এবং হাত অত্যন্ত ফুলিয়াছে।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্সিনিক, চায়না, সিড্রন্, ইউকেলিপ্টাস্, ইউপেটোরিয়াম্।

ডাইলুশন বিচার। লেখক এই ঔষধের ১ম, ৩য়, ৬ষ্ঠ ও ১২ ক্রমের আরোক ও গুঁড়া উভয়ই ব্যবহার করিয়া দেখিয়াছেন। ৬ষ্ঠ ক্রমের আরোক দ্বারাই অধিক ফল পাওয়া যায়। ১ম এবং ৩য় ক্রমে লক্ষণাদির বৃদ্ধি হয়। কেবল ২।৩টী রোগীর চিকিৎসায় ১২ ক্রম ব্যবহার করা গিয়াছে। উহাতেও ভাল ফল পাওয়া যায় নাই।

আষ্টীলেগো মেইডিস্,-আষ্টীল্

(USTILAGO MAYDIS,-USTIL.)

এই গাছের বাকল দিয়া মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মণ্ডলী দিয়া ইহা প্রধানতঃ রক্ত সঞ্চালন ক্রিয়ার সহায়কারী যন্ত্রাদি আক্রমণ করে, যাহার দরুণ কৈশিক ধমনি (Arterial Capillaries) অনেক কাল ব্যাপিয়া সঙ্কুচিত এবং কৈশিক শিরা বিস্তৃত হয় ও তদ্দরুণ ধমনি সম্বন্ধীয় রক্ত সঞ্চালন

ক্রিয়ার (Arterial Circulation) ব্যাঘাত জন্মিয়া শিরা সম্বন্ধীয় রক্তাবরোধ (Passive Congestion) হইয়া থাকে। স্ত্রীলোকের জননেন্দ্রিয়ের উপর ইহার বিশেষ স্থানিক কার্য্য থাকার দরুণ জরায়ুর সঙ্কোচন, গর্ভস্রাব, জরায়ু হইতে রক্তস্রাব এবং সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা ইত্যাদি অসুখ প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। খিট্‌খিট্‌ করা এবং মানসিক অবসন্নতা (ব্রাই, নাক্স্‌-বম্‌)।

মস্তক। মাথায় পূর্ণবোধ; মাথার সম্মুখ ভাগে চাপিয়া ধরার ন্যায় ঘুস্‌ঘুসে বেদনা; স্নায়বিক শিরঃপীড়া; মাথার ছাল উঠিয়া ঘা হওয়া বা মাথা পুড়িয়া যাওয়া; মাথায় পচা এবং ময়লাযুক্ত ঘা; মাথার চুল পড়িয়া যাওয়া; মাথা হইতে সিরাম (Serum) নামক ফেণবৎ তরল কলতানি নির্গত হওয়া (মেজিরিয়াম্‌)।

চক্ষু। চক্ষুর গোলকে কন্‌কনানির ন্যায় যাতনা (সিমিসিফ্‌, স্পাইজেল্‌, রুটা)।

নাসিকা। ঠাণ্ডা লাগিলে যেরূপ হয়, নাসারন্ধ্রে সেরূপ শুষ্কবোধ।

মুখগহ্বর এবং গলার মধ্য। দন্তশূল; মুখে প্রচুর পরিমাণে তিক্তস্বাদ বিশিষ্ট চট্‌চটিয়া আঠা লাল উঠা; মুখে তামার ন্যায় চট্‌চটিয়া স্বাদ (মার্ক্‌)। টন্‌সিল্‌ (Tonsils) শুষ্ক, বেদনা বা টাটানিযুক্ত; ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া থাকিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অসুখ বোধ এবং উহার সঙ্গে সঙ্গে আহার বহা গলনালী দিয়া পাকস্থলী পর্য্যন্ত জ্বালা এবং শুষ্কবোধ (ক্যাম্প্‌)।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত ক্ষুধা এবং পিপাসা; পাকস্থলীতে অনবরত অত্যন্ত কষ্ট সম্বলিত অসুখবোধ; টক উদ্‌গার উঠা; পাকস্থলীতে জ্বালাযুক্ত বেদনা বা যাতনা (আর্স্‌, বেল্‌, কল্‌চ্‌, ফস্‌)। উদরে কর্ত্তনবৎ এবং শূলবেদনার ন্যায় তীক্ষ্ণ বেদনা।

জননেন্দ্রিয়। পুরুষের জননেন্দ্রিয়ের অতিরিক্ত অবসন্নতা বা দুর্ব্বলতা (আগারিকাস্‌, আগ্‌নাস্‌, কোনায়াম্‌); একটী বা উভয় অণ্ডকোষেই স্নায়ুশূলের ন্যায় প্রবল বেদনা (ষ্টাফিস্‌); হস্তমৈথুনের অনিবার্য্য ইচ্ছা; ধাতু তরল এবং উহার সঙ্গে সঙ্গে স্ত্রীসহবাসের শক্তির দুর্ব্বলতা,

স্তব্ধবায়ু (Melancholia) (চায়না, ফস্-আস্)। স্ত্রীলোকের জরায়ুতে অনবরত কন্‌কনানির ন্যায় বেদনা বা যাতনা; গর্ভস্রাব হওয়ার ধাতু (সিপিয়া); জরায়ুর মুখ বিস্তৃত বা খোলা এবং পশ্চাৎদিকে আকৃষ্ট ও নেতার ন্যায় শিথিল; জরায়ুর দুর্ব্বলতার দরুণ প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব (কলোফ্, চায়না), রক্ত কাল্‌চে এবং চাপ্ চাপ্ থানা থানা (ক্রোকাশ্, সাইক্লেমেন্, ইগ্নেস্, সাবাইনা); সন্তান প্রসবের পর জরায়ুর দুর্ব্বলতা, কোমলতা এবং শিথিলতার দরুণ অতিরিক্ত রক্তস্রাব (Post-partum hæmorrhage) (কলোফ্)।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। নড়াচড়াতে অসুখের বৃদ্ধি এবং বিশ্রামে ও স্থির বা নিস্তব্ধভাবে থাকিলে অসুখের উপশম।

সমগুণ বিশিষ্ট ঔষধ। কলোফিলাম্, সাইক্লেমেন্, চায়না, ক্রোকাশ্, হ্যামামেলিস্, ইগ্নেসিয়া, সাবাইনা।

ডাইলুশন বিচার। এই ঔষধ দ্বারা যে কএকটী রোগীর চিকিৎসা করা গিয়াছে, তাহাতে লেখক ১ম দশমিক ক্রমের আরোক এবং মূল আরোক, ১ ফোঁটা মাত্রায় ব্যবস্থা করিয়াছিলেন। এতদ্ভিন্ন ইহার মাত্রা সম্বন্ধে তিনি আর অধিক কিছু বলিতে পারেন না।

পিট্রোসেলিনাম্,-পিট্রোস্

(PETROSELINUM,-PERTOS.)

এই গাছের সমুদয় অংশ কাঁচা অবস্থায় যথানিয়মে ডাইলুট্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। ইহা মূত্রনালীর শ্লৈষ্মিক ঝিল্লী অতি প্রবলরূপে আক্রমণ করে, যাহার দরুণ উক্ত ঝিল্লী অত্যন্ত উত্তেজিত এবং প্রদাহযুক্ত হইয়া থাকে। অতএব অল্পদিনের পুরাতন এবং অনেক দিনের পুরাতন আকারের প্রমেহ রোগের (Subacute Gonorrhœa and Gleet) চিকিৎসায় ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মূত্রযন্ত্র এবং জননেন্দ্রিয়। মূত্রনালী দিয়া দুধের ন্যায় ক্লেদ

নিঃসরণ ; মূত্রনালীর মুখ শ্লেষ্মা দ্বারা রুদ্ধ হইয়া থাকে ; মূত্রনালী দিয়া হরিদ্রাবর্ণের ক্লেদ নিঃসরণ (হাইড্রাষ্টি, পাল্‌স্‌) ; প্রস্রাব করা কালীন মূত্র নালীর গোড়ায় জ্বালা ; মূত্র নালীর গোড়ায় কসিয়া বা ধাটিয়া ধরার ন্যায় যাতনা, মূত্রত্যাগের পর যাহা কর্ত্তনবৎ বা চিড়িক মারার ন্যায় যাতনায় পরিণত হয় (ক্যানাবিস্‌-স্যাট্‌) ; মূত্রনালীর মধ্যে আগা গোড়া হামা দেওয়া বা সুড়্‌ সুড়ীর ন্যায় যাতনা অনুভূত হয় ; মূত্রনালীর গোড়ার পশ্চাৎভাগে চাপাবোধ ; মূত্রনালীর গোড়ায় বারম্বার সুড়্‌সুড়ী ; বারম্বার প্রস্রাব করার ইচ্ছা, মূত্রনালীর গোড়ায় সুড়্‌সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয় ; পুরুষাঙ্গ অস্বাভাবিকরূপে খাড়া হয় এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষাঙ্গ বাঁকিয়া পড়ে ; শেষ রাত্রি বা ভোর হওয়ার সময় ঘুমের ঘোরে অনিচ্ছাপূর্ব্বক বা অসাড়ে ধাতু নির্গমন (স্বপ্নদোষ)।

ব্যবহার। অল্প এবং অধিক দিনের পুরাতন আকারের প্রমেহ রোগে (Subacute Gonorrhœa and Gleet) পিট্রোসেলিনাম্‌ ব্যবহার্য্য। ডাক্তার হিউজ্‌ (Dr. Hughes) বলেন যে, ইহা মস্তিষ্ককে কোইনাইনের ন্যায় আক্রামণ করে এবং সেই হিসাবে সবিরাম জ্বর এবং স্নায়ুশূলে কোইনাইনের পরিবর্ত্তে ইহা ব্যবহার করিয়া তিনি অনেক রোগীর চিকিৎসায় উপকার পাইয়াছেন।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ক্যান্থারিস্‌, ক্যানাবিস্‌ স্যাটাইবা কোপেইবা, সাল্‌ফেট্‌ অব্‌ কোইনাইন্‌।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। প্রমেহরোগে যে কএকটী রোগীর চিকিৎসায় বিশেষ ফল পাওয়া গিয়াছে, উহার সমুদয় রোগীকেই ১ম দশমিক ক্রমের আরোক এক ফোঁটা মাত্রায় ব্যবস্থা করা হইয়াছিল। পুরাতন আকারের মেলেরিয়া জনিত সবিরাম জ্বরাক্রান্ত ২।৩টী রোগীর চিকিৎসায় ইহার মূল আরোক ২।৩ ফোঁটা মাত্রায় ব্যবহার করিতে হইয়াছিল। ইহার মিশ্র আরোক ব্যবহার করিয়া কোনও ফল পাওয়া যায় নাই।

এরাম্ ট্রিফিলাম্,-এরাম্-ট্রিফ্

(ARUM TRIPRYLLUM.-ARUM TRIPH.)

এই গাছের কাঁচা শিকড়ের রস যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। মুখগহ্বর এবং উহার পশ্চাৎ ভাগের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল এবং বায়ুনল ও উহার উপরিভাগের শ্লৈষ্মিক ঝিল্লীর উপরও ইহার কতক পরিমাণে কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ আক্রান্ত অংশ প্রবল রূপে প্রদাহযুক্ত, আবের ন্যায় স্ফীত এবং উহাতে ক্ষতও হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। রোগী কি করিতেছে অথবা তাহাকে অন্যে কি বলিতেছে তাহা সে কিছুই বুঝিতে বা জানিতে পারে না; প্রলাপের অবস্থায় নাকের মধ্যে আঙ্গুল খুসিয়া দেওয়া এবং নাক চুল্‌কানি (সিনা); ঠোঁট খোঁটা।

মস্তক। প্রবল শিরঃপীড়া।

চক্ষু। চক্ষে আলোক সহ্য না হওয়া; চক্ষুর উপরের পাতার কাঁপনি বা ধড়্‌ফড়ানি (আর্স্)।

নাসিকা। নাক দিয়া ছানার জলের ন্যায় ছেক্‌ড়া ছেক্‌ড়া জ্বালা উৎপাদক জলবৎ তরল ক্লেদ নিঃসরণ, যাহার দরুণ নাসারন্ধ্র এবং উপরের ওষ্ঠের ছাল উঠিয়া যায় (এইলান্থ্, আমন্-কার্ব্ব্, আর্স্, সিপা, মার্ক); নিদ্রাবেশ বা ঝিমান এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার হাঁচি, রাত্রিতেই যাহার বৃদ্ধি হয়; নাসারন্ধ্র রুদ্ধ হওয়া এবং তদ্দরুণ মুখ দিয়া নিশ্বাস ফেলিতে বাধ্য হওয়া (অরাম্); জলাদি পান করার সময় জলাদি নাকের মধ্যে প্রবিষ্ট হয়; ক্ষত হইয়া নাসারন্ধ্র ফাটিয়া যায় (আণ্টি-ক্রুড্, গ্রাফ্, নাইট্রিক্-আস্); বারম্বার নাক খোঁটা বা নাক চুল্‌কানি (সিনা, সেলিন্)।

মুখমণ্ডল। অনেকক্ষণ ধরিয়া প্রবল ঠাণ্ডা বাতাস লাগিলে যেরূপ হয়, নাক, ঠোঁট এবং মুখমণ্ডল সেরূপ ফাটিয়া যায় (আণ্টি-ক্রুড্, গ্রাফ্);

অপরাহ্নে মুখমণ্ডল এবং মাথায় অত্যন্ত উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে সর্দ্দি ও নাকদিয়া শ্লেষ্মা নির্গমন; যতক্ষণ রক্ত না পড়ে, ততক্ষণ ঠোঁট চুল্‌কায়; ঠোঁটের কোণ ক্ষত এবং ফাটাযুক্ত ও উহা দিয়া রক্ত পড়া (আণ্টি-ক্রুড্, গ্রাফ্, লাইকোপ্, নাইট্রিক্-আস্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা ফাটাযুক্ত এবং উহাতে বেদনা ও জ্বালা; চামড়া উঠিয়া গেলে যেরূপ হয়, জিহ্বার গোড়া এবং তালুকায় সেরূপ অনুভূত হওয়া; গালগহ্বরে ছাল উঠিয়া ক্ষত হওয়া এবং উহা হইতে রক্তপড়া; মুখের মধ্যে (শিশুগণের) এত জ্বালা এবং টাটানির উদ্রেক হয় যে, উহার দরুণ রোগী জলাদি কিছুই মুখে লইতে চাহে না এবং মুখে কিছু দিতে গেলে সে চীৎকার করিয়া কাঁদিয়া উঠে; মুখে প্রচুর পরিমাণে উগ্র জ্বালা উৎপাদক লাল উঠা। হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির স্ফীতি (অরাম্, ব্যারাইটা-কার্ব্ব); গলার মধ্যে আঁটাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি; কোন দ্রব্য গিলিবার সময় কোমল তালুকা (Soft-palate) স্ফীত হওয়ার ন্যায় অনুভূত হয়; তালুকা এবং গলার মধ্যে টাটানি, শুষ্কবোধ, জ্বালাযুক্ত বেদনা ও ক্ষত; গলার মধ্যে টাটানির দরুণ রোগী আহার বা পান করিতে চাহে না।

মল। কটাবর্ণের জলবৎ তরল উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে উদরস্থ আহার দ্রব্যাদির গন্ধযুক্ত উদ্গার উঠা।

মূত্রযন্ত্র। প্রচুর পরিমাণে ফিকা মূত্রত্যাগ; মূত্র পরিমাণে অল্প বা একবারে মূত্রাবরোধ (আরক্ত জ্বরে)।

শ্বাসযন্ত্র। অনেকক্ষণ গান করা বা বক্তৃতাদি করার দরুণ স্বর-ভঙ্গ (আর্জেন্ট্-মেট্, আর্জেণ্ট-নাইট্রিক্, ফস্); বায়ুনলে শ্লেষ্মার সঞ্চার; স্বর সকল সময় এক রকম থাকে না; ফুস্ফুসে টাটানি।

চর্ম্ম। গায় আরক্ত জ্বরের ফুস্কুড়ীর ন্যায় ফুস্কুড়ী এবং উহাতে চুল্‌কানি ও উহা মিলাইয়া গেলে মরা চামের ন্যায় খোসা উঠিয়া যায় (এপিস্, বেল্, রাস্ টক্স্, ষ্ট্রামন্)।

ব্যবহার। সাংঘাতিক আকারের আরক্ত জ্বর (Malignant Scarlatina); বক্তা বা গায়ক দিগের গলার মধ্যে বেদনা বা ক্ষত;

লক্ষণ বিশেষে মুখগহ্বর, জিহ্বা, গাল গহ্বরের প্রদাহজনিত অসুখ ; অম্ল বিকার ইত্যাদি অসুখে এরাম্ ট্রিফিলাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সাধারণতঃ প্রাতঃকালে, শয়ন করিয়া থাকিলে, উত্তর পশ্চিমে বাতাসে অসুখের বৃদ্ধি ; শয়নাবস্থা হইতে উঠিলে অসুখের উপশম।

সমগুণ বিশিষ্ট ঔষধ। এইলান্থাস্, আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্, আর্জেণ্টাম্ নাইট্রিক্, আর্সেনিক, ব্যাপ্টিসিয়া, কষ্টিকাম্, সিপা, নাইট্রিক্ আসিড্, ক্যালী-আয়োডাইড্, হাইড্রাষ্টিস্, ফস্ফরাস্, ফাইটোলাকা, রাস্টক্স্, ষ্ট্রামোনিয়াম্, সাইলিসিয়া, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। মাখন বা মাখন সমেত দুগ্ধ।

ডাইলুশন বিচার। ডাক্তার লিপির (Dr. Lippe) মতে এই ঔষধের ৬ষ্ঠ ও তদপেক্ষা উচ্চ ক্রম ব্যবহার্য্য। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

অস্মিয়াম্ টেট্রক্সাইড্,-অস্মিয়াম্.

(OSMIUM TETROXIDE,-OSM.)

ইহা এক প্রকারের ধাতু বিশেষ। যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা দিয়া ইহা প্রধানতঃ শ্বাসযন্ত্র এবং মূত্রকোষ আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা বিমর্ষ ভাব, খিট্‌খিট্ করা এবং অধৈর্য্য হওয়া ; আপনার মানসিক দুর্ব্বলতার বিষয়ে জ্ঞান ; কথা বলিবার সময় যথাযোগ্য শব্দ ব্যবহার করাতে অশক্তি (ডাল্‌ক্, প্লাম্বাম্) ; কাজ কর্ম্ম করিতে অনিচ্ছা।

মস্তক। মাথায় ভারি বোধ এবং ঘুসঘুসে বেদনা।

চক্ষু। চক্ষুর কোটরে প্রখর বেদনা; চক্ষুর পাতা আক্ষেপিকরূপে বন্ধ হয়; চক্ষে কম বা আঁধার দেখা; কুয়াশার মধ্যদিয়া দেখিলে যেরূপ হয়, পুস্তকের অক্ষরগুলি সেরূপ ঝাপ্‌সা দেখায় (সাইক্লেমেন্, ফস্, জেল্‌স্); চক্ষে জ্বালাযুক্ত যাতনা এবং চক্ষুদিয়া প্রচুরজল পড়া; মোমবাতির আলোক যেন নীলের আভাযুক্ত চক্রাকারে পরিবেষ্টিত বলিয়া অনুভূত হয় (ফস্); বা আলোক যেন রামধনুক দ্বারা পরিবেষ্টিত হওয়ার ন্যায় দেখায়।

কর্ণ। ডাইন্ কানে টন্ টন্ শব্দ হওয়া; সন্ধ্যার সময় কর্ণশূল, যাহা প্রথমতঃ ডাইন কানে আরম্ভ হয় এবং তৎপর বাম কানে বিস্তৃত হয়।

নাসিকা। সর্দ্দি এবং তদ্দরুণ বারম্বার হাঁচি (একন্, আর্জেণ্ট্, ইউফর্ব্ব্); নাকের মধ্যে জ্বালাযুক্ত উত্তেজনা বা চড়্‌চড়ানি; নাসারন্ধ্রে ঠাণ্ডা বাতাস সহ্য হয় না (হাইড্রাষ্ট্, সোরিনাম্); নাকের আঘ্রাণ শক্তির হ্রাস।

মুখগহ্বর। মাড়িতে কন্‌কনানি; চর্ব্বনের সহায়কারী পেশীতে বেদনা; জিহ্বা লেপযুক্ত, উহার ধার খশ্‌খশে এবং উহার মধ্যভাগ লাল রেখা দ্বারা আবৃত; মুখে প্রচুর পরিমাণে লাল উঠা; মুখে রক্তের স্বাদ; মুখে ধাতুর স্বাদ (ইস্কুল্, ককিউল্, মার্ক্, নেজা)।

পাকস্থলী এবং উদর। উদ্গার উঠা; বমনোদ্বেগ; বমন; পেট যেন ঠোশ মারিয়া থাকে এবং উহার সঙ্গে সঙ্গে গা বমী বমী করা ও তদ্দরুণ অত্যন্ত কষ্টবোধ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীর মধ্যে বেদনা ও ভারিবোধ। উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত ও উহার সঙ্গে সঙ্গে উহাতে অত্যন্ত টাটানি এবং গড়্ গড়্, কল কল শব্দ হওয়া।

মল এবং মলদ্বার। মলত্যাগের সময় এবং উহার পর গুহ্য দ্বারে জ্বালা (আর্স্, ক্যাম্ব্, আইরিস্, মার্ক্); উদরাময়; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। মূত্র আল্‌বুমেন্‌যুক্ত (মার্ক্-কর, ফস্, ফাইটোল্, প্লাম্বাম্), অত্যন্ত উগ্রগন্ধ বিশিষ্ট, কাল্‌চে কটাবর্ণ এবং পরিমাণে অল্প (প্লাম্বাম্) এবং উহাতে উজ্জ্বল লাল তলানি পড়ে; মূত্রকোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's Disease)।

পুরুষ জননেন্দ্রিয়। অণ্ডকোষ এবং শুক্র নিঃসারক সূত্রে বেদনা (ক্লিমেটিস্, স্পঞ্জিয়া); পুরুষাঙ্গ অত্যন্ত প্রবল বেগে খাড়া হয়।

শ্বাসযন্ত্র। বায়ুনলের উপরিভাগে কুট্কুটানি বা সুড়্সুড়ীর দরুণ থক্ থক্ করিয়া কাশি; বায়ুনলের উপরিভাগে বেদনা বা টাটানি, জ্বালা এবং ছাল উঠিয়া গেলে বা চাঁচিয়া ফেলিলে যেরূপ হয়, সেরূপ যাতনা (রাস্-টক্স, রুমেক্স); বায়ুনলের মধ্যে প্রচুর পরিমাণে শ্লেষ্মার সঞ্চার (আণ্টি-টার্ট, ইপিকাক্, ফস্, ষ্টানাম্); স্বরভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে বায়ুনলের উপরি-ভাগে বেদনা; আক্ষেপিক কাশির বারম্বার আক্রমণ (কোরেল্, রুব্, ড্রসিরা); থক্ থক্ করিয়া শুষ্ক কাশি; শ্বাসকষ্ট; বুকে আঁটা এবং কষ্টানু-ভব (মার্ক্-কর, ফস্); কাশিবার সময় বক্ষাস্থির নীচে বেদনা, যাহা বুকের দুই পার্শ্বেই বিস্তৃত হয় এবং উহার সঙ্গে সঙ্গে জ্বালাযুক্ত টাটানি, যাহার দরুণ মনে হয় যেন আক্রান্ত স্থানে ছাল উঠিয়া কাঁচা ঘা হইয়াছে; অনেক ক্ষণ কাশির পর গলা দিয়া ডেলা ডেলা, চট্চটিয়া আঠা শ্লেষ্মা নির্গমন।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ এবং কোমরে চাপিয়া ধরার ন্যায় বেদনা।

চর্ম্ম। হাতের পাতার পশ্চাৎভাগে লাল দাগ পড়া; হাতে এবং গালে অনেক ফুস্কুড়ী; বাহুতে লাল্চে কটা রঙ্গের ফুস্কুড়ী এবং উহা শুকা-ইয়া মরা চামের ন্যায় খোসা উঠিয়া যাওয়া; পায় তীক্ষ্ণ অগ্রভাগ বিশিষ্ট ফোস্কার ন্যায় ফুস্কুড়ী এবং উহার গোড়া লাল রঙ্গ দ্বারা পরিবেষ্টিত; কোন কীট হামাদিয়া গেলে যেরূপ হয়, গায় সেরূপ চুলকানি বা সুড়্সুড়ী।

ব্যবহার। রোগ চিকিৎসায় অস্মিয়াম্ কমই ব্যবহৃত হইতে দেখা যায়। বায়ুনল প্রদাহ (Bronchitis), ফুস্ফুস প্রদাহ (Pneumonia), হুপিং কফ্, ব্রাইটস্ ডিজিজ্ (Bright's Disease) ইত্যাদি অসুখে ইহা ব্যবহার্য্য বলিয়া চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয়; অঙ্গ প্রত্যঙ্গে কর্ত্তনবৎ বা চিনচিনে বেদনা।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ম্যাঙ্গেনাম্, সেলিনিয়াম্, আর্সিনিকাম্।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। ইহার ৩য় ক্রমের গুঁড়া এবং ৬ষ্ঠ ক্রমের আরোক দ্বারা উপকার দর্শিবার সম্ভাবনা।

সেলিনিয়াম্,-সেলিন্

(SELINIUM,-SELEN.)

ইহা গন্ধকের ন্যায় এক পদার্থ বিশেষ। কোন এক বিশ্বস্ত হোমিও-প্যাথিক ঔষধালয় হইতে আদত সেলেনিয়াম্ ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। বায়ুনলের উপরিভাগের উপরই ইহার প্রধান কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উক্ত যন্ত্র প্রদাহযুক্ত হয়। জননেন্দ্রিয়ের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উহার দুর্ব্বলতা এবং তদ্দরুণ সম্পূর্ণ ধ্বজভঙ্গ হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অত্যন্ত জড়তা এবং উহার সঙ্গে সঙ্গে অজ্ঞান হওয়া ও সকল বিষযে বৈরাগ্য বা অমনোযোগ (কার্ব্বো-বেজ্, চায়না, ফস্); সকল বিষয়ই ভুলিয়া যাওয়া, বিশেষতঃ আপন কার্য্য কর্ম্মের বিষয়, কিন্তু যখন অর্দ্ধ নিদ্রিতাবস্থায় শয়ন করিয়া থাকা যায়, তখন উক্ত বিষয় গুলি সমুদয়ই স্মরণ হয়; কোন বিষয় সহজে বুঝিবারে অশক্তি; মানসিক পরিশ্রমে শ্রান্তিবোধ; কোন কাজ করাতে অশক্তি।

মস্তক। নেসা করিলে যেরূপ হয়, সেরূপ মাথাঘোরা (আগারিকাশ্, নাক্স-বম্, ষ্ট্রামন্); আচ্ড়াইবার সময় মাথার চুল পড়িয়া যায়; চক্ষুর ভ্রূ, গোঁপ এবং পুরুষাঙ্গ ও যোনিদেশস্থিত লোম পড়িয়া যায়।

নাসিকা। নাকের মধ্য এবং উহার পাতায় চুলকানি; নাকের মধ্যে আঙ্গুল ঢুকাইয়া দেওয়ার ইচ্ছা বা নাক খোঁটা (সিনা); নাকদিয়া হরিদ্রাবর্ণের, গাঢ় ভিজা গোঁদের ন্যায় শ্লেষ্মা নির্গমন।

মুখমণ্ডল। তৈল বা মাখনাদি মাখাইয়া রাখিলে যেরূপ হয়, মুখমণ্ডলের চর্ম্ম সেরূপ চক্চকে; মুখমণ্ডলে যেন খুস্কীর ন্যায় মরা চাম উঠে (সাল্ফ্); মুখমণ্ডল এবং হাত যেন জীর্ণ শীর্ণ হয় (নেট্রাম্-মিউর্)।

মুখগহ্বর। দাঁত গুলি শ্লেষ্মা দ্বারা জড়িত; তোত্লার ন্যায় কথা

বলা; অতি কষ্টে মুখ সঞ্চালন করিতে পারা যায় (কষ্ট্, ক্যানাবিস্-ইণ্ড্, ষ্ট্রামস্)।

উদর। উদরের ডাইন পার্শ্বে, শেষ পাঁজরার হাড়ের চতুর্দ্দিকে, বেদনা, নিশ্বাস টানিবার সময়ই যাহা অধিক অনুভূত হয় এবং যাহা মূত্র কোষ প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত হয় ও উক্ত প্রদেশে চাপ দিলে অত্যন্ত বেদনা বা টাটানির উদ্রেক হয়।

মল। মলের মধ্যে যেন চুলের ন্যায় সূতা থাকে।

মূত্রযন্ত্র। মূত্র কাল্‌চে এবং পরিমাণে অল্প; সন্ধ্যার সময় মূত্র লালবর্ণ; চলিবার সময় অসাড়ে মূত্র নিঃসরণ; মল মূত্র ত্যাগের পর মূত্র আপনা আপনিই গড়াইয়া পড়ে।

পুরুষ জননেন্দ্রিয়। স্ত্রীসহবাসের সময় পুরুষাঙ্গ যথোচিত পরিমাণে খাড়া হয় না এবং সামান্য স্ত্রী আলিঙ্গনেই ধাতু নির্গত হয় ও অনেকক্ষণ ধরিয়া ক্রমাগত পুরুষাঙ্গ ঝিন্ ঝিন্ করে; স্ত্রীসহবাসের পর অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়া এবং খিট্ খিট্ করা ও কোমরে দুর্ব্বলবোধ; ধাতু অত্যন্ত তরল এবং উহাতে স্বাভাবিক গন্ধ থাকে না; মনে অনবরত স্ত্রীসহবাস বিষয়ে ভাবের উদয় হয়, কিন্তু স্ত্রীসহবাসের শক্তি একবারেই থাকে না; বসিয়া থাকা কালীন, নিদ্রাবস্থায়, চলিয়া বেড়ানের সময় এবং মলত্যাগের সময় ধাতু নির্গমন (আগ্‌নাশ্, সাইলিসি)।

শ্বাসযন্ত্র। গাণ করিতে আরম্ভ করিলে বা অনেকক্ষণ কথা বলিলে স্বরভঙ্গ (আর্জেণ্ট্-মেট্, এরাম্, ফস্); প্রত্যেক দিন প্রাতে গলা দিয়া থক্ থক্ করিয়া স্বচ্ছ ডেলার ন্যায় শ্লেষ্মা নির্গমন এবং কখন কখন শ্লেষ্মায় রক্তও মিশ্রিত থাকে; প্রাতঃকালে কাশি এবং বারম্বার কাশির পর বুকে অত্যন্ত কষ্ট অনুভব করার পর গলা দিয়া শ্লেষ্মা এবং রক্ত নির্গমন।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। মাথা ঘুরাইবার সময় ঘাড় শক্ত হয় বা উহা মোয়ান যায় না; প্রাতঃকালে কোমরের পশ্চাৎভাগে অবশবোধ বা উহা সঞ্চালনে অশক্তি।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। রাত্রিতে হাতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মণিবন্ধ সঞ্চালনে কেড়্ কেড়্

শব্দ হওয়া; হাত পা শীর্ণ হওয়া; সন্ধ্যার সময় হাতের পাতা এবং পায়ের পাতার সন্ধিতে চুলকানি; পায় ক্ষত এবং পায়ের আঙ্গুলে ফোস্কা পড়া; পায়ের ডিম এবং পায়ের পাতার তলায় খিলধরা (ক্যাল্ক-কার্ব্ব, সাল্‌ফ); মোহক জ্বরের পর পায় দুর্ব্বলবোধ এবং পক্ষাঘাতের আশঙ্কা।

জ্বর। পর্য্যায়ক্রমে শীত এবং উষ্ণানুভব; শরীরের কেবল কোন এক অংশে বাহ্যিক উষ্ণ এবং জ্বালানুভব; সামান্য পরিশ্রমেই বুক, বোগল এবং জননেন্দ্রিয়ে ঘর্ম্ম হওয়া; ঘুমাইলেই ঘর্ম্ম হওয়া; ঘর্ম্ম লাগিয়া বিছানার কাপড় হরিদ্রাবর্ণ এবং কড়্‌কড়ে হয়।

ব্যবহার। কণ্ঠনালীর প্রদাহ; সস্ফোটক কণ্ঠনালী সম্বন্ধীয় প্রদাহের আরম্ভ হওয়ার অবস্থা (Incipient stage of Tubercular Laryngitis); ধ্বজভঙ্গ; স্ত্রী বা পুরুষ সহবাসে অত্যাচার বা হস্ত মৈথুন জনিত অসুখ ইত্যাদিতে সেলিনিয়াম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ঘুমাইয়া বা শয়ন করিয়া থাকার অনিবার্য্য ইচ্ছা; হঠাৎ দুর্ব্বল হইয়া পড়া; সর্ব্বাঙ্গের ধমনি ইত্যাদি রক্তবহা নালীতে দপ্‌দপানি (গ্লোনয়েন্, সিপিয়া), উদরেই যাহা অধিক অনুভূত হয়; হঠাৎ প্রবল বাতাসে (বাতাস উষ্ণ হইলেও) অঙ্গ প্রত্যঙ্গ ও মাথা ইত্যাদিতে বেদনা; মুখমণ্ডল, উরু এবং হাত শীর্ণ হওয়া; নিদ্রার পর এবং গায় হঠাৎ বাতাস লাগিলে বেদনা এবং অনেকানেক লক্ষণের বৃদ্ধি।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্জেণ্টাম্ মেটেলিকাম্, কষ্টিকাম্, ফস্ফরাস্, ষ্টানাম্।

প্রতিষেধক ঔষধ। ইগ্নেসিয়া, পাল্‌সেটিলা।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। ইহার ৬ ও তদপেক্ষা উচ্চ ক্রমই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে, এরূপ চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়।

গ্রাটিয়োলা অফিসিনেলিস,-গ্রাটিয়োল

(GRATIOLA OFFICINALIS,-GRATIOL.)

এই গাছের সমুদয় অংশ দিয়া যথা নিয়মে মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। আহারবহানালীর (Alimentary Canal) শ্লৈষ্মিক ঝিল্লীই ইহা প্রধানতঃ আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ উদরাময় হয়। ইহা কতকপরিমাণে মূত্র যন্ত্রও আক্রমণ করিয়া থাকে। ডাক্তার প্যারেরার (Dr. Pereira) মতে সুস্থ শরীরে ইহা রেচক, বমনোৎপাদক এবং মূত্রের সঞ্চারের বৃদ্ধি কারক ঔষধের ন্যায় কার্য্য করে এবং অধিক মাত্রায় খাইলে ইহা এক উগ্র বিষের ন্যায় কার্য্য করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় রক্তাবরোধ এবং উহার সঙ্গে সঙ্গে উষ্ণানুভব ও নিদ্রাবেশ বা নিদ্রালুতা (ওপিয়াম্); মাথার ঠিক উপরিভাগে ঠাণ্ডাবোধ যাহা উষ্ণানুভবে পরিবর্ত্তিত হয়; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে মাথার পশ্চাৎ ভাগে বেদনা, মাথা হেট বা নিচু করিয়া উপুড় হইয়া থাকিলে যাহার উপশম হয়।

মুখমণ্ডল। ফুলিলে যেরূপ হয়, মুখমণ্ডলে সেরূপ কসিয়া বা বাটিয়া ধরা; অনেক দিন ধরিয়া প্রাতঃকালে উপরের ওষ্ঠের স্ফীতি (বেল্, ক্যাল্-কার্ব্ব্) যাহা কএক ঘণ্টার মধ্যেই সারিয়া যায়।

মুখগহ্বর। কোন প্রকারের ঠাণ্ডা দ্রব্য লাগিলে বা ঠাণ্ডাবাতাসে দাঁত কন্ কন্ করে (কোকাস্, ষ্টাফিস্)।

পাকস্থলী এবং উদর। আহারে অনিচ্ছা বা অরুচি; উদ্গার উঠা; বমনোদ্বেগ এবং বমন; পিত্তযুক্ত পদার্থ বমন (আইরিস্, নাক্স্-বম্, পডোফ্); বিনা চেষ্টায় হরিদ্রাবর্ণের টক, তিক্ত স্বাদ বিশিষ্ট জল বমন; পাকস্থলীতে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ ও সার্ব্বাঙ্গিক অসুখ বোধ; আহারের পর পাকস্থলীর অত্যন্ত স্ফীতি এবং বিস্তৃতি (চায়না, লাইকোপ্); একখানি পাথর চাপাইয়া রাখিলে যেরূপ হয়, পাকস্থলীতে

সেরূপ চাপাবোধ, আহারের পর যাহার বৃদ্ধি হয় (আর্স, ব্রাই, নাক্স-বম, পাল্স, সাল্ফ)। উদরে গড় গড়, কল কল শব্দ হওয়া (আলো্জ, লাই-কোপ); উদরে অত্যন্ত অসুখবোধ এবং পেট কামড়ানী।

মল এবং মলদ্বার। গুহ্য দ্বারের সঙ্কোচন এবং উহাতে চুলকানি; সবুজের আভাযুক্ত হরিদ্রা বর্ণের তরল ভেদ এবং দাস্তের পর গুহ্যদ্বারে জ্বালা; সবুজবর্ণের ফেণাযুক্ত জলবৎ তরল ভেদ যাহা সজোরে গুহ্যদ্বার দিয়া নির্গত হয় (ক্রোটন্, নেট্রাম্-কার্ব্ব, থুজা); বেদনাহীন উদরাময়; হরিদ্রা বর্ণের স্বাভাবিক মলের ন্যায় তরল মলত্যাগ; উজ্জ্বল হরিদ্রাবর্ণের তরল মলত্যাগ এবং মল ত্যাগের পর শীতবোধ; জলবৎ তরল মলত্যাগ এবং মলত্যাগের পর গুহ্য দ্বারে জ্বালা এবং চড় চড়ানি।

মূত্রযন্ত্র। মূত্রত্যাগের সময় এবং উহার পর মূত্রনালীতে জ্বালা (ক্যানাবিস-স্যাট, ক্যান্থ, মার্ক-কর); মূত্র পরিমাণে অল্প এবং লাল্চে ও মূত্র ত্যাগের পর মূত্র কোন পাত্রে ধরিয়া রাখিলে ঘোলাটিয়া হয়।

ব্যবহার। হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসায় ইহা অতি কমই ব্যবহৃত হইতে দেখা যায়। তবে উদরাময়েই ইহা দ্বারা বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা। টেষ্টি (Teste) বলেন যে, যে প্রকার তরুণ রোগে ক্যামোমিলা ব্যবহার্য্য, পুরাতন আকারের সে প্রকার রোগে গ্রাটি-য়োলা উপকারী। তাঁহার মতে উন্মত্ততা (Mania), পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা বা কামোন্মত্ততা (Nymphomania), মদোন্মত্ততা (Delirium Tremens) এবং যে প্রকার স্নায়ুশূল কাফির অপব্যবহার জনিত হয় তাহাতে গ্রাটিয়োলা দ্বারা অনেক সময় বিশেষ উপকার পাওয়া যায়। তিনি অনেক সময় কষ্টিকামের পর ইহা ব্যবহার করিয়াছেন।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ক্রোটন্, নেট্রাম্ কার্ব্ব, থুজা, বিরেট্রাম্ আল্বাম্।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজ (Hughes) বলেন যে, ইহার মূল আরোক ২০ ফোঁটা মাত্রায় খাইলেও সুস্থ শরীরে কোন অসুখ হইতে দেখা যায় না। এতদ্ভিন্ন ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

থেরিডিয়ান্ কিউরেস্যাবিকাম্,-থেরিড্

(THERIDION CURASSAVICUM,-THERID.)

ইহা এক প্রকারের মাকড়সা বিশেষ। একটা মাকড়সা ৫০ ফোঁটা (মিনিম্,-Minim) প্রুফ্ স্পিরিটে ১০। ১২ দিবস ভিজাইয়া রাখিয়া মূল আরোক প্রস্তুত করিতে হয়। যথা নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা আক্রমণ করে, যাহার দরুণ মাথা ধরা, মাথা ঘোরা, স্নায়ুশূল এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীর অসুখও হইতে পারে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনে হয় যেন সময় অতি শীঘ্র শীঘ্র কাটিয়া যাইতেছে; সামান্য কারণেই চমকিয়া উঠা (কক্কিউল্, সিপিয়া, সাইলিসি); কোন কাজ কর্ম্ম করিবারে অনিচ্ছা।

মস্তক। মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ এবং কখন কখন বমনও হয়, মাথা হেট করিয়া উপুড় হইলে, সামান্য নড়া চড়াতে, চক্ষু বুজিলে, নৌকা জাহাজাদিতে চাপিয়া যাতায়াতে যাহার বৃদ্ধি হয় এবং উহার সঙ্গে সঙ্গে শীতল ঘর্ম্ম; মাথা যেন পুরু হইয়াছে এরূপ অনুভূত হয়; রোগী (স্ত্রীলোক) মনে করে যেন তাহার মাথা অন্য লোকের, তাহার আপন মাথা নহে এবং সে মাথা খাড়া করিতে পারে না; চলিতে আরম্ভ করার সময় মাথা ধরা; মাথার সম্মুখ ভাগে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে দপ্-দপানি যাহা মাথার পশ্চাৎভাগেও বিস্তৃত হয়; কিরূপ মাথা ধরা তাহা রোগী বুঝিতে পারে না এবং অন্যকেও সে বুঝাইয়া দিতে পারে না; বাম চক্ষুর উপর এবং কপালে আড়া আড়ি দপ্ দপানি, শয়নাবস্থা হইতে উঠিলে, অন্য লোকে ঘরের মেজেতে চলিয়া বেড়াইলে, সামান্য গোলমাল বা শব্দ শুনিলেই যাহার বৃদ্ধি হয়; মাথায়, চক্ষুর পশ্চাৎভাগে বেদনা এবং উহাতে ভারি এবং ঘুস্ ঘুসে রকমের চাপা বোধ।

চক্ষু। চক্ষুর সম্মুখে একখানি সরু কাপড় রাখিলে যেরূপ হয়,

চক্ষুর সম্মুখে সেরূপ ধড়্ফড়ানীর দরুণ চক্ষে ঝাপ্সা দেখা, চক্ষু বুজিয়া থাকিলেও যাহা অনুভূত হয়, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় এবং যাহার দরুণ রোগী শয়ন করিয়া থাকিতে বাধ্য হয়; হিষ্টিরিয়া রোগেও এইরূপ হইয়া থাকে।

কর্ণ। ঝরণা বা প্রস্রবণ দিয়া জল পড়িলে যেরূপ হয়, কানের মধ্যে সেরূপ সোঁ সোঁ শব্দ হওয়া।

নাসিকা। পুরাতন আকারের সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া দুর্গন্ধ যুক্ত গাঢ়, হরিদ্রাবর্ণ অথবা হরিদ্রার আভাযুক্ত শ্লেষ্মা নির্গমন।

মুখমণ্ডল। প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে রোগীর মুখমণ্ডল যেন স্পন্দহীন বলিয়া অনুভূত হয়।

মুখগহ্বর। ঠাণ্ডা জল লাগিলে দাঁত কন্ কন্ করে (আন্টি-ক্রুড্, ক্যাল্ক-কার্ব্ব্, ষ্টাফিস্); প্রত্যেক শব্দ যেন দাঁতের মধ্যে প্রবিষ্ট হয়; মুখে নোন্তা স্বাদ; মুখ গহ্বর যেন অবশ বা চট্চটিয়া আঠা হয়।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা; টক দ্রব্য পানের স্পৃহা; মদ্যপানের স্পৃহা; ব্রাণ্ডি নামক মদ্য পানের স্পৃহা; তামাকু খাওয়ার ইচ্ছা; খাওয়ার ইচ্ছা থাকে বটে, কিন্তু কি খাইবে সেবিষয়ে রোগী কিছুই স্থির করিতে পারে না; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই বমনোদ্বেগ; কোন শব্দ শুনিলে বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে মাথা ঘোরা; চক্ষু বুজিলে বমনোদ্বেগ; নৌকা জাহাজাদিতে যাতায়াতে যেরূপ হয়, সেরূপ বমনোদ্বেগ (ককিউল্, পিট্রোল্); চক্ষুর সম্মুখে কোন প্রকারের চক্চকে বস্তু দেখিলে বমনোদ্বেগ; নড়া চড়াতে বমনোদ্বেগ; কথা বলিলে বমনোদ্বেগ; গাড়িতে চাপিয়া দ্রুতবেগে চলিলে বমনোদ্বেগ। যকৃত প্রদেশে জ্বালাযুক্ত প্রবল বেদনা, স্পর্শনে যাহার বৃদ্ধি হয়; কাঠবমী বা উকি উঠা; পিত্ত বমন; যকৃতে ফোড়া, যাহার দরুণ মাথা ঘোরা এবং বমনোদ্বেগের উপশম হয়; স্ত্রী বা পুরুষ সহবাসের পর কুঁচ্কিতে বেদনা; নড়া চড়াতে কুঁচ্কিতে বেদনা।

মল। প্রতিদিন অল্প পরিমাণে কোমল মলত্যাগ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত কষ্টদায়ক কোঁপপাড়া।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছার হ্রাস; আহারের পর

অল্পক্ষণ ঘুমাইলেও স্বপ্নে ধাতুনিঃসরণ (স্বপ্নদোষ)। স্ত্রীলোকের যৌবনবস্থা প্রাপ্ত হওয়া বা শেষ রজঃরোধ হওয়ার সময় হিষ্টিরিয়া।

শ্বাসযন্ত্র। দীর্ঘ নিশ্বাস টানিবার ইচ্ছা; সজোরে দীর্ঘ নিশ্বাস; বুকের উর্দ্ধাংশ এবং বাম স্কন্ধের নীচে সূচীবিঁধানের ন্যায় প্রবল বেদনা বা যাতনা যাহা গলার মধ্য পর্য্যন্ত বিস্তৃত হয়।

জ্বর। শীত কম্প এবং মুখে ফেণা উঠা; মাথা ধরা এবং উহার সঙ্গে সঙ্গে বমন; হাড়ে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন হাড় ছিন্ন ভিন্ন হইয়া যাইবে; অত্যন্ত শীত বোধ, যাহার দরুণ মনে হয় যেন শরীর আর গরম হইবে না; সামান্য চলিলেই ঘর্ম্ম হওয়া।

ব্যবহার। শিরঃপীড়া; বমন সম্বলিত শিরঃপীড়া (Sick-headache); নৌকা জাহাজাদিতে চাপিয়া যাতায়াতের দরুণ বমন বা বমনোদ্বেগ (Sea-sickness); সূর্য্যাঘাত (Sunstroke); স্নায়ুশূল; হিষ্টিরিয়া; যকৃতে ফোড়া; যক্ষাকাশের প্রথমাবস্থা; স্ত্রীলোকের শেষ রজঃরোধ হওয়ার সময় অসুখ; গণ্ডমালা (যখন অন্য কোন ঔষধে উপকার না হয়); অস্থির অসম্পূর্ণ বিকাশ হেতু অসুখ (Rachitis); অস্থি পোকায় ধরা (Caries); অস্থিক্ষয় বা অস্থি পচিয়া যাওয়া (Necrosis) ইত্যাদি অসুখে থেরিডিয়ান্ ব্যবহার্য্য। ডাক্তার বার্লোর (Dr. Barlow) মতে স্তনের নিম্নভাগে বেদনার পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অঙ্গ প্রত্যঙ্গ দুর্ব্বল এবং উহার কাঁপনি ও উহাতে ঘর্ম্ম; বিরক্ত হইলেই মূর্চ্ছা যাওয়া; শব্দ এবং উহার প্রতিধ্বনি সমুদয় শরীর, বিশেষতঃ দাঁতের মধ্য দিয়া প্রবেশ করিয়া মাথা ঘোরা বৃদ্ধি করে, যাহার দরুণ বমনোদ্বেগ হয়; ঘুমের ঘোরে জিহ্বার অগ্রভাগ কামড়ান।

সমগুণবিশিষ্ট ঔষধ। একোনাইট, বেলাডোনা, ক্যাল্কেরিয়া কার্ব্ব, গ্রাফাইটিস্, ইগ্নেসিয়া, লাইকোপডিয়াম্, স্পাইজেলিয়া, সিপিয়া।

প্রতিষেধক ঔষধ। একোনাইট, মস্কাশ্, গ্রাফাইটিস্।

ডাইলুশন বিচার। ইহার ডাইলুশন্ সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

চিকিৎসা বিষয়ক গ্রন্থে ইহার ৩, ৬ এবং ১২ ক্রম ব্যবহারের ব্যবস্থা দেখিতে পাওয়া যায়। অনেকে ৩০ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন।

বাইবার্ণাম অপিউলাস,-বাইবার্ণাম্

(VIBURNUM OPULUS,-VIBURN.)

এই গাছের বাকল দিয়া যথানিয়মে মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলী দিয়া ইহা স্ত্রীজননেন্দ্রিয় বিশেষরূপে আক্রমণ করিয়া থাকে। অতএব জরায়ুর রক্তাবরোধ এবং উহাতে স্নায়ুশূলের ন্যায় বেদনা সম্বলিত কষ্টকর রজঃস্রাব এবং বাদকের বেদনায় (Neuralgic Dysmenorrhœa) ইহা ব্যবহারে বিশেষ উপকার পাওয়া যায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক অবসন্নতা; সর্ব্বদাই খিট্ খিট্ করা: কোন প্রকারের মানসিক পরিশ্রমে অশক্তি।

মস্তক। মাথার সম্মুখভাগে ঘুস্‌ঘুসে বেদনা; মাথার দপ্‌দপানি, যাহা চক্ষুর গোলক পর্য্যন্ত বিস্তৃত হয়, মানসিক পরিশ্রমে যাহার বৃদ্ধি হয় এবং নড়িয়া চড়িয়া বেড়াইলে যাহার উপশম হয়; মাথায় ভারিবোধ এবং ঢিমাবোধের সহিত ঘুস্‌ঘুসে বেদনা, চক্ষুর উপরিভাগেই যাহা অধিক অনুভূত হয় এবং বাম পার্শ্বের চক্ষুর উপরিভাগই যাহা অধিক আক্রমণ করে ও যাহা মাথার ঠিক উপরিভাগ এবং পশ্চাৎভাগ পর্য্যন্ত বিস্তৃত হয় ও যাহা গোণে রজঃস্রাব আরম্ভ হওয়ার সময়ই হইয়া থাকে (সিমিসিফ্), হঠাৎ ধাক্কা বা ঝাকি লাগিলে, ঝাঁকিয়া পড়িলে, পা পিছ্‌লাইয়া গেলে বা নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয়।

চক্ষু। চক্ষুর উপর এবং চক্ষুর গোলকের মধ্যে ভারি বোধ, যাহার দরুণ ২।৩ বার চেষ্টা না করিলে একটী বস্তু উহার স্বাভাবিক অবস্থায় দেখা

হইয়াছে বলিয়া নিশ্চিত হওয়া যায় না; চক্ষুর গোলকে টাটানি (ব্রাই, স্পাইজেল, কাইসষ্ট)।

মুখমণ্ডল। মুখমণ্ডল লালবর্ণ এবং টল্‌টলে ও উষ্ণ।

মুখগহ্বর। জিহ্বা শুষ্ক, প্রশস্ত এবং সাদা, উহার মধ্যভাগ কটাবর্ণ এবং দাঁতের চাপা লাগিলে উহাতে দাঁতের দাগ থাকিয়া যায় (আর্ক); মুখে তামার স্বাদ; মুখে বিরক্তিজনক স্বাদ; ওষ্ঠ এবং মুখগহ্বর শুষ্ক (আর্স, ব্রাই, নাক্স্ মস্ক, পাল্‌স্)।

পাকস্থলী এবং উদর। অনবরত বমনোদ্বেগ, খাইলে যাহার উপশম হয়; বমনোদ্বেগের পরই বমন; প্রত্যেক দিন রাত্রিতে ভয়ানক বমনোদ্বেগ; পাকস্থলীতে অত্যন্ত দুর্ব্বল বোধ এবং বমনের ভাব; রোগী শয়ন করিয়া থাকিতে বাধ্য হয়; রজঃস্রাবের পর রক্তস্রাব বন্ধ হইয়া গেলেই উক্ত লক্ষণাদি প্রকাশ পায়; পাকস্থলীতে খালি খালি বোধ (সিমিসিফ, ইগ্নেস্, সিপিয়া); পাকস্থলীতে আহার দ্রব্য যেন ভারি বস্তুর ন্যায় চাপিয়া থাকে। প্লীহা প্রদেশের অতি গভীর অংশে ছুরী দিয়া হানার ন্যায় বেদনা; প্লীহার রক্তবহা নালীগুলির মধ্য দিয়া যেন গরম জল বাহিয়া যাইতেছে এরূপ অনুভূত হয়; প্লীহা প্রদেশে প্রবল বেদনা এবং তদ্দরুণ মূর্চ্ছার ভাব, ঘর্ম্ম হইলে যে মূর্চ্ছার ভাবের অনেক উপশম হয়; বাম পার্শ্বের সঞ্চরমান পাঁজরার হাড়ের (Left floating ribs) নীচে প্রবল দপ্‌দপিয়া বেদনা, প্রবল প্রচাপনে এবং চলিয়া বেড়াইলে যাহার অনেক উপশম হয়; বাম পার্শ্বে শয়ন করিবারে অশক্তি; উদরে অত্যন্ত বেদনা এবং টাটানি, নাভির চতুর্দ্দিকেই যাহা অধিক অনুভূত হয়; তলপেটে শূল বেদনার ন্যায় প্রবল আক্ষেপিক অসহ্য বেদনা যাহা ভয়ানক আকারে রোগীকে হঠাৎ আক্রমণ করে।

মল। গুহ্যের জড়তা (আলাম্); মল বড়, কঠিন, শুষ্ক গোলার ন্যায়, যাহা অতি কষ্টে নির্গত হয় বা অঙ্গুলাদি দিয়া টানিয়া বাহির না করিলে সহজে নির্গত হয় না; মলত্যাগের পর গুহ্যদ্বার দিয়া কাল্‌চে রক্ত পড়া; প্রচুর পরিমাণে জলবৎ তরল উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে শীত বোধ এবং ঠাণ্ডা ঘর্ম্ম যাহা কপাল দিয়া বহিয়া বা গড়াইয়া পড়ে।

মূত্র। বারম্বার প্রচুর পরিমাণে পরিষ্কার মূত্রত্যাগ।

স্ত্রী জননেন্দ্রিয়। রজঃস্রাব আরম্ভ হওয়ার পূর্ব্বে তলপেটে নিম্ন-দিক পানে টন্‌টন্ করিয়া নামার ন্যায় বেদনা; উরুর সম্মুখ ভাগের পেশীতে কসিয়া বা টানিয়া ধরার ন্যায় বেদনা; গুহ্য এবং যোনিদ্বারের ঠিক উপরি-ভাগের উপর ভারি বোধ এবং কন্‌কনানি; ডিম্বকোষ প্রদেশে কখন কখন খোঁচা বিধার ন্যায় যাতনা; বেদনাদি এত অসহ্য হয় যে, উহার দরুণ রোগী স্থির ও নিস্তব্ধভাবে বসিয়া থাকিতে পারে না; জরায়ুর মধ্য দিয়া তলপেটে শূল বেদনার ন্যায় অসহ্য আক্ষেপিক বেদনা; বেদনা পৃষ্ঠদেশে আরম্ভ হইয়া এবং চতুর্দ্দিকে ঘুরিয়া অবশেষে জরায়ুতে খিল ধরিয়া শেষ হয়; রজঃস্রাবের সময় বমনোদ্বেগ, জরায়ুতে খিল ধরার ন্যায় যাতনা এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত স্নায়বিকতা ও অস্থিরতা; রজঃস্রাব ৫। ৭ ঘণ্টা বন্ধ হইয়া থাকিয়া পুনরায় আরম্ভ হয় এবং থানা থানা, চাপ চাপ রক্তস্রাব হয়; অতি অল্প পরিমাণ, তরল, ফিকা রঙ্গের রজঃস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় পাতলা বোধ; বসিবার চেষ্টা করিলে মূর্চ্ছার ভাব বা মূর্চ্ছা হয়; বস্তি প্রদেশে রক্তাবরোধের ভাব, যাহার দরুণ মনে হয় যেন রজঃস্রাব আরম্ভ হইবে; সকল সময়েই তরল, হরিদ্রার আভাযুক্ত অথবা রঙ্গহীন শ্বেতপ্রদর নিঃসরণ; কেবল মলত্যাগের সময়ই গাঢ়, সাদা, রক্তের ছিটযুক্ত শ্বেতপ্রদর নিঃসরণ, গর্ভস্রাবের পূর্ব্বলক্ষণ; জরায়ুতে খিলধরার ন্যায় ভয়ানক যাতনা এবং জরায়ু যেন সজোরে নিম্নদিকে টন্ টন্ করিয়া ঠেলিয়া নামিতেছে এরূপ অনুভূত হওয়া; অথবা বেদনাদি পৃষ্ঠদেশ হইতে আরম্ভ হইয়া চতুর্দ্দিকে ঘুরিয়া তলপেটে খিল ধরার ন্যায় অসহ্য যাতনার উদ্রেক হইয়া শেষ হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না এবং উহার সঙ্গে সঙ্গে মাথার পশ্চাৎভাগে বেদনা; পৃষ্ঠদেশের পেশীতে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা এবং ক্লান্তিবোধ।

অঙ্গ প্রত্যঙ্গ। হাতে বজ্‌ বজ্‌ করা, যাহার দরুণ মনে হয় যেন হাত ফাটিয়া যাইবে।

নিদ্রা। অস্থির নিদ্রা বা ঘুম ভাল না হওয়া এবং ঘুম হইলেও উহা দ্বারা তৃপ্তিবোধ না হওয়া।

ব্যবহার। রক্তাবরোধ বিশিষ্ট, স্নায়ুশূলের ন্যায় বেদনা সম্বলিত

অথবা সপর্দ্দা কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা (Congective, Neuralgic and Membranous Dysmenorrhœa); স্নায়ুশূল; শ্বেতপ্রদর; গর্ভস্রাবের পূর্ব্বলক্ষণ ইত্যাদি অসুখে, বাইবার্ণাম্ অপিউলাস্ ব্যবহার্য্য। এই ঔষধ দ্বারা রজঃস্রাবের বৈলক্ষণ্য হেতু উক্ত প্রকারের রোগাক্রান্ত প্রায় ২৫।৩০টী স্ত্রীলোকের চিকিৎসা করা গিয়াছে। তন্মধ্যে ৭।৮ টী রোগীর চিকিৎসায় আশাতিরিক্ত ফল পাওয়া গিয়াছে। অবশিষ্ট কএকটী রোগীর চিকিৎসায় বিশেষ ফল পাওয়া যায় নাই। তবে লেখক এরূপ বিশ্বাস করেন যে, এই ঔষধ দ্বারা স্ত্রীলোকের উক্ত প্রকারের অসুখে বিশেষ উপকার হইলেও হইতে পারে। অতএব সুবিধা হইলে এতদ্দেশীয় হোমিওপ্যাথিক চিকিৎসকগণ এই ঔষধ ব্যবস্থা করিয়া নিষ্ফল না হইলেও না হইতে পারেন।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। রাত্রিতে, সন্ধ্যাকালে এবং উষ্ণ ঘরে অসুখের বৃদ্ধি; বাম পার্শ্ব আক্রান্ত হওয়া, বহির্বায়ু, এদিক ওদিক চলিয়া বেড়াইলে অসুখের বৃদ্ধি ইত্যাদি বাইবার্ণামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। সিমিসিফিউগা, কলোফিলাম্, জেল্‌সিমিয়াম্, সিকেল্ কর্ণুটাম্, জ্যান্থক্সিলাম্।

ডাইলুশন বিচার। প্রথমতঃ ৫।৭ টী রোগীর চিকিৎসায় ৩য় এবং ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া বিশেষ ফল না পাইয়া ইহার মূল আরোক, ১ ফোঁটা মাত্রায়, ব্যবহার করিয়া যথোচিত ফল পাওয়া গিয়াছে। ইহা বলা উচিত যে, যে সকল রোগীর চিকিৎসায় এই ঔষধ ব্যবহারে বিশেষ ফল পাওয়া গিয়াছে, তন্মধ্যে একটী ব্যতীত, সমুদয় রোগীকেই মূল আরোক, ১ ফোঁটা মাত্রায়, সেবন করাইতে হইয়াছিল।

জিঞ্জিবার,-আদা,-জিঞ্জিব্

(ZINGIBER,-GINGER,-ZINGIB.)

শুক্না আদা (শুণ্টি) যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডল দিয়া ইহা শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করে। অন্যান্য ঝিল্লী অপেক্ষা পরিপাক এবং শ্বাস সম্বন্ধীয় যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীই ইহা অধিক আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ উক্ত ঝিল্লীগুলি উত্তেজিত হইয়া অজীর্ণ রোগ এবং বায়ুনলের উপরিভাগের উত্তেজনা, স্বরভঙ্গ এবং কাশি ইত্যাদি অসুখ হইয়া থাকে। এতদ্দেশে শ্বাস যন্ত্রের অসুখে কবিরাজগণ ঔষধের অনুপান স্বরূপ ইহা বিস্তৃতরূপে ব্যবহার করিয়া থাকেন। শিশু ও ছোট বালক বালিকাগণের শ্বাস যন্ত্রেরর অসুখেও বৃদ্ধা স্ত্রীলোকেরা আদার রস বিস্তৃতরূপে ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকেন এরূপ দেখিতে পাওয়া যায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথা স্বাভাবিক অপেক্ষা অনেক বড় বলিয়া অনুভূত হয় (আর্জেণ্ট্-নাইট্রিক্, সিমিসিফ্, গ্লোনয়েন্); মাথার সম্মুখভাগে বেদনা, যাহা চক্ষুর উপরিভাগ এবং নাকের গোড়ায় অনুভূত হয় (হাইড্রাষ্টি, ক্যালী-বাই); শারীরিক পরিশ্রমে মাথার উক্ত প্রকারের বেদনা; বাম চক্ষুর উপরে বেদনা অধিক অনুভূত হয়; চক্ষুর ভ্রুর উপর বেদনা বা কন্‌কনানি এবং তৎপর বমনোদ্বেগ, তৎপর ডাইন চক্ষের ভ্রুতে উক্ত প্রকারের বেদনা ও মাথার পশ্চাৎভাগে চাপা বোধ, যাহা উষ্ণ ঘরে বৃদ্ধি পায়, ঠাণ্ডা, ভিজা বা শেঁৎশেঁতিয়া বাতাসে, চলিয়া বেড়াইলে বা বসিয়া থাকিলে বৃদ্ধি না হইয়া এক ভাবেই থাকে।

চক্ষু। চক্ষে জ্বালা এবং চিড়িকমারা; চক্ষে আলোক লাগে বা সহ্য হয় না; বালি প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ অসুখ বোধ (আর্স্, কষ্ট, সাল্‌ফ্)।

নাসিকা। সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া জলের ন্যায় তরল শ্লেষ্মা

নির্গমন এবং বারম্বার হাঁচি, বহির্ব্বায়ুতে যাহা অধিক হয়; নাকের পশ্চাৎ-ভাগে শুষ্ক এবং বদ্ধ হইয়া থাকার ন্যায় অনুভূত হওয়া ও নাক দিয়া গাঢ় শ্লেষ্মা নির্গমন।

মুখমণ্ডল। বাম পার্শ্বের নিম্ন মাড়িতে এবং দাঁতে টানিয়া বা কসিয়া ধরার ন্যায় যাতনা; রজঃস্রাব আরম্ভ হওয়ার পূর্ব্বে মুখমণ্ডল শ্রান্তির চিহ্নযুক্ত এবং চক্ষুর নিম্নভাগ নীলবর্ণ হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। প্রাতঃকালে মুখে চট্‌চটিয়া বিশ্রী স্বাদ; পেটের অসুখ হইলে যেরূপ হয় (স্ত্রীলোকের), মুখে সেরূপ বিশ্রী গন্ধ, যাহার দরুণ রোগী স্বয়ংই বিরক্ত হয়। গলার মধ্যে শ্লেষ্মার অতিরিক্ত সঞ্চার, কিন্তু উহার সঙ্গে জ্বর থাকে না।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা; মুখগহ্বরে শুষ্ক বোধ; রুটী খাওয়ার পর মাথা ধরা এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে চাপাবোধ; তরমুজ ইত্যাদি খাইয়া পেটের অসুখ; উদ্গার উঠা এবং উদরাময়; বমনো-দ্বেগ; চট্‌চটিয়া আঠা তরল পদার্থ বমন; বৃদ্ধ মাতালদিগের বমনোদ্বেগ; আহার দ্রব্যাদি ভাল হজম হয় না এবং একখানি পাথর চাপাইয়া রাখিলে যেরূপ হয়, উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে সেরূপ ভারি বোধ হয়; অত্যন্ত বুক জ্বালা; পাকস্থলীতে জ্বালা। দাঁড়াইয়া থাকা কালীন উদরের মধ্য দিয়া শূল বেদনার ন্যায় সঙ্কোচক বেদনা এবং উহার অল্পক্ষণ পরই বাহ্যের বেগ; উদরে প্রচুর দূষিত বায়ুর (Flatulence) সঞ্চার; কোষ্ঠবদ্ধ; বাম শ্রোণীপ্রদেশে (Left iliac region) অত্যন্ত প্রখর বেদনা।

মল। অপরিষ্কৃত জলপানের দরুণ উদরাময়, মল কটাবর্ণের শ্লেষ্মা, প্রাতঃকালে যাহার বৃদ্ধি হয়; পাকস্থলীর পরিপাক কার্য্যের বৈলক্ষণ্যের দরুণ, ঠাণ্ডা, ভিজা বা শেৎশেতিয়া বায়ুতে উদরাময়ের বৃদ্ধি; গুহ্যদ্বার এবং উহার অনেক উপরিভাগে জ্বালা, চুলকানি এবং উক্তাংশ লালবর্ণ হওয়া।

মূত্রযন্ত্র। মূত্রগাঢ় এবং ঘোলাটিয়া, কাল্‌চে কটাবর্ণ এবং উগ্রগন্ধ যুক্ত; প্রস্রাব করার সময় মূত্রনালীর মুখে অত্যন্ত যাতনা।

জননেন্দ্রিয়। স্ত্রীসহবাসের ইচ্ছার অতিরিক্ত বৃদ্ধি; রাত্রিতে অসাড়ে ধাতুনিঃসরণ (স্বপ্নদোষ)। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক

পূর্ব্বে প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব; রক্ত কাল্চে, চাপ চাপ, থানা থানা এবং জ্বালা উৎপাদক।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ; বায়ুনলের উপরিভাগের নিম্নপ্রদেশে জ্বালা ও চিড়িকমারা এবং উহার পর কাশি ও গলার মধ্যে শ্লেষ্মার ঘড়্ঘড়ী; নিশ্বাস প্রশ্বাস কষ্টকর, রাত্রিতেই যাহার বৃদ্ধি হয় এবং যাহার দরুণ রোগী সোজা হইয়া বিছানায় বসিয়া থাকিতে বাধ্য হয়। প্রতিদিন প্রাতে ২।৩ ঘণ্টা শ্বাসকষ্টাদির বৃদ্ধি হয়; হাঁপানি কাশি; গলার মধ্যের বামদিকে বায়ু-নলের উপরিভাগে সুড়্সুড়ীর দরুণ শুষ্ক, খক্খক্ করিয়া বা খুশ্খুশে কাশি; গলার মধ্যে জ্বালা, চিড়িকমারা অথবা আচড়াণের ন্যায় অনুভূত হওয়ার দরুণ কাশি এবং উহার সঙ্গে সঙ্গে ফুস্ফুসে বেদনা; শ্বাসকষ্ট; প্রাতঃকালে প্রচুর পরিমাণে গলা দিয়া শ্লেষ্মা নির্গমন; বুকে সূচী বিঁধানের ন্যায় বেদনা বা যাতনা; বুকে ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহের বেদনার ন্যায় বেদনা (ব্রাই, ক্যালী-কার্ব্ব্, সিলা)।

হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে হুলফুটানের ন্যায় চাপাযুক্ত বেদনা।

পৃষ্ঠদেশ। দুর্ব্বলতার দরুণ যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ কন্কনানি, বসিলে বা কোন বস্তুতে হেলান দিলে যাহার বৃদ্ধি হয়; মারিলে, অনেকক্ষণ চলিলে বা দাঁড়াইয়া থাকিলে যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ অবশবোধ এবং উহার সঞ্চালনে অশক্তি।

অঙ্গ প্রত্যঙ্গ। খোঁড়া হইলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ ভারি এবং অবশবোধ; অঙ্গ প্রত্যঙ্গে বাত জনিত বেদনার ন্যায় কসিয়া ধরা; সন্ধি গুলি দুর্ব্বল, শক্ত এবং যেন খোঁড়া বা অচল হয়; পায়ের পাতায় অত্যন্ত কষ্টদায়ক স্ফীতি।

নিদ্রা। ঘুমের ভাব এবং ক্লান্ত হইয়া পড়ার ভাব; ঘুম কম হওয়া; রোগী শেষ রাত্রি ৩টার সময় জাগিয়া পড়ে এবং কতকক্ষণ জাগিয়া থাকিয়া প্রাতঃকালে পুনরায় ঘুমাইয়া পড়ে (নাক্স্-বম্)।

জ্বর। সন্ধ্যাকালে এবং বহির্বায়ুতে শীতবোধ; এক সময়েই শীত এবং গরমবোধ।

ব্যবহার। মাথায় সর্দ্দি বা সামান্য সর্দ্দি; সর্দ্দি ও তদ্দরুণ নাক

দিয়া শ্লেষ্মা নির্গমন ; চক্ষুর যোজক ঝিল্লীপ্রদাহ (Conjunctivitis) ; নাকের মধ্যে পচা দুর্গন্ধযুক্ত পচাযুক্ত ঘা (Ozœna) ; হাপানিকাশি ; অজীর্ণরোগ ; মাতালদিগের বমন ; উদরাময় ইত্যাদি অসুখে জিঙ্কিবার ব্যবহার্য্য। যেপ্রকার অজীর্ণরোগে কোষ্ঠবদ্ধ হয় এবং আহারের ২।৩ ঘণ্টা পর বুকজ্বালা আরম্ভ হইয়া ২।৩ ঘণ্টা অবস্থিতি করে, সে প্রকার অজীর্ণরোগে জিঙ্কিবার সেবন করাইয়া ৭।৮টী রোগীর চিকিৎসায় লেখক বিশেষ ফল পাইয়াছেন। লেখক স্বয়ংও এপ্রকার অজীর্ণ রোগে অনেক দিন কষ্ট পাইয়া এই ঔষধ সেবনে অনেক উপকার পাইয়াছিলেন। আহারের ২।৩ ঘণ্টা পর প্রতিদিন ইহার মূল আরোক ৫ ফোঁটা, অৰ্দ্ধ পোয়া জলে মিশাইয়া ৭।৮ দিন খাইয়াই লেখকের বুক জ্বালা সারিয়া গিয়াছিল।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মুখে ফেণাউঠা ; সহজে বা প্রচুর মূত্রত্যাগ ; আক্ষেপ বা খিলধরা ; অবসন্নতা বা মূর্চ্ছার ভাব, দুর্ব্বলতা এবং তদ্দরুণ শয়ন করিয়া থাকার ইচ্ছা, আহারের ২।৩ ঘণ্টা পর বুক জ্বালা ইত্যাদি জিঙ্কিবারের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

প্রতিষেধক ঔষধ। নাক্স্ বমিকা।

ডাইলুশন বিচার। ইহার মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। এই ঔষধ দ্বারা যে কএকটী রোগীর চিকিৎসা করা গিয়াছে, উহার সমুদয়কেই মূল আরোক, ৫ ফোঁটা মাত্রায়, সেবন করাইতে হইয়াছিল।

মেফাইটিস্ আমেরিকেনা,-মেফ্

(MEPHITIS AMERICANA,-MEPH.)

যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জাসম্বন্ধীয় স্নায়ুমণ্ডল, বিশেষতঃ নিউমোগ্যাষ্ট্রিক স্নায়ু, স্পষ্টরূপে আক্রমণ করিয়া শ্বাস যন্ত্রের

আক্ষেপিক অবস্থা উৎপাদন করে। এজন্য হাঁপানিকাশি এবং হুপিং কফের চিকিৎসায় ইহা ব্যবহৃত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

চক্ষু। চক্ষের মধ্যে সূচী থাকিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ যাতনা; চক্ষুর উপরিভাগে বেদনা; চক্ষুর যোজক ঝিল্লী লালবর্ণ; পুস্তকের অক্ষর গুলি যেন একত্রে জড়াইয়া যায় এবং তদ্দরুণ অক্ষর গুলি চিনিতে পারা যায় না; দূরের বস্তু দেখিবারে অশক্তি (Short-sightedness)।

মুখগহ্বর। দাঁতের গোড়ায় হঠাৎ ধাক্কা লাগা বা চিড়িকমারার ন্যায় যাতনা।

পাকস্থলী। প্রাতঃকালে ক্ষুধা একবারেই থাকে না; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে খালিবোধ ও মনে হয় যেন মাথা স্ফীত ও বিস্তৃত হইতেছে; পাকস্থলীতে চাপাবোধ এবং শূল বেদনা।

মল। অনেকক্ষণ অন্তর তরল মলত্যাগ।

শ্বাসযন্ত্র। জলাদি পান করার সময় জলাদি বায়ুনলের উপরিভাগে প্রবিষ্ট হয়; গন্ধকের ধুম নিশ্বাস দ্বারা টানিলে যেরূপ হয়, সেরূপ হাঁপানি-কাশি; মাতালদিগের হাঁপানিকাশি; নিদ্রাবস্থায় হাঁপানি; নিশ্বাস কষ্ট-কর; প্রশ্বাস প্রায় অসম্ভব, অথবা খেউ খেউ শব্দ বিশিষ্ট; জলাদি পানে, কথা বলিলে বা উচ্চৈঃস্বরে পড়িলে কাশি; আক্ষেপিক, গভীর কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের মধ্যে কাঁচা ঘায়ের ন্যায় চড়্ চড়ানি, স্বরভঙ্গ এবং বুকের মধ্য দিয়া বেদনা ও উহার সঙ্গে সঙ্গে নিশ্বাস টানিবার সময় ফাঁপড়বোধ; প্রশ্বাসে অশক্তি; খাওয়ার কএক ঘণ্টা পর উদরস্থ আহার দ্রব্যাদি বমন; রাত্রিতে শয়ন করার পর বমনের বৃদ্ধি; প্রাতঃকালে তরল কাশি এবং গলাদিয়া কতক পরিমাণে শ্লেষ্মা নির্গমন।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহু এবং পায়ে অসুখবোধ; অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনার ন্যায় বেদনা; কড়াতে (Corns) জ্বালা এবং বেদনা।

নিদ্রা। নিদ্রার অবস্থায় হাঁপানি; যথোচিত নিদ্রা হওয়ার পূর্ব্বেই রোগী জাগিয়া পড়ে এবং আপনাকে আপনি সুস্থ মনে করে; প্রাতঃকালে

নিদ্রার ভাব বা নিদ্রার ইচ্ছা; স্পষ্ট স্বপ্ন দেখা এবং জাগিলেও স্বপ্নের বিষয় স্মরণথাকা।

জ্বর। শরীরের সন্তাপের বৃদ্ধি, বিশেষতঃ প্রাতঃকালে; ঠাণ্ডা বাতাসে কম শীতবোধ; ঠাণ্ডাজল ভাল লাগে।

ব্যবহার। হাঁপানি কাশি; হুপিংকফ; মুখমণ্ডলে বেদনা বা স্নায়ুশূল ইত্যাদি অসুখে মেফাইটিস্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। আক্ষেপ; অস্থিরতা; গা ভাঙ্গার ইচ্ছা; কোন কাজ করিতে অনিচ্ছা; বেদনাদির সঙ্গে সঙ্গে আক্রান্ত অঙ্গে পক্ষাঘাতের ন্যায় অসাড়বোধ হওয়া; স্নায়ুর মধ্যে অতি সূক্ষ্ম আলোড়ন বা আন্দোলন, যাহার দরুণ অত্যন্ত অসুখবোধ হয় এবং যাহা অস্থির মধ্যদেশ পর্য্যন্ত প্রবেশ করে বলিয়া অনুভূত হয়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আম্ব্রা, আর্সিনিকাম্, কোরেলিয়াম্ রুব্রাম্, ড্রসিরা, কোকাস্।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

কর্ণাস্ ফ্লোরিডা,-কর্ণাস্-ফ্লোর

(CORNUS FLORIDA,-CORN. FLOR.)

এই গাছ যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হয়। আমেরিকান্ হোমিওপ্যাথিক ফার্মাকোপিয়ার নিয়মানুসারে এই গাছের কাঁচা বাকল যথানিয়মে অ্যাব্‌সোলিউট্ অ্যাল্‌কোহলে (Absolute Alcohol) ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় পূর্ণবোধ এবং বেদনা ও উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীর কার্য্যের বৈলক্ষণ্য বা পেটের অসুখ; প্রবল শিরঃপীড়া এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্কে পূর্ণবোধ ও উহার সঙ্গে সঙ্গে অনবরত ঘুমের ইচ্ছা।

পাকস্থলী এবং উদর। বমনোদ্বেগ, বমন, পাকস্থলীতে বেদনা এবং উদরস্থ আহার দ্রব্যাদি পরিপাক হইতে গৌণ হওয়া। উদরে প্রবল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে তরলভেদ।

জ্বর। শরীরের সন্তাপের বৃদ্ধি, চর্ম্ম উষ্ণ, মাথায় পূর্ণবোধ; সবিরাম জ্বর; জ্বরের আক্রমণের অনেক দিন পূর্ব্ব হইতেই নিদ্রাবেশ বা নিদ্রার ভাব; মনে অতি কষ্টে এবং আস্তে আস্তে ভাবের উদয় হয়; মাথায় ঢিমাবোধ এবং ভারিবোধের সহিত শিরঃপীড়া; বমনোদ্বেগ, বমন, ক্ষুধা-শূন্যতা বা অরুচি; কখন কখন পিত্তযুক্ত অথবা জলবৎতরল ভেদ; শীতকম্প এবং উহার সঙ্গে সঙ্গে চর্ম্ম ঠাণ্ডা ও চট্‌চটিয়া; বমন এবং বমনোদ্বেগ ও অন্ত্রের মধ্যে ভয়ানক প্রবল বেদনা; জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে প্রবল শিরঃপীড়া; চর্ম্ম উষ্ণ, কিন্তু আর্দ্র; অর্দ্ধ জ্ঞান রহিততা (Stupor); মস্তিষ্কে পূর্ণবোধ; নাড়ী দ্রুতগামী এবং কঠিন; মানসিক শক্তির জড়তা বা মনে গোলমেলে বোধ।

ব্যবহার। যেপ্রকার মেলেরিয়া জনিত সবিরাম জ্বরের বিরাম (Intermission) অনেকক্ষণ স্থায়ী এবং কোইনাইন্ ব্যবহারে যাহা সারে না, তাহাতে কর্ণাস্ ফ্লোরিডা বিশেষ উপকারী। (লেখক প্রণীত ইংরেজী ভাষায় জ্বর রোগের চিকিৎসা পুস্তকের ৬৯,৭০,৭১ এবং ৭২ পৃষ্ঠা দ্রষ্টব্য)। সবিরাম জ্বর রোগে কর্ণাস্ সার্সিনেটাস্ দ্বারাও অনেক সময় বিশেষ উপকার পাওয়া যায়।

সমগুণ বিশিষ্ট ঔষধ। নাক্স্ বমিকা, চায়না, কোইনি-সাল্‌ফ্।

ডাইলুশন বিচার। ইহার ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া মেলেরিয়া জনিত সবিরাম জ্বরে লেখক বিশেষ ফল পাইয়াছেন। তাঁহার মতে জ্বরের বিরাম কালেই (During Intermission) ২১ মাত্রা সেব্য। ২১ মাত্রায় যদি জ্বর না থামিয়া যায়, তবে এই ঔষধ দ্বারা জ্বর আরাম হওয়ার সম্ভাবনা অতি কম, চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন। তাঁহার মতে ১২ বা ৩০ ডাইলুশন দ্বারা ৬ষ্ঠ ক্রম অপেক্ষা অধিক উপকার পাওয়ার সম্ভাবনা। পাঠক মহাশয়গণ লেখকের উক্ত কথার সত্যাসত্য পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

কর্ণাস সার্সিনেটাস,-কর্ণাস্-সার্সিন্

(CORNUS CIRCINATUS,-CORN. CIRCIN.)

এই গাছের কাঁচা বাকল যথানিয়মে আব্‌সোলিউট্ আল্‌কোহলে (Absolute Alcohol) ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা ঘুমের ভাব বা ঘুমাইবার ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে সকল বিষয়েই উদাসীনতা; মন যেন গোলমেলে হইয়া যায়, যাহার দরুণ কোন বিষয়ে মন নিবিষ্ট হওয়ায় অশক্তি; সর্ব্বদা অলসভাবে বসিয়া থাকার ইচ্ছা এবং মনের স্ফূর্ত্তির অভাব; অত্যন্ত মানসিক অবসন্নতা এবং যে সকল বিষয়ে আপন স্বার্থ থাকে তাহাতেও উদাসীনতার ভাব।

মস্তক। মাথায় ভারিবোধ সম্বলিত ঘুস্‌ঘুসে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রার ভাব; মাথা ধরা, চলিয়া বেড়াইলে, মাথা হেট করিয়া উপুড় হইলে, অথবা মাথা ঝাঁকিলে যাহার বৃদ্ধি হয়; মাথা এবং মুখমণ্ডলে রক্তাধিক্য বা রক্তাবরোধ; মাথার পশ্চাৎভাগ এবং মাথার দুই পার্শ্বের গভীরতম অংশে দপ্‌দপিয়া বা চিড়িক্‌মারার ন্যায় বেদনা; মস্তিষ্কের সম্মুখের অংশের মধ্য দিয়া খোঁচাবিঁধার ন্যায় যাতনা; পিত্তাধিক্য জনিত শিরঃ পীড়া।

চক্ষু। চক্ষুর গোলকের মধ্য দিয়া কন্‌কনিয়া বেদনা; চক্ষুর যোজক ঝিল্লী হরিদ্রার আভাযুক্ত; চক্ষু যেন উহার কোটরের মধ্যে বসিয়া যায়; চক্ষুর চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ভারি বোধ; চক্ষে টিমা এবং ভারি বোধ।

নাসিকা। নাসিকার শ্লৈষ্মিক যোজক ঝিল্লীর চুলকানি; অতি প্রত্যুষে বা প্রাতঃকালে সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া প্রচুর পরিমাণে তরল শ্লেষ্মা নিঃসরণ; নাকের হাড় বিশিষ্ট অংশে ভয়ানক কুট্‌কুটানি এবং কাঁটা বিঁধানের ন্যায় যাতনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা পাতলা এবং হরিদ্রার আভাযুক্ত ফার (Fur) দ্বারা লেপযুক্ত; মুখে তিক্তস্বাদ; মুখগহ্বর এবং গলার মধ্যে জ্বালা এবং চিড়িকমারা; জিহ্বা সাদা লেপযুক্ত এবং উহার

সঙ্গে সঙ্গে ঠাণ্ডা দ্রব্য পানের ইচ্ছা ; শিশুগণের মুখে পচাযুক্ত ঘা ; শিশুগণের মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হওয়া অবধিই মুখে ঘা ; মুখগহ্বর এবং ঔষ্ঠে পচাযুক্ত ঘা।

পাকস্থলী এবং উদর। বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে মুখে তিক্ত স্বাদ, সকল প্রকারের আহার দ্রব্যেই অরুচি ও টক দ্রব্য পানের স্পৃহা ; পাকস্থলীতে জ্বালা বোধ ; পাকস্থলীতে প্রবল দপদপানি এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ ও অক্ষুধা ; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা ও উদ্গার উঠা ; পাকস্থলী এবং অন্ত্রে দুর্ব্বল বোধ ; পাকস্থলীতে দুর্ব্বল এবং আঁটা বোধ, উহার সঙ্গে সঙ্গে মুখে বিশ্রী স্বাদ ও মুখে শুষ্কানুভব ; মুখের মধ্য, গলার মধ্য এবং পাকস্থলীতে জ্বালা ও চিড়িকমারা এবং উহার সঙ্গে সঙ্গে মলত্যাগের ইচ্ছা। পেট কামড়ানী এবং উহার সঙ্গে সঙ্গে উদরে গড়্‌গড়্‌, কলকল শব্দ হওয়া ; গুহ্যের নিম্নভাগে চাপিয়া ধরার ন্যায় অনুভূত হইয়া তৎপর মলত্যাগ এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বারে জ্বালা এবং চিড়িকমারা ; অতি কষ্টদায়ক কোঁথপাড়া এবং উহার সঙ্গে সঙ্গে নাভি প্রদেশে কামড়ানী ; বাহ্যের বেগ এবং উহার সঙ্গে অন্ত্রের মধ্যে পূর্ণ ও অসুখ বোধ ; অন্ত্রে বেদনা, মলত্যাগের সময় যাহা অধিক অনুভূত হয় ; অনবরত অন্ত্রের আলোড়ন ; দূষিত বায়ু সঞ্চিত হওয়ার দরুণ উদর স্ফীত এবং বিস্তৃত হয়, প্রচুর পরিমাণে কাল্‌চে এবং পিত্তযুক্ত মলত্যাগের পর যাহার উপশম হয়।

মল। বারম্বার বাহ্যের বেগ হয় বটে, কিন্তু বেগ দিলে অত্যন্ত সামান্য পরিমাণে মল নির্গত হয়, মল চট্‌চটিয়া আঠা পদার্থ মিশ্রিত ডেলার ন্যায় এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বারে চাপিয়া ধরার ন্যায় বা জ্বালা যুক্ত ও চিড়িক মারার সহিত বেদনা বা যাতনা ; মল তরল এবং পরিমাণে অল্প ; মল পরিমাণে অল্প, তরল এবং চট্‌চটিয়া আঠা ও উহার সঙ্গে সঙ্গে নাভি প্রদেশে কামড়ানী ; প্রচুর পরিমাণে তরল এবং পিত্তযুক্ত মল ভেদ, উহার সঙ্গে সঙ্গে কষ্টদায়ক কোঁথপাড়া ও গুহ্যদ্বারে জ্বালা ; কাল্‌চে সবুজ, তরল এবং অত্যন্ত দুর্গন্ধযুক্ত মলত্যাগ ও উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া অত্যন্ত দুর্গন্ধযুক্ত দূষিত বায়ু নিঃসরণ ; প্রচুর পরিমাণে, কাল্‌চে, স্বাভাবিক মলের ন্যায়

কঠিন মলত্যাগ; কঠিন, শুষ্ক এবং অতি অল্প পরিমাণে মলত্যাগ ও উহার সঙ্গে সঙ্গে গুহ্যে চাপা বোধ; আমাশয় এবং তদ্দরুণ গুহ্যের শ্লৈষ্মিক ঝিল্লীতে ক্ষত; পিত্তাধিক্য জনিত পেটের অসুখ; উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা এবং স্নায়বিক উত্তেজনা।

মূত্র। মূত্র পরিমাণে অল্প এবং লালবর্ণ অথবা ফিকা; মূত্রাধার প্রদেশে পূর্ণ বোধ; বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা।

জননেন্দ্রিয়। সন্ধ্যার সময় এবং রাত্রিতে স্ত্রী বা পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা, কিন্তু সহবাসের শক্তি থাকে না।

বক্ষ এবং পৃষ্ঠদেশ। বক্ষ ও পৃষ্ঠদেশে সূচী বিধানের ন্যায় যাতনা; বুকে হামের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র উজ্জ্বল লাল বর্ণের ফুস্কুড়ী এবং উহাতে চুলকানি; বুক এবং পৃষ্ঠদেশে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা বা টাটানি; বুকের ঠিক মধ্যভাগ হইতে উদর পর্য্যন্ত খোঁচা বিধার ন্যায় যাতনা; বুকের ঊর্দ্ধাংশে আঁটাবোধ এবং ফাঁপড় হওয়ার ন্যায় অনুভূত হওয়া। কোমরের পশ্চাৎভাগে ঘুস্‌ঘুসে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রার ভাব ও গা মাটিমাটি করা; কোমর প্রদেশে বেদনা বা টাটানি, সম্মুখ বা পার্শ্বের দিকে ঝাঁকিলে যাহার বৃদ্ধি হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাত এবং বাহুতে জ্বালা এবং চুলকানি; তরল ভেদের পর হাত ঠাণ্ডা হওয়া। পায় দুর্ব্বল এবং ক্লান্তি বোধ; পা এবং উরুদেশে চুলকানি; পায়ের পাতায় জ্বালা বোধ; তরল ভেদের পর পায়ের পাতা ঠাণ্ডা।

চর্ম্ম। মাথার চুল বিশিষ্ট অংশ, পা এবং পায়ের পাতার চুলকানি, চুলকাইলে বা রগ্‌ড়াইলে যাহার বৃদ্ধি হয়; পৃষ্ঠদেশ, পা এবং পায়ের পাতায় থাকিয়া থাকিয়া চুলকানি, রাত্রিতেই যাহার অধিক উদ্রেক হয়; বুকের উপর হামের ন্যায়, উজ্জ্বল লাল বর্ণের ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী এবং উহাতে চুলকানি; শরীর যেন প্রচুর চট্‌চটিয়া আঠা ঘর্ম্ম দ্বারা আবৃত; জননেন্দ্রিয়ের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে চুলকানি।

জ্বর। শরীরে দম্‌কা উষ্ণ বোধ হইয়া তৎপর ঘর্ম্ম; শীতবোধ হইয়া উহার পরক্ষণই ক্ষণস্থায়ী বা দম্‌কা উষ্ণানুভব; মাথা এবং মুখমণ্ডলে রক্তা-

ধিক্য বা রক্তাবরোধ; পর্য্যায়ক্রমে দমকা শীত এবং উষ্ণানুভব ও তৎপর শীতল ঘর্ম্ম; পিত্তাধিক্য হেতু স্বল্প বিরাম জ্বর (Bilious Remittent Fever) এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলী, উদর এবং অন্ত্রের অসুখের উল্লিখিত লক্ষণাদি প্রকাশ পাওয়া।

নিদ্রা। অত্যন্ত নিদ্রার ভাব এবং ঘর্ম্ম হওয়ার ধাতু; ঘুমের অত্যন্ত ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে শারীরিক বা মানসিক শক্তির বা স্ফূর্ত্তির সম্পূর্ণ অভাব বা বিনাশ; নিদ্রার ভাব এবং অবসন্নতা ও উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ ইত্যাদি; দিনের বেলা নিদ্রার ভাব এবং দুর্ব্বলতা ও উহার সঙ্গে সঙ্গে মাথা, পৃষ্ঠদেশ এবং অঙ্গ প্রত্যঙ্গে ঘুস্ ঘুসে বেদনা।

ব্যবহার। উদরাময়; আমাশয়; শূলবেদনা; মেলেরিয়া জনিত সবিরাম এবং স্বল্প বিরাম জ্বর; পিত্তাধিক্য হেতু স্বল্প বিরাম জ্বর (Bilious Remittent Fever) ইত্যাদি অসুখে কর্ণাস্ সার্সিনেটাম্ ব্যবহৃত হয়। লেখক এই ঔষধ অধিক ব্যবহার করেন নাই। অতএব ইহার গুণাগুণ সম্বন্ধেও তিনি বিশেষ কিছু বলিতে পারেন না। সবিরাম জ্বরে একটী রোগীর চিকিৎসায় ইহা দ্বারা লেখক বিশেষ ফল পাইয়াছেন।

সমগুণ বিশিষ্ট ঔষধ। চায়না, হাইড্রাষ্টিস্, ইউপেটোরিয়াম্ পার্ফোলিয়েটাম্, নাক্স্ বমিকা।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। মেলেরিয়া জনিত সবিরাম জ্বরাক্রান্ত একটী রোগীর চিকিৎসায় ইহার ষষ্ঠ দশমিক ক্রমের আরোক ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া গিয়াছে।

ইলেটেরিয়াম্,-ইলেট্

(ELATERIUM,-ELAT.)

এই গাছের ফলের রসের নীচে যে তলানী পড়ে উহা শুকাইয়া সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ইহা শ্লৈষ্মিক ঝিল্লীর উপরাংশ প্রবল রূপে আক্রমণ করে। যে অংশ আক্রান্ত হয়, ইহা সে অংশের

নিঃসরণ বৃদ্ধি করে। অতএব ইহা দ্বারা নাসারন্ধ্র, আহার বহা গলনালী, পাকস্থলী অথবা অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হয়। পাকস্থলী এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপরই ইহার কার্য্য সর্ব্বাপেক্ষা প্রবল, যাহার দরুণ পাকস্থলী এবং অন্ত্রের স্বাভাবিক নিঃসরণের পরিমাণ অতিরিক্ত বৃদ্ধি পাইয়া প্রবল আকারের বমন এবং ভেদ হইয়া থাকে ও পাকস্থলী এবং অন্ত্রের ছাল উঠিয়া যাইয়া উক্ত যন্ত্রদ্বয়ের পুরাতন আকারের প্রদাহও হইয়া থাকে। বমনোদ্বেগ, জলবৎ তরল পদার্থ, সবুজের আভাযুক্ত, পিত্তযুক্ত তরল পদার্থ বমন এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা; অন্ত্রের মধ্যে কর্ত্তনবৎ বেদনা বা পেটকামড়ানী; প্রচুর পরিমাণে জলবৎ তরল (আর্স্, চায়না, বিরেট্-আল্ব্), ফেণাযুক্ত অথবা ফিকা, হরিদ্রার আভাযুক্ত সবুজ বর্ণের জলবৎ তরল ভেদ (ক্রোটন্, গ্রাটিয়োলা, সিকেল্); কটিদেশ হইতে পায়ের আঙ্গুল পর্য্যন্ত সায়েটিক্ স্নায়ুর (Sciatic nerve) গতির পাশ দিয়া আগা গোড়া খোঁচা বিঁধার ন্যায় ঘুস্ঘুসে বেদনা বা কন্কনানি ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। *ওলাউঠার ন্যায় বা ওলাউঠার পূর্ব্ববর্ত্তী প্রবল উদরাময়;* সরল ওলাউঠা (Cholerine), বাতাক্রান্ত কটিবাত (Rheumatic Sciatica); কোন কোন প্রকারের সবিরাম জ্বর ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য। ওলাউঠার চিকিৎসায় বিরেট্রাম্-আল্বাম্ দ্বারা কোন উপকার না হওয়াতে ইলেটেরিয়াম্ সেবনে উপকার দর্শিয়াছে চিকিৎসা বিষয়ক গ্রন্থে এরূপ দেখিতে পাওয়া যায়। লেখক ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই। অতএব ইহার গুণাগুণ সম্বন্ধেও তিনি বিশেষ কিছু বলিতে পারেন না। কল্চিকাম্, ক্রোটন, বিরেট্রাম্-আল্বাম্, সিকেল্ কর্ণুটামের কার্য্যের সঙ্গে ইলেটেরিয়ামের কার্য্যের সাদৃশ্য আছে। ইহার ২য় ক্রম ব্যবহৃত হইয়া থাকে।

সাইমেক্স্ লেক্টুলেরিয়াস্,-সাইমেক্স্

(CIMEX LECTULARIUS,–CIMEX)

ইতর ভাষায় ইহাকে ছারপোকা বলে। ছার পোকার সমুদয় অংশ সুগার অব্ মিল্কে মিশাইয়া মিশ্রগুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ছারপোকা যথা নিয়মে ডাইলুট্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোকও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ইহার কার্য্য এবং ব্যবহার সম্বন্ধে লেখক বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। "শীতকম্প আরম্ভ হওয়ার পূর্ব্বে হাতের পাতায় পাতায় ঘাটিয়া ধরা; শীতলাবস্থার অঙ্গ প্রত্যঙ্গে বেদনা, বিশেষতঃ সন্ধিতে; পিপাসা, রোগী উষ্ণাবস্থার প্রারম্ভ পর্য্যন্ত জলাদি পান করিতে পারে; জল পানে প্রবল শিরঃপীড়া এবং খক্ খক্ করিয়া শুষ্ক কাশির উদ্রেক হয়, যাহার দরুণ আবার শ্বাস কষ্ট হয়; জলপানের পরক্ষণই প্রস্রাবের বেগ হওয়া; উষ্ণাবস্থার পরই দুষ্টক্ষুধা; অত্যন্ত দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম; ঘর্ম্মাবস্থায় পিপাসা না থাকা; জ্বরের বিরাম কালে অত্যন্ত পিপাসা ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে সবিরাম জ্বরে এই ঔষধ ব্যবস্থা।" হিষ্টিরিয়া রোগাক্রান্ত রোগীর রোগের আক্রমণের সময় ইহা সোঁকাইলে ফিট্‌স্ (Fits) বা আক্রমণ অতি শীঘ্র শীঘ্র সারিয়া যায়। স্নায়ুমণ্ডলের উপর ইহার কার্য্য অনেকটা কস্তূরীর ন্যায় এবং ইহার ঘ্রাণেই উপকার হয় বলিয়া লেখক বিশ্বাস করেন। জ্বররোগে ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রম এবং হিষ্টিরিয়া রোগে মূল আরোক, এক ফোঁটা মাত্রায়, ব্যবহার করিয়া লেখক বিশেষ ফল পাইয়াছেন।

রিসিনাস্ কমিউনিস্,-ভেরাণ্ডা,-রেড়ী,-রিসিন্

(RICINUS COMMUNIS,–CASTOR-OIL PLANT,–RICIN.)

ভেরাণ্ডার বিচি দিয়া তৈল প্রস্তুত হইয়া থাকে। এই গাছের পাতা দিয়া যথানিয়মে আরোকও প্রস্তুত হয়। ইহার আরোকই হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসায় অধিক ব্যবহৃত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। সুস্থ শরীরে ইহা সেবনে প্রবল ভেদ হয়। অতএব আলোপ্যাথিক চিকিৎসক এবং কবিরাজগণ ইহা রেচক ঔষধ স্বরূপ ব্যবহার করিয়া থাকেন। হোমিওপ্যাথিক মতে ওলাউঠা রোগের চিকিৎসায় ইহা এক অত্যন্ত উপকারী ঔষধ মধ্যে পরিগণিত। বমন এবং পিত্তযুক্ত জলবৎতরল পদার্থ ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে বেদনা; কখন কখন ফেণবৎ তরল পদার্থ, শ্লেষ্মা, মাছ, মাংস ধোয়া জলের ন্যায় রক্ত মিশ্রিত তরল পদার্থ ভেদ, শরীরের চর্ম্ম

ধরফের ন্যায় ঠাণ্ডা এবং অনেকক্ষণ জলে ভিজিলে যেরূপ হয়, সেরূপ কোঁকড়া; মুখমণ্ডল ফিকা বা শিটা ও রুগ্ন, স্বরভঙ্গ, নাড়ী লুপ্তপ্রায়, হাত পা ঠাণ্ডা এবং পায়ের ডিমে খিল ধরা, মাথায় ঝিম্ ঝিম্ করা এবং কখন কখন নিদ্রার ভাব ও পিপাসা ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে ওলাউঠা রোগে রিসিনাস্ ব্যবহার্য্য। অন্তর্জ্জাতিক মেলার পর, ইং ১৮৮৪ সনের গ্রীষ্মকালে কলিকাতা নগরে ওলাউঠার যে এক ভয়ানক মহামারী উপস্থিত হইয়াছিল, তাহাতে উক্ত লক্ষণ গুলি অনেক রোগীরই বর্ত্তমান ছিল। অন্যান্য ঔষধ দ্বারা কোনও উপকার না পাওয়াতে লেখক রিসিনাস্ সেবন করাইয়া কোন কোন রোগীর চিকিৎসায় ভাল ফল পাইয়াছিলেন, আবার কোন কোন রোগীর চিকিৎসায় কোনও উপকার পান নাই। এই বিষয়ের বিশেষ বিবরণ লেখক প্রণীত ইংরেজী ভাষায় ওলাউঠার চিকিৎসা পুস্তকের ২১ হইতে ২৭ পৃষ্ঠা পর্য্যন্ত লিখিত হইয়াছে। ইহার ৬ষ্ঠ দশমিক ক্রমের আরোকই উপকারী। পেটে ঠাণ্ডা লাগিয়া অনেক সময় উদরাময় হইয়া থাকে। এই প্রকারের উদরাময়ের চিকিৎসায় অনেক রোগীকে এই ঔষধ সেবন করাইয়া লেখক বিশেষ ফল পাইয়াছেন। প্রাতঃকালে ভেদ আরম্ভ হইয়া বেলা ১২টা অবধি ভেদ হয় এবং আহার করিবার পরই একবার দাস্ত হইয়া দাস্ত বন্ধ হইয়া যায়। যদি ১২টার সময় বা উহার পূর্ব্বে রোগী কিছু না খায়, তবে সমুদয় দিন রাত্রি ই ক্রমাগত অল্প অল্প দাস্ত হইতে থাকে এবং তৎপর দিবস প্রাতঃকালে পুনর্ব্বার প্রবলবেগে দাস্ত হইতে থাকে ইত্যাদি লক্ষণ যেপ্রকার উদরাময়ে থাকে, তাহাতেই এই ঔষধ ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায় ,অনেক রোগীর চিকিৎসায় ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন। উদরাময়েও ৬ষ্ঠ ক্রম উপকারী।

রোবিনিয়া,-রোবিন্

(ROBINIA,-ROBIN.)

এই গাছের শিকড়ের বাকল যথানিয়মে ২০° ডিগ্রী ওবার প্রুফ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। ডাক্তার বার্ট (Dr. Burt) বলেন যে, নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু (Pneumogastric nerve) দিয়া ইহা পাকস্থলীর উপর কার্য্য করিয়া পরিপাক কার্য্যের ব্যাঘাত জন্মাইয়া পাকস্থলীতে অতিরিক্ত পরিমাণ অম্ল উৎপাদন করে, যাহার দরুণ এত তীব্র টক পদার্থ বমন হয় যে, উহার দরুণ দাঁত অত্যন্ত টকে যায়। অত্যন্ত মানসিক অবসন্নতা; অত্যন্ত খিট্ খিট্ করা; মাথায় অনবরত ঘুস্ঘুসে চাপাবোধ এবং কপালে দপ্দপানি এবং কন্কনানি, নড়াচড়া বা পুস্তকাদি পাঠ করিলে যাহার বৃদ্ধি হয়; অনবরত গলা দিয়া টক জল উঠা; বমনোদ্বেগ এবং তৎপর অত্যন্ত টক স্বাদবিশিষ্ট জলবৎ তরল পদার্থ বমন, যাহার দরুণ দাঁত টকে যায়; পাকস্থলীতে ঘুস্ঘুসে বেদনা এবং কষ্টানুভব বা আঁটাবোধ; পাকস্থলী এবং উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত ও উহাতে দূষিত বায়ুর সঞ্চার (Flatulence), শূল বেদনার ন্যায় বেদনা এবং টক গন্ধযুক্ত উদরাময়; বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে গুহ্যদ্বার দিয়া কেবল দূষিত বায়ু নিঃসৃত হইয়া তৎপর কঠিন মল নির্গত হয়; হরিদ্রাবর্ণের জ্বালা উৎপাদক তরল ভেদ (উদরাময়); শিশু বা ছোট বালক বালিকাগণের টকগন্ধযুক্ত তরল ভেদ (ক্যাল্ক্-কার্ব্ব, পডোফ্, রুম্) ইত্যাদি রোবিনিয়ার প্রাকৃতিক লক্ষণ। পাকস্থলীর অসুখ; বমন সম্বলিত শিরঃপীড়া (Sick-headache); অজীর্ণ রোগ; বুকজ্বালা; পাকস্থলীর অম্লরোগ; শিশুগণের ওলাউঠা ইত্যাদি রোগে রোবিনিয়া ব্যবহার্য্য। ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, আইরিস্, পাল্সেটিলা, ম্যাগ্নেসিয়া কার্ব্বোনিকা, রুম ইত্যাদি ঔষধের কার্য্যের সহিত রোবিনিয়ার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। ইহার মাত্রা সম্বন্ধে লেখক কিছুই বলিতে পারেন না, কারণ, তিনি ইহা কখনও ব্যবহার করিয়া দেখেন নাই।

চিকিৎসা-প্রবেশিকা

অর্থাৎ

যে যে রোগে যে যে ঔষধ প্রধানতঃ ব্যবহৃত হইয়া থাকে
তাহার সংক্ষিপ্ত নাম। এই সকল ঔষধের লক্ষণা-
দির বিস্তৃত বিবরণ "ভৈষজ্য-সোপান,"
"সরল-চিকিৎসা" এবং "চিকিৎসা-
সোপানে" দ্রষ্টব্য।

জ্বর রোগ সমূহ (Fevers)।

(১) একজ্বর সমূহ (Continued Fevers)

(ক) সামান্য একজ্বর (Simple Continued Fever)। একন্, বেল্, ব্রাই, ক্যাম্ফার, বিরেট্-বির, আর্সিনিক, জেল্স্। অনেক সময় ইপিকাক্, রাস্টক্স্, পাল্স্, বিরেট্-আল্ব্, মার্ক্-সল্ ব্যবহার্য্য।

(খ) আন্ত্রিক জ্বর বা জ্বরবিকার (Enteric or Typhoid Fever)। বিরেট্-বির, ব্যাপ্ট্, ব্রাই, বেল্, মার্ক্-সল্, ওপিয়াম্, আর্স্, রাস্টক্স্, কার্ব্বো-বেজ্, মিউর-আস্, হায়োস্, চায়না, ক্যাম্ফার, বিরেট্-আল্ব্, ফস্ফরাস্, লাইকোপ্, ফস্-আস্, জেল্স্, ল্যাকেসিস্, ষ্ট্রামন্, পাল্স্, নাইট্রিক্-অ্যাস্, জিঙ্কাম্। কখন কখন এপিস্, আর্ণিকা, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যানাবিস্-ইণ্ড্, কল্চ্, হামামেলিস্, অ্যান্টি-টার্ট্ ও ব্যবহার্য্য।

---

(২) মেলেরিয়া জনিত জ্বর সমূহ (Malarious Fevers)।

(ক) সবিরাম বা পালা জ্বর (Intermittent Fever,-Ague)। একন্, বেল্, ন্যাট্রাম্-মি, আর্সিনিক্, কোইনান্, চায়না, ক্যাপ্স্, ইপিকাক্,

কর্ণাস্ ফ্লোরিডা, কর্ণাস্ সার্সিনেটাস্, নেট্রাম্-মিউর, কার্ব্বো-বেজ্, মার্ক্-সল্, বিরেট্-আল্ব্, পাল্‌স্, ফেরাম্-মেট্, আণ্টি-ক্রুড্, ইগ্‌নেস্, ক্যামোমিলা, ব্রাই, রাস্‌টক্স্, ইউপেট্-পার্ফ্, সাল্‌ফ্, সিড্রন্, আর্ণিকা, সিনা, হিপ্-সাল্‌ফ্, ক্যাল্ক্-কার্ব্ব্, লাইকোপ্, সিয়েনোথাস্, আম্‌ন্-মিউর, ইউকেলিপ্‌ট্-গ্লব্, আরানিয়া-ডায়েড, এপিস্, সাইমেক্স্, ওপিয়াম্, ল্যাকেসিস্, পলিপোরাস্, ককিউল্, জেল্‌স্, ক্যাক্‌টাস্, ক্যাম্ফার, মিনিয়াম্থিস্, পডোফ্, শ্যাম্বুকাস্, সিপিয়া, শ্যাবাডিলা, লোবিলিয়া, আল্‌ষ্টোনিয়া, মার্ক্-বিনায়োড্, মার্ক্-বাইবাস্, ফস্ফরাস।

(খ) স্বল্প বিরাম জ্বর (Remittent Fever)। ব্রাই, ক্যামোমিলা. কর্ণাস্ ফ্লোরিডা, জেল্‌স্, ইপিকাক্, মার্ক্-সল্, নাক্স্-বম্, পাল্‌স্, সাল্‌ফ্, চায়না, কোইনাইন্, আর্সিনিক্, বেল্। কখন কখন হায়োস্, ষ্ট্রামন, পডোফ্, ব্যাপ্‌ট্, লেপ্‌টেণ্ড্রাও প্রয়োজন হইতে পারে। এতদ্ভিন্ন সবিরাম বা পালাজ্বরের শীর্ষ দ্রষ্টব্য।

(গ) পিতজ্বর (Yellow Fever)। ক্যাম্ফার, বিরেট্-আল্ব্, একন্, বেল্, ব্রাই, আর্সিনিক্, ল্যাকেসিস্, আর্জেণ্ট্-নাইট্রিক্, ক্যান্থ্, ক্রোটেলাস্, ফস্, মিরিকা সেরিফেরা। এই প্রকার জ্বর এতদ্দেশে হয় না।

(ঘ) সাংঘাতিক জ্বর বা পার্ণিসাস্ ফিবার (Pernicious Fever)। সবিরাম এবং স্বল্প বিরাম জ্বরের শীর্ষ দ্রষ্টব্য।

(ঙ) মেলেরিয়া জনিত পুরাতন আকারের জ্বর সম্বলিত অসুখ বা কোইনাইনে আটকান জ্বর বা অসুখ (Malarial or Cinchona Cachexia)। আর্সিনিক্, নাক্স্-বম্, ফেরাম্-মেট্, ফেরাম্-আয়োড্, নেট্রাম্-মিউর, লাইকোপ্, ক্যাল্ক্-কার্ব্ব্, সাল্‌ফ্, কার্ব্বো-বেজ্, মার্ক্-সল্, মার্ক্-বিনায়োড্, মার্ক্-বাইবাস্। এতদ্ভিন্ন সবিরাম এবং স্বল্পবিরাম জ্বরের শীর্ষ দ্রষ্টব্য।

(চ) বিকারের লক্ষণাক্রান্ত মেলেরিয়া জনিত তরুণ জ্বর (Typhomalarial Fever)। সবিরাম এবং স্বল্পবিরাম জ্বরের শীর্ষ দ্রষ্টব্য

(ছ) আসামের কালাজ্বর (Káláázar of Asam)। মার্ক্-সল্

মিউর-আস্, নাইট্রিক্-আস্, নাক্স-বম্, ব্রাই, সাল্ফ্। এতদ্ভিন্ন সবিরাম এবং স্বল্পবিরাম জ্বরের শীর্ষ দ্রষ্টব্য।

---

(৩) স্ফোটকজ্বর সমূহ (Eruptivo Eevers)।

(ক) হাম জ্বর (Measles)। একন্, বেল্, ব্রাই, পাল্স্, আর্স্, ইপিকাক্, মার্ক-সল্, ফস্ফরাস্, সাল্ফার, সিনা, চায়না। আস্, রাস্-টক্স্, জিঙ্ক্, কুপ্রাম্, ওপিয়াম্, বিরেট্-আল্ব, পডোফ্, এপিস্, আণ্টি-ক্রুড্, ইউফ্রেস্, আর্নিকা, ডাল্ক্, কার্ব্বো-বেজ্, ড্রসিরা, ক্যামোমিলা, কফিয়া, সিনা, হিপ্-সাল্ফ্, ক্যাম্ফার, রাস্-টক্স্। ক্যাল্ক্-কার্ব্ব, কষ্টি-কাম্, হায়োস্, কোইনাইন্-আর্স্, লাইকোপ্, সাইলিসি, নাইট্রিক্-আস্, কল্চ, সিনিয়াষ্টিস্।

(খ) ডেঙ্গুজ্বর (Dengue Fever)। বেল্, একন্, রাস্টক্স্, ব্রাই, আর্সিনিক্, ইপিকাক্, পাল্স্, চায়না, নাক্স-বম্, কোইনাইন্, ইউ-পেট্-পাফ্।

(গ) বসন্ত (Small-Pox)। একন্, বেল্, মার্ক্-সল্, আণ্টি-ক্রুড্, আণ্টি-টার্ট্, ক্যাম্ফার, এপিস্, সাল্ফ্, কার্ব্বো-বেজ্, মিউর-আস্, ব্যাপ্টি-সিন্, ওপিয়াম্, রাস্টক্স্, সিমিসিফ্, হামামেলিস্, সারাসেনিয়া-পার্পুর, বেরিয়োলিন্, হিপ্-সাল্ফ্, ফস্-আস্, বিরেট্-বির, হাইড্রাষ্টিস্।

(ঘ) জল বা পান বসন্ত (Chicken-Pox)। একন্, বেল্, মার্ক্-সল্, রাস্টক্স্, সাল্ফ্।

(ঙ) বিসর্প (Erysipelas)। একন্, বেল্, রাস্-টক্স্, আর্স্, এপিস্, ব্রাই, ফস্, গ্রাফ্, ষ্ট্রামন্, কুপ্রাম্-আসিটিকাম্, ল্যাক্, বিরেট্-বির।

(চ) আরক্ত-জর (Scarlet Fever)। এই রোগ এতদ্দেশে হয় না। বেল্, মার্ক্-সল্, আস্, কুপ্রাম্-আসিটিক্, জিঙ্কাম্। হাইড্রোসায়েনিক্ আসিড্, টেবেকাম্, ল্যাকেসিস্, এইলান্থাস্ গ্রাণ্ডুলোসা, সাল্ফ্, স্পঞ্জিয়া, ব্রোমিন্, ক্যাম্ফ্, হেলিবোরাস্, এপিস্, মিউর-আস্। অরাম্মিউর, সাইলিসিয়া ইত্যাদি ইহার ঔষধ।

ওলাউঠা (Cholera)। ক্যাম্ফার, বিরেট্-আল্ব্, একন্, বেল্, ইপিকাক্, কার্ব্বো-বেজ্, ক্যান্থ্, টিরিবিন্থ্, ক্যালী-বাই, ওপিয়াম্, মর্কি্-কর, রিসিনাস্, হামামেলিস্, ইউপেট্-পাফ্, সিকেল্, হাইড্রোসায়েনিক্ আস্, সিনা, সিকুটা, ফস্ফরাস্, চায়না, ফস্-আস্, নাক্স-বম্, পাল্স্, কলোস্, ক্রোটন্, আইরিস্, যাট্রোফা, নিকোটিন্, ক্যামোমিলা, ডায়োস্কোরিয়া, ডায়োস্কোরিণ্, ইউফর্ব্ব্, পডোফ্, এগুজা, আণ্টি-ক্রুড্, এপিস্, বিস্মাথ্, বেঞ্জ্-আস্, বোরাক্স্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, মার্ক্-সল্, নাক্স-মস্ক্, সাইলিসি, থুজা, সাল্ফ্, রাস্টক্স্, ষ্টাফিস্, হিপ্-সাল্ফ্, ল্যাকেসিস্, ইগ্নেস্, ব্রোমাইড্ অব্ ক্যাম্ফার।

ডিপ্থিরিয়া (Diphtheria)। কার্ব্বোলিক্ আসিড্, মিউর-আস্, একন্, এপিস্, আর্স্, এরাম্, বেল্, ব্রোমিন্, ক্যাল্ক্-ক্লোরেট্, ক্যান্থ্, ক্যাপ্স্, গোয়েকাম্, হিপ্-সাল্ফ্, আয়োড্, ক্যালী-বাই, ক্যালী-পার্ম্মেঙ্গ্, ল্যাক্, লাইকোপ্, মার্ক্-সায়েনাইড্, মার্ক্-আয়োড, নাইট্রিক্-আস্, ফাইটোলাকা।

হুপিং কফ বা কাশি (Hooping Cough,-Pertussis)। একন্, আম্ব্রা, আনাকার্ড্, হাইড্রোসায়োনিক্-আস্, আর্ণিকা, আর্স্, বেল্, ব্রাই, ক্যামোমিলা, চেলিডন্, সিনা, কোকাস্, কোরেল-রুব্, কুপ্রাম্, ড্রসিরা, হিপ্-সাল্ফ্, ইপিকাক্, ক্যালী-বাই, ক্যালী-কার্ব্ব্, মেফাইটিস্, মার্ক্, নেফ্থালিন্, নাক্স-বম্, পাল্স্, সিলা, আণ্টি-টার্ট্, বিরেট্-আল্ব্।

কর্ণমূলস্থিত গ্রন্থির প্রদাহ (Parotitis,-Mumps)। বেল্, কার্ব্বো-বেজ্, হায়োস্, মার্ক্-সল্, মার্ক্-কর, পাল্স্, রাস্টক্স্, একন্।

সূতীকা জ্বর (Puerperal Fever)। একন্, আর্স্, বেল্, ব্রাই, ক্যান্থ্, ক্যাম্, কলোস্, হায়োস্, ইপিকাক্, ক্রিয়াজ্, ল্যাক্, মার্ক্, নাক্স-বম্, রাস্টক্স্, সিকেল্, বিরেট্ আল্ব্, চায়না, কোইনি সাল্ফ্, কোইনি-আর্স্।

ধাতুগত রোগ সমূহ (Constitutional Diseases)।

বাতরোগ (Rheumatism)। বেঞ্জ-আস, স্যালিসিলিক্-আস্, একন্, আমন্-ফস্, আণ্টি-টার্ট, আর্ণিকা, আর্স, বেল, ব্রাই, ক্যাক্টাস্, ক্যালোফিলাম্, কষ্টিকাম্, ক্যাম্, চেলিডন্, চায়না, চিনিনাম্, সিমিসিফ, কল্‌চ, ডালক্, ফেরাম্, হামামেলিস, কালী-বাই, ক্যাল্মিয়া, ক্রিয়াজ, ল্যাক্, লেডাম্, লাইকোপ, মার্ক, নাক্স-বম্, ফস, ফাইটোল, পাল্স, রডোড, রাস্ টক্স, রুটা, সার্সা পেরিলা, সাল্ফ, থুজা, বিরেট-আলব, বিরেট-বির, স্পাইজেল, ডিজিট, রানানকুল-বাল্ব, আণ্টি-ক্রুড, আপো-সিনাম্-আণ্ড্রোস, অরাম্-মিউর, বার্ব্বেরিস, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক-ফস, কলোস, জেল্স, ল্যাক্নাস্থ, লোবিলিয়া-ইন্‌ফ্লেট, লাইকোপাস, মিনি-য়াস্থ, মার্ক-বিনায়োড, প্লাটিনা, সাঙ্গুনেরিয়া, সাইলিসি, ষ্টিক্‌টা, ট্যারেণ্টুলা, বেলিরিয়াণ, জিঙ্কাম্।

ক্ষুদ্র সন্ধিবাত (Arthritis,-Gout)। বেঞ্জ-আস, একন্, আর্ণিকা, আর্স, অরাম্-মিউর, বেল, ব্রাই, কল্‌চ, ফেরাম্-মেট, মার্ক-বাইবাস, লেডাম্, নাক্স-বম্, ফস্, পাল্স, রাস্ টক্স, স্যাবাইনা, সাল্ফ, এপিস্, চায়না, ডিজিট, গোয়েকাম্, ক্যালী-বাই, লাইকোপ, রডোড।

কর্কট রোগ (Cancer)। আসিটিক্-আস্, আর্স-আল্ব, আর্স-আয়োড, অরাম্, বেল, ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-আনিমেল, কষ্টিকাম্, চেলিডন্, ক্লিমেটিস্, কোনায়াম্, কুণ্ডুরাঙ্গ, গ্রাফ, হিপ-সাল্ফ, হাইড্রাষ্ট, আয়োড, ক্রিয়াজ, ল্যাকেস্, লাইকোপ, মার্ক, মেজিরিয়াম্, মুরেক্স, নেট্রাম মার্ব্ব, নাইট্রিক্-আস্, নাক্স-বম্, ফস, ফাইটোল, সিপিয়া, সাইলিসি, ষ্টাফিস, থুজা, জিঙ্কাম্।

উপদংশ বা গরমীর ব্যারাম (Syphilis)। ফ্লুয়োরিক্-আস্, নাট্রিক্-আস্, আর্স, আসাফ, ব্যাডায়াগা, বেল, বার্ব্বেরিস, কার্ব্বো-আনিমেল, সিনাবেরিস্, কোরেল-রুব, কুণ্ডুরাঙ্গ, হিপ-সাল্ফ, হাইড্রাষ্ট, আয়োড, ক্যালী-বাই, ক্যালী-আয়োড, ক্রিয়াজ, ল্যাক্, মার্ক-কর, মার্ক-সল, মার্ক-আয়োড, মার্ক-বাইবাস, মার্ক-বিনায়োড, নাক্স-বম্, ফস-

আস্, ক্যাইটোল্, সিপিয়া, প্লাটিনা, ষ্টাফিস্, ষ্টিলিঞ্জ্, সাল্‌ফ্, থুজা, মেজিরিয়াম্।

সাংঘাতিক চর্ম্ম রোগ বা লুপাস্ (Lupus)। ইহাতে কখন কখন নাকে ঘা হইয়া নাকের উপাস্থি পর্য্যন্ত বিনষ্ট হয়। ইহাকে অস্পর্শ রোগও বলে। লুপাস্ সাধারণতঃ তিন প্রকার। (১) লুপাস্ ইরিথিমেটোডিস্ (Lupus Erythematodes)। ইহাতে লক্ষণ বিশেষে ক্যাল্‌ক্, নেট্রাম্-মিউর, ফস্, সিপিয়া, সাইলিসি। মুখমণ্ডল আক্রমণ করিলে আয়োড্, নেট্রাম্-মিউর, সাল্‌ফ্; জননেন্দ্রিয়ে হইলে লাইকোপডিয়াম্, মার্ক্-কর, মার্ক্-সল্, মেজিরিয়াম্, প্লাম্বাম্-আসিটিকাম্, সিপিয়া, জিঙ্কাম্। (২) লুপাস্ একজিডেন্‌স্ (Lupus Exedens)। আর্স্, অরাম্, বেল্, সিকুটা, হিপ্-সালফ্, হাইড্রোকোটাইল্, হাইড্রাষ্ট্, ক্যালী-বাই, মার্ক্, নাইট্রিক্-আস্, সাইলিসি, ষ্টাফিস্, সালফ্, থুজা। ওষ্ঠের এপিথেলিয়োমাতে (Epi thelioma of the Lip) এপিস্, আর্স্, বেল্, ক্লিমেটিস্, কষ্ট্, কোনা-য়াম্, সাইলিসি, সাল্‌ফ্। (৩) লুপাস্ এক্সফোলিয়েটিকাস্ (Lupus Exfoliaticus)। আর্স্, অরাম্, ব্যারাইটা, কার্ব্বো-বেজ্, সিকুটা, কোনায়াম্, গ্রাফ্, ক্যালী-বাই, ক্যালী-আয়োড্, হাইড্রোকোটাইল্, লাইকোপডিয়াম্, মার্ক্, নাইট্রিক্-আস্, ফস্, সিপিয়া, সাইলিসি, সালফ্, থুজা।

কুষ্ঠরোগ (Leprosy,-Elophantiasis Græcorum)। আনাকার্ডিয়াম্, আলুমিনা, আর্স্, কলোসিন্থ্, গ্রাফ্, হাইড্রোকোটাইল্, ল্যাক্, নেট্রাম্-কার্ব্ব্, পিট্রোল্, ফস্ফরাস্, সিপিয়া, সাইলিসি, সাল্‌ফ্, কুপ্রাম্, মার্ক্।

গোদ (Elephantiasis,-Barbadoes leg)। ইহা পা এবং অণ্ড কোষাধারই সচরাচর অধিক আক্রমণ করে। হাইড্রোকোটাইল্, আর্স্, নাইট্রিক্ আসিড্ (গরমীর ব্যারাম জনিত হইলে), ওপিয়াম্, ক্লিমেটিস্, গ্রাফ্, আয়োড্, লাইকোপডিয়াম্, মার্ক্, সাল্‌ফ, থুজা, আনাকার্ড্, হামামেলিস্, হাইড্রাষ্ট্।

গণ্ডমালা (Scrofula)। আর্স্-আয়োড্, আর্স্-মেট্, আসাফিটিডা, আক্লিপিয়াস্ টিউবার, অরাম্-মেট্, ব্যাডায়াগা, ব্যারাইটা-কার্ব্ব্, বেল্, ব্রোমিয়াম্, ক্যাল্‌ক্-কার্ব্ব্, ক্যাল্‌ক্-আয়োড্, ক্যাল্ক্-ফস্, চিমা-

ক্বিলা, সিনা, সিষ্টাস্, কোনায়াম্, কোরাইডেলিস্, কর্ণাস্-সার্সিন্, গ্রাফ্, হেক্‌লা লাবা, হিপ্-সাল্‌ফ্, হাইড্রাষ্টি, আয়োড্, ক্যালী-আয়োড্, লিথিয়াম্-কার্ব্ব্, লাইকোপডিয়াম্, মার্ক্, নেট্রাম্-কার্ব্ব্, কড্‌লিবার অএল্, পিট্রোল্, ফাইটোলাকা, সোরিনাম্, রাস্‌টক্স, সার্সাপেরিলা, স্পঞ্জিয়া, ষ্টিলিঞ্জিয়া, সাল্‌ফ্, থেরিডিয়ান্।

মস্তিষ্কের তরুণ শোথ (Tubercular Meningitis,-Acute Hydrocephalus)। কার্ব্বোলিক্ আসিড্, একন্, এপিস্, আপোসিনাম্-ক্যান্, আর্জেন্ট্-নাইট্রিক্, আর্স্, আর্টিমিসিয়া, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যাল্ক্-ফস্, সিমিসিফ্, সিনা, কুপ্রাম্, ডিজিট্, জেলস্, গ্লোনয়েন্, হেলিবোর, হায়োস্, লাইকোপ্, মার্ক্-সল্, ওপিয়াম্, ফস্, পাল্‌স্, সাইলিসি, ষ্ট্রামন্, সাল্‌ফ্, বিরেট্-আল্ব্, বিরেট্-বিরাইড্, জিঙ্কাম্।

গণ্ডমালা জনিত চক্ষু প্রদাহ (Scrofulous Opthalmia)। আসিড্ নাইট্রিক্, এপিস্, এথুজা, আর্স্, অরাম্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, ইউফ্রেস্, গ্রাফ্, হিপ্-সাল্‌ফ্, মার্ক্-কর, লাইকোপডিয়াম্, পাল্‌স্, রাস্‌টক্স, সাল্‌ফ্।

গ্রন্থির গণ্ডমালা জনিত অসুখ (Scrofulous Diseases of Glands)। বেল্, একন্, হিপ্-সাল্‌ফ্, আয়োড্, মার্ক্-আয়োড্, ক্যালী-আয়োড্, আমন্-মিউর্, ফাইটোল্, ক্যাল্ক্-কার্ব্ব্, সাইলিসি, সাল্‌ফ্। কড্‌লিবার অএল্ (Cod-liver-oil)।

যক্ষাকাশ (Phthisis Pulmonalis,-Pulmonary Consumption)। একন্, আগারিকাশ্, আকালিফা ইণ্ডিকা, আমন্-কার্ব্ব্, আমন্-মিউর্, আণ্টি-টার্ট্, আর্স্, ব্যাপ্‌ট্, বেল্, ব্রাই, ক্যাল্‌ক্-আর্স্, ক্যাল্‌ক্-কার্ব্ব্, ক্যাল্‌ক্-ফস্, কার্ব্বো-বেজ্, চায়না, সিমিসিফ্, ড্রসিরা, ফেরাম্-আয়োড্, হামামেলিস্, হিপ্-সাল্‌ফ্, ক্যালী-কার্ব্ব্, ক্যালী-বাই, লেডাম্, লাইকোপডিয়াম্, লাইকোপাস্, নেট্রাম্-মিউর্, নাইট্রিক্-আস্, ফস্-আস্, ফস্ফরাস্, পাল্‌স্, রুমেক্স্, সাঙ্গুনেরিয়া, সারাসেনিয়া, সেনিসিয়ো-অর্, সাইলিসি, স্পঞ্জ্, ষ্টানাম্, সিল্‌ফিয়াম্, সাল্‌ফ্, থেরিডিয়ান্, ট্রিলিয়াম্, বিরেট্-আল্‌ব্, ক্রিয়াজ্। কড্‌লিবার অএল্ (Cod-liver-oil)।

অন্ত্রক্ষয় বা টেবিস মেসেণ্টেরিকা (Tabes Messenterica,—Consumption of the bowels)। আর্স, ক্যাল্ক-কার্ব্ব, কষ্টিক্ আসিড, আর্স-আয়োড, ব্রোমিন, ক্যাল্ক-ফস, সাল্ফ। এতদ্ভিন্ন গণ্ড-মালার শীর্ষ দ্রষ্টব্য।

অস্থির অসম্পূর্ণ বিকাশ জনিত অসুখ (Rachitis,-Rickets)। আসাফিটিডা, ব্যারাইটা-কার্ব্ব, বেল, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক-ফস, ফ্লুয়োরিক্ আসিড, ক্যালী-আয়োড, ক্যালী-ফস, লাইকোপডিয়াম, মেজিরিয়াম, ফস্ফরিক্ আসিড, পাল্স, রুটা, সাইলিসি, ষ্টাফিস, সাল্ফ, ফেরাম-ফস, ফস্ফরাস।

সশর্করা বহুমূত্র (Diabetes Mellitus)। আর্জেণ্ট-মেট, আর্স, বার্ব্বেরিস, কার্ব্বোলিক আসিড, কষ্ট, ক্যামোমিলা, কুপ্রাম, কিউরেরার, ডিজিট, হেলোনিয়াস, ফস্-আস, ক্যালী ব্রোমাইড, ক্রিয়াজ, ল্যাকেস, ল্যাক্টিক্-আস, লিথিয়াম্-কার্ব্ব, লাইকোপডিয়াম, লাইকোপাস, মস্কাশ, নেট্রাম-মিউর, নেট্রাম-সাল্ফ, ফস, প্লাম্বাম, পডোফিলাম, রাটানহিয়া, সিকেল, সাল্ফ-আস, ট্যারাণ্টুলা, টিরিবিন্থিনা, ইউরেনিয়াম্-নাইট্রেট, সাইলিসি। শর্করা শূন্য বহুমূত্রে (Diabetes Insipidus) ফস্-আস, আর্জেণ্ট-মেট, মিউরেক্স, নেট্রাম্-মিউর, সিলা-ম্যারিট, ইউরেনিয়াম-নাইট্রেট বিশেষ উপকারী।

পার্পুরা বা ল্যাণ্ড স্কার্ব্বি (Purpura,-Land Scurvy)। ইহাতে রক্তের দূষিত অবস্থার দরুণ মাড়ি, মুখ, মূত্রকোষ, অন্ত্র, ফুস্ফুস ইত্যাদি হইতে রক্তস্রাব হয়। আবার এক রকমের স্কার্ব্বি আছে যাহা রক্তের উক্ত প্রকারের পুরাতন আকারের দূষিত অবস্থার দরুণ ঘটিয়া থাকে। ইহাতে দাঁতের গোঁড়া দিয়া অতিরিক্ত পরিমাণে রক্ত পড়ে। আর্ণিকা, আর্স, বেল, বার্ব্বেরিস, ব্রাই, ক্রোটেলাস, হামামেলিস, হায়োস, আয়োড, ক্যালী-আয়োড, ল্যাকেস, লেডাম, নাক্স-বম, ফস, রাস টক্স, রুটা, সিকেল, সাইলিসি, ষ্ট্রামন, সাল্ফ, সাল্ফ-আস, টিরিবিন্থ, একন, আমন-কার্ব্ব, আমন-মিউর, এপিস, কফিয়া, ডাল্ক, ব্যারাইটা, কোনায়াম, ফস, আর্স, মার্ক।

রক্তাল্পতা (Anæmia)। পিক্রিক্-আস, আর্স, ক্যাল্ক-ফস,

চায়না, ফেরাম, হেলোনিয়াস, নেট্রাম্-মিউর, নেট্রাম্-সাল্ফ, নাক্স্-বম্, হাইড্রাষ্টি, ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-বেজ, সিনা, কোনায়াম, মার্ক, ল্যাকেস, ফস্-আস, রাস্টক্স, সিপিয়া, সাইলিসি।

মৃত্তিকা পাণ্ডুরোগ (Chlorosis)। আলিট্রিস, আলুমিনা, আণ্টি-ক্রুড, আর্স, আর্জেণ্ট-নাইট্রিক্, বেল, ক্যাল্ক-কার্ব্ব, চায়না, সিনা, কোনায়াম, সাইক্লেমেন্, ফেরাম, গ্রাফ, হেলোনিয়াস, ইগ্নেস, ইপিকাক্, নেট্রাম্-মিউর, নাক্স্-বম, ফস, প্লাম্বাম, পাল্স, সিপিয়া, সেনিসিয়ো, সাল্ফ।

সার্ব্বাঙ্গিক এবং স্থানিক শোথ (Dropsy,-General and Local)। আসিটিক্-আস, একন্, এপিস, আপোসিনাম, আর্স, আক্লি-পিয়াস, আস্পেরেগাস্, অরাম, ব্রাই, ক্যাক্ট, ক্যান্থ, চিমাফিলা, চায়না, কল্চ, ডিজিট, ইউপেট-পার্পুর, ফ্লুয়োরিক্-আস, হেলিবোরাস্, হেলোনিয়াস, হিপ-সাল্ফ, আইরিস-বাস, ক্যালী-কার্ব্ব, ল্যাকেস, লেডাম, লেপ্টাণ্ড্রা, মার্ক, সিনা, সেনিসিয়ো, সেনিগা, স্পাইজেল, সাল্ফ, আণ্টি-টার্ট, টিরি-বিন্থ। সন্ধির শোথে সাল্ফ, আণ্টি-টার্ট, আর্স, ব্রাই, ক্যাল্ক, আয়োড, ক্যাল্মিয়া, লাইকোপডিয়াম, রাস্টক্স, সাইলিসি।

স্নায়ুমণ্ডলীর অসুখ

(DISEASES OF THE NERVOUS SYSTEM.)

মস্তিষ্ক এবং উহার আবরক ঝিল্লীতে রক্তাধিক্য বা রক্তা-বরোধ (Hyperæmia of the Brain and its Membranes)। বেল, একন্, অষ্ট্রোপিন-সাল্ফ, এপিস, শ্লোনয়েন্, বিরেট-বিরাইড, জেল্স, আগারিকাস, ব্যারাইটা, ইগ্নেস, রাস্টক্স, ষ্টাফিস, বিরেট-আল্ব।

মস্তিষ্কের রক্তাল্পতা (Anæmia of the Brain)। আমন-কার্ব্ব, ক্যাম্ফার, ইপিকাক্, সিকেল, কুপ্রাম্-মেট, আর্স, ক্যাল্ক-কার্ব্ব, কল্চি-

কাম্, ডিজিট্, আণ্টি-টার্ট্, বিরেট্রাম্-বির, জিঙ্কাম্, সাইলিসি। মস্তিষ্কে রক্তাল্পতা হেতু মাথা ঘোরার পক্ষে সাইলিসি, ব্যারাইটা-কার্ব্ব, গ্র্যাফ্, লাইকোপডিয়াম্, আম্ব্রা, ফ্লুয়োরিক্-আসিড্-উপকারী। (সরল চিকিৎসার ২৮৯ পৃষ্ঠা দ্রষ্টব্য)।

মস্তিষ্ক প্রদাহ,-মেনিঞ্জাইটিস্ (Encephalitis,-Meningitis,-Inflammation of the Brain)। বেল্, একন্, ওপিয়াম্, রাস্টক্স্, আর্ণিকা, ব্রাই, হেলিবোরাস্, সাল্ফ্, হায়োস্, সিকুটা, গ্লোনয়েন্, সিমিসিফ্, কুপ্রাম্-আসিটিকাম্, জেল্স্, বিরেট্-বিরাইড্, জিঙ্কাম্, ষ্ট্রামন্, মার্ক্, নাক্স-বম্, প্লাম্বাম্, আয়োড্, আণ্টি-টার্ট্, ক্যালী-আয়োড্, আট্রো-পিন্-সাল্ফ্।

সংন্যাস রোগ (Apoplexy)। ইস্কুলাস্-হিপ্, একন্, আর্ণিকা, ব্যারাইটা-কার্ব্ব, বেল্, ক্যাকুট্, ক্যাল্ক-কার্ব্ব, কষ্ট, ককিউল্, কুপ্রাম্, জেল্স, গ্লোনয়েন্, হাইড্রোসায়েনিক্-আস্, হায়োস্, ইপিকাক্, ল্যাকেস্, লরোস্, ল্যাক্নান্থ্, নাক্স-বম্, ওপিয়াম্, সোরিনাম্, পাল্স্, সাঙ্গুনেরিয়া, সিপিয়া, বিরেট্-বিরাইড্।

সূর্য্যাঘাত (Sunstroke)। একন্, আসিড্-নাইট্রিক্, আণ্টি-ক্রুড্, বেল্, ব্রাই, ক্যাম্ফার, ক্যাক্ট্, কার্ব্বো-বেজ্, গ্লোনয়েন্, জেল্স্, ল্যাকেস্, নেট্রাম্-কার্ব্ব, বিরেট্-বিরাইড্।

মস্তিষ্কের পুরাতন শোথ বা ক্রনিক্ হাইড্রোকিফেলাস্ (Chronic Hydrocephalus,-Dropsy of the brain)। বেল্, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক্-ফস্, হেলিবোরাস্, সাল্ফ্, এপিস্, আর্স, আয়োড্, ডিজিট্, মার্ক্, সাইলিসি, ফেরাম্-আয়োড্।

কসেরুকা মজ্জা এবং উহার আবরক ঝিল্লীর প্রদাহ (Spinal-Meningitis)। একন্, এপিস্, বেল্, কুপ্রাম্, জেল্স্, মার্ক্, নাক্স-বম্, ওপিয়াম্, অক্জালিক্-আস্, রাস্টক্স, সাল্ফ্, ব্রাই, সিকেল্, ক্যালী-আয়োড্, মার্ক্-কর, আর্স, ষ্ট্রামন্, জিঙ্কাম্, প্লাম্বাম্, ককিউলাস্, ইগ্নেস, ফস্, বিরেট্-আল্ব্, বিরেট্-বিরাইড্, ক্যাল্ক্-কার্ব্ব, নেট্রাম্-মিউর, সাইলিসি, আয়োড্, কষ্ট্।

মস্তিষ্কের প্রদাহ সম্বলিত ফসেরুকা মর্জ্জা এবং উহার আবরকঝিল্লীর প্রদাহ (Cerebro Spinal-Meningitis,—Spotted Fever)। *একন্, জেল্স্, বেল্, বিরেট্-বিরাইড্, ব্রাই, আর্স্, কুপ্রাম্-আসিটিকাম্, ওপিয়াম্, হায়োস্, আর্জেন্ট্-নাইট্রাস্, আর্নিকা, সিকুটা, সিমিসিফ্, ককিউল্, ক্রোটেলাস্, গ্লোনয়েন্, নাক্স্-বম্, বিরেট্-আল্ব্, আগারিকাশ্, আমোনিয়াম্, এপিস্, ব্যাপ্ট্, ক্যাষ্ট্, ক্যাম্ফার, ক্যান্থ্, ডিজিট্, হাইড্রোসায়েনিক্-আস্, লাইকোপডিয়াম্, ফস্ফরাস্, প্লাম্বাম্, সোলেনাম্, ট্যারেন্টুলা, আন্টি-টার্ট্, জিঙ্কাম্।

মেরুদণ্ডের উত্তেজনা বা স্নায়ুশূল (Spinal Irritation,—Neuralgia Spinalis)। একন্, আর্নিকা, বেল্, ক্যাষ্ট্, সিমিসিফ্, ককিউল্, ফেরাম্, ইগ্নেস্, নাক্স্-বম্, জেল্স্, আর্স্, ফস্ফরাস্, সাল্ফ্।

পক্ষাঘাত (Paralysis)। একন্, আলুমিনা, আর্নিকা, কষ্ট্, প্লাম্বাম্, ব্যারাইটা-কার্ব্ব্, ককিউল্, সাল্ফ্, রাস্টক্স্, নাক্স্-বম্, ফস্ফরাস্, রাস্টক্স্, সিকেল্, মার্ক্, আর্স্, জেল্স্, ওপিয়াম্, আনাকার্ড্, ডাল্ক্, কল্চ্, ল্যাকেস্, ইগ্নেস্, ষ্টানাম্, ষ্ট্যাফিস্, সাইলিসি, কুপ্রাম্, বিরেট্-আল্ব্, ষ্ট্রামন্, নেট্রাম্-মিউর, জিঙ্কাম্, বেল্, হায়োস্, অক্জালিক্-আস্, প্লাটিনা, বিরেট্-বিরাইড্, বুভোড্, নাক্স্-মস্ক্, আগারিকাশ্, আম্ব্র্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, কোনায়াম্, ফাইসষ্টিগ্মা, চায়না, সিকুটা, রুটা, আঙ্গাষ্টুরা, নেট্রাম্-ফস্, ক্যালী-আয়োড্, ক্যালী-ফস্, ফেরাম্, ইস্কুলাস্, এইলান্থ্, চেলিডন্, লেডাম্, লাইকোপডিয়াম্, সোরিনাম্, সিপিয়া, পিক্রিক্-আস্, এপিস্, ইগ্নেস্, ওপিয়াম্, সিকেল্, ষ্টানাম্, কিউরেয়ার।*

ধনুষ্টঙ্কার,-দাঁত লাগা (Tetanus,—Lock-jaw)। একন্, আর্নিকা বেল্, ক্যাম্ফার, সিকুটা, কুপ্রাম্, হাইড্রোসায়েনিক্-আস্, হায়োস্, ন্যয়োস্, নাক্স্-বম্, ওপিয়াম্, ফাইটোল্, রাস্-টক্স্, ষ্ট্রামন্, বিরেট্-বিরাইড্, আমন্-কার্ব্ব্, আঙ্গাষ্টুরা, আর্স্, ইগ্নেস্, লাইকোপডিয়াম্, মস্কাশ্, ফাইসষ্ট্, নিকোটিন্।

জলাতঙ্ক বা পাগলা কুকুর, শেয়াল ইত্যাদির কামড়ের

দরুণ অসুখ (Hydrophobia,-Rabies)। বেল, হাইড্রোফবিনাম, ক্যান্থ, হায়োস, ল্যাকেস, ষ্ট্রামন, ইউফর্ব্বিয়াম, স্কুটেলেরিয়া।

আক্ষেপ বা কনবালসন (Convulsions,-Eclrmpsia)। একন, আর্স, বেল, কষ্ট, ক্যামোমিলা, সিকুটা, সিনা, কুপ্রাম, জেলস, হায়োস, ইগনেস, ইপিকাক, ওপিয়াম, সিকেল, সাইলিসি, ষ্ট্রামন, সালফ, জিঙ্কাম, আর্জেণ্ট-নাইট্রিক, ক্যাম্ফার, বিরেট-আল্ব, হেলিবোরাস, হিপ-সালফ, ক্রিয়াজোট, লরোস, নাক্স-বম, ষ্টানাম, আর্ণ্টি-টার্ট, টিরিবিন্থ, মার্ক, বিরেট-বিরাইড, এথুজা, গ্লোনয়েন, ইনাস্থি।

আক্ষেপিক বা কৃত্রিম ঘুংড়ী কাশি (Laryngismus Stridulus,-Spasmodic Croup)। একন, সাম্বুকাশ, বেল, কুপ্রাম-মেট, আয়োডিয়াম, মস্কাশ, ইপিকাক, আর্স, ক্যামোমিলা, ক্লোরিণ, জেলস, ক্যাঙ্করাস, কোরেল-রুব্রাম, ইগনেস, সাইলিসি, ব্রোমিন, ল্যাকেস, মেফাইটিস, ওপিয়াম, প্লাম্বাম, ষ্ট্রামন, সালফ, ফাইটোল, বিরেট-আল্ব।

মৃগীরোগ (Epilepsy,-Falling Sickness)। আমিল-নাইট্রেট, আর্জেণ্ট-নাইট্রিক, বেল, পটাশ-ব্রোমাইড, বুফো, ক্যালক-কার্ব্ব, ক্যাম্ফার, কষ্ট, সিকুটা, কুপ্রাম-মেট, হাড্রোসায়েনিক-আস, হায়োস, নাক্স-বম, ওপিয়াম, সাইলিসি, প্লাম্বাম, সিকেল, ইগ্নেস, ডিজিট, আগারিকাশ, ষ্ট্রামন, আর্টিমিসিয়া, ইণ্ডিগো, ষ্টানাম, সালফ, জিঙ্কাম, ইনাস্থি, আর্স, ক্যালক-আর্স, ককিউল, ক্যালী ব্রোমাইড, সাইলিসি, ষ্টামন, ষ্ট্রিকনিয়া।

অনিচ্ছা পূর্ব্ব অঙ্গ প্রত্যঙ্গের স্পন্দন বা কোরিয়া (Chorea,-St. Vitus's Dance)। আগারিকাশ, আর্স, আষ্টিরিয়ার্স-রুব্রা, কষ্ট, চায়না, সিমিসিফ, ককিউল, কুপ্রাম, হায়োস, ইগ্নেস, লরোস, লিলিয়াম-টাগ্রি, মাইগেল, নাক্স-বম, পালস, রডোড, রাসটক্স, স্কুটেলেরিয়া, ষ্ট্রামন, ট্যারাণ্টুলা, ক্যাল্ক-কার্ব্ব, নেট্রাম-মিউর, ওপিয়াম, সিকেল, সিপিয়া, ষ্টিকৃটা, বিরেট-বিরাইড, জিঙ্কাম, সিনা, ক্রোকাশ, আয়োড, স্পাইজেল, ফেরাম-রিড্যাক্‌ট, ষ্টিকৃটা, আসাফিটিডা, গ্রাফ, সালফ, চায়না, জেলস, ফস আস।

মৃতবৎ মূর্চ্ছা বা ক্যাটেলেপ্সি (Catalepsy)। মৃগীরোগ, আক্ষেপ, হিষ্টিরিয়া এবং অন্যান্য প্রকারের স্নায়বিক রোগের শীর্ষ দ্রষ্টব্য।

গুল্মবায়ু বা হিষ্টিরিয়া (Hysteria)। একন্, আনাকার্ড, আর্স, অ্যাসাফিটিডা, অরাম্, বেল, ব্রোমিন্, ক্যাক্ট, ক্যাল্ক্-কার্ব্ব, কলোফিলাম্, কক্কিউল, কোনায়াম্, জেল্স্, হায়োস, ইগ্নেস্, ল্যাকেস্, ম্যাগ্নেস্-মিউর, মস্কাশ, নাক্স্-মস্ক, প্যালোডিয়াম্, প্লাটিনা, পাল্স্, সিপিয়া, ট্যারেণ্টুলা, থেরিডিয়ান্, বেলিরিয়ান্, ক্যাল্ক্-কার্ব্ব, সিমিসিফ্, জেল্স্, লাইকোপ, ষ্টিক্টা, সাবাইনা, নাক্স্-বম্, নেট্রাম্-মিউর, লিলিয়াম্-টাইগ্রি, মার্ক, ফস্ফরাস্, ষ্ট্রামন্, ঘায়োলা-অডোরেটা, কফিয়া।

মনোন্মত্ততা (Hypochondriasis)। নাক্স্-বম্, সালফ্, ষ্টাফিস্, নেট্রাম্-মিউর, কোনায়াম্, সিমিসিফ্, আর্জেণ্ট্-নাইট্রিক্, আর্স, হায়োস, নেট্রাম্-সাল্ফ্, ষ্টানাম্, ট্যারেণ্টুলা, বেলিরিয়ান্, বিরেট্-আল্ব্, ফস্, ক্যাল্ক্-কার্ব্ব, চায়না, আনাকার্ড, অরাম্, ক্লিমেটিস, প্লাটিনা, ইগ্নেস্, পাল্স্, ফস্-আস্, গ্রাটিয়োলা, সিপিয়া, পিট্রোল্, আগ্নাস্, জিঙ্কাম্, নাইট্রিক্-আস্।

স্নায়ুশূল বা নিউরেলজিয়া (Neuralgia)। একন্, আর্স, বেল, কষ্ট, সিড্রন্, ক্যামোমিলা, চেলিডন্, চায়না, কোইনাইন্, সিমিসিফ্, কলোস্, জেল্স্, গ্লোনয়েন্, হিপ্-সাল্ফ্, ইগ্নেস্, আইরিস্, ক্যালী-বাই, মেজিরিয়াম্, ফস্, প্লাটিনা, মার্ক, নাক্স্-বম্, পাল্স্, রেনান্কুলাশ্, রাস্-টক্স, সিপিয়া, স্পাইজেল, ষ্টাফিস্, ষ্টানান্, ষ্ট্রামম্, সাল্ফ্, বিরেট্-আল্ব্, বিরেট্-বিরাইড, বার্ব্বেকাম্, জিঙ্কাম্, ফস্, জিঙ্ক্-বেলিরিয়ান্, ব্রাই, ট্যারেন্টুলা, টিরিবিস্থ্।

বমনোদ্বেগ বা বমন সম্বলিত শিরঃপীড়া (Nervous sick-headache)। নাক্স্-বম্, বেল, ব্রাই, গ্লোনয়েন্, বিরেট্-আল্বাম্, কফিয়া, সিমিসিফ্, একন্, আইরিস্, সাল্ফ্, সিপিয়া, ক্যাল্ক্-কার্ব্ব, জেল্স্, সাঙ্গুনেরিয়া, আর্স, চায়না, স্পাইজেল, ককিউল, ক্যাল্ক্-কার্ব্ব, আর্স, কোইনি-সাল্ফ্, জিঙ্ক্।

শিরঃপীড়া (Headache)। ফস্-আস্, পিক্রিক্-আস, সিমিসিফ্,

আগোজ, আমন্-কার্ব্ব, আর্জেণ্ট-নাইট্রিক্, বেল, বোরিষ্টা ব্রাই, ক্যাক্ট, ক্যাল্ক-কার্ব্ব, ক্যানাবিস্-স্যাট, চিনিনাম্ (কোইনাইন্), ককিউল, ফেরাম্, জেল্‌স, গ্লোনয়েন্, হিপ-সাল্ফ, ইগ্নেস্, আইরিস্, ল্যাকেস্, নেজা, নেট্রাম্-কার্ব্ব, নাক্স-বম্, প্লাম্বাম্, সাম্বুনেরিয়া, সাইলিসি, স্পাইজেল, জিঙ্কাম্ একন্, চায়না, ইপিকাক্, ফস্, ফাইটোল, পাল্‌স, পিপিয়া, সাল্ফ, বিরেট-আল্ব।

নিদ্রাশূন্যতা (Sleeplessness)। একন্, বেল, আম্ব্রা, ক্যাম্, সিমিসিফ, কফিয়া, হায়োস্, মস্কাশ, নাক্স-বম্, ওপিয়াম্, চায়না, জেল্‌স্, পাল্‌স্, আয়োড, ক্যালী-ব্রোমাইড।

মদোন্মত্ততা (Delerium Tremens)। আগারিকাশ, আণ্টি-টার্ট, আর্স, বেল, ব্রোমাইড্ অব্ ক্যাম্ফার, ক্যাম্ফার, কফিয়া, হায়োস্, ল্যাকেস্, নাক্স-বম্, ওপিয়াম্, ষ্ট্রামন্, সাল্ফ।

মানসিক বা মস্তিষ্কের অবসন্নতা বা দুর্ব্বলতা (Brain-fag)। ফস্-আস্, এথুজা, আনাকার্ড, ক্যাল্ক্-ফস্, সাইলিসি, নাক্স-বম্, ইগ্নেস্, ক্যাল্ক-কার্ব্ব, কুপ্রাম্, জেল্‌স, পিক্রিক্-আস্, জিঙ্কাম্, আগারিকাশ, আর্জেণ্ট-নাইট্রাস্, অরাম্, সিমিসিফ, সাল্ফ, ষ্ট্যাফিস্, কফিয়া, হায়োস্, আম্ব্রা, ল্যাকেস্।

সামান্য স্তব্ধ বায়ু (Simple Melancholia)। অরাম্, প্লাটিনা, আর্স, মার্ক-সল, ইগ্নেস্, সাল্ফ, ফস্ফরাস্, বেল, পাল্‌স, ল্যাকেস্, আনাকার্ড, ককিউল, হেলিবোর, হায়োস্, নাক্স-বম্, ক্যানাবিস্ ইণ্ডিকা, রুষ্ট, সিমিসিফ, ব্রোমিন্, কলোস্, ক্যালী-ব্রোমেটাম্, ষ্ট্রামন্, নেট্রাম্-মিউর, হেলোনিয়াস্, লিলিয়াম্-টাইগ্রি, লাইকোপডিয়াম্, আগ্নাশ, প্লাম্বাম্, জিঙ্কাম্।

বুদ্ধিরলোপ সম্বলিত উন্মত্ততা বা ডিমেন্সিয়া (Dementia)। মানসিক বা মস্তিষ্কের অবসন্নতা বা দুর্ব্বলতার শীর্ষ দ্রষ্টব্য।

উন্মত্ততা (Mania, Insanity)। অনাকার্ড, আগারিকাশ, অরাম্-মেট, বেল, আর্স, হায়োস্, আয়োড, মার্ক, নাক্স-বম্, ষ্ট্রামন্, বিরেট-আল্ব, জিঙ্ক-মেট।

চক্ষুরোগ সমূহ (DISEASES OF THE EYE)

চক্ষু প্রদাহ (Opthalmia)। নাইট্রিক্-আস্, এথুজা, একন্, এপিস্, আর্জেন্ট্-নাইট্রাস্, আর্স্, অরাম্, ব্যারাইটা, আয়োড্, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব, ইউফ্রেস্, হিপ্-সাল্ফ্, ক্যালী-বাই, মার্ক্-কর, পাল্স্, রাস্টক্স্, স্পাইজেল্, সাল্ফ্, ক্যামোমিলা, গ্রাফ্, লাইকোপডিয়াম্, মার্ক্-সল্, নাইট্রিক্-আস্।

চক্ষুর আইরিস-প্রদাহ (Iritis,-Inflammation of the Iris)। একন্, আর্ণিকা, আর্স্, আসাফিটিডা, অরাম্, বেল্, ব্রাই, সিড্রন্, ক্যামোমিলা, চায়না, সিমিসিফ্, সিনাবেরিস্, ক্লিমেটিস্, কল্চ্, ইউফ্রেস্, জেল্স্, হামামেলিস্, হিপ্-সাল্ফ্ ক্যালী-আয়োড্, মার্ক্-সল্, মার্ক্-কর, নাইট্রিক্-আস্, পিট্রোল্, রাস্-টক্স্, স্পাইজেল্, সাল্ফ্, টিরিবিস্থ, থুজা।

আংশিক বা অসম্পূর্ণ দৃষ্টিহীনতা এবং দৃষ্টিহীনতা (Amaurosis,-Gutta serena,-Amblyopia)। একন্, আগারিকাস্, আর্ণিকা-ক্রুড্, আর্জেন্ট্-নাইট্রাস্, আর্ণিকা, অরাম্, ব্যারাইটা, বেল্, বোবিষ্টা, ক্যাল্ক্-কার্ব্ব, ক্যাপ্স্, কর্ব্বো-বেজ্, কষ্ট্, চেলিডন্, চায়না, সিকুটা, সিমিসিফ্, সিনা, ক্রোটেলাস্, সাইক্লেমেন্, ড্রসিরা, ইলাপ্স্, কোরেল্, জেল্স্, হিপ্-সাল্ফ্, হাইড্রোসায়েনিক্-আস্, হায়োস্, ইগ্নেস্, ক্যালী-আসেট, ল্যাক্নাস্থ, লিলিয়াম্, লাইকোপডিয়াম্, মার্ক্, নেট্রাম্-মিউর, নাক্স্-বম্, ফস্ফরাস্, ফাইসষ্ট্, প্লাম্বাম্, পাল্স্, রুটা, সিকেল্, সিপিয়া, সাইলিসি, ষ্ট্রামন্, সাল্ফ্, থুজা, ভিরেট্-আল্ব্, ভিরেট-বিরাইড্, জিঙ্কাম্।

চক্ষুর সম্মুখে দাগ দেখা (Muccæ Volitantes,-Spots before the Eyes)। হায়োস্, বেল্, কোনায়াম্, ককিউলাস্, মার্ক্-কর, ক্যালী-আয়োড্, ক্যালী-কার্ব্ব।

চক্ষে ছানি পড়া (Cataract)। ব্যারাইটা, ক্যানাবিস্-স্যাট্, কষ্ট্, চিমাফিলা, কল্চ্, কোনায়াম্, ম্যাগ্নেস্-কার্ব্ব, ফস্, পাল্স্, সাণ্টোনাইন্, সিপিয়া, সাইলিসি, সাল্ফ্, আয়ন্-কার্ব্ব, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, চেলিডন্, ডিজিট্, ইউফ্রেস্, হায়োস্, লাইকোপডিয়াম্, নাইট্রিক্-আস্, ওপিয়াম্, রুটা, সেকিলা, স্পাইজেল্, ষ্ট্রামন্, প্লাম্বাম্।

গ্লকোমা (Glaucoma)। একন্, অরাম্, বেল্, ব্রাই, গিডুন্, সিমিসিফ্, কলোস্, কোনায়াম্, জেলস্, ক্যালী-আয়োড, ফস্ফরাস্, ফাইটোল, প্রনাস্-স্পাইনোসা, রডোড, স্পাইজেল।

টেরা চক্ষু (Strabismus,-Squinting)। আগারিকাশ, বেল, সিনা, সাইক্লেমেন্, জেলস্, হায়োস্, স্পাইজেল, সালফ্, আলাম্, অরাম্ ক্যাল্ক, চায়না, ক্যালী আয়োড, ফস্, সিকুটা।

দূরের দ্রব্যাদি দেখিতে অশক্তি (Myopia,-Near or Short-sightedness)। আমন্, আনাকার্ড, কার্ব্বো-বেজ, কোনায়াম্, নাইট্রিক্-আস্, পিট্রোল, ফস, ফস্-আস্, পালস্, সালফ্, ফাইসষ্ট।

চক্ষুর পাতার প্রদাহ (Blepharitis,-Inflammation of the Eye-lids)। একন্, আলুমিনা, আন্টি-টার্ট, এপিস, আর্জেন্ট-নাইট্রিক্, আর্স, বেল, ক্যাল্ক-কার্ব্ব, কষ্ট, ক্যামোমিলা, সিনাবেরিস্, ক্রোটন্, ইউফ্রেস্, ক্লিমেটিস্, গ্রাফ, হিপ-সালফ্, ক্যালী-মিউর, মার্ক, মার্ক-বিনায়োডাইড, মেজিরিয়াম্, নেট্রাম্-মিউর্, নাক্স-বম, সোরিনাম, পালস্, রাস্-টক্স, সিপিয়া, সাইলিসি, ষ্টাফিস্, সালফ, থুজা, বিরেট-বিরাইড।

চক্ষুর পাতায় ব্রণ বা আঞ্জনি (Hordeolum,-Stye on the Eye lid)। আলাম, কষ্ট, ফস্-আস্, ফেরাম, মার্ক, ষ্টাফিস্, সালফ্, ইউরেনিয়াম, ফস্, রাস্-টক্স, সেনিগা, নেট্রাম্-মিউর, ষ্টানাম্, সালফ, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাস্থ, লাইকোপ, পালস্, গ্রাফ।

চক্ষুর পাতা চক্ষুর মধ্যে ঢুকিয়া যাওয়া (Intropium,-Inversion of the Eye lid)। বোরাক্স, ক্যাল্ক-কার্ব্ব, লাইকোপ, মার্ক, সালফ (চক্ষুর প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য)। চক্ষুর পাতা উল্টিয়া যাওয়া (Ectropium,-Eversion of the Eye-lid)। ক্যাল্ক, মার্ক, লাইকোপ, সালফ, এপিস্, আর্জেন্ট-নাইট্রাস, হামামেলিস, নাইট্রিক্-আস্। (চক্ষুর প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য)।

চক্ষুর পাতার উপাস্থির প্রদাহ সম্বলিত চক্ষুর যোজক ঝিল্লী প্রদাহ বা দানাযুক্ত চক্ষুর পাতার উপাস্থি প্রদাহ (Tarsal Opthalmia,-Granular Eyelid,-Eczema Palpabrarum) মার্ক,

হিপ্-সাল্ফ, ক্যাল্ক-কার্ব্ব, সাল্ফ, ক্লিমেটিস্। এতদ্ভিন্ন গণ্ডমালা জনিত চক্ষুপ্রদাহ এবং সামান্য চক্ষু প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য।

কর্ণরোগ সমূহ

(DISEASES OF THE EARS.)

কর্ণের বহির্দ্দেশের কোটরের অসুখ (Diseases of the External meatus.)।

(১) কর্ণের বহির্দ্দেশের কোটরের প্রদাহ (Inflammation of the External Meatus.)। একন্, বেল্, পাল্স্, সাল্ফ্, মার্ক্, ক্যামোমিলা, ব্রাই। (২) কর্ণের বহির্দ্দেশের কোটরে ফোড়া বা ব্রণ (Abscesses or boils in the outer part of the Meatus.)। বেল্, সাইলিসি, হিপ্-সাল্ফ্, সাল্ফ্। এতদ্ভিন্ন কর্ণের পটহের অসুখের শীর্ষ দ্রষ্টব্য। (৩) কর্ণের মধ্যে খৈলের অতিরিক্ত সঞ্চার (Accumulation of wax in the ear)। কর্ণের মধ্যদেশে ঈষৎ উষ্ণ জল দিয়া খৈল বাহির করিয়া ফেলিবে। এতদ্ভিন্ন লক্ষণ বিশেষে গ্রাফ্, সাল্ফ্ বা স্পঞ্জিয়ার আভ্যন্তরিক প্রয়োগ ব্যবস্থা।

কর্ণের পটহের অসুখ (Diseases of the Membrana Tympani.)।

(১) কর্ণের পটহের প্রদাহ বা মিরিঞ্জাইটিস্(Myringitis,—Inflammation of the Membrana Tympani.)। একন্, বেল্, পাল্স্, মার্ক্, ক্যামোমিলা, সাল্ফ্।

(২) পটহে ছিদ্র হওয়া (Perforation of the Membrana Tympani.)। আভ্যন্তরিক ঔষধ প্রয়োগে যে এই রোগ সারে লেখক এরূপ বিশ্বাস করেন না। তবে মার্ক্, হিপ্-সাল্ফ্, সাল্ফ্ ইত্যাদি ঔষধ গুলি ব্যবহার করিয়া দেখা যাইতে পারে। উক্ত ঔষধের সঙ্গে সঙ্গে কড্-লিবার অয়েল (Cod-liver-oil) মধ্যাহ্ন এবং রাত্রিতে আহারের পর ● হইতে ৫ ফোঁটা মাত্রায় সেবনে উপকার দর্শিলেও দর্শিতে পারে।

কর্ণের পটহের শ্লৈষ্মিক ঝিল্লীর অসুখ (Diseases of the mucous membrane of the Tympanum.)।

(১) পটহের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ (Inflammation of the mucous membrane of the Tympanum.)। একন্, বেল্, ক্যামোমিলা, মার্ক্, সাল্ফ্।

(২) পটহের শ্লৈষ্মিক ঝিল্লিতে শ্লেষ্মার সঞ্চার (Accumulation of mucus within the Tympanum.)। কান দিয়া পুঁযাদি ক্লেদ নিঃসরণ (Otorrhœa.)। মার্ক্, হিপ্-সাল্ফ্, মিউর-আস্, কষ্ট্, ক্যাল্ক্-কার্ব্ব, সাল্ফ্, নাইট্রিক্-আস্, আয়োড্, অরাম্, মার্ক্-আয়োড্, সাইলিসি, ক্যালী-আয়োড্, টেলুরিয়াম্। এতদ্ভিন্ন গণ্ডমালা (Scrofula) এবং কর্ণশূলের শ্বিষধ দ্রষ্টব্য। ইহাতেও কড্লিবার অয়েল্ (Cod-liver oil) উপকারী।

বধিরতা (Deafness)। কার্য্য সম্বন্ধীয় বা স্নায়বিক বধিরতা (Functional or nervous Deafness); (২) মস্তিষ্কের যান্ত্রিক পরিবর্ত্তন, অতিরিক্ত মানসিক উত্তেজনা, কানের আভ্যন্তরিক এবং বহির্দ্দেশের অবরোধ, পটহ পুরু হওয়া এবং উহাতে ক্ষত ও ছিদ্র হওয়া; কানের মধ্যে শ্লেষ্মা, সিরাম্ বা পুঁয হওয়া; ইউষ্টেকিয়ান্ নলীর (Eustachian tube) শ্লৈষ্মিক ঝিল্লী পুরু হওয়া, আকুষ্টিক্ স্নায়ুর (Acoustic nerve) পক্ষাঘাত, মোহক জ্বর, আরক্ত জ্বর, বাতজনিত জ্বর, হামজ্বর, কর্ণমূলস্থিত গ্রন্থির প্রদাহ, গরমীর ব্যারাম, ক্ষুদ্রসন্ধি বাত বা গাউট্, অধিক পরিমাণে কোইনাইন্ খাওয়া, নানা প্রকারের তরুণ এবং পুরাতন আকারের প্রদাহ ও গলার মধ্যের অসুখ ইত্যাদির দরুণ বধিরতা; (৩) বোবা হওয়ার সঙ্গে সঙ্গে বধিরতা (Deaf-dumbness); (৪) ঠাণ্ডালাগা, কানে হঠাৎ শব্দ লাগা, কানে ঘুশা বা প্রবল আঘাত ইত্যাদি লাগা, আঘাত লাগিয়া অডিটারি স্নায়ু (Auditory-nevre) কাটিয়া যাওয়া; কানের যোজক ঝিল্লীর স্ফীতি, কানে খৈল হওয়া, অথবা কানের মধ্যে কোন পদার্থ ঢুকিয়া লাগিয়া থাকা, মৃগী রোগ, সন্তান প্রসব, মস্তিষ্কে আব (Tumour) এবং স্নায়ুশূলের দরুণও বধিরতা হইতে পারে। ধাতুগত দুর্ব্বলতা এবং গণ্ডমালার দরুণ বধিরতায় ফস্ফরাস্;

কোন নির্দ্দিষ্ট সময়ে স্নায়বিক বধিরতায় কোইনি-সাল্‌ফ্; দূরের শব্দ শুনিতে অশক্তিতে আয়োড্, ফস্-আস্; হৃৎস্পন্দন সম্বলিত বধিরতায় ক্যাক্‌টাস্, পিট্রোল্, স্পঞ্জ, আর্স্, সাল্‌ফ্; ঠাণ্ডা লাগিয়া বধিরতায় একন্, বেল্, পাল্‌স্ (তরুণ হইলে); পুরাতন হইলে মার্ক্, ক্যালী-আয়োড্; শৈৎশৈতিয়া স্থানে থাকার দরুণ ঠাণ্ডা লাগিয়া বধিরতায় ডাল্‌ক্; বধিরতার সঙ্গে সঙ্গে মাথায় বেদনায় ব্রাই। জ্বরাদি অসুখের পর বধিরতা, মোহক বা আরক্ত জ্বরের পর বধিরতা এবং উহার সঙ্গে সঙ্গে মাথা ঘোরায় বেল্; হামজ্বর এবং কর্ণমূলস্থিত গ্রন্থির প্রদাহের পর বধিতায় পাল্‌স্; মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জাবরক প্রদাহের পর বধিরতায় সাইলিসি, চায়না, সাল্‌ফ্, ফস্-আস্; কর্ণের চতুর্দ্দিকের ফুস্কুড়ী বসিয়া যাওয়া বা কানের নিঃসরণ রুদ্ধ হওয়ার দরুণ বধিরতায় সাল্‌ফ্, হিপ্ সাল্‌ফ্, অরাম্। গলার মধ্যে অসুখ,-যথা টন্‌সিল্ প্রদাহ ইত্যাদিতে মার্ক্-আয়োড্, ক্যালী-আয়োড্, মার্ক্-কর, আয়োড্, ব্যারাইটা-আয়োড্, আয়োড্-সাল্‌ফ্, বেল্, ক্যাল্‌ক্-ফস্, ব্যারাইটা-কার্ব্ব্। *মাথায় আঘাতাদি লাগিয়া বধিরতায় এবং বধিরতার সঙ্গে সঙ্গে* কানের মধ্যে হামা দেওয়ার ন্যায় সুড়্‌সুড়ী থাকিলে আর্নিকা, কুইনি-সাল্‌ফ্; কানে শব্দ হওয়ার সঙ্গে সঙ্গে বধিরতায় বেল্, চিনিনাম্-সাল্‌ফ্, অরাম্, পিট্রোল্, পাল্‌স্; কানের মধ্যে বারম্বার বাতাস প্রবেশ করিলে যেরূপ হয়, সেরূপ আন্দোলনের শব্দ হওয়ার সহিত বধিরতায় কষ্ট্, গ্রাফ্; ধূম কলের শব্দ যেরূপ হয়, কানের মধ্যে সেরূপ শব্দ হওয়ার সহিত বধিরতায় ডিজিট্; কানের মধ্যে গোলমেলে সোঁ সোঁ শব্দের সহিত বধিরতায় হাইড্রাষ্ট্; কানে কোন প্রকারের শব্দ অসহ্য হওয়ার সহিত বধিরতায় নাক্স্-বম্ বা ইগ্‌নেস্; কানে সোঁ সোঁ শব্দ ও মনে গোলমেলে বোধের সহিত কানে কম শুনাতে ব্যাপ্‌ট্; শরীরের সকল স্থানে রক্ত সঞ্চালনের অসমতার দরুণ মাথা ঘোরার সঙ্গে সঙ্গে বধিরতায় বেল্, বিরেট্-বিরাইড্; মাথার উপরিভাগ বা কপালে ভারিবোধের সহিত মস্তিষ্কে গোলমেলে বোধ হওয়ার সঙ্গে সঙ্গে বধিরতায় ব্রোমাইড্ অব্ পটাশ্, জেল্‌স্; বৃদ্ধ বয়সে বধিরতায় কানের মধ্যস্থিত যন্ত্রের কার্য্যের হীনতার দরুণ বধিরতায় ফস্ফরাস্ বিশেষ উপকারী।

কর্ণ শূল (Otalgia)। একন্, আগারিকাশ, এপিস, আর্ণিকা, আর্স, আসাফ, আসেরাম্, অরাম্, ব্যারাইটা-কার্ব্ব, বেল, বার্ব্বেরিস, বোবিষ্টা, ব্রাই, ক্যাষ্ট, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক-আয়োড, ক্যাল্ক-ফস্, ক্যাম্প, কার্ব্বো-বেজ, কষ্ট, ক্যামোমিলা, চেলিডন্, চায়না, সিকুটা, সিষ্টাস্, কোনায়াম্, কিউরেয়ার, ডাল্ক, ইলাপ্স-কর্, জেলস্, গ্লোনয়েন্, গ্রাফ, গোয়েকাম্, হিপ-সাল্ফ, হাইড্রাষ্ট, আয়োড, ক্যালী-বাই, ক্যালী-কার্ব্ব, ক্যালী-আয়োড, ক্যালী-মিউর, ক্যালী-সাল্ফ, ক্রিয়াজ, ল্যাক্-নাহ্, লেডাম্, লাইকোপ, ম্যাগনেস-মিউর, মেফাইটিস্, মার্ক-ডাল্স্, মার্ক-সল, মেজিরিয়াম্, মিউর-আস্, নেট্রাম্-কার্ব্ব, নেট্রাম্-সাল্ফ, নাইট্রিক্-আস, নাক্স-বম্, ওপিয়াম্, ফস-আস্, ফাইটোল, পিক্রিক্-আস্, প্লাণ্টেগো, প্লাটিনা, সোরিনাম্, পাল্স্, রডোড, রাস্টক্স, সাঙ্গুনেরিয়া, সাইলিসি, স্পাইজেল, ষ্ট্রামন্, সাল্ফ, টেলুরিয়াম, টিরিবিন্, থেরিডিয়ান্, থুজা। কানের মধ্যের যাতনা সম্বলিত যতপ্রকারের অসুখ আছে তাহাই কর্ণশূল নাম দিয়া এই স্থলে লিখিত হইল।

নাসিকার রোগ সমূহ

(DISEASES OF THE NOSE.)

নাকের মধ্যে দুর্গন্ধযুক্ত ঘা বা ওজিনা (Ozœna)। নাইট্রিক্-আস্, আলুমেন, আর্স, এরাম্, অরাম্, ব্যাপ্ট, গ্রাফ, হাইড্রাষ্ট, আয়োড, ক্যালী-বাই, মার্ক-বিনিয়াড, ক্যালী-কার্ব্ব, মার্ক-কর্, সাঙ্গুনেরিয়া, থেরি-ডিয়ান্, জিঙ্ক-মেট, সাইক্লেমেন্, জেলস্, ফাইটোল, ষ্টিক্টা, পাল্স্, ম্যাগ্নেস্-মিউর। রোগ গরমীর ব্যারাম জনিত হইলে অরাম্-মেটিলিকাম্ ২য় বা ৩য় দশমিক ক্রমের গুঁড়া, ½ বা ১ গ্রেইন্ মাত্রায় প্রতিদিন ২।৩ মাত্রা করিয়া সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। ইহাতে নাইট্রিক্ আসিড্ ১ম দশমিক ক্রমের আরোক, ১ ফোঁটা মাত্রায়, প্রতিদিন ২।৩ মাত্রা করিয়া সেবনেও বিশেষ উপকার পাওয়া যায়। উক্ত দুই ঔষধের উপকারিতা

সম্বন্ধে কাইলেডেল্ ফিয়াস্, ইং ১৮৯০ সনের ১৫ই জুলাই তারিখের, হোমিও-প্যাথিক্ রেকর্ডার (Homœopathic Recorder of the 15th July, 1890) নামক হোমিওপ্যাথিক্ চিকিৎসা বিষয়ক সাময়িক পত্রিকায় লেখক লিখিত যে প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, সুবিধা হইলে পাঠকগণ উহা দেখিতে পারেন। এই রোগে কড্ লিবার অয়েল্ (Cod-liver oil) বিশেষ উপকারী।

নাকদিয়া রক্ত পড়া (Epistaxis,-Bleeding from the nose)। একন্, আগারিকাশ্, আমন্-কার্ব্ব্, আর্নিকা, বেল্, ব্রাই, কার্ব্বো-বেজ্, চায়না, ক্রোকাশ্, ইরিজারণ্, হামামেলিস্, ইপিকাক্, ফস্ফরাস্, পাল্স্, সিকেল্, ফেরাম্, মিলিফোলিয়াম্।

নাসা বা নাকড়া (Polypus-Nasi,-Polypus of the nose)। ক্যাল্ক্-কার্ব্ব্, টিউক্রিয়াম্, মার্ক্-আয়োড্, ক্যালী-বাই, ফস্ফরাস্, থুজা, সাঙ্গুনেরিয়া, ওপিয়াম্, বেল্, সাল্ফ্।

নাকের আঘ্রাণ শক্তির হ্রাস বা বিনাশ(Anosmia,-Loss or perversion of the sense of smell)। একন্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, জেল্স্, নেট্রাম্-মিউর, নাক্স্-বম্, ফস্, পাল্স্, সাঙ্গুনেরিয়া, সিপিয়া, সাইলিসি, সাল্ফ্, আলাম্, অরাম্, ক্যাম্প্, কষ্ট্, হিপ্-সাল্ফ্, হায়োস্, ইপিকাক্, ক্যাল্মিয়া, লাইকোপ্, ম্যাগ্নেস্-মিউর, মেজিরিয়াম্, নাইট্রিক্-আস্, ওলিয়াণ্ডার, ওপিয়াম্, রাস্টক্স্, বিরেট্রাম্, ক্যাল্ক্-কার্ব্ব্, মার্ক্।

রক্ত সঞ্চালন সম্বন্ধীয় যন্ত্রের অসুখ

(DISEASES OF THE CIRCULATORY SYSTEM.)

হৃৎপিণ্ডের রোগ সমূহ (Diseases of the Heart)।

হৃৎপিণ্ডের প্রদাহ (Carditis), হৃৎবাহ্যাবরক ঝিল্লী প্রদাহ (Pericarditis), হৃদন্তাবরক ঝিল্লী প্রদাহ (Endocarditis)। একন্, ডিজিট্, বিরেট্-আল্ব্, আর্স্, স্পাইজেল্, ফস্ফরাস্, ব্রাই, ল্যাকেস্, সাল্ফ্,

ক্যাক্ট্, আর্ণিকা, বেল্, অরাম্, ক্যানাবিস্-স্যাট্, ডিজিট্, আয়োড্, ক্যালী-কার্ব্ব্, ক্যাল্মিয়া, পাল্স্, রাস্টক্স্, টেবেকাম্, কল্চ্, নেজা।

হৃৎপিণ্ডের বিবৃদ্ধি (Hypertrophy or Enlargement of the Heart)। ডিজিটালিস্ বা ডিজিটালিন্, একন্, নেজা, ক্যাক্ট্, আর্ণিকা, ফেরাম্, পাল্স্, চায়না, আর্জেণ্ট্-নাইট্রিক্, প্লাটিনা, সিপিয়া, নাক্স-বম্, ক্যামোমিলা, ওপিয়াম্, ককিয়া, বিরেট্-বিরাইড্, বেল্, কার্ব্বো-বেজ্, আস্, স্পাইজেল্, অরাম্, প্লাম্বাম্, কুপ্রাম্-সাল্ফ্, নেট্রাম্-মিউর, পিট্রোল্।

হৃৎপিণ্ডের বিস্তৃতি (Dilatation of the Heart)। ডিজিট্, জেল্স্, টেবেকাম্। এতদ্ভিন্ন হৃৎপিণ্ডের বিবৃদ্ধি এবং উহার মেদোপকৃষ্টতার (Fatty Degeneration of the Heart) শীর্ষ দ্রষ্টব্য।

হৃৎপিণ্ডের মেদোপকৃষ্টতা (Fatty Degeneration of the Heart)। ক্যাম্ফার, বিরেট্-আল্ব্, পাল্স্, আর্মন্-কার্ব্ব্, ডিজিট্, ওপিয়াম্, ক্যানাবিস্, লরোস্, ফেরাম্, চায়না, ক্যাল্ক্-কার্ব্ব্, আর্স্, আয়োড্, কুপ্রাম্, প্লাম্বাম্, ফস্-আস্, ফস্ফরাস্, আর্ণিকা।

হৃদ্বেদনা বা হৃৎস্নায়ুশূল (Angina Pectoris,-Breast Pang)। আর্স্, লরোস্, নাইট্রেট্ অব্ আমিল্, হাইড্রোসায়েনিক্-আস্, কুপ্রাম্, স্পাইজেল্, ডিজিটালিন্, নেজা, আঙ্গাষ্টুরা, ক্যাক্ট্, জেল্স্, ল্যাকেস্, টেবেকাম্, বিরেট্-আল্ব্, রাস্টক্স্, স্যাম্বুকাস্।

মূর্চ্ছা বা অচেতন হইয়া পড়া (Syncope,-Fainting Fits,-Swooning)। ক্যাম্ফার, মস্কাস্, আমন্-কার্ব্ব্, একন্, চায়না, আর্স্, আয়োড্, বিরেট্-আল্ব্, ডিজিট্, বিরেট্-বিরাইড্।

হৃৎস্পন্দন এবং হৃৎপিণ্ডের কার্য্যের বৈলক্ষণ্য (Palpitation and irregularity of the action of the Heart)। মস্কাস্, ককিয়া, আয়োড্, নাক্স-মস্ক্, ফস্-আস্, নাক্স-বম্, ডিজিট্, টেবেকাম্, চায়না, আট্রোপিয়া, একন্, ক্যাক্ট্, পাল্স্, স্পাইজেল্, হাইড্রোসায়েনিক্-আস্, লিলিয়াম্-টাইগ্রি, ল্যাকেস্, ইস্কুলাস্, আমন্-কার্ব্ব্, আর্স্, আসাফিটিডা, ব্যাডায়াগা, বেল্, ক্যাডমিয়াম্, ক্যাল্ক্-কার্ব্ব্, প্লাটিনা, পডোফ্, সিকেল্, সাল্ফ্, অরাম্, ককিউল, ফেরাম্, জেল্স্।

অসম নাড়ী (Intermittent Pulse)। ডিজিট্, ফস্ফরাস্, নাক্স-বম, ফস্-আস্, একন্, বেল্, স্পাইজেল্।

ধমনীর প্রদাহযুক্ত স্ফীতি বা বিস্তৃতী (Aneurism)। একন্, ক্যালী-আয়োড্, আর্ণিকা, বিরেট্-বিরাইড্, বেল্, ডিজিট্, জেল্‌স্, সিমিসিফ্, ক্যাল্ক্-কার্ব্ব, ফস্, লাইকোপ্, নেট্রাম্-সাল্ফ্।

শিরার প্রদাহ (Phlebitis,-Inflammation of the veins)। ফস্ফরাস্, এপিস্, ল্যাকেস্, সিকেল্, আর্স্, মার্ক্, ব্রাই, ষ্টাফিস্, রাস্‌টক্স্, বেল্, হামামেলিস্, পাল্‌স্, একন্, হায়োস্, কার্ব্বো-বেজ্, সাইলিসি, হিপ্-সাল্ফ্, লাইকোপডিয়াম্, নাক্স-বম্, আর্ণিকা, চায়না, কোনায়াম্, সাল্ফ ব্যাপট, মিউর-আস্, বিরেট্, ক্যামোমিলা, স্পাইজেল্, জিঙ্কাম্।

শিরার বিস্তৃতি (Varicose Veins)। হামামেলিস্, পাল্‌স্, সাইলিসি, ফ্লুয়োরিক্-আসিড্, আগারিকাশ্, ষ্টাফিস্, লাইকোপ্, গ্রাফ্, একন্, আলোজ, আম্ব্রা, আর্ণিকা, আর্স্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, কষ্ট, চায়না, ফেরাম্, হিপ্-সাল্ফ্, ইগ্নেস্, ক্রিয়াজ্, ল্যাকেস্, নেট্রাম্-মিউর, নাক্স্-বম্, প্লাটিনা, সিপিয়া, স্পাইজেল্, সাল্ফ্, জিঙ্কাম্, হাইড্রোকোটাইল্, মিলিফোলিয়াম্, ফস্ফরাস্।

গলগণ্ড (Goitre,-Bronchocele,-Derbyshire-Neck)। আয়োড্, বিন্ আয়োডাইড্ অব্ মার্কারি, স্পঞ্জিয়া, ক্যাল্ক্-কার্ব্ব, আয়োডাইড্ অব্ মার্কারি, ক্যালী-আয়োড্, নেট্রাম্-কার্ব্ব, ফস্ফরাস্, এপিস্, সাল্ফ্, ফ্লুয়োরিক্-আসিড্, আম্ব্রা, আমন্, ব্যাডায়াগা, ক্যাল্ক্-আয়োড্, কষ্ট, লাইকোপ্, নেট্রাম্-মিউর, ষ্টাফিস্, কার্ব্বো-বেজ্, কোনায়াম্, ডিজিট্, ক্যালী-কার্ব্ব, ম্যাগ্নেস্-কার্ব্ব, মার্ক্, পিট্রোল্, ফস্-আস্, প্লাটিনা, সাইলিসি।

এক্স্ অপ্থাল্মিক্ গলগণ্ড (Exopthalmic Bronchocele)। ফেরাম্, ক্যাক্‌ট্, বেল্, গ্লোনয়েন্, নাইট্রেট্ অব্ আমিল্, নেট্রাম্-মিউর, লাইকোপাস্, চায়না, পাল্‌স্, নাক্স্-বম্, আয়োড্, নেট্রাম্-মিউর।

শ্বাসযন্ত্রের অসুখ

(DISEASES OF THE RESPIRATORY SYSTEM.)

গ্রীষ্মকালীয় সর্দ্দিজ্বর বা হাঁপানি (Hay asthma,-Hay-Summer-catarrh)। ইপিকাক্, হাইড্রো সায়েনিক্-আস্, ক্যালী-বাই, কার্ব্বোলিক্-আস্, ইউফ্রেস্, আর্স, আয়োড্, ক্যালী-আয়োড্, সাবাডিলা, মার্ক-সল্, আরালিয়া-রেসিমোসা।

প্রকৃত ঘুংড়ী কাশি (Croup or Angina Trachialis,-Inflammatory Croup)। একন্, হিপ্-সাল্ফ্, আয়োড্, স্পঞ্জ, ক্যালী-বাই, ব্রোমিন্, ফস্ফরাস্, আণ্টি-টার্ট, আমন্-কষ্ট, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, ক্যামোমিলা, ল্যাকেস্, সাঙ্গুনেরিয়া, ব্রাই, ইপিকাক্।

সর্দ্দিজ্বর বা ক্যাটার (Coryza,-Catarrh)। ক্যাম্ফার, একন্, এলিয়াম্-সিপা, আর্স, বেল্, ব্রাই, কার্ব্বো-বেজ্, ডাল্ক্, জেল্স্, মার্ক-সল্, নাক্স-বম্, পাল্স্, সাল্ফ্, আমন্-কার্ব্ব, অরাম্, ক্যামোমিলা, হিপ্-সাল্ফ্, ইপিকাক্, ক্যালী-বাই, ল্যাকেস্, শ্যাম্বুকাশ্, সিপিয়া, আমন্-ব্রোমাইড্, হাইড্রাষ্ট, ক্যালী-কার্ব্ব, মার্ক-আয়োড্, স্যাবাডিলা, সাঙ্গুনেরিয়া।

স্বরভঙ্গ বা স্বরশূন্যতা (Aphonia,-Loss of voice,-Hoarseness)। একন্, আলুমিনা, আমন্-কার্ব্ব, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, কার্ব্বো-বেজ্, কষ্ট, ক্যামোমিলা, ড্রসিরা, ডাল্ক্, জেল্স্, হিপ্-সাল্ফ্, ক্যালী-কার্ব্ব, লাইকোপডিয়াম্, মার্ক-সল্, নাক্স-বম্, ফস্, ফাইটোল্, পাল্স্, রাস্টক্স, সাল্ফ্, ব্রাই, স্পঞ্জ, আর্ণিকা, ব্যারাইটা-কার্ব্ব, ক্যালী-বাই, গ্লোনয়েন্, অক্জালিক্-আস্, কষ্ট, জেল্স্।

বায়ু উপনল প্রদাহ বা ব্রঙ্কাইটিস্ (Bronchitis)। একন্, আমন্-কার্ব্ব, আণ্টি-টার্ট, আর্স, বেল্, ব্রাই, কষ্ট, ক্যাল্ক্-কার্ব্ব, কার্ব্বো-বেজ্, হিপ্-সাল্ফ্, ইউপেট্-পার্ফ, ইপিকাক্, এপিস্, ক্যালী-বাই, ল্যাকেস্, লাইকোপডিয়াম্, মার্ক, ফস্, পাল্স্, ব্রোমিন্, সেনিগা, সোলেনাম্, রাস্টক্স, সাল্ফ্, স্পঞ্জ, বিরেট্-আল্ব, ক্যামোমিলা, আয়োডি, ব্রোমিন্, ব্যারাইটা-কার্ব্ব, এপিস্, কোনায়াম্, রাস্টক্স, ইগ্নেস্, আমন্-কার্ব্ব, বেঞ্জো-

ব্রিক্-আস্, রুমেক্স, গ্রাফ্, জিঙ্কাম্-মেট্, ক্যালী-কার্ব্ব্, ক্যানাবিস্-ইণ্ড্, আট্রোপিন্, মর্ফিয়া-আসিটেট্, নাক্স্-বম্, নেট্রাম্-মিউর, চায়না, সাঙ্গুনেরিয়া, ইস্কুলাস্-হিপ্, হায়োস্, নাইট্রিক্-আস্, আরালিয়া। শ্বাস-নলীর প্রসারণ (Bronchiectasis) যাহার দরুণ শ্লেষ্মাতে অত্যন্ত দুর্গন্ধ হয়, উহাতে সাল্‌ফ্, ক্যাল্ক্-কার্ব্ব্, ষ্টানাম্ ব্যবস্থা। ক্ষুদ্র বায়ুনলের স্ফীতি এবং বিস্তৃতিতে (Emphysema) লোবিলিয়া-ইন্‌ফ্লেটা, আণ্টি-টার্ট্, আর্স্, কার্ব্বো-বেজ্, লাইকোপডিয়াম্, ডিজিট্, ফস্ ব্যবস্থা। এতদ্ভিন্ন কাশির শীর্ষ দ্রষ্টব্য।

হাঁপানিকাশি (Asthma)। একন্-র্যাডিক্স্, ইপিকাক্, আর্স্, নাক্স্-বম্, লোবিলিয়া-ইন্‌ফ্লেটা, বিরেট-আল্‌ব্, সাল্‌ফ্, ক্যানাবিস্-স্যাট্, ডিজিটালিন্, ক্যালী-আয়োড্, ইউপেট্-পার্ফ্, রুমেক্স্, ষ্টানাম্, পাল্‌স্, মস্কাস্, কল্‌চি, ককিউল্, ষ্টাফিস্, নাক্স্-মস্ক্, ওপিয়াম্, নাইট্রিক্-আস্, মর্ফিয়া, প্লাম্বাম্-মেট্, আয়োড্, জিঙ্ক্-মেট্, অরাম্, লাইকোপডিয়াম্, বোবিষ্টা, ল্যাক্‌টুকা-বিরোসা, আরালিয়া-রেসিমোসা, আর্জেণ্ট্, সিপিয়া, ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, কষ্ট্, অসাফিটিডা, আম্ব্রা, ব্রোমিন্, ব্রাই, ক্যামোমিলা, চায়না, কোনায়াম্, ফেরাম্, ক্যালী-কার্ব্ব্, ল্যাকেস্, ফস্ফরাস্, বিরেট্-আল্‌ব্; হাইড্রোসায়েনিক্-আস্।

ফুস্ফুস প্রদাহ (Pneumonia,-Inflammation of the Lungs)। একন্, আর্স্, বেল্, ব্রাই, কার্ব্বো-বেজ্, ইপিকাক্, ক্যালী-কার্ব্ব্, লাইকোপ্, মার্ক্, নাইট্রাম্, ওপিয়াম্, ফস্ফরাস্, রাস্-টক্স, সাঙ্গু-নেরিয়া, হিপ্-সাল্‌ফ্, আণ্টি-টার্ট্, সাল্‌ফ্, অক্‌জালিক্-আস্, ব্রোমিন্, চেলিডন্, আয়োড্।

ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurisy,-Pleuritis)। একন্, এপিস্, আর্নিকা, আর্স্, আস্‌ক্লিপিয়াস্, ব্রাই, ক্যান্থ্, ডিজিট্, হিপ্-সাল্‌ফ্, ক্যালী-কার্ব্ব্, মার্ক্, ফস্ফরাস্, রাস্-টক্স্, রেনান্‌কুলাস্, স্কুইলা, সাল্‌ফ্, আণ্টি-টার্ট্, হেলিবোর, আয়োড্, নাক্স্-বম্, কার্ব্বো-বেজ্, স্যাবাডিল্লা, সেনেগা, ডেল্, নাইট্রিক্-আস্, সাইলিসি, ফেরাম্, ক্যাল্ক্-কার্ব্ব্, ব্যারাইটা-কার্ব্ব্,

কৃত্রিম ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ বা প্লুরোমিনা, সিমিসিফ্,

rodynia)। একন্, ব্রাই, সিমিসিফ্,রেনান্কুলাস্, কল্চ্, আর্ণিকা, আস্ নাক্স-বম্, পাল্স্।

কফ বা কাশি,-উৎকাশি (Cough)। একন্, আণ্টি-টার্ট,আর্ণিকা, নাইট্রিক্-আসিড্, আলুমিনা, আম্ব্রা, আর্স, এরাম্, বেল্, বিস্মাথ্, ব্রোমিন্ ব্রাই, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাপ্স্, কষ্ট, ক্যামোমিলা, চায়না, সিনা, কোনায়াম্, কোরেলিযাম্, ক্রোটেলাস্, ড্রসিরা, হিপ্-সাল্ফ্, হায়েসাস্, ইগ্নেস্, ইপি-কাক্, ক্যালী-ব্রাই, ল্যাকেস্, ল্যাকটুকা, লোবিলিয়া, লাইকোপডিয়াম্, মার্ক, নেক্স, নেট্রাম্-কার্ব্ব, নাক্স-বম্, নেট্রাম্-সাল্ফ্, ফস্ফরাস্, ফস্-আস্, পাল্স্, রুমেক্স, স্যাম্বুকাস্, সিনা-ম্যারিট, সেনিগা, সাইলিসি, স্পঞ্জ, ষ্টানাম্, সাল্ফ্, বার্ব্ব্যারাম্, বায়োলা-অডোরেটা, বিরেট্-আল্ব্, আয়োড,অক্জালিক্-আস্, সিমিসিফ্, চেলিডন্, কোকাস্, কুপ্রাম্, ফেরাম্, জেল্স্, গ্রাফ্, লরোস্, ম্যাঙ্গেনাম্, ফস্-আস্।

পরিপাক কার্য্য সম্বন্ধীয় যন্ত্রের অসুখ

(DESEASES OF THE DIGESTIVE SYSTEM.)

মুখগহ্বর প্রদাহ (Stomatitis,-Inflammation of the mouth)। আর্স, মার্ক-সল্, নাইট্রিক্-আস্, হাইড্রাষ্ট, ব্যাপ্টি, ক্যালী-ক্লোরিকাম্, কার্ব্বো-বেজ, ডাল্ক, ক্যান্থ, ক্যাপ্স, হেলিবোরাস্, আয়োড, আইরিস্, মার্ক-কর, নাক্স-বম্, ফাইটোল্, সাইলিসি, ফস্ফরাস্, ফস্ফরিক-আস্, ক্যালী-বাই, হিপ্-সাল্ফ্, এরাম্, ক্যালী-আয়োড্।

মুখগহ্বরের মধ্যে ক্ষত (Apthœ,-Thrush,-Soremouth)। একন্, আর্স, ব্যাপ্টি, বোরাক্স, ক্যাল্ক্-কার্ব্ব, কলোফিলাম্, ক্যামোমিলা, মার্ক, নাইট্রিক্-আস্, নাক্স-বম্, ক্যালী-ক্লোরেট, ষ্টাফিস্, সাল্ফার, সাল্ফ-অ্যাসিড, মিউর-আস্।

দুর্গন্ধযুক্ত শ্বাস প্রশ্বাস (Offensive-Breath.)। কার্ব্বো-বেজ, হিপ্-সাল্ফ্, নাইট্রিক্-আস্, মার্ক-সল্, পাল্স্, সাল্ফ্।

মুখে পচাযুক্ত ঘা বা ক্যাঙ্ক্রাম্ ওরিস্ (Cancrum Oris.)। মার্ক-সল্, মিউর-আস্, নাইট্রিক্-আস্, ক্যালী-ক্লোরেট্, আর্স, হাইড্রাষ্ট্। এতদ্ভিন্ন মুখগহ্বরের মধ্যে ক্ষতের শীর্ষ দ্রষ্টব্য।

দাঁত উঠার সময় অসুখ (Troubles during Dentition,-Teething)। একন্, আলুমিনা, এপিস্, আর্স, বেল্, বোরাক্স্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, সিকুটা, সিনা, কফিয়া, কুপ্রাম্-মেট্, ডাল্ক্, ফেরাম্, গ্রাফ্, হিপ্-সাল্ফ্, হায়োস্, ইগ্নেস্, ইপিকাক্, ক্রিয়াজ্, ল্যাকেস্, লাইকোপ্, ম্যাগ্নেস্-কার্ব্ব্, ম্যাগ্নেস্-ফস্, মার্ক্, নাক্স্-মস্ক্, নাক্স্-বম্, পডোফ্, রুম্, সাইলিসি, সাল্ফ্, সাল্ফ্-আস্, বিরেট্-আল্ব্, ষ্ট্রামন্।

দন্তশূল বা দাঁতে বেদনা (Odontalgia,-Toothache)। একন্, আণ্টি-ক্রুড্, আর্স, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, কফিয়া, ডাল্ক্, হায়োস্, ক্রিয়াজ্, ম্যাগ্নেস্-কার্ব্ব্, মার্ক্, মেজিরিয়াম্, নাক্স্-মস্ক্, নাক্স্-বম্, প্লাটিনা, পাল্স্, সিপিয়া, স্পাইজেল্, ষ্টাফিস্, সাল্ফ্, আর্ণিকা, রাস্টক্স্, কার্ব্বো-বেজ্, ব্যারাইটা-কার্ব্ব্, চায়না, হিপ্-সাল্ফ্, ইগ্নেস্, ওপিয়াম্, ফস্ফরাস্, সাইলিসি, রডোড্, কল্চ, সাইক্লেমেন্, ইউফোর্বিয়াম্, গ্লোনয়েন্।

দন্তমাড়ি ব্রণ (Gum boil)। হেক্লা-লাবা, ফস্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, হিপ্-সাল্ফ্, মার্ক্, সাইলিসি, একন্, ফস্, সাল্ফ্।

জিহ্বা প্রদাহ (Glossitis,-Inflammation of the Tongue)। বেল্, মার্ক্, একন্, হিপ্-সাল্ফ্, নাইট্রিক্-আস্, এপিস্।

জিহ্বায় ক্ষত (Ulceration of the Tongue)। মার্ক্-বিনায়োডাইড্, নাইট্রিক্-আস্, হাইড্রাষ্ট্, মার্ক্-সল্।

রুদ্ধজিহ্বা (Lingua Frœnata,-Tongue-tie)। এই রোগ অস্ত্রচিকিৎসা সম্বন্ধীয়। অতএব ইহার চিকিৎসা অস্ত্রচিকিৎসা সম্বন্ধীয় গ্রন্থে দ্রষ্টব্য।

গলার মধ্যে তরুণ এবং পুরাতন আকারের বেদনা বা ক্ষত (Sore-throat, Acute and Chronic)। একন্, ইস্কুলাস্, এইলান্থাস্, এপিস্, আমন্-কার্ব্ব্, আর্জ্জেণ্ট্-নাইট্রিক্, এরাম্, ব্যাপ্ট্, ব্যারাইটা-কার্ব্ব্, বেল্, ক্যাক্ট, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যাম্ফ্, ক্যাপ্স্, ক্যামোমিলা, সিমিসিফ্,

জেলস্, হিপ্-সাল্ফ্, ইগ্নেস্, আয়োড্, ক্যালী-বাই, ল্যাকেস্, লাইকোপডিয়াম্, ম্যান্সিনেলা, মার্ক্-সল্, মার্ক্-কর, নেজা, নাক্স্-বম্, ফস্ফরাস্, ফাইটোল্, পাল্স্, রাস্-টক্স্, সাইলিসি, অক্জ্যালিক্-আস্, আলুমিনা, আর্ণিকা, সিনাবেরিস্, ডাক্ক্।

গলার মধ্যের ঝিল্লির শিথিলতা (Relaxed throat), গলার মধ্যের ঝিল্লীর ক্ষত (Ulcerated throat), গলার মধ্যের ফ্যারিংস্ নামক অংশের প্রদাহ (Pharyngitis,-Clergimen's Sore-throat)। বেল্, মার্ক্, ফাইটোল্, ক্যাল্ক্-ফস্, আর্জেন্ট্-নাইট্রিক্, ল্যাকেস্, হিপ্-সাল্ফ্, ক্যালী-বাই, এইলান্থ্, আমন্-কার্ব্ব, এপিস্, ব্যাপ্ট্, ক্যামোমিলা, জেলস্, আয়োড্, লাইকোপডিয়াম্, নাক্স্-বম্, কার্ব্বো-বেজ্, ফস্ফরাস্, পাল্স্, সাইলিসি, অরাম্।

তালুকার পার্শ্বস্থিত গ্রন্থিপ্রদাহ বা টন্সিলাইটিস্ (Cynanche Tonsillaris,-Tonsillitis,-Quinsy,-Inflammation of the Tonsils)। একন্, আমন্-মিউর, এপিস্, ব্যারাইটা-কার্ব্ব, বেল্, ক্যাল্ক্-ফস্, হিপ্-সাল্ফ্, ল্যাকেস্, মার্ক্-সল্, মার্ক্-আয়োড্, মার্ক্-বিনায়োডাইড্, নাক্স্-বম্, সাইলিসি, সাল্ফ্, আস্, ইস্কুলাস্, এইলান্থ্, আমন্-কার্ব্ব, ব্যাপ্ট্, ক্যামোমিলা, জেলস্, ইগ্নেস্, আয়োড্, লাইকোপডিয়াম্, ফস্ফরাস্, ব্রাই, প্লাম্বাম্।

পাকস্থলী প্রদাহ (Gastritis,-Inflammation of the Stomach.)। অক্জ্যালিক্-আসিড্, একন্, এপিস্, আর্ণিকা, আস্, বেল্, ব্রাই, ক্যাম্ফ্, ইপিকাক্, আইরিস্, মার্ক্-কর, নাক্স্-বম্, ফস্ফরাস্, পাল্স্, বিরেট্-আল্ব্, কার্ব্বো-বেজ্, ক্যালী-বাই, আয়োড্, ক্যাম্ফার, ডিজিট্, মেজিরিয়াম্, টার্টারাস্-ষ্টিবিয়েটাস্, আণ্টি-ক্রুড্, হাইড্রাষ্ট্।

পাকস্থলীর পুরাতন ক্ষত (Chronic ulcer of the Stomach)। আঁট্রোপিন্-সাল্ফ্, ব্যারাইটা-কার্ব্ব, আর্জেন্ট্-নাইট্রিক্, আস্, ক্যালী-বাই, ফস্ফরাস্, প্লাম্বাম্, নেট্রাম্-মিউর, চায়না, সিকেল্, বিরেট্-আল্ব্, ক্যাল্ক্-কার্ব্ব, ল্যাকেস্, ইউরেনিয়াম্, ক্রিয়োজ্, হাইড্রাষ্ট্, ইপিকাক্, হামামেলিস্, বেল্।

রক্ত বমন (Hæmatemesis,-Vomiting of blood)। একন্, আর্ণিকা, আর্স্, বেল্, ক্যাম্ফ্, কার্ব্বো-বেজ্, চায়না, ইরিজারণ, হামামেলিস্, ইপিকাক্, নাক্স্-বম্, ফস্, সিকেল্, বিরেট্-আল্ব্, পাল্স্, লাইকোপডিয়াম্, হায়োস্, ফস্ফরাস, মেজিরিয়াম্, ক্যাম্ফ্, নেট্রাম্-মিউর, জিঙ্কাম্, সাল্ফ্, সিকুটা, সাঙ্গুনেরিয়া, মিলিফোলিয়াম্, ব্রাই, সেনিসিয়ো, কলিন্সনিয়া, আষ্টিলেগো।

অজীর্ণ (Dyspepsia,-Indigestion)। আমন্-মিউর, আনাকার্ড, আণ্টি-ক্রুড্, আর্ণিকা, আর্স্, বোবিষ্টা, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, ক্যামোমিলা, চেলিডন্, চায়না, জেল্স্, হিপ্-সাল্ফ্, হাইড্রাষ্ট্, ইগ্নেস্, লাইকোপডিয়াম্, ইপিকাক্, ক্যালী-বাই, নাক্স্-বম্, ফস্ফরাস্, পাল্স্, রোবিনিয়া, রুটা, সিপিয়া, সাইলিসি, ষ্টাফিস্, সাল্ফ্, সাল্ফ্-আস্, মার্ক্, ষ্টাফিস্, ফস্ফরিক্-আসিড্, ফেরাম্, একন্, বেল্, কলোসিন্থ্, ক্রিয়াজ্, কুপ্রাম্, ওপিয়াম্, আপোমর্ফিয়া, ক্যালী-কার্ব্ব্, নেট্রাম্-মিউর্, ম্যাগ্নেস্-মিউর, কোনায়াম্।

পাকস্থলীতে বেদনা বা আক্ষেপ (Gastrodynia,-Cardialgia,-Gastralgia,-Pain or spasm in the Stomach)। হাইড্রোসায়েনিক্-আস্, সাল্ফ্, বিস্মাথ্, ব্রাই, সিনা, নাক্স্-বম্, আর্স্, ক্যামোমিলা, বেল্, কলোসিন্থ্, ককিউল্, ইগ্নেস্, সিপিয়া, পাল্স্, ফেরাম্, চায়না, ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, ফস্ফরাস্, প্লাটিনা, সিকেল্, লাইকোপডিয়াম্, প্লাম্বাম্, কফিয়া, ষ্টাফিস্, টেবেকাম্, ষ্টানাম্, বিরেট্-আল্ব্, জিঙ্কাম্, কুপ্রাম্, ম্যাঙ্গেনিস্, ব্রাই।

অম্লরোগ এবং বুকজ্বালা (Acidity and Heart-burn) সাল্ফ-আস্, আর্জেণ্ট্-নাইট্রিক্, ক্যাল্ক্-কার্ব্ব্, বেলিরিয়ানা, নাক্স্-বম্, পাল্স্, ক্যাম্ফ্, জিঞ্জিবার, ক্যাল্ক্-কার্ব্ব্।

মাথা-ঘোরা (Vertigo,-Giddiness)। একন্, আম্ব্রা, আমন্-কার্ব্ব্, এপিস্, আর্জেণ্ট্-নাইট্রাস্, আর্ণিকা, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, সিকুটা, ককিউল্, কোনায়াম্, ফেরাম্, জেল্স্, গ্লোনয়েন্, গ্রাফ্, ইণ্ডিগো, আয়োড্, লেডাম্, মার্ক্, নাক্স্-মস্, নাক্স্-বম্, ওপিয়াম্, ফস্ফরাস্, পাল্স্,

রাস্‌টক্স, সাঙ্গুনেরিয়া, সাইলিসি, স্পাইজেল, টেবেকাম্‌, থুজা, ল্যাকেস্‌, ব্যারাইটা-কার্ব্ব, ফ্লুয়োরিক্‌-আস্‌, ডিজিট্‌, সাল্‌ফ্‌, হাইড্রো-সায়েনিক্‌ আস্‌, ব্যাপ্‌ট্‌, সাইক্লেমেন্‌, ক্রিয়াজ্‌, পিট্রোল্‌, নেট্রাম্‌, মিউর, রাস্‌টক্স, স্পাইজেল্‌।

পিত্তাধিক্য হেতু শিরঃপীড়া (Bilious Headache)। ক্যামো-মিলা, নাক্স্‌-বম্‌, ব্রাই, ইপিকাক্‌, পাল্‌স্‌, সিপিয়া, নাক্স্‌-মস্ক, আইরিস্‌, আণ্টি-ক্রুড্‌, মার্ক্‌।

মুখে জল উঠা (Pyrosis,-Water-Brash)। কার্ব্বো-বেজ্‌, নাক্স্‌-বম্‌, লাইকোপডিয়াম্‌, ব্রাই, সাল্‌ফ্‌-আস্‌, পাল্‌স্‌, আসিটিক্‌-আস্‌, বিরেট্‌-আল্ব্‌।

বমন (Vomiting,-Sickness)। কার্ব্বোলিক্‌-আস্‌, এথুজা, আণ্টি-টার্ট্‌, আপোমর্ফিয়া, আর্স্‌, ব্রাই, ক্যামোমিলা, কফিউল্‌, কোনায়াম্‌, আয়োড্‌, ইপিকাক্‌, আইরিস্‌, ক্রিয়াজ্‌, লোবিলিয়া, মার্ক্‌, নাইট্রাম্‌, নাক্স্‌-বম্‌, ওপিয়াম্‌, পিট্রোল্‌, ফস্ফরাস্‌, ফাইটোলাকা, পাল্‌স্‌, আণ্টি-টার্ট্‌, বিরেট্‌-আল্ব্‌, কুপ্রাম্‌-আর্স্‌, বিস্মাথ্‌, সিকেল্‌।

জল পথে নৌকা বা জাহাজাদি আরোহণে বমন বা বমনোদ্বেগ (Sea-Sickness)। আপোমর্ফিয়া, ককিউল্‌, পিট্রোল্‌, ষ্টাফিস্‌, টেবেকাম্‌, নাক্স্‌-বম্‌, ক্রিয়াজ্‌, রুবিণীর ক্যাম্ফার, বিরেট্‌-আল্ব্‌।

অন্ত্র প্রদাহ (*Enteritis,-Inflammation of the Bowels*)। একন্‌, আণ্টি-ক্রুড্‌, আর্ণিকা, আর্স্‌, বেল্‌, ব্রাই, ক্যান্থ্‌, কলোসিন্থ্‌, লাইকোপডিয়াম্‌, মার্ক্‌-সল্‌, মার্ক্‌-কর, পডোফিলাম্‌, বিরেট্‌-আল্ব্‌, ক্যালী-বাই, ল্যাকেস্‌, নাক্স্‌-বম্‌, ফস্ফরাস্‌, সাল্‌ফ্‌।

আমাশয় (Dysentery)। একন্‌, আলোজ্‌, আর্ণিকা, আর্স্‌, ব্যাপ্‌ট্‌, বেল্‌, ব্রোমিয়াম্‌, ব্রাই, ক্যান্থ্‌, ক্যাপ্স্‌, কার্ব্বো-বেজ্‌, ক্যামো-মিলা, চায়না, কল্‌চ্‌, কলোস্‌, ডাল্ক্‌, হামামেলিস্‌, ইপিকাক্‌, ক্যালী-বাই, ম্যাগ্‌নেস্‌-কার্ব্ব, মার্ক্‌-কর, মার্ক্‌-সল্‌, নাইট্রিক্‌-আস্‌, নাক্স্‌-বম্‌, ফস্ফ-রাস্‌, পডোফিলাম্‌, পাল্‌স্‌, রাস্‌টক্স্‌, সাল্‌ফ্‌, প্লাম্বাম্‌-মেট্‌, সাল্‌ফ-

আস্, ফস্-আস্, ব্যারাইটা-কার্ব্ব, সিকেল্, ক্যাল্ক-কার্ব্ব, ষ্টাফিস, হিপ্-সাল্‌স্, বিরেট্-আল্ব, ইরিজারণ, ডায়োস্করিয়া।

অন্ত্রবৃদ্ধি (Hernia,-Rupture)। লাইকোপডিয়াম, ককিউলস্, ওপিয়াম্, একন্, বেল্, নাক্স-বম্, ক্যাল্ক-কার্ব্ব, সাল্‌ফ্।

অন্ত্রের পরাঙ্গ পুষ্টীয় পীড়া (Parasitic Diseases of the Intestines),-কৃমি (Worms)। একন্, বেল্, ক্যাল্ক-কার্ব্ব, চায়না, সিনা, লাইকোপডিয়াম্, মার্ক-সল্, মার্ক-কর, স্যাণ্টোনাইন্, স্পাইজেল্, ষ্টানাম্, সাল্‌ফ্, টিউক্রিয়াম্, আর্ণিকা, ইগ্‌নেস্, ফিলিক্স-মাস্, আণ্টি-ক্রুড্, জিঙ্কাম্, বেলিরিয়ান্।

উদরাময় (Diarrhœa,-Purging)। ফ্লুয়োরিক্-আস্, ফস্-আস্, সাল্‌ফ্-আস্, একন্, আলোজ্, আণ্টি-ক্রুড্, এপিস্, আপোসাই-নাম্, আর্জেণ্ট-নাইট্রিক্, আর্ণিকা, আর্স, বেল্, বেঞ্জ-আস্, বিস্মাথ্, ব্রাই, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাম্ফার, কার্ব্বো-বেজ্, ক্যামোমিলা, চায়না, কল্‌চ্, সিনা, কলোসিন্থ্, ক্রোটন্, কুপ্রাম্, ডাল্‌ক্, ফেরাম্, জেল্‌স্, গামি গাটি, হেলিবোরাস্, হিপ্-সাল্‌ফ্, হায়োস্, আয়োড্, ইপিকাক্, আইরিস্, ল্যাক্টোক্রা, লেপ্‌টাণ্ড্রা, লাইকোপডিয়াম্, ম্যাগ্‌নেস্-কার্ব্ব, মার্ক, মুকর লুটিয়াম্, নাক্স-মস্ক, নাক্স-বম্, পিট্রোল্, ফস্ফরাস্, ফস্ফরিক্-আস্, পডোফিলাম্, পাল্‌স্, রুম্, রাস্‌টক্স্, রুমেক্স্, সিকেল্, সাল্‌ফ্, থুজা, বিরেট্-আল্ব, মার্ক-কর, ফেরাম্-মেট্, গ্রাফ্, ক্যাল্‌ক্-ফস্, ক্যালী-কার্ব্ব, সিপিয়া, ষ্ট্যা, প্লাম্বাম্, জিঙ্কাম্, নেট্রাম্-মিউর, নাইট্রিক্-আস্।

শূল বেদনা বা অন্ত্রাক্ষেপ (Enterodynia,-Enteralgia,-Spasms of the Bowels)। একন্, আলোজ্, আর্স, বেল্, ব্রাই, কার্ব্বো-বেজ্, ক্যামোমিলা, চায়না, সিনা, ককিউল্, কফিয়া, কুপ্রাম্-মেট্, ডায়ো-স্করিয়া, ডায়োস্করিণ, ইগ্‌নেস্, ইপিকাক্, লাইকোপডিয়াম্, নাক্স-বম্, ওপিয়াম্, প্লাম্বাম্, পাল্‌স্, ষ্টানাম্, বিরেট্-আল্ব।

শিশুগণের শূল বেদনা (Colic of Infants)। একন্, বেল্, ক্যামোমিলা, চায়না, সিনা, কলোস্, ইগ্‌নেস্, ইপিকাক্, লাইকোপডি-য়াম্, নাক্স-বম্, পাল্‌স্, সেনা, বিরেট্-আল্ব, রুম্।

কোষ্ঠবদ্ধ (Constipation,-Costiveness)। নাইট্রিক্-আস্, আলুমিনা, আগারিকাশ, আমন্-মিউর, আনাকার্ড, আণ্টি-ক্রুড, এপিস, বেল. ব্রাই, ক্যাল্‌ক্-কার্ব্ব, কষ্ট. চেলিডন, কলিন্সনিয়া, গ্রাফ্, হাইড্রাষ্ট, ইগ্‌নেস্, আয়োড, আইরিস, ক্যালী-কার্ব্ব, লাইকোপডিয়াম, ম্যাগ্‌নেশ্-মিউর, নেট্রাম্-মিউর, নাক্স্-বম্, ওপিয়াম, প্লাটিনা, ফস্ফরাস, প্লাম্বাম্-মেট, পাল্‌স্‌, রুটা, সার্সাপেরিলা, সিপিয়া, সাইলিসি, সাল্‌ফ্, সাল্‌ফ্-আস্, থুজা, বিরেট্-আল্ব, জিঙ্ক্-মেট, ইস্কুলাস, পডোফিলাম, মার্ক্-কর।

গুহ্য ফাটা বা গুহ্যে ক্ষত (Fissure and Ulcer of the Rectum)। ইস্কুলাস, গ্রাফ্, নাইট্রিক্-আস্, ইগ্‌নেস্, র‍্যাটেন্‌হিয়া, পিট্রোল। এতদ্ভিন্ন হাইড্রাষ্টিস্ এবং ক্যালেণ্ডুলার বাহ্যপ্রয়োগ উপকারী (সরল-চিকিৎসার ৪৩৫ পৃষ্ঠা দ্রষ্টব্য)।

ভগন্দর বা গুহ্যদ্বারে নালী ঘা (Fistula in ano)। সাইলিসি, ক্যাল্‌ক্-ফস্, লাইকোপডিয়াম্, কষ্ট, নাক্স্-বম্, সাল্‌ফ্, নাইট্রিক্-আস্, হিপ্-সাল্‌ফ্। এতদ্ভিন্ন ক্যালেণ্ডুলা এবং হাইড্রাষ্টিসের বাহ্যপ্রয়োগ ব্যবস্থা।

অর্শরোগ (Hæmorrhoids,—Piles)। আসিড্-মিউর্, একন্, ইস্কুলাস্, আলোজ্, এপিস্, আর্স্, বেল্, ক্যালক্-কার্ব্ব, কার্ব্বো-বেজ্, কষ্ট, কলিন্সনিয়া, ডায়োস্করিয়া, গ্রাফ্, হামামেলিস্, হাইড্রাষ্ট, ইগ্‌নেস্, ক্যালী-কার্ব্ব, নাইট্রিক্-আস্, নাক্স্-বম্, ফস্ফরাস্, পডোফিলাম্, পাল্‌স্, রাস্-টক্স, সিপিয়া, সাল্‌ফ্, লাইকোপডিয়াম্, আমন্-কার্ব্ব, সাইলিসি।

গুহ্যদ্বারের চুলকানি (Pruritis Ani,-Itching of the anus)। সাল্‌ফ্, নাইট্রিক্-আস্, লাইকোপডিয়াম্, আণ্টি-ক্রুড্, আর্স্, থুজা। এতদ্ভিন্ন অর্শ এবং অজীর্ণ রোগের শীর্ষ দ্রষ্টব্য।

গুহ্যদ্বার বাহির হইয়া পড়া (Prolapsus Ani)। ইগ্‌নেস্, নাক্স্-বম্, মার্ক্-সল্, পডোফিলাম্, লাইকোপডিয়াম্, সাল্‌ফ্, ক্যাল্‌ক্-কার্ব্ব, সিপিয়া, আর্স্, ব্রাই, আর্ণিকা, ফেরাম্।

যকৃতের সামান্য বিবৃদ্ধি, যকৃতে রক্তাধিক্য বা রক্তাবরোধ,-যকৃতের অসুখ (Simple Enlargement of the Liver,—Congeestion

of the Liver,-Liver Complaints)। নাক্স-বম, ক্যামোমিলা, ব্রাই, বেল, পডোফিলাম্, মার্ক, সাল্ফ, চেলিডন্, সিপিয়া, চায়না, লাইকোপডিয়াম, আইরিস, হিপ-সাল্ফ, ষ্টাফিস, নাইট্রিক্-আস, ফস্ফরাস, আগারিকাশ, বার্ব্বেরিস, কার্ড্য়াস, ইউপেট-পার্ফ, ক্যালী-বাই, লেপ্টাণ্ড্রা, ম্যাগ-নেস-মিউর।

যকৃতের তরুণ প্রদাহ (Hepatitis Acuta,-Acute inflammation of the Liver)। একন্, আর্স, বেল, ব্রাই, চেলিডন্, চায়না, হাইড্রাষ্ট, লেপ্টাণ্ড্রা, মার্ক-সল, মার্ক-ডাল্স, ল্যাকেস, নাক্স-বম, পাডোফিলাম, ফস্ফরাস, পাল্স, সাইলিসি, সাল্ফ, কোনায়াম, হিপ-সাল্ফ, ক্যামোমিলা।

যকৃতের পুরাতন প্রদাহ জনিত রোগ সমূহ (Chronic inflammatory affections of the Liver):—(১)মেদোময় যকৃত (Fatty Liver) ; (২) যকৃতের বিবৃদ্ধি (Hypertrophy of the Liver) ; (৩) যকৃতের পুরাতন হ্রাস ও কঠিনতা (Cirrhosis of the Liver) ; (৪) যকৃতের শিক্তাপকৃষ্টতা (Waxy or amyloid Liver) ; (৫) জায়ফলের আকারবৎ যকৃত (Nutmeg-Liver); (৬) যকৃতের তরুণ বা পীত হ্রাস (Acute or yellow atrophy of the Liver)। নাক্স-বম, সাল্ফ, চায়না, সিপিয়া, লাইকোপডিয়াম, ডিজিট, ফস্ফরাস, অয়োড, কোনায়াম, ক্যাল্ক-কার্ব্ব, সাইলিসি, আণ্টি-ক্রুড, গ্রাফ, মার্ক-বাইবাস, নাইট্রিক্-আস্, কার্ব্বো-বেজ, আর্স, হিপ-সাল্ফ, ক্যালী-কার্ব্ব, ল্যাকেস, চেলিডন্, নেট্রাম-মিউর, ফেরাম-মেট, ম্যাগ্নেস্-মিউর।

পাণ্ডুরোগ,-কামল বা নেবা (Icterus,-Jaundice)। একন্, আর্স, অরাম, ব্রাই, কার্ড্য়াস, ক্যাল্ক-কার্ব্ব, ক্যামোমিলা, চেলিডন্, ক্রোটেলাস, চায়না, ডিজিট, হাইড্রাষ্ট, আয়োড, লেপ্টাণ্ড্রা, মানসিনেলা, মার্ক, নাক্স-বম, ফস্ফরাস, পডোফিলাম, পাল্স, বেল, সিপিয়া, ম্যাগ্নেস-মিউর, সাল্ফ, মিরিকা-সেরিফ।

পিত্তশিলা (Gall-Stones,-Biliary Calculi)। নাক্স-বম, সাল্ফ, ক্যাল্ক-কার্ব্ব, বার্ব্বেরিস, চায়না।

যকৃতের কর্কট রোগ (Carcinoma Hepatis,-Cancer of the Liver)। হাইড্রাষ্ট, আয়োড্। এতদ্ভিন্ন যকৃতের পুরাতন প্রদাহজনিত রোগ সমূহ এবং কামল রোগের শীর্ষ দ্রষ্টব্য।

অন্ত্রবেষ্ট ঝিল্লীপ্রদাহ (Peritonitis,-Inflammation of the Peritoneum)। একন, বেল, বিরেট-আল্ব, মার্ক-সল, ব্রাই, সাল্ফ, আর্স, ওপিয়াম, নাক্স-বম, চায়না, ফস্ফরাস, কলোসিন্থ, এপিস, মার্ক-কর, কোইনিআর্স। এতদ্ভিন্ন অন্ত্র প্রদাহের (Enteritis) শীর্ষ দ্রষ্টব্য।

মূত্রযন্ত্রের অসুখ

(DISEASES OF THE URINARY SYSTEM.)

আল্বুমেন্ সহ মূত্র বা আল্বুমিনুরিয়া,-মূত্রকোষ-প্রদাহ,-ব্রাইট্স্ ডিজিজ্ (Albuminuria,-Nephritis, Bright's Disease)। ফস্ফরিক্-আস্, বেল্, সাইলিসি, এপিস্, আর্স, ডিজিট্, ফেরাম্, মার্ক-কর, প্লাম্বাম্, টিরিবিন্থ, আর্জেণ্ট-নাইট্রিক্, বার্ব্বেরিস্, ক্যান্থ, হেলোনিয়াস্, ক্যাল্মিয়া, ফস্ফরাস্, সার্সাপেরিলা, সিকেল, আণ্টি-টার্ট, টিরিবিন্থ, একন্, লাইকোপডিয়াম্, রাস্-টক্স্।

মূত্রাধারের প্রদাহ (Cystitis,-Inflammation of the bladder)। একন্, এপিস্, আর্ণিকা, বেল্, ক্যাম্ফার, ক্যানাবিস্-ইণ্ডিকা, ক্যান্থ, চিমাফিলা, ডিজিট্, ডাল্ক, মার্ক, নাক্স-বম্, ফস্ফরাস্, পাল্স্, সার্সাপেরিলা, সাল্ফ, ট্যারান্টুলা, ইউবা-আর্সাই।

মূত্রাধারাদিতে পাথরী (Calculus,-Stone,-Gravel)। নাক্স-বম্ ফস্ফরিক্-আস্, লাইকোপডিয়াম্, বার্ব্বেরিস্, ক্যান্থ, পডোফিলাম্, ক্যানাবিস্, জেল্স্, একন্, ক্যামোমিলা, অক্জালিক্-আসিড্, নেট্রাম্-কার্ব্ব, মার্ক, হামামেলিস্। এতদ্ভিন্ন পাথর বড় হইলে অস্ত্র চিকিৎসা দ্বারা উহা বাহির করিয়া ফেলা উচিত।

মূত্রাধারের উত্তেজনা বা আক্ষেপ,-মূত্রকৃচ্ছ্র (Irritability of

the bladder,-Strangury,-Difficult urination)। একন্, এপিস্, আর্ণিকা বেল্, ক্যান্থ; কল্‌চ্, কোনায়াম্, কোপেইবা, ইউপেট্-পার্পুর, ফেরাম্, লাইকোপডিয়াম্, মার্ক্-সল্, রাস্‌টক্স্, নাক্স্-বম্, ক্যাম্ফার, ডাল্‌ক্।

মূত্রধারণে অশক্তি,-বিছানায় প্রস্রাব করা (Enuresis,-Incontinence of urine,-Wetting the bed)। বেঞ্জ্-আস্, বেল্, ক্যান্থ, কষ্ট্, সিনা, কোনায়াম্, ফেরাম্, জেল্‌স্, ক্যালী-ব্রোমাইড্, ক্যালী-নাইট্রিক্, নাক্স্-বম্, ফস্ফরিক্-আস্, পাল্‌স্, রাস্‌টক্স্, স্যাণ্টোনাইন্, সিপিয়া, সাল্‌ফ্, পডোফিলাম্, নাইট্রিক্-আস্, স্পাইজেল্, আর্জেণ্ট্-নাইট্রিক্, সাইলিসি, সিনা (স্কুইলা), একন্, সিকেল্, ক্যামোমিলা।

মূত্রাবরোধ (Dysuria-Retension of urine)। বেঞ্জ্-আস্, একন্, এপিস্, আর্ণিকা, আস্পেরেগাস্, বেল্, বার্ব্বেরিস্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যাম্ফার, কোপেইবা, ডিজিট্, ডাল্‌ক্, ইউপেট্-পার্পুর, ফেরাম্, জেল্‌স্, হেলোনিয়াস্, হাইড্রাষ্ট্, ল্যাকেস্, লাইকোপডিয়াম্, মার্ক্, নেট্রাম্ মিউর, নাইট্রিক্-আস্, নাক্স্-বম্, ফস্ফরিক্ আস্, ফাইটোল্, পাল্‌স্, সার্সাপেরিলা, সিপিয়া, টিরিবিন্থ্।

প্রমেহ রোগ (তরুণ এবং পুরাতন) (Gonorrhœa,-Gleet)। একন্, আগ্‌নাস্, আর্জেণ্ট্-নাইট্রিক্, ক্যানাবিস্-স্যাট্, ক্যান্থ, ক্যাপ্স্, কোপেইবা, জেল্‌স্, হাইড্রাষ্ট্, হিপ্-সাল্‌ফ্, আয়োড্, নাইট্রিক্-আস্, মার্ক্-সল্, নাক্স্-বম্, পাল্‌স্, সার্সাপেরিলা, সেনিসিয়ো, সিপিয়া (স্ত্রীলোকের), সাল্‌ফার, থুজা। রোগ পুরাতন হইলে চিমাফিলা, হাইড্রাষ্ট্, ক্যালী-আয়োড্, পিট্রোসেলিনাম্, থুজা।

মূত্রনালীর সঙ্কোচন বা অপ্রশস্ততা (Stricture of the Urethra)। আক্ষেপিক সঙ্কোচনে ক্যাম্ফার, জেল্‌স্, নাক্স্-বম্। মূত্রনালীর প্রদাহে একন্, বেল্, ক্যান্থ্, ক্লিমেটিস্, নাক্স্-বম্, মার্ক্-আয়োড্, চিমাফিলা; প্রদাহ জনিত সঙ্কোচনে ক্যানাবিস্-স্যাট্, হাইড্রাষ্ট্, ক্লিমেটিস্। এতদ্ভিন্ন আগারিকাশ্, ক্যালী-আয়োড্, নাইট্রিক্-আস্, ষ্ট্রামন্, আর্জেণ্ট্-নাইট্রিক্, বার্ব্বেরিস্। এতদ্ভিন্ন মূত্রাবরোধের শীর্ষ দ্রষ্টব্য।

ব্যালানাইটিস্ (Balanitis)। মার্ক্-কর, মার্ক্, থুজা।

মূত্রাধারের পক্ষাঘাত (Paralysis of the Bladder)। ক্যাম্ফ্, নিকেল্।

দুগ্ধবৎ মূত্র বা কাইলুরিয়া (Chyluria)। ইউবা আর্সাই, ফস্ফরিক্ আসিড্, চায়না।

রক্তমূত্র (Hæmaturia)। বেল্, হামামেলিস্, মিলিফোলিয়াম্, টিরিবিন্থ্। এতদ্ভিন্ন মূত্র যন্ত্রের অসুখের অধ্যায় দ্রষ্টব্য।

মূত্রকোষে রক্তাধিক্য বা রক্তাবরোধ (Congestion of the kidneys)। বেল্, টিরিবিন্থ্।

মূত্রকোষের মেদোপকৃষ্টতা (Fatty degeneration of the kidneys)। ফস্ফরাস্।

মূত্রাধারের গ্রীবা এবং মূত্রনালীর মধ্যস্থিত প্রষ্টেট্ গ্রন্থির প্রদাহ (Prostatitis,-Inflammation of the Prostate Gland)। আয়োড্, পাল্স্, ষ্টাফিস্, থুজা।

শুক্র ক্ষরণ বা অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ স্বপ্নদোষ,-(Spermatorrhœa,-Involuntary Emmissions)। ফস্ফরিক্-আসিড্, ক্যাম্ফার, ক্যান্থ্, চায়না, ডিজিট্, আইরিস্, নুফর লুটিয়াম্, নাক্স-বম, ফস্ফরাস্, ষ্টাফিসেগ্রিয়া, আগ্নাস্, ব্যারাইটা-কার্ব্ব্ প্লাটিনাম্, ইগ্নেস্, জেল্স্, আইরিস্, সাল্ফ্, ক্যাল্ক্-কার্ব্ব্, ডিজিটালিন্ ৩য় দশমিক ক্রমের গুঁড়া, কোনায়াম্, সিপিয়া, অরাম্-মেট্, অরাম্-মিউর, লাইকোপডিয়াম্, গ্রাফাইটিস্, সার্সাপেরিলা, সাইলিসি, থুজা, জিঙ্ক্-অক্সাইড।

চর্ম্মরোগ সমূহ

(DISEASES OF THE CUTANEOUS SYSTEM.)

ফোড়া (Abscesses)। তরুণ আকারের ফোড়ায় লক্ষণ বিশেষে একোনাইট্, আর্সিনিক্, আসাফিটিডা, বেলাডোনা, ব্রাইওনিয়া, হিপার সাল্ফিউরিস্, ল্যাকেসিস্, লেডাম্, মার্কিউরিয়াস্, মেজিরিয়াম্, পাল্সেটিলা, রাস্টক্স্, সাইলিসিয়া, সাল্ফার, আর্ণিকা। (২) পুরাতন আকারের ফোড়ায় লক্ষণ বিশেষে অরাম্, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, কোনায়াম্,

হিপার সাল্ফিউরিস্, আয়োডিন্, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, সাইলিসিয়া, সাল্ফার। হাড়ের ফোড়ায় লক্ষণ বিশেষে আসার্কিটিড্রা, অরাম্, ক্যাল্কেরিয়া-কার্ব্ব, ক্যাল্কেরিয়া ফস্ফরেটা, হিপার সাল্ফার, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, সাইলিসিয়া, সাল্ফার। যকৃতে ফোড়ায় লক্ষণ বিশেষে বেলাডোনা, চায়না, হিপার সাল্ফার, ক্যালী-কার্ব্ব, ল্যাকেসিস্, মার্কিউরিয়াস্, ফাইটোলাকা, পডোফিলাম্, রুটা, সাইলিসিয়া। গণ্ডমালা জনিত ফোড়াতে লক্ষণ বিশেষে ব্যারাইটা-কার্ব্ব, বেলাডোনা, ক্যাল্কেরিয়া-কার্ব্ব, ক্যাল্কেরিয়া ফস্ফরেটা, কোনায়াম্, ডাল্কেমেরা, হিপার-সাল্ফ্, ক্যালী-কার্ব্ব, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, রাস্টক্স্, ষ্টাফিসেগ্রিয়া, সাল্ফার। তরুণ আকারের ফোড়ায় তরুণ প্রদাহের ন্যায় জ্বর, দপ্দপিয়া বেদনা, আক্রান্ত স্থান লালবর্ণ এবং স্ফীত হইয়া উহাতে পূঁয উৎপন্ন হয়। ফোড়ায় পুঁয হওয়ার সম্ভাবনা থাকিলে হিপার সাল্ফার, ৩য় ক্রমের গুঁড়া বা ৬ষ্ঠ ডাঃ ব্যবস্থা। যদি আভ্যন্তরিক ঔষধ প্রয়োগে ফোড়া ফাটিয়া না যায়, তবে অস্ত্র দ্বারা ফোড়া চিরিয়া পূঁয বাহির করিয়া ফেলিবে। যদি ফোড়া ফাটিয়া উহাতে পচাযুক্ত ঘা হয়, তবে উহাতে ক্যালেণ্ডুলার বাহ্য প্রয়োগ দ্বারা উপকার দর্শে। কোন কোন চিকিৎসক বলেন যে, আর্নিকার মূল আরোক ফোড়ার উপর লাগাইলে ফোড়া আপনা আপনিই ফাটিয়া পূঁয বাহির হইয়া যায়। ঘায় যদি নালী হয় এবং উহা হইতে জলের ন্যায় তরল কলতানি পড়ে, তবে সাইলিসিয়া ৬,১২ বা ৩০ ডাঃ ব্যবস্থা। গাঢ় পূঁয পড়িলে হিপার সাল্ফার অধিক উপকারী। আভ্যন্তরিক যন্ত্রের ফোড়ার চিকিৎসাও শরীরের বহির্দ্দেশে ফোড়ার চিকিৎসার ন্যায়। ফোড়াতে পূঁয উৎপন্ন হইলে দপ্দপ্ করে এবং টাটায়। এমতাবস্থায় ময়দা এবং তিসির পুল্টিশে যাতনার অনেক উপশম হয় এবং ফোড়া শীঘ্র শীঘ্র পাকে।

ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বা বয়স ফোড়া (Acne)। (১) যুবতী বালিকাগণের মুখমণ্ডলে হইলে লক্ষণ বিশেষে বেলেডোনা, কার্ব্বো-বেজিটেবিলিস্, হিপার-সল্ফার্, সাল্ফার্, আর্সিনিক্, ক্যাল্কেরিয়া, ল্যাকেসিস্, লেডাম্, নেট্রাম্, ব্রোমিন্, নাক্স্-বমিকা, ফস্ফরিক্-আসিড্, পাল্সেটিলা, আর্সি-

নিক্-ব্রোমাইড্, আর্সিনিক্-আয়োডাইড্, ক্যালী-ব্রোমেটাম্, সাল্ফার্-আয়োডাইড্ ব্যবস্থা। (২) কঠিন আকারের ব্রণে লক্ষণ বিশেষে কার্ব্বো-বেজ্, লেডাম্, সাল্ফার্, আর্সিনিক্, বেলেডোনা, হিপার-সাল্ফার্, নাক্স-বমিকা, পাল্সেটিলা, সাল্ফার্, ক্যালী-ব্রোমেটাম্, কালী-আয়োডাইড্, সাল্ফার্-আয়োডাইড্ ব্যবস্থা। (৩) মৃত্তিকা পাণ্ডু রোগাক্রান্ত (Chlorotic) বালিকাগণের হামের ন্যায় লাল ব্রণে লক্ষণ বিশেষে ক্যাল্-কেরিয়া, সাল্ফার্, গ্রাফাইটিস্, হিপার্-সাল্ফার্, নেট্রাম্ সাল্ফ্, নেট্রাম্-মিউর, সাবাইনা, সেলিনিয়াম্ ব্যবহার্য্য। (৪) মুখমণ্ডলে গোলাপী রঙ্গের ফুস্কুড়ীতে লক্ষণ বিশেষে কার্ব্বো-আনিমেলিস্, আর্সিনিক্, ক্রিয়াজোট্, মেজিরিয়াম্, রাস্-টক্স্, রুটা, বিরেট্রাম্, ক্যাল্কেরিয়া, ক্যানাবিস্, কার্ব্বো-বেজিটেবিলিস্, সিকুটা, ক্যাল্মিয়া, লেডাম্, নাইট্রিক্-আসিড্, ফস্ফরাস্, ফস্ আস্, সাইলিসি, থুজা, আলাম্, অরাম্-মিউর, ক্যাস্থ্, ক্যাপস্, কষ্ট্, ক্লিমেটিস্, ল্যাকেসিস্, নাক্স-জুগ্লান্স্, পিট্রোল্, প্লাম্বাম্, সিপিয়া, সাল্ফ্, সাল্ফ্ আস্ ব্যবস্থা। (৫) কীটবৎ ফুস্কুড়ীতে (Acne Vermiformis) লক্ষণ বিশেষে সেলিনিয়াম্, সাল্ফ্, গ্রাফ্, নেট্রাম্, নাইট্রিক্-আস্, ব্রাই, ক্যাল্ক্, ডায়োস্ক্, ড্রসিরা, নেট্রাম্-মিউর, অরাম্, ডিজিট্, প্লাম্বাম্, ভ্যানাডিলা, সাবাইনা। (৬) রক্তাধিক্য ধাতু বিশিষ্ট যুবা যুবতীর মুখ মণ্ডলের ফুস্কুড়ীতে লক্ষণ বিশেষে বেল্, কার্ব্বো-বেজ্, হিপ্-সাল্ফ্, সাইলিসি, সাল্ফ্-আয়োড্, আর্স্-ব্রোমাইড্, ক্যালী-ব্রোমাইড্ ব্যবস্থা। মাতালদিগের ফুস্কুড়ীতে লক্ষণ বিশেষে ক্রিয়াজ্, লেডাম্, নাক্স্-বম্, সাল্ফ্, আর্স্, ল্যাক্, পাল্স্। (৮) অতিরিক্ত স্ত্রী বা পুরুষ সহবাস বা হস্তমৈথুনের দরুণ হইলে লক্ষণ বিশেষে ক্যাল্ক্, ফস্-আস্, সাল্ফ্ ব্যবস্থা। কখন কখন হাইড্রোকোটাইল ও ব্যবহৃত হইয়া থাকে।

গ্রন্থি প্রদাহ (Adenitis)। আক্রান্ত গ্রন্থিগুলি স্ফীত, লাল বর্ণ এবং উহাতে দপ্দপিয়া বেদনা বা টাটানিতে বেল্; বোগল এবং কুঁচ্কির গ্রন্থির প্রদাহে (বাগী) পূঁয হওয়ার উপক্রম হইলে আর্স্-আয়োড্; গরমীর ব্যারাম্ বা পারার অপব্যবহার জনিত বাগীতে অরাম্; চর্ম্মস্থিত গ্রন্থির স্ফীতিতে ব্রাই; হস্তাদির নিম্নস্থিত, বোগলের, কুঁচ্কির গ্রন্থি (বাগী),

গ্রীবার গ্রন্থি, কর্ণমূলস্থিত গ্রন্থি, মুখমণ্ডলস্থ গ্রন্থির প্রদাহের সঙ্গে সঙ্গে কান দিয়া পূঁয পড়িলে এবং কানে কম শুনিলে ক্যাল্‌ক্‌-কার্ব্ব্‌; স্তনের গ্রন্থির ন্যায় স্ফীতি এবং কঠিনতা যাহাতে মৌমাছির চাকের ন্যায় ক্ষত হয়, তাহাতে কার্ব্বো আনিমেল্‌; বোগলের গ্রন্থির স্ফীতি, হন্বাস্থির নিম্নস্থিত লাল নিঃসারক গ্রন্থির প্রদাহ এবং উহার সঙ্গে সঙ্গে মাড়ির হাড়ে পোকায় (Caries) ধরিলে সিষ্টাস্‌; বহির্দ্দেশের গ্রন্থির স্ফীতিতে কোনায়াম্‌; অনেক দিন ধরিয়া গ্রন্থির স্ফীতি, বিশেষতঃ পারার অপব্যবহারের পর বোগল ও কুঁচ্‌কির সন্ধির প্রদাহ, উহাতে পূঁয হওয়া, সন্ধি গুলির গণ্ডমালা জনিত প্রদাহ ও উহাতে পূঁয হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে দিবা রাত্রি প্রচুর ঘর্ম্ম, টক ও উগ্র স্বাদ বিশিষ্ট দ্রব্য খাওয়ার ইচ্ছা ও দুর্গন্ধযুক্ত উদরাময়ে হিপার-সাল্‌ফ্‌; কুঁচ্‌কি, গ্রীবাদেশ অথবা বোগলের গ্রন্থির গণ্ডমালা বা সন্ধিবাত জনিত প্রদাহ এবং কঠিনতায় আয়োডিন্‌; আক্রান্ত স্থান স্ফীত ও ঠাণ্ডা; হন্বাস্থির নিম্নস্থিত, বোগল, কুঁচ্‌কি, অথবা কর্ণ-মূলস্থিত গ্রন্থির প্রদাহ, স্ফীতি অথবা উহাতে পূঁয হওয়া, বিশেষতঃ গণ্ডমালা ধাতু বিশিষ্ট রোগীর বা গরমীর ব্যারামের দরুণ হইলে মার্ক্‌; বোগল এবং কুঁচ্‌কির গ্রন্থির প্রদাহ এবং স্ফীতিতে রাস্‌টক্স্‌ বিশেষ উপ-কারী। গ্রীবাদেশ, কর্ণমূলস্থিত, বোগল, কুঁচ্‌কির সন্ধির স্ফীতিতে, প্রদাহ থাকুক আর না থাকুক, সাইলিসিয়া বিশেষ উপকারী। সকল প্রকা-রের গ্রন্থির প্রদাহ, স্ফীতি কঠিনতা এবং উহাতে পূঁয হওয়াতেই সাল্‌ফার উপকারী। পারার অপব্যবহার জনিত গ্রন্থির অসুখে ইহা আরো অধিক উপকারী। স্তনের গ্রন্থির ন্যায় স্ফীতিতে ফাইটোলাকা বিশেষ উপকারী। স্তনের এই প্রকারের অসুখে হাইড্রাষ্টিস্‌ মূল আরোক ৫ ফোঁটা কতক পরিষ্কার জলে মিশাইয়া উক্ত লোশনে একখানি সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া আক্রান্ত স্তনে লাগাইয়া রাখিলে বিশেষ উপকার দর্শে। ডাক্তার হিউজ্‌ (Dr. Hughes) বলেন যে, অতিরিক্ত দুগ্ধের সঞ্চার হেতু স্তনে ফোড়া হইলে ফাইটোলাকা ব্যবহারে ফোড়া বৃদ্ধি পাইতে পারে না। গ্রন্থি প্রদাহে, বিশেষতঃ গ্রন্থিপ্রদাহ যদি গরমীর ব্যারাম, পারার অপ-ব্যবহার বা গণ্ডমালা জনিত হয়, কড্‌লিবার অয়েল্‌ বিশেষ উপকারী,

অনেক রোগীর চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন। মধ্যাহ্নে ৩।৪ ফোঁটা এবং রাত্রিতে ৩।৪ ফোঁটা আহারের পর সেব্য।

চর্ম্মের লালবর্ণ প্রদাহ বা ইরিথিমা (Erythema,-Inflammatory redness of the Skin)। বেল্, একন্, এপিস্, রাস্টক্স্, ক্যালী-বাই, নাক্স্-বম্, ব্রাই, ম্যাঙ্গেনাম্, ফেরাম্, আর্স্, রানানকুলাস্-বাব্।

গায় গোলাপী রঙ্গের ফুস্কুড়ী,-কৃত্রিম হাম,-রোজিয়োলা,-রোজ্-র‍্যাস্ (Roseola,-Rose-rash,-False measles)। একন্, রাস্টক্স্, বেল্।

আমবাত বা আর্টিকেরিয়া (Urticaria,-Nettle-rash)। এপিস্, ক্যাল্-কার্ব্ব্, কষ্ট্, কোরেল্, কোপেইবা, রাস্টক্স্, আর্টিকা-ইউরেন্স্, একন্, আণ্টি-ক্রুড্, নাক্স্-বম্, পাল্‌স্, ডাল্‌ক্, ব্রাই, সিমিসিফ্, কল্‌চ্, আর্স্, ইপিকাক্, হাইড্রাষ্ট্, আর্ন্, চিনিনাম্-সাল্‌ফ্, সাল্‌ফ্, ইগ্‌নেস্, কফিয়া, বিরেট্-বিরাইড্।

শিশুগণের চামড়ার ভাজে ভাজে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ক্ষত (Intertrigo,-Chafing,-Soreness of Infants)। ক্যামোমিলা, ক্যাল্-কার্ব্ব্, লাইকোপডিয়াম্, মার্ক্, সাল্‌ফ্। এতদ্ভিন্ন ক্যালেণ্ডুলার লোশনের (Lotion) বাহ্য প্রয়োগ প্রয়োজন হইতে পারে। অনেক সময় ক্যালেণ্ডুলার লোশন অপেক্ষা ক্যালেণ্ডুলা মিশ্রিত ওলিব্ অয়েল্ আক্রান্ত স্থানে লাগাইলে অধিক উপকার পাওয়া যায়।

শরীর চুলকানি,-প্রুরাইগো (Prurigo,-Itching of the skin)। আর্স্, মেজিরিয়াম্, রাস্টক্স্, সাল্‌ফ্, একন্, ইগ্‌নেস্, মার্ক্, কার্ব্বো-বেজ্, আপোসাইনাম্, কষ্ট্।

লাইকেন্ (Lichen)। ঘামাছি ইত্যাদিও এই শ্রেণীভুক্ত। সাল্‌ফ্, আণ্টি-ক্রুড্, এপিস্, লেডাম্, আর্স্, নাক্স্-জুগ্লান্স্ উহার ঔষধ।

শিশুগণের ষ্ট্রফিউলাস্ নামক ফুস্কুড়ী (Strophulus,-Red gum,-Tooth-rash)। ক্যামোমিলা, আণ্টি-ক্রুড্, পাল্‌স্, ক্যাল্-কার্ব্ব্।

খুস্‌কি (Pityriasis,-Branny Tetter,-Dandruff)। আস্‌´, গ্রাফ্‌, লাইকোপডিয়াম্‌। গ্লিসেরিণ্‌ সোপ (Glycerine Soap) বা সরিষার তৈলের খৈল দিয়া সপ্তাহে একবার করিয়া মাথা ধোয়াইলে অনেক উপকার দর্শিতে দেখা যায়।

খোস (Psoriasis,-Lepra Vulgaris,-Dry-Tetter)। মার্ক্‌, আয়োড্‌, নাইট্রিক্‌-আস্‌, আইরিস্‌, সাল্‌ফ্‌, সিপিয়া, লাইকোপডিয়াম্‌, ক্যালী-আয়োড, রাস্‌টক্স্‌, মেজিরিয়াম্‌, পিট্রোল্‌, কার্বোলিক্‌-আস্‌, টিউক্রিয়াম্‌, আস্‌´, গ্রাফ্‌, হিপ্‌-সাল্‌ফ্‌।

হার্পিস্‌ (Herpes,-Shingles,-Tetter)। একন্‌, রাস্‌টক্স্‌, সাল্‌ফ্‌, আস্‌´, ফাইটোল্‌, গ্রাফ্‌, মার্ক্‌, ফস্‌ফরাস্‌, টেলুরিয়াম্‌, সিপিয়া, রানান্‌-কুলাস্‌-বাল্ব্‌, ম্যাঙ্গেনাম্‌, ষ্টাফিস্‌, সিষ্টাস্‌, নেট্রাম্‌-মিউর।

বিকচ (Eczema, Catarrhal inflammation of the skin,-Scald head,- Milk-crust)। আনাকার্ড্‌, আণ্টি-ক্রুড্‌, আস্‌´, ব্যারাইটা-কার্ব্ব্‌, বেল্‌, বোবিষ্টা, ক্যাল্ক্‌-কার্ব্ব্‌, ক্যান্থ্‌, ক্লিমেটিস্‌, ক্রোটন্‌, ডাল্ক্‌, গ্রাফ্‌, হিপ্‌-সাল্‌ফ্‌, হাইড্রাষ্ট্‌, হাইড্রোকোটাইল্‌, মাস্ক্‌-জুগ্লান্স্‌, ক্যালী-কার্ব্ব্‌, লাইকোপডিয়াম্‌, মার্ক্‌-কর, নেট্রাম্‌-মিউর, ওলিয়াণ্ড্‌, পিট্রো-সেলিনাম্‌, রাণান্‌কুলাস্‌, রাস্‌টক্স্‌, সিপিয়া, ষ্টাফিস্‌, সাল্‌ফ্‌, থুজা, বায়োলা-ট্রিকালার।

ইম্পেটিগো নামক ফুস্কুড়ী (Impetigo)। আণ্টি-টার্ট্‌, ক্যাল্ক্‌-মিউর, সিকুটা, ক্যালী-বাই, মেজিরিয়াম্‌, সাইলিসি, বায়োলা-ট্রিকালার।

সাইকোসিস্‌,-মেণ্টাগ্রা,-বার্ব্বার্স্‌´ ইচ্‌ (Sycosis,-Mentagra,-Barber's Itch)। লাইকোপডিয়াম্‌, নাইট্রিক্‌-আস্‌, প্লাটিনা, থুজা।

চিল্‌ব্লেইন্‌ (Chilblain,-Chaps)। আগারিকাশ্‌, পিট্রোল্‌, আর্ণিকা, ট্যামাস্‌-কমিউনিস্‌, পাল্‌স্‌, রাস্‌টক্স্‌, ক্যান্থ্‌, বেল্‌, আস্‌´, ফস্ফরাস্‌, ক্রিয়াজ্‌, নাইট্রিক্‌-আস্‌।

ক্ষত (Ulcers)। আষ্টিরিয়াস্‌-রুবেন্স্‌, (ক্যালেণ্ডুলার স্থানিক প্রয়োগ), আসাফিটিডা, কার্ব্বো-বেজ্‌, কমক্লেডিয়া, হিপ্‌-সাল্ফ্‌, হাই-

ড্রাই, ক্যালী-বাই, ল্যাকেস, মার্ক, মেজিরিয়াম, নাইট্রিক-আস, সাইলিসি, সাল্ফ।

ব্রণ (Boil,-Furuncle)। পিক্রিক্-আস, একন্, আর্ণিকা, বেল, বার্ব্বোরিস, হিপ-সাল্ফ, মার্ক-বাইবাস, সাল্ফ।

দুষ্টব্রণ,-পৃষ্ঠাঘাত (Carbuncle,-Anthrax)। আস, বেল, ব্রাই, কার্ব্বো-বেজ, হিপ-সাল্ফ, ল্যাকেস, মিউর-আস, রাস্টক্স, সাইলিসি। ঘায় পচা লাগিলে ক্যালেণ্ডুলা বা কার্ব্বোলিক্ আসিডের বাহ্ প্রয়োগ দ্বারা বিশেষ উপকার দর্শে। যতদিন ব্রণে পচাযুক্ত ঘা থাকে, ততদিন উক্ত দুই ঔষধের একটীর লোশন (Lotion) করিয়া উহাতে একখানি সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া ঘায় লাগাইয়া রাখিবে। ঘা পরিষ্কার হইয়া আসিলে ক্যালেণ্ডুলা বা কার্ব্বোলিক্ আসিডে অলিব্ অয়েল্ (Olive oil) মিশাইয়া ঘায় লাগাইবে।

আঙ্গুলহাড়া (Whitlow,- Felon,-Gathered Finger)। আলু-মিনা, এপিস, আস, বেল, গ্রাফ, হিপ-সাল্ফ, লেডাম, মার্ক, ফাই-টোল, সাইলিসি।

কড়া (Corns)। আর্ণিকা প্লাষ্টার, আর্ণিকা লোশন ইত্যাদির বাহ্ প্রয়োগ ব্যবস্থা। ক্যাল্ক, সাল্ফ, (বিরেট্ বিরাইডের বাহ্ প্রয়োগ), আণ্টি-ক্রুড, লাইকোপডিয়াম, ফস্ফরাস, সিপিয়া, সাইলিসি।

বার্সা প্রদাহ (Bursitis,-House maid's knee,-Miners Elbow)। সাইলিসি, ষ্টিক্টা, আর্ণিকা, একন্, বেল, রাস্-টক্স, লেডাম, আয়োড, ক্যালী-আয়োড, গ্রাফ, আগারিকাস, হিপ-সাল্ফ, সাইলিসি, ব্রাই।

পায়ের বৃহৎ বা ক্ষুদ্র অঙ্গুলীর সন্ধির উপরস্থিত বার্সার (Bursa) প্রদাহ (Bunion)। আর্ণিকা, হিপ-সাল্ফ, সাইলিসি, আয়োড। (আর্ণিকা, বিরেট্-বিরাইড্ এবং আয়োডিনের বাহ্ প্রয়োগ)।

নিবাস্ (Nœvus)। থুজা, ক্যাল্ক-কার্ব্ব, (ক্রিয়াজোটের বাহ্ প্রয়োগ)।

ওয়েন্ বা সিবেসিয়াস্ টিউমার (Wen,-Sebaceous Tu-

mour)। ব্যারাইটা-কার্ব্ব, সাইলিসি, ক্যাল্কী-অ্যাসেট, লাইকোপডিয়াম, ক্যাল্ক-কার্ব্ব, সাল্ফ।

আঁচিল (Warts)। ক্যাল্ক-কার্ব্ব, থুজা, আণ্টি-ক্রুড, কষ্ট। এতদ্ভিন্ন আঁচিলের উপর থুজার মূল আরোকের বাহ্য প্রয়োগ ব্যবস্থা।

চর্ম্মের পরাঙ্গ পুষ্টিয় পীড়া (Parasitic Diseases of the skin):- টিনিয়া টন্সুরেন্স (Tinea Tonsurans); টিনিয়া কেরিয়ান্ (Tinea Carion); টিনিয়া সার্সিনেটা (Tinea Circinata); টিনিয়া ফেবোসা (Tinea Favosa); টিনিয়া বার্সিকালার (Tinea Versicolor); মাথার উকুন জনিত অসুখ (Pediculus capitis); চক্ষুর পাতায় উকুন (Pediculus Palpebrarum); শরীরে উকুন (Pediculus Vestimente)। এতদ্ভিন্ন পায়ের আঙ্গুল এবং উহার ফাঁকে ফাঁকে উকুন বা কীটের উত্তেজনার দরুণ অসুখ ইত্যাদিতে সিপিয়া, ক্যাল্ক-কার্ব্ব, সাল্ফ, হিপ-সাল্ফ, সাইলিসি, ব্রাই ব্যবস্থা।

পাঁচড়া (Scabies,-Itch)। হিপ-সাল্ফ, সাল্ফার। এতদ্ভিন্ন মধ্যাহ্ন এবং রাত্রিতে আহারের পর ৩।৪ ফোঁটা করিয়া কড্লিবার অয়েল (Cod-liver oil) সেব্য।

পোকা বা কীটের কামড় বা হুল ফুটান, বিছাটি ইত্যাদি গায় লাগার দরুণ অসুখ

(Irritation caused by stinging of insects and plants)। লেডাম্, রাস্-টক্স, (এপিয়াম্ সিপার (পেঁয়াইজ) স্থানিক প্রয়োগ), ক্যাম্ফার, এপিস্, একন্, ল্যাকেস্। এতদ্ভিন্ন আর্ণিকা এবং আর্টিকার বাহ্য প্রয়োগ ব্যবস্থা।

বিষাক্ত ঘা (Poisoned wounds)। ল্যাকেস্, আর্স।

বিবিধ প্রকারের অসুখ

(MISCELLANEOUS DISEASES)

মেরুদণ্ডের কোণ বিশিষ্ট বিকৃতি (Angular Deformity of the Spine)। ইহা এক অস্ত্র চিকিৎসা সম্বন্ধীয় রোগ বিশেষ। ইহাতে ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক-ফস্, ফস্-অ্যাস্, সাইলিসি, হিপ-সাল্ফ, আসাফিটিডা,

মেজিরিয়াম্ ইত্যাদির আভ্যন্তরিক প্রয়োগে বিশেষে উপকার দর্শে। (গণ্ডমালার শীর্ষ দ্রষ্টব্য)।

মেরুদণ্ড এক পাশে বাঁকিয়া পড়া (Lateral Curvature of the Spine)। ক্যাল্ক্-ফস্, ক্যাল্ক্-কার্ব্ব্, ফস্-আস্, সাইলিসি, পাল্স্, সাল্ফ্, নাক্স্-বম্, আর্ণিকা, রাস্-টক্স্। আর্ণিকা লিনিমেণ্টের বাহ্য প্রয়োগ দ্বারাও উপকার দর্শে।

কুঁচকির সন্ধির গণ্ডমালা জনিত অসুখ (Morbus Coxœ,-Scrofulous disease of the Hip joint)। বেল্, একন্, কলোসিন্থ্, হিপ্-সাল্ফ্, আর্স্, ক্যাল্ক্-কার্ব্ব্,সাইলিসি, ফস্।

মণিবন্ধের পশ্চাৎভাগে কঠিন আব (Ganglion)। বেঞ্জো-য়িক্-আসিড্, ফাইটোলাকা, মেজিরিয়াম্,।

শরীরে অতিরিক্ত পরিমাণে চর্ব্বির সঞ্চায় হেতু অসুখ (Obesity,-Corpulence)। আহারের নিয়ম, অর্থাৎ আলু, মিষ্ট দ্রব্য, দুধের সর এই কয় প্রকার দ্রব্যাদি না খাওয়া বা অতি অল্প পরিমাণে খাওয়াই ভাল। রজঃরোধ হওয়ার দরুণও অনেক স্ত্রীলোকের শরীরে চর্ব্বি হইতে দেখা যায়। অতএব রজঃরোধের অধ্যায়ে যে সকল ঔষধের উল্লেখ আছে, লক্ষণ বিশেষে উহা ব্যবহার্য্য। ধ্বজভঙ্গ হওয়ার দরুণও পুরুষের শরীরে চর্ব্বি হয়। অতএব উক্ত রোগের শীর্ষ দ্রষ্টব্য। শারীরিক পরিশ্রম দ্বারা বিশেষ উপকার দর্শে। মৎস্য মাংশ উপকারী।

বৃদ্ধ বয়স জনিত অসুখ বা শরীর ক্ষয় (Old age, and Sanile-decay)। ডিজিট্, আর্স্, ফস্, নাক্স্-বম্, পডোফিলাম্, নাইট্রিক্-আস্, ফস্-আস্।

মদ্য পান জনিত অসুখ (Alcoholism)। নাক্স্-বমিকা, জিঙ্কাম্। (মদোন্মত্ততার শীর্ষ দ্রষ্টব্য)।

মাথার চুল, দাড়ি, গোঁপ, ভ্রু ইত্যাদি পড়িয়া যাওয়া (Alopecia)। ফ্লুয়োরিক্ আসিড্, ফস্ফরিক্-আসিড্, আর্স্, গ্রাফ্।

ক্রোধ জনিত রোগ (Effects of Anger)। ক্যামোমিলা, আর্ণিকা, ব্রাই, কলোস্, নাক্স্-বম্।

চক্ষের পাতার আক্ষেপ জনিত অসুখ (Blepharospasm)। আগারিকাশ, কোডিয়া, ফাইসষ্টিগ্মা, পাল্স্।

বাগী (Bubo)। নাইট্রিক্-আস্, কার্ব্বো-আনিমেল্, মার্ক্, হিপ্-সাল্ফ্, সাইলিসি। এতদ্ভিন্ন উপদংশ বা গরমীর ব্যারামের শীর্ষ দ্রষ্টব্য।

অস্থি ক্ষত বা অস্থি পচিয়া যাওয়া (Necrosis,-Mortification or ulceration of the bone)। ফ্লুয়োরিক্-আস্, ফস্-আস্, আসাফিটিডা, অরাম্, ফস্ফরাস্, সাইলিসি।

খিল ধরা (Cramps)। একন্, কুপ্রাম্, প্লাম্বাম্। এতদ্ভিন্ন আক্ষেপের (Covulsions) শীর্ষ দ্রষ্টব্য।

দুর্ব্বলতা (Debility)। ফস্ফরিক্-আস্, আনাকার্ড্, কার্ব্বো-বেজ্, চায়না, কিউরেরার, হেলোনিয়াস্, বিরেট্-আল্ব্।

প্রলাপ (Delirium)। বেল্, হায়োস্। এতদ্ভিন্ন মস্তিষ্কের অসুখের অধ্যায় দ্রষ্টব্য।

গিলিতে অশক্তি (Dysphagia)। কিউরেরার, ক্যালী-বাই। এতদ্ভিন্ন গলার মধ্যে বেদনাদির অধ্যায় দ্রষ্টব্য।

প্রেম উন্মত্ততা (Erotomania,-Love-madness)। পিক্রিক্-আস্, গ্রাটিয়োলা, হায়োস্, ওরিগেনাম্, ফস্ফরাস্, প্লাটিনা, ষ্ট্রামন্, ট্যারেণ্টুলা।

চক্ষুর পেশীর অসুখ। সিমিসিফ্, আগারিকাশ্, আর্জেণ্ট্-নাইট্রিক্, কষ্ট্, কোনায়াম্, ইউফ্রেস্, জেল্স্, লিলিয়াম্-টাইগ্রি, ফাইসষ্টিগ্মা, রাস্-টক্স্, সেনিগা।

উদরে দূষিত বায়ুর সঞ্চার (Flatulence)। কার্ব্বোলিক্-আসিড্, কার্ব্বো-বেজ্, লাইকোপডিয়াম্, নাক্স্-মস্ক্, নাক্স্-বম্। এতদ্ভিন্ন অজীর্ণ রোগের শীর্ষ দ্রষ্টব্য।

দমকা উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডল লাল-বর্ণ হওয়া (Flushings)। আমিল্-নাইট্রেট্, যাবোরাণ্ডি, ল্যাকেস্, স্যাঙ্গুনেরিয়া, সাল্ফ্।

ভয় খাওয়ার দরুণ অসুখ (Effects of fright)। ইগ্নেস্, কফিয়া, ওপিয়াম্।

রক্তোৎকাশি (Hœmoptysis)। আকালিফা-ইণ্ডিকা, একন্, ফেরাম্-আসেট্, ইপিকাক্, লেডাম্, মিলিফোলিয়াম্। এতদ্ভিন্ন যক্ষ্মাকাশের শীর্ষ দ্রষ্টব্য।

রক্তস্রাব (Hæmorrhage)। একন্, আর্ণিকা, হ্যামামেলিস্, ইপিকাক্, মিলিফোলিয়াম্, সাঙ্গুনেরিয়া।

যকৃতে বেদনা (Hepatalgia)। আমন্-মিউর্। এতদ্ভিন্ন যকৃতের অসুখের অধ্যায় দ্রষ্টব্য।

হিক্কা (Hiccough)। সাল্ফ্-আস্, ক্যাম্ফ্, সিকুটা, মস্ক্, নাক্স্-মস্ক্, ভিরেট্-আল্ব্, বেল্, হায়োস্, কার্বো-বেজ্, ষ্টাফিস্, ফস্ফরাস্, ইগ্নেস্, সাল্ফ্, একন্, আর্স্, ব্রাই, নাক্স্-বম্, ল্যাকেস্, জিঙ্কাম্, কুপ্রাম্।

দ্রব্যাদি অর্দ্ধেক দেখায় (Hemiopœa)। অরাম্, লিথিয়াম্।

পারার অপব্যবহার জনিত অসুখ (Hydrargyrosis)। অরাম্, হিপ্-সাল্ফ্, নাইট্রিক্-আস্, মেজিরিয়াম্।

অণ্ডকোষাধারের শোথ বা হাইড্রোসিল্ (Hydrocele)। গ্রাফ্, আয়োড্, পাল্স্, রডোড্, এপিস্।

বক্ষশোথ (Hydrothorax)। এপিস্, আর্স্, রাস্টক্স্। শ্বাস যন্ত্রের রোগ দ্রষ্টব্য।

সামান্য শূলবেদনা বা ইলিয়াস্ (Ileus)। বেল্, নাক্স্-বম্, প্লাম্বাম্।

ধ্বজভঙ্গ (Impotence)। কস্-আস্, আগ্নাস্, সেলিনিয়াম্, ফস্, নাক্স্-বম্।

বহুব্যাপক সর্দ্দি (Influenza)। আর্স্, ব্রোমিন্, ইউপেট্-পার্ফ্, ক্যালী-বাই, রাস্টক্স্, আরালিয়া, ক্যাম্ফার, নাক্স্-বম্, ফস্, ব্রাই।

স্তনের নিম্নদেশে বেদনা (Infra-Mammary pain)। সিমিসিফ্, পাল্স্, রানান্ কুলাস্।

অন্ত্রেক্ষত (Ulceration of the Intestines)। মার্ক্-কর, ক্যালী-বাই। (অন্ত্র প্রদাহ এবং আমাশয়ের শীর্ষ দ্রষ্টব্য)।

সন্ধির অসুখ (Affections of the Joints)। সিষ্টাস্, লেডাম্, মার্ক্-কর, পালস্, সাবাইনা, সাইলিসি। এতদ্ভিন্ন সন্ধিবাতের অধ্যায় দ্রষ্টব্য।

চক্ষুর জলাধারের প্রদাহ (Inflammation of the Lachrymal Sacs)। হিপ-সাল্‌ফ্, সাইলিসি, সাল্‌ফ্, মার্ক্, এপিস্।

কণ্ঠনালীর তরুণ প্রদাহ (Acute Laryngitis)। ক্যালী-বাই, স্যাঙ্গুনেরিয়া, স্পঞ্জিয়া, আরালিয়া। (শ্বাস যন্ত্রের অসুখের অধ্যায় দ্রষ্টব্য)।

কণ্ঠনলীর পুরাতন প্রদাহ (Chronic Laryngitis)। আর্জেণ্ট্-নাইট্রিক্, ক্যালী-বাই, ম্যাঙ্গেনাম্, সেলিনিয়াম্, আরালিয়া। (শ্বাসযন্ত্রের অসুখের অধ্যায় দ্রষ্টব্য)।

সীসা জনিত শূল বেদনা (Lead Colic)। আলুমেন্, ওপিয়াম্। (শূল বেদনা বা অন্ত্রাক্ষেপের অধ্যায় দ্রষ্টব্য)।

লোকো মোটার আটাক্সি (Locomotor Ataxy)। আর্জেণ্ট্-নাইট্রিক্, বেল্। (পক্ষাঘাতের অধ্যায় দ্রষ্টব্য)।

কোমরে বাতের বেদনা (Lumbago)। একন্, সিমিসিফ্, আণ্টি-টার্ট্, ব্রাই, ক্যালী-বাই, রাস্টক্স্, সাল্‌ফ্। (বাত রোগের অধ্যায় দ্রষ্টব্য)।

ফুস্ফুসের শোথ (Œdema of the Lungs)। আণ্টি-টার্ট্, ফস্ফরাস্।

ফুস্ফুস পচিয়া যাওয়া (Gangrene of Lungs)। ক্যাম্ফ্।

আধকপালিয়া মাথা ব্যাথা (Migraine,-Hemicrania)। কার্ব্বোলিক-অ্যাসি, ব্রাই, ক্যাল্ক-কার্ব্, ক্যাল্ক-আসেট্, কফিয়া, সাইক্লেমেন্, আইরিস্, স্যাঙ্গুনেরিয়া, সিপিয়া, ষ্টানাম্, থেরিডিয়ান্, বার্ব্যাকাম্, জিঙ্ক-সাল্‌ফ্) (এতদ্ভিন্ন শিরঃ পীড়ার (Headache) অধ্যায় দ্রষ্টব্য)।

অস্থির কোমলতা (Mollities Ossium,-Softening of the bones)। ফস্ফরাস্।

শরীরের স্থানে স্থানে আবের ন্যায় ধমনির স্ফীতি সহ চর্ম্ম রোগ (Molluscum)। সাল্‌ফার।

পেশীতে বেদনা (Myalgia)। সিমিসিফ, আর্নিকা। (পেশী-বাতের অধ্যায় দ্রষ্টব্য)।

চক্ষুর তারার অস্বাভাবিক বিস্তৃতি (Mydriasis)। বেলা-ডোনা।

মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা প্রদাহ (Myelitis)। অক্জালিক্-আস্, আর্স, প্লাম্বাম্। (স্নায়বিক মণ্ডলীর অসুখ দ্রষ্টব্য)।

বোবায় ধরা (Night-mare)। ক্যালী-ব্রোম্।

শরীরের স্থানে স্থানে অস্থিতে আবের ন্যায় স্ফীতি (Nodes)। অরাম্, মেজিরিয়াম্, ষ্টিলিঞ্জিয়া।

আহার বহা গলনালীর আক্ষেপ (Œsophagismus)। নেজা।

অপ্টিক্ স্নায়ুর প্রদাহ (Optic neuritis)। পিক্রিক্-আস্, বেল।

অণ্ডকোষ প্রদাহ (Orchitis,–Inflammation of the testes)। হ্যামোমিলা, হামামেলিস্, পাল্স্, রডোড, স্পঞ্জিয়া। এতদ্ভিন্ন অণ্ডকোষের শোথের অধ্যায় দ্রষ্টব্য।

হৃৎস্পন্দন (Palpitation of the Heart)। হাইড্রোসায়েনিক্-আস্, একন্ ক্যাক্টাস্, আয়োড, মস্কাস্। এতদ্ভিন্ন হৃৎপিণ্ডের অসুখ এবং অজীর্ণের শীর্ষ দ্রষ্টব্য।

প্যানক্রিয়াসের অসুখ (Diseases of the Pancreas)। আয়োড, আইরিস্।

অস্থির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ (Periostitis,–Inflammation of the periosteum)। আসাফিটিডা, অরাম্, ক্যালী-বাই, ম্যাঙ্গেনাম্, মার্ক-সল, মার্ক-বিনায়োড, মেজিরিয়াম্, ফস্ফরাস্, ফাইটোল, সাইলিসি।

অস্বাভাবিক ঘর্ম্ম (Morbid perspiration)। ফ্লুয়োরিক্-আস্, ফস্-আস্, কার্ব্বো-আনিমেল, জ্যাবোরাণ্ডি, মার্ক, ওপিয়াম্, পিট্রোল, স্যাম্বুকাস, সাইলিসি।

চক্ষে আলোক অসহ্য হওয়া (Photophobia)। সিমিসিফ, আণ্টি-টার্ট, কোনায়াম, নাক্স-বম। এতদ্ভিন্ন চক্ষুর প্রদাহ ইত্যাদির অধ্যায় দ্রষ্টব্য।

চুলে জটাবাঁধা (Plica-Polonica)। লাইকোপডিয়াম্, বিন্কা-মাইনার।

গুহ্যের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ (Proctitis,-Inflammation of the mucous membrane of the Rectum)। কল্‌চ্, কলিন্‌সনিয়া। (অর্শ রোগ এবং ভগন্দরের শীর্ষ দ্রষ্টব্য)।

চক্ষুর টেরিজিয়াম্ নামক অসুখ (*Pterygium*)। রাটেন্‌হিয়া, সাল্‌ফ্, জিঙ্ক্।

মুখে লাল উঠা (Ptyalism)। আয়োড্, আইরিস্, যাবোরাণ্ডি, মার্ক্।

পূঁয দ্বারা রক্ত বিষাক্ত হওয়ার দরুণ রোগ বা পাইমিয়া (Pyœmia)। আর্ণিকা, আর্স্, চিনিনাম্-সাল্‌ফ্, চিনিনাম্-আর্স্, চায়না, আর্স্, হিপ-সাল্‌ফ্, সাইলিসি।

মূত্রকোষের পেল্‌বিস্ (Pelvis) নামক অংশের প্রদাহ (Pyelitis, Inflammation of the pelvis of the kidneys)। ইউবা-আর্সাই, ফস্ফরিক্-আস্, আর্স্।

সায়েটিক্ স্নায়ু-শূল (Sciatica)। একন্, আমন্-মিউর্, আর্স্, কলোস্, নেট্রাম্-সাল্‌ফ্, রানান্‌কুলাস্, রাস্-টক্স্, টিরিবিন্থ্।

আগুনে পুড়িয়া বা ঝল্‌সিয়া যাওয়া (Scalds)। ক্যান্থারিসের স্থানিক প্রয়োগ।

ঘুমের ঘোরে চলিয়া বেড়ান বা নিয়মিত কাজ কর্ম্ম করা (Somnambulism)। ক্যালী-ব্রোমাইড।

কসেরুকা মজ্জার অসুখ (Affections of the Spinal-cord)। পিক্‌রিক্-আস্, আগারিকাশ্, বেল্, জেল্‌স্, নেজা, সিকেল্, টেলুরিয়াম্, বিরেট্-বিরাইড্।

মস্তিষ্কের প্রদাহ (Phrenitis)। বেল্, বিরেট্-বিরাইড্, হায়োস্, ষ্ট্রামন্।

প্লীহার অসুখ (Affections of the Spleen)। আগারিকাশ্, সিয়েনোথাস্, আর্সিনিক্, নাক্স্-বম্।

তোতলামি (Stammering)। হায়োস্, ষ্ট্রামন্।

শক্ত গ্রীবা (Stiff neck)। একন্, সিমিসিফ্, ব্রাই, কলচ্, ডাল্ক্, রাস্টক্স্।

গুহ্যের সঙ্কোচন বা অপ্রশস্ততা (Stricture of the Rectum)। কফিয়া, ফস্, পডোফ্, কলিন্সোনিয়া।

সাইনোবিয়াল্ ঝিল্লী প্রদাহ (Synovitis, Inflammation of the Synovial membrane)। এপিস্, ব্রাই, পাল্স্, রাস্টক্স্।

আব (Tumours)। ক্যাল্ক্-কার্ব্ব, ইউকেলিপ্টাস্, হাইড্রাষ্ট্, ক্যালী-ব্রোমাইড্, সাইলিসি, ব্যারাইটা-কার্ব্ব।

পেটফাঁপা (Tympanitis)। আসাফিটিডা, কলচ্, ট্যারেক্সেকাম্, কার্ব্বো-বেজ্, লাইকোপ্, আর্স্, নাক্স্-বম্।

ইউরিয়া দ্বারা রক্ত বিষাক্ত হওয়ার দরুণ অসুখ বা ইউরিমিয়া (Uroemia)। কার্ব্বোলিক্-আস্, ওপিয়াম্, ক্যাম্ফ্, টিরিবিন্থ্, ক্যালী বাই।

নানাকারণে শ্বাসরোধ বা ফাঁপড় হওয়া (Asphyxia,-Apnœa,-Suffocation from different Causes)। কৃত্রিম শ্বাস প্রশ্বাস উৎপাদনের উপায় অবলম্বনীয়।

ঠাণ্ডা লাগিয়া অবসন্নতা (Depression from Cold)। শ্বাস রোধ হওয়ার দরুণ অবসন্নতাতে কৃত্রিম শ্বাস প্রশ্বাস উৎপাদন করার পর কার্ব্বো-বেজ্, সিকেল্ ব্যবহার্য্য।

আঘাত লাগিয়া মস্তিষ্কের কার্য্যাবরোধ (Concussion of the brain)। আর্ণিকা, বেল্, সিকুটা, ডিজিট্, জেল্স্, হায়োস্, ওপিয়াম্, একন্।

আগুনে পোড়া এবং তদ্দরুণ ক্ষত (Burns and Scalds)। ক্যাম্ফ্, রাস্-টক্স্, আর্টিকা, একন্, আর্স্, ক্যামোমিলা, চায়না, সাল্ফ্।

গায় কাঁচ ভাঙ্গা, কাঁটা, চোঁচ, ভাঙ্গা সূচী ইত্যাদি বিঁধিয়া থাকা (Foreignbodies)। কাঁচ ইত্যাদি বাহির করিয়া ফেলিয়া আর্ণিকার লোশন ক্ষতের স্থানে লাগাইবে। এতদ্ভিন্ন আর্ণিকার আভ্যন্তরিক প্রয়োগ ব্যবস্থা।

আঘাত লাগিয়া চামড়া ছিঁড়িয়া ঘা বা ক্ষত হওয়া (Wounds)। আর্ণিকা, একন্, চায়না, (ক্যালেণ্ডুলার বাহ্য প্রয়োগ), হাইপারিকাম্, ল্যাকেস, লেডাম্।

হাড়ভাঙ্গা (Fracture,-Broken bone)। অস্ত্র চিকিৎসার সাহায্য আবশ্যক। এতদ্ভিন্ন একন্, আর্ণিকা, বেল, ক্যাল্ক-ফস, রুটা, সিম্ফাইটাম্, ক্যাল্ক-কার্ব্ব, সাইলিসি, ইগ্নেস ইত্যাদির আভ্যন্তরিক প্রয়োগ ব্যবস্থা। আর্ণিকার বাহ্য প্রয়োগ। কুপ্রাম্, হায়োস, মেজিরিয়াম্, ফস্, আর্স-আয়োডাইড্ও প্রয়োজন হইতে পারে।

অস্থির সন্ধি স্থান ভ্রষ্ট হওয়া (Dislocation)। অস্ত্রচিকিৎসার সাহায্য আবশ্যক। হাড় ভাঙ্গার শীর্ষ দ্রষ্টব্য।

অতিরিক্ত পরিশ্রম দ্বারা পেশীর দুর্ব্বলতা বা অবসন্নতা (Exhaustion of the muscles,-Fatigue)। আর্ণিকা। এতদ্ভিন্ন আর্ণিকা ইত্যাদির বাহ্য প্রয়োগ।

বিষাক্ত দ্রব্যাদি উদরস্থ হইয়া বিষাক্ত হওয়া। বমন উৎপাদক ঔষধ ব্যবহার্য্য। এতদ্ভিন্ন "সরল-চিকিৎসা" বা "চিকিৎসা সোপান" দ্রষ্টব্য।

স্ত্রী-রোগ সমূহ

(Diseases of Women)

গৌণে প্রথম রজঃস্রাব (Retension of the Menses,-Amenorrhœa)। একন্, আর্স, বেল, ব্রাই, ককিউলস, পালস, সিপিয়া, গ্রাফ, হেলিবোরাস, ক্যালী-কার্ব্ব, ম্যাগনেস-কার্ব্ব, নেট্রাম-মিউর, সেনিসিয়ো, সাল্ফ, ফস্ফরাস, বোরাক্স।

মৃত্তিকাপাণ্ডু রোগ (Chlorosis,-Green-Sickness)। (১০৩৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য)।

রজঃরোধ (Amenorrhœa, Suppression of the Menses)। একন্, এপিস, আর্স, বেল, ব্রাই ক্যাল্ক-কার্ব্ব, কষ্ট, ক্যামোমিলা, চায়না,

ককিউল্, কলোসিন্থ্, কোনায়াম্, ক্রোকাস্, ডাল্‌ক্, জেল্‌স্, গ্রাফ্, ক্যালী-কার্ব্ব্, লিলিয়াম্-টাইগ্রিনাম্, লাইকোপডিয়াম্, নাক্স্-মষ্ক্, ফস্ফরাস্, সিপিয়া, সাল্‌ফ্, বিরেট্-আল্ব্, পাল্‌স্, সেনিসিয়ো।

কষ্টকর রজঃস্রাব ও বাধকের বেদনা (Dysmenorrhœa,-Painful Menstruation)। আমন্-আসেট্, আমন্-কার্ব্ব্, এপিস্, বেল্, ক্যাক্টাস্, ক্যাল্ক্-কার্ব্ব্, কলোফিলাম্, ক্যামোমিলা, সিমিসিফ্, ককিউল্, কোনায়াম্, জেল্‌স্, হামামেলিস্, লিলিয়াম্, নাইট্রিক্-আস্, নাক্স্-বম্, ফস্ফরাস্, ফাইটোল্, প্লাটিনা, পাল্‌স্, সিপিয়া, সাল্‌ফ্, বাইবার্ণাম্, জাস্থক্‌জিলাম্, সেনিসিয়ো।

প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব (Menorrhagia,-Profuse Menstruation)। একন্, আপোসিনাম্, আমন্-কার্ব্ব্, আর্স্, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, চায়না, সিমিসিফ্, কোকাস্, ক্রোকাস্, ফেরাম্, ইগ্‌নেস্, আয়োড্, ক্যালী-কার্ব্ব্, ক্রিয়াজ্, ম্যাগ্‌নেস্-কার্ব্ব্, নাক্স্-মষ্ক্, নাক্স্-বম্, ফস্ফরাস্, প্লাটিনা, রুটা, সাবাইনা, সিকেল্, সিপিয়া, সাল্‌ফ্, ট্রিলিয়াম্, আষ্টিলেগো, ক্যাল্ক্-ফস্, সেনিসিয়ো।

শেষরজঃরোধ (Cessation of the Menses,-Change of life,-Critical period)। ব্রাই, ককিউল্, ইগ্‌নেস্, পাল্‌স্, সিপিয়া, সাল্‌ফ্, সিমিসিফ্, আমিল্-নাইট্রেট্, গ্লোনয়েন্, সাঙ্গুনেরিয়া, বেলিরিয়ান্।

জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব (Metrorrhagia,-Uterine Hæmorrhage)। একন্, বেল্, বোবিষ্টা, ব্রাই, ক্যামোমিলা, চায়না, ক্রোকাস্, ফেরাম্, হামামেলিস্, হায়োস্, ইপিকাক্, বিন্‌কা-মাইনার, পাল্‌স্, সাবাইনা, সিকেল্, সিপিয়া, সাল্‌ফ্। এতদ্ভিন্ন প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাবের শীর্ষ দ্রষ্টব্য।

জরায়ু প্রদাহ (Metritis,-Inflammation of the Uterus)। একন্, এপিস্, আর্স্, বেল্, ব্রাই, ক্যান্থ্, কলোস্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, হায়োস্, ল্যাকেস্, মার্ক্, নাক্স্-বম্, পাল্‌স্, রাস্টক্স্, সাবাইনা, সিকেল্।

ডিম্বকোষ প্রদাহ (Ovaritis,-Inflammation of the Ovaries)।

একন্, আর্স, এপিস্, বেল্, ব্রাই, ক্যাক্ট, ক্যান্থ, কোনায়াম্, হামামেলিস্, হিপ, সাল্ফ্, প্লাটিনা, পাল্স, আয়োড্, লিলিয়াম্।

ডিম্বকোষের কঠিনতা (Induration of the Ovaries)। অরাম্, গ্রাফ্। এতদ্ভিন্ন ডিম্বকোষ প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য।

ডিম্বকোষের শোথ (Ovarian Dropsy)। এপিস্, আয়োড্, ল্যাকেস্, লিলিয়াম্-টাইগ্রি, নেজা, প্যালেডিয়াম্, প্লাটিনা, পাল্স্, আষ্টিলেগো, ক্যালী-ব্রোমাইড্।

ডিম্বকোষের স্নায়ুশূল (Neuralgia of the Ovaries)। কলোসিন্থ্, সেনিসিয়ো। এতদ্ভিন্ন ডিম্বকোষ প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য।

শ্বেতপ্রদর (Leucorrhœa)। ইস্কুলাস্, আলুমিনা, আম্ব্রা, আমন্-কার্ব্ব্, আমন্-মিউর, আর্স, বোবিষ্টা, ক্যাল্ক্-কার্ব্ব, চায়না, ককিউল্, কোনায়াম্, কোপেইবা, কিউবেবা, গ্রাফ্, ইগ্নেস্, ক্যালী-বাই, ক্রিয়াজ্, ল্যাকেস্, লাইকোপডিয়াম্, নাইট্রিক্ আস্, নাক্স্-মক্, নাক্স্-বম্, ম্যাগ্নেস্-মিউর, পডোফিলাম্, স্যাবাইনা, সিপিয়া, সাল্ফ্, জিঙ্কাম্, সিয়েনোথাস্।

বন্ধ্যাত্ব (Sterility)। বোরাক্স্, কোনায়াম্, আয়োড্।

যোনিদ্বারের আক্ষেপ (Vaginismus)। হামামেলিস্, প্লাম্বাম্, সাইলিসিয়া।

যোনির প্রদাহ (Vulvitis)। সিপিয়া, বেল্।

জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া (Prolapsus Uteri,-Falling of the Womb)। একন্, বেল্, আমন্-মিউর, অরাম্-মেট্, ক্যাল্ক্-কার্ব্ব, কোনায়াম, গ্রাফ্, ফেরাম্, আর্ণিকা, হেলিবোরাস্, হাইড্রাষ্ট্, লিলিয়াম্-টাইগ্রি, মার্ক্, নাইট্রিক্-আস্, ল্যাকেস, নাক্স্-মক্, নাক্স্-বম্, পডোফ্, পাল্স্, রাস্টক্স্, সিপিয়া, সাল্ফ্, সিকেল্, ষ্টানাম্।

জরায়ুর নানাপ্রকারের অসুখ (Affections of the Uterus)। সিমিসিফ্, আর্জেণ্ট্-মেট্, অরাম্, বেল্, ফেরাম্, হেলোনিয়াস্, হাইড্রো-কোটাইল্, আয়োড্, লিলিয়াম্, ম্যাগ্নেস্-মিউর, নেট্রাম্-ক্লোরেট্, সিকেল্, সিপিয়া। এতদ্ভিন্ন পূর্ব্বোল্লিখিত রজঃস্রাব সম্বন্ধীয় অসুখের শীর্ষ দ্রষ্টব্য।

গর্ভাবস্থায় বমন বা বমনোদ্বেগ (Morning Sickness)।

অ্যালিট্রিস, আণ্টি-ক্রুড, আর্স, আর্সিনাইট অব কপার, ব্রাই, ক্যাল্ক-কার্ব, কফিউল, কলচ, সাইক্লেমেন, ইপিকাক, লোবিলিয়া, নাইট্রিক-আস, নাক্স-বম, পিট্রোল, পাল্স, সিপিয়া, আণ্টি-টার্ট, বিরেট-আব, জিঙ্কাম, ফস্ফরাস, নেট্রাম-মিউর, ক্রিয়াজোট, কার্বোলিক-আস।

গর্ভাবস্থায় শিরঃপীড়া এবং মাথাঘোরা (Head-ache and Vertigo during Pregnancy)। একন, বেল, নাক্স-বম, প্লাটিনাম, পাল্স, সিপিয়া। এতদ্ভিন্ন পূর্ব্বোল্লিখিত মাথা ঘোরা এবং শিরঃপীড়ার শীর্ষ দ্রষ্টব্য।

গর্ভাবস্থায় দন্তশূল (Tooth-ache during Pregnancy)। একন, বেল, ক্যাল্ক-কার্ব, ক্যামোমিলা, মার্ক, নাক্স-বম, পাল্স, সিপিয়া ষ্টাফিসেগ্রিয়া।

গর্ভাবস্থায় মুখে জল উঠা ও বুক জ্বালা. *(Water-brash and heart-burn during Pregnancy)। নাক্স-বম, ফস্ফরাস, পাল্স, সিপিয়া, সাল্ফ, ক্যাপস, মার্ক, কার্ব্বো-বেজ, জিঞ্জিবার।

গর্ভাবস্থায় বুকের পার্শ্বে বেদনা (Pain in the side during Pregnancy)। আর্ণিকা, বেল, ব্রাই, নাক্স-বম, পাল্স, সিমিসিফ।

গর্ভাবস্থায় কোষ্ঠবদ্ধ (Constipation during Pregnancy)। আণ্টি-ক্রুড, আর্স, ব্রাই, ক্যামোমিলা, চায়না, ডাল্ক, লাইকোপ, মার্ক, পডোফ।

গর্ভাবস্থায় যোনি দ্বারাদির চুলকানি (Pruritis,-Itching of the privates during Pregnancy)। কর্ব্বো-বেজ, লাইকোপ, মার্ক, পাল্স, সিপিয়া, সাল্ফ।

শিরার স্ফীতি ও বিস্তৃতি (Varicose veins during Pregnancy)। আর্ণিকা, বেল, নাক্স-বম, পাল্স, হামামেলিস।

গর্ভাবস্থায় শরীরের স্থানে স্থানে খিলধরা (Cramps during Pregnancy)। বেল, ক্যামোমিলা, হায়োস, নাক্স-বম, বিরেট-আল্ব।

গর্ভাস্থায় মূত্র ধারণে অশক্তি (Incotinence of urine during Pregnancy)। একন, বেল, কষ্ট, পাল্স, সাল্ফ।

গর্ভস্রাব (Abortion,–Miscariage)। একন্, আর্ণিকা, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, ক্যাম্ফ্, কলোফিলাম্, ক্যামোমিলা, চায়না, ক্রোকাস্, ফেরাম্, হায়োস্, ইগ্নেস্, ইপিকাক্, নাক্স্-মস্ক্, নাক্স্-বম্, পাল্স্, রাস্-টক্স্, সাবাইনা, সিকেল্, ক্যাম্ফ্, সিপিয়া।

গর্ভাবস্থায় স্তনের অসুখ (Affections of the Breasts during Pregnancy)। ক্যামোমিলা, গ্রাফাইটিস্, ফাইটোল্, হাইড্রাষ্ট্, পাল্স্, সাল্ফ্।

কৃত্রিম প্রসব বেদনা (False labor-pains)। একন্, বেল্, কফিয়া, নাক্স্-বম্, পাল্স্, কলোফিলাম্, ক্যামোমিলা।

সন্তান প্রসব (Labor,–Child-birth)। একন্, বেল্, ক্যামোমিলা, সিমিসিফ্, কফিয়া, জেল্স্, ইগ্নেস্, নাক্স্-বম্, ওপিয়াম্, পাল্স্, সিকেল্।

সন্তান প্রসব-উপলক্ষে আক্ষেপ (Puerperal Convulsions)। একন্, আর্জেণ্ট-নাইট্রিক্, বেল্, সিকুটা, কুপ্রাম্-মেট্, গ্লোনয়েন্, ইনাস্থি, বেল্, ক্যামোমিলা, চায়না, ইপিকাক্, পাল্স্, সিকেল্।

প্রসবের পর পেটে বেদনা (After-pains)। আর্ণিকা, বেল্, জেল্স্, কলোফিলাম্, ক্যামোমিলা, সিমিসিফ্, কফিয়া, কুপ্রাম্-আসেট্, ইগ্নেস্, নাক্স্-বম্, পাল্স্, সিকেল্, সিমিসিফ্, জ্যাস্থক্সিলাম্।

প্রসবের পর মূত্রাবরোধ (Retension of Urine after Delivery)। আর্ণিকা, বেল্, নাক্স্-বম্, পাল্স্। এতদ্ভিন্ন মূত্রাবরোধের শীর্ষ দ্রষ্টব্য।

স্তনে দুগ্ধের সঞ্চারের দরুণ জ্বরাদি অসুখ (Milk-Fever &c)। একন্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব, পাল্স্।

স্তনের প্রদাহ (Masitis,–Inflammation of the Mammœ or breasts of Women)। একন্, আর্ণিকা, বেল্, ব্রাই, হিপ্-সাল্ফ্, ফাইটোল; সাইলিসি, গ্রাফ্, মার্ক্, ফস্ফরাস্, হাইড্রাষ্ট্।

স্তনে বেদনা (Mastodynia,-Pain in the Mammœ or female breasts)। সিমিসিফ্, কোনায়াম্, ক্রোটন্, কেলেডিয়াম্, ফাইটোল্।

প্রসবের পর পায়ের শিরাদির শ্বেত স্ফীতি (Milk-leg,-

Phlegmasia Alba-Dolens)। একন্, আর্ণিকা, বেল্, ব্রাই, রাস্টক্স্, আস্, ক্যাল্ক্-কার্ব্ব্, হামামেলিস্, পাল্স্, বিস্মাথ্।

সূতিকা জ্বর (Child-bed Fever,-Puerperal Peritonitis) (১০২৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য)।

প্রসবের পর কোষ্ঠবদ্ধ (Constipation after Delivery) ব্রাই, নাক্স্-বম্, সাল্ফ্।

প্রসবের পর ক্লেদ বা লোকিয়া নিঃসরণ (Lochial Discharge)। একন্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, পাল্স্, রাস্টক্স্, সিকেল্।

স্তনের বোঁটায় টাটানী বা ক্ষত (Sore-nipples)। ক্যাল্ক্-কার্ব্ব্, গ্রাফ্, হিপ্-সাল্ফ্, সাল্ক্।

স্তনে ফোঁড়া (Mammary Abscess,-Gathered-Bgeast)। আর্ণিকা, বেল্, ব্রাই, হিপ্-সাল্ফ্, ফস্ফরাস্, সাইলিসি, গ্রাফ্, মার্ক্। এতদ্ভিন্ন স্তনের প্রদাহের শীর্ষ দ্রষ্টব্য।

সন্তান প্রসবের পর স্তনে দুগ্ধের অভাব বা অল্পতা (Agalactia)। একন্, আগ্নাস্, আসাফিটিডা, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-আনিমেল্, কষ্টিকাম্, ক্যামোমিলা, চায়না, ডাল্ক্, ল্যাকেসিস্, মার্ক্, নাক্স্-বম্, পাল্স্, রুস্, রাস্টক্স্, সিকেল্, সাল্ফ্, আর্টিকা।

শিশুগণের পীড়া

(DISEASES OF CHILDREN.)

শিশুর চক্ষু প্রদাহ (Opthalmia)। একন্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, মার্ক্-সল্, সাল্ফ্।

নাসারন্ধ্র রুদ্ধ হওয়া (Obstruction of the nose,-Snuffles)। ক্যামোমিলা, ডাল্ক্, নাক্স্-বম্, আন্টি-টার্ট।

শিশুর কামল রোগ বা নেবা (Jaundice of Infants)। একন্, ক্যামোমিলা, চায়না, মার্ক্-সল্, নাক্স্-বম্, ব্রাই, ডিজিট্, ক্রোটেলাস্, ফস্ফরাস্, মিরিকা-সেরিফ্।

মুখে ঘা বা ক্ষত (Sore-mouth,-Apthœ)। একন্, আস ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, মার্ক্-সল্, নাইট্রিক্-আস্, সাল্ফ্।

শরীরের স্থানে স্থানে ক্ষত হইয়া ফাটিয়া যাওয়া (Excoriations,-Chafing)। ক্যাল্ক্-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, ক্যামোমিলা, গ্রাফ্, লাইকোপডিয়াম্, সাল্ফ্।

মূত্রাবরোধ (Retention of Urine)। একন্, নাক্স্-বম্, পাল্স্, ক্যান্থ্, টিরিবিন্থ্।

শিশুর কোষ্ঠবদ্ধ (Costipation of Children)। ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, লাইকোপডিয়াম্, নাক্স্-বম্, ওপিয়াম্, পডোফিলাম্।

শিশুর উদরাময় (Diarrhœa of Children)। একন্, বেল্, ব্রাই, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, ডাল্ক্, ইপিকাক্, ম্যাগ্নেস্-কার্ব্ব্, মার্ক্-সল্, পডোফিলাম্, সাল্ফ্, রুম্, চায়না।

শিশুর পেটকামড়াণী বা শূলবেদনা (Colic of Infants)। একন্, এলিয়াম্, বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যামোমিলা, চায়না, সিনা, কলোসিন্থ্, ইগ্নেস্, ইপিকাক্, লাইকোপডিয়াম্, নাক্স্-বম্, পাল্স্, সেনা, বিরেট্-আল্ব্।

শিশুর স্তনের স্ফীতি (Swelling of the Breasts)। বেল্, হিপ্-সাল্ফ্, সাইলিসি।

শিশুর নিদ্রাশূন্যতা বা অস্থিরতা (Sleeplessness,-Restlessness of Infants)। ক্যামোমিলা, কফিয়া, ওপিয়াম্, একন্।

শিশুর ক্রন্দন (Crying of nfants)। একন্, বেল্, ক্যামোমিলা, কফিয়া, নাক্স্বম্। (শিশুর পেট কামড়াণী বা শূল বেদনার শীর্ষ দ্রষ্টব্য।

হিক্কা (Hiccough,-Singultus)। বেল্, হায়োস্, ইগ্নেস্, সাইলিসি।

মাথায় খুস্‌কী (Scurf of the Head)। সাল্‌ফ্‌।

আক্ষেপ,-খেঁচনি (Convulsions,-Spasms)। একন্‌, বেল্‌, ক্যামোমিলা, সিনা, হায়োস্‌, ইগ্‌নেস্‌, ওপিয়াম্‌, ষ্ট্রামন্‌, সিকুটা, কুপ্রাম্‌-মেট্‌, জেল্‌স্‌, ইপিকাক্‌, জিঙ্কাম্‌।

শিশুর দাঁত উঠার দরুণ অসুখ (Troubles during Dentition,-Teething)। একন্‌, এপিস্‌, বেল্‌, ব্রাই, ক্যাল্ক্‌-কার্ব্ব, ক্যামোমিলা, কফিয়া, গ্রাফ্‌, হায়োস্‌, ইগ্নেস্‌, ইপিকাক্‌, ম্যাগ্‌নেস্‌-কার্ব্ব, মার্ক্‌-সল্‌, নাক্স্‌-বম্‌, পডোফিলাম্‌, সাইলিসি, সাল্‌ফ্‌।

শিশুর ওলাউঠা (Cholera Infantum,-Summer Complaint)। একন্‌, এপিস্‌, আস্‌, বেল্‌, ব্রাই, ক্যাল্ক্‌-কার্ব্ব, কার্ব্বো-বেজ্‌, ক্যামোমিলা, ইপিকাক্‌, ম্যাগ্‌নেস্‌-কার্ব্ব, মার্ক্‌-সল্‌, ফস্ফরিক্‌-আস্‌, পডোফিলাম্‌, পাল্‌স্‌, সিকেল্‌, সাল্‌ফ্‌, বিরেট্‌-আল্ব্‌, এথুজা, আণ্টি-ক্রুড্‌, চায়না, সিনা, ক্রোটন্‌, লরোসিরেসাস্‌, ফস্ফরাস্‌, নাক্স্‌-মস্ক্‌, নাক্স্‌-বম্‌।

পেশীক্ষয় বা জীর্ণ শীর্ণ হওয়া (Marasmus,-Atrophy)। আস্‌, বেল্‌, ব্রাই, ক্যাল্ক্‌-কার্ব্ব, চায়না, মার্ক্‌-সল্‌, নাক্স্‌-বম্‌, ফস্ফরাস্‌, পাল্‌স্‌, ষ্টাফিস্‌, সাল্‌ফ্‌।

কর্ণের পশ্চাৎভাগে ক্ষত (Soreness behind the Ears)। ক্যাল্ক্‌-কার্ব্ব, গ্রাফ্‌, সাল্‌ফ্‌। এতদ্ভিন্ন শরীরের স্থানে স্থানে ক্ষত হইয়া ফাটিয়া যাওয়ার শীর্ষ দ্রষ্টব্য।

শিশুর অন্ত্রবৃদ্ধি (Hernia of Infants)। অন্ত্র বৃদ্ধির শীর্ষ দ্রষ্টব্য।

ঘামাচি (Heat-spots,-Prickly-heat)। ক্যাল্ক্‌-কার্ব্ব, গ্রাফ্‌, নাক্স্‌-বম্‌, সাল্‌ফ্‌।

শিশুবালিকাগণের শ্বেত প্রদর (Leucorrhœa of Children)। ক্যাল্ক্‌-কার্ব্ব, গ্রাফ্‌, নাক্স্‌-বম্‌, সাল্‌ফ্‌, সিনা।

আক্রান্ত অঙ্গে স্পর্শজ্ঞান রহিততা বিশিষ্ট পক্ষাঘাত (Anæsthesia)। একন্‌, ক্যানাবিস্‌-ইণ্ডিকা।

ধমনির মধ্যাবরক পদার্থের মেদোপকৃষ্টতা (Atheroma)। ফস্ফরাস্‌।

হাত পায়ের আঙ্গুল একভাবে রাখিতে অশক্তি (Athetosis)। ষ্ট্রিকনিয়া।

মূত্রে ইউরিয়ার আধিক্য (Azoturia)। কষ্টিকাম্, সেপিয়া।

পৃষ্ঠদেশে বেদনা বা কন্‌কনানি (Back-ache)। ক্যালী-কার্ব্ব।

চক্ষুর কোরয়েড্ পর্দ্দার প্রদাহ (Choroiditis)। ব্রাই, জেল্‌স্, ইপিকাক্, মার্ক্-কর, স্যাণ্টোনাইন্।

গুহ্যদ্বার বা জননেন্দ্রিয়ে (পুরুষাঙ্গ যোনি ইত্যাদি) কঠিন, বা আঁচিলের ন্যায় শ্লৈষ্মিক আব বা টিউমার (Condyloma)। নাইট্রিক আসিড, থুজা, সাবাইনা।

দুগ্ধপোষা শিশুর গায় ফুস্কুড়ী (Crusta Lactea)। ডাল্‌ক্, বায়োলা-ট্রিক্, বিন্‌কা-মাইনার।

ফুস্ফুসাবরক ঝিল্লীর কোটরে পূঁযের সঞ্চার (Empyema)। হিপার-সাল্‌ফ্।

উপাস্থির অর্ব্বুদ (Enchondroma)। ক্যাল্‌কেরিয়া।

চক্ষুর কর্ণিয়ার প্রদাহ (Inflammation of the Cornea)। এপিস্, অরাম্।

চক্ষুর কর্ণিয়ায় ক্ষত (Ulceration of the Cornea)। আর্সেনিক্, একন্ (আঘাত জনিত), আর্জেণ্ট্-নাইট্রিক্, আর্ণিকা, আসাফিটিডা, অরাম্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যাম্ফ্, ক্যামোমিলা, চায়না, সিমিসিফ্, কোনায়াম্, ক্রোটন্, ইউফ্রেস্, হিপ্-সাল্‌ফ্, ক্যালী-বাই, মার্ক্, নাক্স্-বম্, পাল্‌স্।

কর্ণিয়ার অস্বচ্ছতা (Opacity of the Cornea)। ক্যানাবিস্-স্যাট্, ইউফ্রেস্, ক্যালী-বাই।

অস্থিবৃদ্ধি (Exostosis)। ক্যাল্ক্-ফস্, ফ্লুয়োর-আস্, হেক্‌লা-লাবা, মার্ক্-কর।

পুরুষাঙ্গ, যোনি ইত্যাদির বহির্দ্দেশের কর্কট রোগ (Noma Pudendi)। আর্সেনিক্।

চক্ষুর রেটিনার প্রদাহ (Retinitis)। পিক্‌রিক্-আস্, বেল্, জেল্‌স্, মার্ক্-সল্, মার্ক্-কর, স্যাণ্টোনাইন্।

চক্ষুর রেটিনা ছিন্ন হওয়া (Detached Retina)। অরাম, জেলস্।

চর্ম্মের সঙ্কোচন এবং সাদা কঠিনতা (Scleroderma)। ব্রাইওনিয়া।

চক্ষুর স্ক্লেরোটিকার প্রদাহ (Sclerotitis)। থুজা।

ঔষধের বাহ্য প্রয়োগ দ্বারা চিকিৎসার উপযোগী রোগ সমূহ।

আঘাত লাগিয়া থেঁতলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়া (Contusions and Bruises)। যদি আঘাত লাগিয়া আঘাত প্রাপ্ত স্থানের চর্ম্মের নীচে কালচে নীল বা কালচে রক্ত জমিয়া থাকে, উহার সঙ্গে সঙ্গে আঘাত প্রাপ্ত স্থান স্ফীত হয় এবং উহার রঙ্গ পরিবর্ত্তিত হইয়া বেগুনী, লাল বা হরিদ্রা বর্ণ হয়, তবে আর্ণিকার বাহ্য প্রয়োগ ব্যবস্থা। যদি শরীরের কোন-কাংশে আঘাত লাগিয়া চামড়া ছিঁড়িয়া না যায়, তবে আঘাত প্রাপ্ত স্থানে গরম জলের সেক (Fomentation) দিয়া তৎপর ৫ ফোঁটা আর্ণিকার মূল আরোক, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া উক্ত লোশন দ্বারা আঘাত প্রাপ্ত স্থান ধোয়াইয়া দিবে। অথবা আঘাত প্রাপ্ত অংশ সূতার কাপড়ের বন্ধনী (Bandage) দ্বারা বাঁধিয়া আর্ণিকার মূল আরোক ২০।৩০ ফোঁটা অৰ্দ্ধ পোয়া পরিষ্কার জলে মিশাই উক্ত লোশন দ্বারা বন্ধনী ভিজাইয়া রাখিবে এবং রেসমী মোমজমা (Oiled-silk) দ্বারা বন্ধনী বাঁধিয়া রাখিবে। ব্যাণ্ডেইজের কাপড় শুকাইয়া গেলেই উক্ত লোশন দ্বারা উহা পুনরায় ভিজাইয়া দিবে। আঘাত লাগিয়া যদি চামড়া ছিঁড়িয়া যায়, তবে আর্ণিকার মূল আরোক ১০ ফোঁটা অৰ্দ্ধপোয়া জলে মিশাইয়া আঘাত প্রাপ্ত স্থানে লাগাইয়া দেওয়ার ব্যবস্থা চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। কিন্তু চামড়া ছিঁড়িয়া গেলে আর্ণিকা দ্বারা অনেক সময় উপকার না হইয়া বরং অপকার হইতে দেখা যায়, বিশেষতঃ যদি আঘাত প্রাপ্ত স্থানে জ্বালা থাকে। কারণ, আর্ণিকা একটী চর্ম্মের অত্যন্ত উত্তেজক ঔষধ এবং সুস্থ চর্ম্মে ইহা প্রয়োগেও অনেক সময়

বিসর্পের ন্যায় প্রদাহযুক্ত ফুস্কুড়ী (Erysipelatous inflammatory Eruptions) প্রকাশ পাইতে দেখা যায়। এমতাবস্থায় আর্নিকার পরিবর্ত্তে ক্যালেণ্ডুলার মূল আরোক ১০।১৫ ফোঁটা অর্দ্ধ পোয়া জলে মিশাইয়া আঘাত প্রাপ্ত স্থানে লাগাইবে। রোগী শিশু বা ছোট বালক বালিকা হইলে ৫।৬ ফোঁটা ক্যালেণ্ডুলার মূল আরোক অর্দ্ধপোয়া জলে মিশাইয়া ব্যবহার্য্য। আঘাত প্রাপ্ত স্থান দিয়া রক্ত পড়িলে আর্নিকা অপেক্ষা ক্যালেণ্ডুলা অধিক উপকারী।

চক্ষু বা মুখমণ্ডলের অন্য কোন কোমলাংশে আঘাত লাগিলে উহার চিকিৎসা সম্বন্ধে চিকিৎসকের বিশেষ সাবধান হওয়া উচিত। আঘাত লাগিয়া, বা চক্ষে বালি ইত্যাদি প্রবিষ্ট হইয়া চক্ষু রক্তবর্ণ হইলে বা চক্ষুর পাতা বা উহার চতুস্পার্শ্ববর্ত্তী স্থান কাল বর্ণ হইলে আর্নিকার মূল আরোক ৫ ফোঁটা অর্দ্ধ পোয়া পরিষ্কার জলে মিশাইয়া চক্ষু ধোয়াইয়া দেওয়ার ব্যবস্থা চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এই ব্যবস্থা দ্বারা অনেকের উপকার হয়, আবার অনেকের অপকারও হইতে দেখা যায়। অতএব এই প্রকার অসুখ বা ঘটনায় আর্নিকার বাহ্য প্রয়োগ বিষয়ে চিকিৎসকের বিশেষ সাবধান হওয়া উচিত।

আঘাত লাগিয়া পেশীর কঠিন অগ্রভাগ (Tendons) অথবা অস্থিসন্ধি বা অস্থির আবরক কঠিন পর্দ্দা (Periosteum) আক্রান্ত হইয়া আঘাত প্রাপ্ত স্থানে ক্রমাগত টাটানি, দুর্ব্বলতা এবং প্রচাপনে বেদনা বা টাটনির উদ্রেক হইলে, অথবা আঘাত প্রাপ্ত অস্থির সন্ধির আবরক কঠিন পর্দ্দা, পেশীর কঠিন অগ্রভাগ বা পেশী গুলি শক্ত হইলে এবং সঞ্চালনে উহাতে বেদনার উদ্রেক হইলে, অথবা আক্রান্ত সন্ধিগুলি যদি দুর্ব্বল হয় এবং সঞ্চালনের সময় নেতিয়া পড়ে বা বেদনাযুক্ত হয় বা উহা সঞ্চালন করিতে কষ্ট অনুভূত হয়, অথবা আঘাত প্রাপ্ত স্থান যদি থেঁতলিয়া যাইয়া আর্নিকা দ্বারা কোন উপকার না দর্শে এবং আঘাত যদি কতক দিনের পুরাতন আকার ধারণ করে, তবে আঘাতপ্রাপ্ত স্থান একখানি সূতার কাপড়ের বন্ধনী (Bandage) দ্বারা বাঁধিয়া ২০ ফোঁটা রাস্টক্সের মূল আরোক, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া এই প্রকারে প্রস্তুত করা লোশন দ্বারা বন্ধনী ভিজাইয়া রাখিবে যে পর্য্যন্ত আক্রান্ত স্থানের বেদনাদি সারিয়া না যায়।

আঘাত লাগিয়া ঘা এবং কাটা ঘা (Wounds and Cuts)। ছুরী দিয়া কাটা ঘা হইলে ক্যালেণ্ডুলার মূল আরোক ১০ ফোঁটা ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া এই পরিমাণে প্রস্তুত করা লোশন দ্বারা ঘা ধোয়াইয়া দিয়া ঘায়ের দুই মুখ একত্র করিয়া ক্যালেণ্ডুলার আড্‌হিসিব্‌ প্লাষ্টার (Calendula adhesive Plaster) লাগাইয়া ঘা বাঁধিয়া রাখিবে। রোগী শিশু বা ছোট বালক বালিকা হইলে, ৫ ফোঁটা ক্যালেণ্ডুলা ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া ব্যবহার্য্য। যদি কাটা ঘায়ের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান থেঁত্‌লিয়া যায়, তবে আর্ণিকার লোশন ব্যবহারের ব্যবস্থা চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এমতাবস্থায় আর্ণিকা ব্যবহার অন্যায় বলিয়া লেখক মনে করেন। কারণ, এই অবস্থায় আর্ণিকার বাহ্য প্রয়োগ দ্বারা অনেক সময় বিসর্প বা ইরিসিপেলাসের ন্যায় প্রদাহ (Erysipelatous inflammation) হইতে দেখা যায়।

বন্দুকের গোলাদি লাগিয়া ঘা (Gunshot-wounds)। ইহাতে ক্যালেণ্ডুলার লোশন ব্যবহার্য্য। এই দুর্ঘটনার চিকিৎসার ভার কোন এক বিজ্ঞ বহুদর্শী অস্ত্রচিকিৎসকের হস্তে অর্পণ করা উচিত।

আঘাত লাগিয়া আঘাত প্রাপ্ত স্থান থেঁত্‌লিয়া যাওয়া, মোচড়াইয়া পড়া বা অতিরিক্ত বিস্তৃত হওয়া (Sprains and Strains)। ইহাতে আঘাত প্রাপ্ত স্থানে আবড়্‌ খাবড়্‌ ক্ষত হয় এবং চর্ম্মের নীচে রক্ত জমিয়া যায় ও তদ্দরুণ আঘাত প্রাপ্ত স্থান অত্যন্ত প্রদাহযুক্ত ও স্ফীত হয় এবং প্রদাহযুক্ত ও স্ফীত স্থানের মাংস যদি ছিঁড়িয়া যাওয়ার দরুণ উক্ত স্থানের কঠিনতা ঘা অপেক্ষা অধিক বলিয়া অনুভূত হয়, তবে আঘাত প্রাপ্ত স্থানে গরম জল দ্বারা সেক দিয়া তৎপর আঘাত প্রাপ্ত স্থান ব্যাইণ্ডেজ্‌ দ্বারা বাঁধিয়া ৫ ফোঁটা আর্ণিকার মূল আরোক অর্দ্ধ পোয়া পরিষ্কার জলে মিশাইয়া ঐই লোশন দ্বারা উক্ত ব্যাণ্ডেইজ ভিজাইয়া রাখিবে। এই প্রকার অবস্থায়ও লেখকের মতে উল্লিখিত কারণে আর্ণিকার লোশন ব্যবস্থা অনেক সময় অন্যায় বলিয়া বোধ হয়। উক্ত উপায়ে যদি অসুখের উপশম হয়, ভাল; কিন্তু ৫।৭ দিবস এই চিকিৎসায় বা বিনা চিকিৎসায় যদি অসুখ না সারে বা আস্তে আস্তে

সারে এবং তদ্দরুণ আক্রান্ত স্থানের সন্ধি সঞ্চালনে বেদনার উদ্রেক হয় ও পেশীগুলি কঠিন হওয়ার দরুণ সঞ্চালন, বিস্তৃত করা বা সঙ্কোচনের সময় যদি বেদনার উদ্রেক হয়, আক্রান্ত সন্ধিগুলি দুর্ব্বল হয়, চাপিলে যদি আক্রান্ত স্থান অত্যন্ত বেদনাযুক্ত হয়, অথবা আক্রান্ত অঙ্গের সাহায্যে যদি রোগী কোন প্রকারের ভারি বস্তু না তুলিতে পারে, অথবা আক্রান্ত স্থান সামান্য প্রচাপনে যদি বেদনাযুক্ত না হয় এবং প্রবল প্রচাপনে যদি অত্যন্ত বেদনাযুক্ত হয়, তবে আক্রান্ত স্থান সূতার কাপড়ের ব্যাণ্ডেইজ (Bandage) দ্বারা বাঁধিয়া রাখিবে এবং রাস্-টক্সের মূল আরোক ১৫।২০ ফোঁটা অর্দ্ধ পোয়া পরিষ্কার জলে মিশাইয়া এই প্রকারে প্রস্তুত করা লোশন দ্বারা ব্যাণ্ডেইজ ভিজাইয়া রাখিবে। উক্ত দুর্ঘটনার কুফল যদি ঘটনার অনেক দিন পর প্রকাশ পায়, তবে রাস-টক্স আরো অধিক উপকারী। এমতাবস্থায় রুটার আভ্যন্তরিক এবং বাহ্য প্রয়োগে কএকটী রোগীর চিকিৎসায় লেখক বিশেষ উপকার পাইয়াছেন। কোন ভারি দ্রব্য তুলিতে যাইয়া যদি কোমরের পেশীগুলি অতিরিক্ত পরিমাণে বিস্তৃত হইয়া বেদনাদির উদ্রেক হয়, তবে প্রথমতঃ আর্ণিকা এবং তৎপর রাস্ টক্স উক্ত প্রকারে ব্যবহার্য্য। যদি উক্ত কারণে কোমরে বেদনা বা বাত (Lumbago or Rheumatism) ধরে, তাহা হইলেও আর্ণিকা এবং রাস্টক্স ব্যবহার্য্য। রোগ পুরাতন আকার ধারণ করিলে আর্ণিকা বা রাস্-টক্স মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট (Arnicated oil or Arnicated Liniment) অধিক উপকারী।

অতিরিক্ত শারীরিক পরিশ্রমের দরুণ ক্লান্তি জনিত অসুখ (Fatigue and Over-exertion)। যদি অনেকক্ষণ বা অনেকদূর চলিয়া বেড়াইবার পর পায় বেদনা হয় এবং ফোস্কা পড়ে, তবে গরম জল করিয়া উহাতে ১ ড্রাম আন্দাজ আর্ণিকার মূল আরোক মিশাইয়া, আর্ণিকা মিশ্রিত গরম জলে পা হাঁটু পর্য্যন্ত ১০।১৫ মিনিট ভিজাইয়া রাখিলে যাতনাদির অনেক উপশম হইতে দেখা যায়। ক্রিকেট বা অন্যান্য রকমের খেলা যাহাতে হাত পা এবং সমুদয় শরীর অতিরিক্ত পরিমাণে সঞ্চালিত হয়, তাহাতে বেদনাযুক্ত অঙ্গ উক্ত প্রকারে ধোয়াইলে বিশেষ উপকার দর্শে। এতদ্ভিন্ন আর্ণিকার ৩য় বা ৬ষ্ঠ ডাঃ সেব্য। যদি আর্ণিকা ব্যবহারের পর ৩।৪ দিন

পর্য্যন্ত বেদনাদি বর্ত্তমান থাকে, তবে ১০।১৫ ফোঁটা রাস্ টক্সের মূল আরোক ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া এই লোশন বেদনাযুক্ত স্থানে লেপিয়া দিলে বিশেষ উপকার দর্শে। এই অবস্থায় রাস্টক্স্ মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ (Rhus-oil or Rhus Liniment) মালিস করিলেও উপকার হইতে পারে।

অনেক সময় নৌকায় দাঁড় মারিতে যাইয়া অনেকের হাতে ফোস্কা পড়ে বা ফোস্কা পড়ার উপক্রম হয়। এমতাবস্থায় ৫ ফোঁটা ক্যান্থারিসের মূল আরোক ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া আক্রান্ত স্থানে লেপিয়া দিবে। ইহা দ্বারা ফোস্কা পড়া নিবারিত হইলে বা ফোস্কা সারিয়া গিয়া বেদনাদি বর্ত্তমান থাকিলে প্রথমতঃ আর্ণিকা এবং তৎপর রাস্টক্সের লোশন, বা উক্ত দুই ঔষধ মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ ব্যবহার্য্য। যদি রসিব ঘষ লাগিয়া হাতের পাতার চামড়া ছিঁড়িয়া যায়, তবে ক্যালেণ্ডুলার লোশন ব্যবহার্য্য।

কীটাদির কামড় জনিত অসুখ (Stings of Insects)। বোল্তা (বল্লা), মৌমাছি, মশা, ডাঁস, ছারপোকা, ভিমরুল ইত্যাদিতে কামড়াইলে কামড়ান বা হুল ফুটানের স্থানে আর্ণিকার মূল আরোক লেপিয়া দিলে টাটানি ইত্যাদির অনেক উপশম হয়। কামড়ের স্থান ফুলিয়া উহাতে কুট্‌কুটানি, চিড়িক্ মারা, টাটানি এবং জ্বালা থাকিলে আর্ণিকার বাহ্য প্রয়োগের সঙ্গে সঙ্গে একোনাইটের আভ্যন্তরিক প্রয়োগ উপকারী। ফলাদি খাইবার সময় ঠোঁটের উপর কোন কীট কামড়াইলে বেলাডোনা এবং মার্কিউরিয়াসের আভ্যন্তরিক প্রয়োগে উপকার দর্শে। এতদ্ভিন্ন আর্ণিকার বাহ্য প্রয়োগ ব্যবস্থা। যদি কীটাদির কামড়ের পরই কামড়ের স্থান লালবর্ণ, স্ফীত, উষ্ণ, বেদনাযুক্ত হয় এবং আবের ন্যায় স্ফীত হইয়া উহাতে কুট্‌কুট্ করে, অথবা চর্ম্ম যদি কোঁচ্‌কাইয়া উঁচু নিচু হয় এবং কোন কোন স্থানে লালবর্ণ এবং কোন কোন স্থানে সাদা হয়, অথচ চর্ম্মে ফোস্কা বা ফুস্কুড়ী না হয় এবং চর্ম্মে হাত বুলাইলে নির্ম্মল অনুভূত হয়, তবে আর্টিকা ইউরেন্সের মূল আরোক ১০ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া কামড়ের স্থানে লেপিয়া দিলে অনেক উপকার দর্শে। এরূপ ২।৩ ঘণ্টা অন্তর ২।৩ বার লেপ দিলেই অসুখ সারিয়া যায়।

গায় বিছাটি লাগিলে আর্ণিকা ১৫ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া আক্রান্ত স্থানে লেপিয়া দিবে। শিশু বা ছোট বালক বালিকার জন্য আর্ণিকা ৫ ফোঁটা ২ কাঁচ্চা জলে মিশাইয়া ব্যবহার্য্য।

অস্ত্র চিকিৎসায় অনেক সময় অস্ত্র দ্বারা কাটা ঘা দিয়া অতিরিক্ত পরিমাণে রক্তস্রাব হইতে পারে। এমতাবস্থায় ক্যালেণ্ডুলার মূল আরোক ১৫।২০ ফোঁটা, এক ছটাক পরিমাণ পরিষ্কার জলে মিশাইয়া উহাতে একখানী সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া বাঁধিয়া রাখিলে রক্তস্রাব বন্ধ হয়।

অনেক সময় দাঁত তুলিয়া ফেলার পর দাঁতের গোড়া দিয়া অতিরিক্ত রক্তস্রাব হইতে দেখা যায় এবং অনেক সময় রক্তস্রাব এত ভয়ানক আকার ধারণ করে যে উহার দরুন রোগীর প্রাণ বিনষ্ট হওয়াও আশ্চর্য্য নহে। এমতাবস্থায় আর্ণিকার মূল আরোক ১০ ফোঁটা, ১ ছটাক পরিষ্কার জলে মিশাইয়া উক্ত লোশন দ্বারা কুলকুচা করিলে বেদনাদি সারিয়া যায় এবং রক্তস্রাবও বন্ধ হয়। দাঁত তোলার পর অতিরিক্ত পরিমাণে রক্তস্রাব হইলে ক্যালেণ্ডুলার মূল আরোক ১০ ফোঁটা, ১ ছটাক পরিষ্কার জলে মিশাইয়া উহা দ্বারা কুল্কুচা করিলেও রক্তস্রাব বন্ধ হয়। আর্ণিকা বা ক্যালেণ্ডুলার লোশন দিয়া কুল্‌কুচা করার পর পরিষ্কার জল দিয়া মুখ ধুইয়া ফেলা উচিত।

স্ত্রীলোকের কষ্টে সন্তান প্রসবের পর, অথবা অস্ত্র দ্বারা সন্তান প্রসব করাণের পর, অনেক সময় জরায়ু ইত্যাদি জননেন্দ্রিয় প্রদাহযুক্ত হইতে দেখা যায়। অতএব উক্ত প্রকারে সন্তান প্রসবের পর আর্ণিকার মূল আরোক ১৫ ফোঁটা অর্দ্ধপোয়া ঈষৎ উষ্ণ জলে মিশাইয়া উহা দ্বারা যোনি দ্বারাদি ধোয়াইয়া দিলে প্রদাহের আশঙ্কা থাকে না। অনেক সময় সন্তান প্রসবের পর যোনিদ্বার এবং গুহ্য দ্বারের মধ্যবর্ত্তী পেরিনিয়াম্ (Perineum) নামক স্থান ছিঁড়িয়া বা ফাটিয়া যায়। এমতাবস্থায় একখানি সূতার কাপড়ের নেকড়া আর্ণিকার মূল আরোকে ভিজাইয়া, আর্ণিকাতে ভিজান নেকড়া খানি পেরিনিয়ামে দিয়া ব্যাণ্ডেইজ্ (Bandage) দ্বারা বাঁধিয়া রাখিবে এবং রোগীকে এক পাশে দুই পা একত্রিত করিয়া শোয়াইয়া রাখিবে। আর্ণিকাতে জল না মিশাইলেও চলিতে পারে, কারণ, সন্তান প্রসবের পর যোনিদ্বার দিয়া যে ক্লেদ (Lochia) নিঃসৃত হয়, তাহাই জলের কার্য্য

করিয়া আর্ণিকার তেজ কমাইয়া থাকে। যদি কষ্টে সন্তান প্রসবের পর যোনি ইত্যাদি ছিঁড়িয়া অধিক ঘা হয়, তবে আর্ণিকার বাহ্য প্রয়োগ করা বিষয়ে চিকিৎসকের বিশেষ সাবধান হওয়া উচিত। নতুবা প্রসূতী উহার দরুণ বিশেষ কষ্ট পাইতে পারে। কারণ, আর্ণিকার অপব্যবহারের দরুণ অনেকের যোনি দ্বারাদিতে ইরিসিপেলাসের ন্যায় ফুস্কুড়ী এবং তজ্জনিত ক্ষত হইয়া প্রসূতী অনেক দিন কষ্ট পায়, লেখক এরূপ অনেক রোগীর চিকিৎসা করিয়াছেন।

কষ্টে প্রসবের দরুণ সন্তান ভূমিষ্ঠ হওয়ার পর অনেক সময় শিশু মৃতবৎ হইয়া থাকে। এমতাবস্থায় ২ সের ঈষৎ উষ্ণ জলে ২০।৩০ ফোঁটা পরিমাণ আর্ণিকার মূল আরোক মিশাইয়া আর্ণিকা মিশ্রিত উক্ত ঈষৎ উষ্ণ জল দ্বারা মুখমণ্ডল ব্যতীত শিশুর সমুদয় শরীর ধোয়াইয়া দিয়া তৎপর ঈষৎ উষ্ণ জলে শিশুকে পুনরায় ধোয়াইলে বিশেষ উপকার দর্শে।

দন্তশূল (Tooth-ache)। যত পরিমাণ আর্ণিকার মূল আরোক উহাতে তত পরিমাণ পরিষ্কার জল মিশাইয়া উক্ত প্রকারে আর্ণিকা মিশ্রিত জল ৪৫ মিনিট মুখের মধ্যে রাখিয়া ফেলিয়া দিলে দন্তশূলের অনেক আশু উপশম হয় এরূপ চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এই মতে লেখক দন্ত শূলের অনেক রোগীর চিকিৎসা করিয়া দেখিয়াছেন। ইহা দ্বারা দন্তশূলের উপশম হয় বটে, কিন্তু উহার দরুণ রোগীর মুখগহ্বর, গালগহ্বর, জিহ্বা, ওষ্ঠ এবং গলার মধ্যে জ্বালা, টাটানি, ক্ষণ ক্ষণে বোধ ইত্যাদি কতকগুলি যাতনা থাকিয়া যায়। অনেক সময় উহার দরুণ মুখে ঘাও হইতে দেখা যায় যাহা দন্তশূল অপেক্ষাও রোগীর পক্ষে চতুর্গুণ কষ্টকর হইয়া দাঁড়ায়। অতএব এইক্ষণে দন্তশূলে উক্ত প্রকারে আর্ণিকার বাহ্যপ্রয়োগ করিবার সময় লেখক বিশেষে সাবধান হইয়া থাকেন। ২০ ফোঁটা আর্ণিকার মূল আরোক অর্দ্ধপোয়া জলে মিশাইয়া কুল্কুচা করিলেই ভাল হয়। কুল্কুচা করিয়া পরিষ্কার গরম জল দ্বারা মুখ ধুইয়া ফেলা উচিত।

ঠোঁঠ ফাটা (Cracked-lips)। ইহাতে আর্ণিকেটেড্ সিরেট্ (Arnicated Cerate) ব্যবহার্য্য। কতক পরিমাণ আর্ণিকেটেড্ সিরেট্ হাতের আঙ্গুলের মাথায় লইয়া ঠোঁটের ফাটাস্থানে প্রাতে ও বৈকালে

মালিস করিবে। কি প্রকারে সিরেট্ প্রস্তুত করিতে হয় তাহা স্থানান্তরে লিখিত হইয়াছে। গ্লিসিরোল্ অব্ আর্ণিকা বা ক্যালেণ্ডুলাতেও (Glyceroles of Arnica or Calendula) বিশেষ উপকারী।

হাতফাটা (Chapped hands)। ২০।৩০ ফোঁটা আর্ণিকার মূল আরোক, ২ কাঁচ্চা পরিমাণ পরিষ্কার বা চুয়ান জলে মিশাইয়া এইরূপে মিশ্রিত লোশন দ্বারা হাত ধোয়াইয়া তৎপর প্রতিদিন ফাটা স্থানে আর্ণিকেটেড্ সিরেট্ (Arnicated Cerate) লাগাইবে। ইহাতেও গ্লিসিরোল্ অব্ আর্ণিকা বা ক্যালেণ্ডুলা বিশেষ উপকারী।

কড়া এবং পায়ের বৃদ্ধাঙ্গুলীর প্রদাহ ও তদ্দরুণ উহার সন্ধি ইত্যাদির কঠিনতা (Corns and Bunions)। আঁটা জুতা পরার দরুণ উক্ত উভয় অসুখই হয়, বিশেষতঃ কড়া। যদি কড়া আরম্ভ হওয়ার সময় আর্ণিকার লোশন দ্বারা আক্রান্ত আঙ্গুলে নেকড়া জড়াইয়া রাখা যায়, তবে কড়া কঠিন হইতে পারে না। যদি কড়া কঠিন হয়, তবে রাত্রিতে শয়ন করিবার সময় এক খানি ধারাল ছুরি দিয়া কড়া কাটিয়া আর্ণিকার লোশনে নেকড়া ভিজাইয়া আক্রান্ত আঙ্গুল বাঁধিয়া রাখিবে। আর্ণিকার মূল আরোক ২০ ফোঁটা, জল ২ কাঁচ্চা, এই পরিমাণে প্রস্তুত করা লোশন ব্যবহার্য্য। প্রাতঃকালে লোশনের নেকড়া খানি ফেলিয়া দিয়া আক্রান্ত আঙ্গুল উষ্ণজল দ্বারা ধোয়াইয়া আর্ণিকেটেড্ ষ্টিকিং প্লাষ্টার (Arnicated sticking plaster) দ্বারা আঙ্গুল জড়াইয়া বাঁধিয়া রাখিবে। ইহা দ্বারা আঙ্গুলে ঘর্ষণ লাগিতে পারে না এবং তদ্দরুণ কড়াটী শীঘ্র শীঘ্র সারিয়া যায়। যদি কড়া কাটিবার সময় অসাবধানতা বশতঃ রক্ত পড়ে, তবে আর্ণিকেটেড্ প্লাষ্টার কাটা ঘায় লাগাইয়া রাখিবার ব্যবস্থা চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এমতাবস্থায় লেখকের মতে ক্যালেণ্ডুলা প্লাষ্টার এবং ক্যালেণ্ডুলার লোশন ব্যবহার করাই উচিত। যদি জুতার চাপাদি লাগিয়া পায়ের বৃদ্ধাঙ্গুলী প্রদাহযুক্ত, স্ফীত এবং কঠিন হয়, তবে উহাতে ও কড়ার ন্যায় আর্ণিকার লোশন এবং আর্ণিকা প্লাষ্টার ব্যবহার্য্য।

ঠাণ্ডা লাগিয়া বা জলাদিতে ভিজিয়া আঙ্গুল, পায়ের পাতার তলা, আঙ্গুলের মধ্যবর্ত্তী স্থানে প্রদাহ বা চিল্‌ব্লেইন্

(Chilblain)। ইহাতে অনেক সময় পায়ের পাতার তলা, আঙ্গুলের তলা ও উহার ফাঁকে ফাঁকে, পায়ের গোঁড়াড়িতে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী এবং ঘাও হয় এবং ফুস্কুড়ী গুলি অত্যন্ত চুলকায়। রোগের প্রারম্ভে আক্রান্ত স্থান কঠিন চক্‌চকে, লালবর্ণ, উজ্জ্বল এবং অনেক সময় স্ফীত হয় ও অত্যন্ত চুলকায়। এমতাবস্থায় আর্ণিকা লোশন ব্যবহার্য্য। আর্ণিকার লোশন ঈষৎ উষ্ণ করিয়া দিলে ভাল হয়। প্রতিদিন রাত্রে শয়ন করিবার সময় আর্ণিকার লোশন দ্বারা আক্রান্ত পা ধোয়াইয়া শয়ন করা উচিত। অনেক সময় আক্রান্ত আঙ্গুলের সন্ধিগুলি কঠিন, উষ্ণ, লাল বর্ণ ও প্রদাহযুক্ত হইয়া স্ফীত হয় এবং উহার সঙ্গে সঙ্গে কুট্‌কুটানি, সুড়্‌সুড়ী এবং চুলকানির উদ্রেক হয় ও ফোস্কার ন্যায় জলপূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী প্রকাশ পায়। এমতাবস্থায় রাস্‌টক্স্‌ লোশন বা রাস্‌টক্স্‌ মিশ্রিত তৈল ব্যবহার্য্য। আর্ণিকা লোশনের ন্যায় রাস্‌টক্স্‌ লোশনও রাত্রিতে শয়ন করিবার সময় ব্যবহার্য্য। যদি উক্ত লক্ষণ গুলির সঙ্গে সঙ্গে আক্রান্ত স্থানে স্ফীতি না থাকে বা কম থাকে, তবে আর্টিকার লোশন বা আর্টিকা মিশ্রিত তৈল আর্ণিকা এবং রাস্‌টক্সের ন্যায় ব্যবহার্য্য। যদি রোগের প্রথমাবস্থায় আক্রান্ত স্থানে ফোস্কা পড়ে বা ফোস্কা পড়ার উপক্রম হয়, ক্যান্থারাইডিসের মূল আরোক ৫ ফোঁটা অর্দ্ধ পোয়া জলে মিশাইয়া উহা দ্বারা উল্লিখিত অন্যান্য ঔষধের ন্যায় আক্রান্ত স্থান ধোয়াইয়া দিবে। যদি ফোস্কাগুলি ফাটিয়া যাইয়া গভীর ক্ষত হয়, তবে কষ্টিকামের লোশনে সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া নেকড়া খানি আক্রান্ত স্থানে বাঁধিয়া রাখিবে।

কোন স্থানে আঘাত লাগিয়া ঘা হওয়ার দরুণ বিসর্প বা ইরিসিপেলাস্‌ (Traumatic Erysipelas)। ইহাতেও আর্ণিকা লোশন উপকারী। আর্ণিকার মূল আরোক ৫ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া ঘায়ে লাগান উচিত। এ সকল ঘায়ে আর্ণিকার লোশনের মাত্রা উক্ত মাত্রা অপেক্ষা অধিক হইলে অপকার হওয়ার সম্ভাবনা। যদি আক্রান্ত স্থানে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী প্রকাশ পায়, তবে আর্ণিকা অপেক্ষা রাস্‌টক্স্‌ অধিক উপকারী।

বাতরোগ বা বৃহৎ সন্ধিবাত (Rheumatism)। থেঁতলিয়া

গেলে বা মোচড়াইয়া পড়িলে এবং অস্থিসন্ধি স্থান ভ্রষ্ট (Dislocation) হইলে যেরূপ হয়, পৃষ্ঠ দেশ এবং কোমরে সেরূপ বেদনা; পরিশ্রম করার পর ক্লান্ত হইলে যেরূপ হয়, বাহু এবং পায়ে সেরূপ বেদনা ও কখন কখন আক্রান্ত স্থান লালবর্ণ ও স্ফীত হয় এবং আক্রান্ত অঙ্গে পক্ষাঘাতের ন্যায় কঠিনতা, দুর্ব্বলতা ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকে। এমতাবস্থায় আর্ণিকা এবং রাস্‌টক্স্ মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ ব্যবহার্য্য। ক্ষুদ্র সান্ধিবাতাক্রান্ত বৃহৎ সন্ধি-বাতেও (Rheumatic Gout) উক্ত দুই ঔষধ ব্যবহার্য্য। যদি বৃহৎ সন্ধি বা ক্ষুদ্র সন্ধিবাতে পেশী এবং পেশীর অগ্রভাগে কঠিনতা এবং বেদনা থাকে, আক্রান্ত স্থান সঞ্চালনেই যাহার উদ্রেক বা বৃদ্ধি হয়; অথবা আক্রান্ত সন্ধি, বিশেষতঃ পায়ের পাতার সন্ধি, অধিক আক্রান্ত হইয়া সোজা অবস্থায় থাকিলে, বাঁকাইলে এবং গুটান অবস্থায় থাকিলে বা সোজা করিবার সময় যদি অত্যন্ত যাতনার উদ্রেক হয়; অথবা বেদনা এবং কঠিনতার দরুণ যদি আক্রান্ত সন্ধি ইত্যাদি সঞ্চালন করিতে না পারা যায়, তবে রাস্‌টক্স্ মিশ্রিত লোশন বা তৈল ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

ক্ষুদ্র সন্ধিবাত বা গাউট্ (Gout)। সুস্থ শরীরে আর্ণিকা সেবনে সন্ধি গুলিতে যেরূপ অসুখাদি হইয়া থাকে, তাহার বিবরণ হানিম্যানের মেটিরিয়া মেডিকা পিউরাতে (Hahnemann's Materia Medica Pura) পাঠ করিয়া ক্ষুদ্র সন্ধিবাতে যে আর্ণিকা একটী উৎকৃষ্ট ঔষধ মধ্যে পরিগণিত তাহা বোধ হয় কেহ অস্বীকার করিতে পারেন না। তবে আমরা রোগ চিকিৎসায় ইহা অপেক্ষা রাসটক্স্ দ্বারা অধিক উপকার পাইয়া থাকি। ইহা একটী ধাতুগত রোগ বিশেষ। অতএব ইহাতে বাহ্য প্রয়োগের ঔষধের সঙ্গে সঙ্গে ঔষধের আভ্যন্তরিক প্রয়োগও প্রয়োজন হইয়া থাকে। আক্রান্ত সন্ধি উষ্ণ, কঠিন, স্ফীত এবং উজ্জ্বল হওয়া আর্ণিকা ব্যবহারের কতকগুলি প্রাকৃতিক লক্ষণ। অতএব এই রোগে আর্ণিকার লোশন, আর্ণিকা মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ সকলই উপকারী।

অনেক সময় আর্ণিকা, রাস্‌টক্স্ ইত্যাদি উল্লিখিত ঔষধ গুলির অপ-ব্যবহারের দরুণ অনেকের অনেক রকমের অসুখ হইতে দেখা যায়। এরূপ ঘটনা অতি বিরল নহে। অনেক সময় যে স্থানে আর্ণিকা প্রয়োগ করা হয়,

সেস্থান স্ফীত, উষ্ণ ও উজ্জ্বল হইয়া আক্রান্ত স্থানে কুট্‌কুটানি এবং বেদনার উদ্রেক হয়, অথবা রাস্‌টক্স্‌ ব্যবহারের পর ফোস্কার ন্যায় জলপূর্ণ ফুস্কুড়ী প্রকাশ পায়। এমতাবস্থায় ৪।৫ ঘণ্টা অন্তর আক্রান্ত স্থানে উষ্ণ জল দ্বারা সেক দিলে উক্ত লক্ষণাদি শীঘ্র শীঘ্র দূরীভূত হয়। অথবা উষ্ণ জল দিয়া সেক দিলে যদি উক্ত লক্ষণাদি ১২ ঘণ্টার মধ্যে দূরীভূত না হয়, তবে রুবিনীর ক্যাম্ফার জলে মিশাইয়া উক্ত জল দ্বারা আক্রান্ত স্থান ধোয়াইয়া দিবে এবং উক্ত ঔষধের ২।১ ফোঁটা পরিষ্কার চিনিতে মিশাইয়া সেবন করাইবে।

রোগ চিকিৎসার সহায়কারী আনুষঙ্গিক উপায়।

সেক দেওয়া (Fomentations)। ইহা বোধ হয় সকলেই স্বীকার করিবেন যে স্থানিক প্রদাহে উষ্ণ প্রয়োগ দ্বারা চিকিৎসা হোমিওপ্যাথিক মতে চিকিৎসা প্রণালীর বিধান সঙ্গত। এই উষ্ণ প্রয়োগ কোন প্রকারের ঔষধ দ্বারা করা উচিত নহে। গরম জল ও ফ্লানেল কাপড় দ্বারাই করা উচিত। দুই প্রকারে সেক দেওয়া যাইতে পারে। (১) আর্দ্র সেক (Moist Fomentation)। উষ্ণ জলে ফ্লানেল কাপড় ভিজাইয়া নিঙড়াইয়া আক্রান্ত স্থানে সেক দেওয়াকে আর্দ্র সেক দেওয়া বলা যায়। (২) শুকনা সেক (Dry Fomentation)। কাঠের কয়লার আগুনে ফ্লানেল কাপড় গরম করিয়া আক্রান্ত স্থানে সেক দেওয়া, অথবা আক্রান্ত স্থানের উপর ১ খানি ফ্লানেল কাপড় ৪।৫ ভাজ করিয়া রাখিয়া একখানি মাটির সরার কাঠের কয়লায় আগুন লইয়া সরার তলা গরম হইলে আক্রান্ত স্থানে বিছান ফ্লানেল কাপড়ের উপর সরার তপ্ত তলা বারম্বার লাগাইবে। এই প্রকার সেক দেওয়াকেই শুকনা সেক দেওয়া বলে।

পুল্‌টিস্‌ (Poultices)। ফোঁড়া, ব্রণ ইত্যাদি হইলে ময়দা, চিনি ইত্যাদি দিয়া পুল্‌টিস্‌ প্রয়োগেই ফোঁড়াদি মিলাইয়া যাইতে পারে। আবার ফোঁড়াদিতে পুঁয হওয়ার সম্ভাবনা থাকিলে পুল্‌টিসে পুঁয শীঘ্র শীঘ্র

উৎপন্ন হয় এবং উহার দরুণ অনেক সময় অস্ত্র চিকিৎসার সাহায্য ব্যতীতও ফোঁড়াদি আপনা আপনি ফাটিয়া যায়। দুষ্ট ব্রণে পচা ধরিলে ময়দা বা তিসির সঙ্গে কয়লার মিহি গুঁড়া মিশাইয়া পুল্‌টিস্‌ দিলে ঘা অধিক পচিতে পারে না এবং ঘায় পচা থাকিলে উহা দূরীভূত হয় ও ঘায় দুর্গন্ধ হইতে পারে না। ঠাণ্ডা জলে সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া আক্রান্ত স্থানে নেকড়া খানি ব্যাণ্ডেইজ্‌ দ্বারা বাঁধিয়া রাখিবে এবং উক্ত স্থানে যেন ঠাণ্ডা বাতাস না লাগিতে পারে সে সম্বন্ধে বিশেষ সাবধান হইবে। এই প্রকার ঠাণ্ডা জল প্রয়োগকে জল পুল্‌টিস্‌ বলে। স্থানিক প্রদাহ, ফোঁড়া, ব্রণ, অস্থির আবরক কঠিন পর্দ্দা, ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ, আঙ্গুল হাড়া (Whitlow), সকল প্রকারের ফোঁড়ার প্রথমাবস্থায়, যখন পূঁয না হয় ইত্যাদিতেই জল পুল্‌টিস্‌ ব্যবহার্য্য।

পিচ্‌কারী দেওয়া (Injections)। অনেক সময় অন্ত্রের এরূপ অবস্থা হইয়া দাঁড়ায় যে উহার দরুণ বাহ্যের বেগ হয়, অথচ অন্ত্রের এরূপ ক্ষমতা থাকে না যদ্দ্বারা অন্ত্রের রুদ্ধ মলগুলি বহির্গত হইতে পারে। এমতাবস্থায় রোগীর বয়স ও স্বাস্থ্য হিসাবে অর্দ্ধপোয়া হইতে অর্দ্ধসের ঈষৎ উষ্ণ জল দ্বারা গুহ্য দ্বার দিয়া পিচ্‌কারি দিলে অন্ত্রের মধ্যে সঞ্চিত মল গুলি অনায়াসে নির্গত হইয়া যায়। কোন প্রকারের ঔষধ মিশ্রিত জল দ্বারা গুহ্য দ্বার দিয়া পিচ্‌কারী দেওয়া অনুচিত।

স্নান (Baths)। নবপ্রসূত শিশুগণের স্নান সম্বন্ধে বিশেষ সাবধান হওয়া উচিত। মাতৃগর্ভে শিশুগণ উষ্ণাবস্থায় থাকে। ভূমিষ্ঠ হওয়ার পরই ঠাণ্ডা বাতাস লাগিয়া শিশুর শীতবোধ হয়। ভূমিষ্ঠ হওয়ার পর শিশুকে ধোয়ানও নিতান্ত আবশ্যক। এমতাবস্থায় তাহাদিগকে ঈষৎ উষ্ণ জলে স্নান করান উচিত। স্নান করাইয়া তাহাদিগের শরীর ভালরূপে মুছিয়া ভালরূপে গায় কাপড় দিয়া রাখিবে। ভূমিষ্ঠ হওয়ার ৩।৪ দিন পর হইতেই শিশুকে টাট্‌কা কাঁচাজলে (রৌদ্রের উত্তাপে জল কতক্ষণ রাখিয়া) প্রতিদিন স্নান করান উচিত। স্নান করানের সময় ২।১ মিনিটের অধিক শিশুকে জলে রাখিবে না। স্নান করাইয়া গা ভাল করিয়া মুছাইয়া দিয়া গায় কাপড় দিয়া রাখিবে। এইরূপ কাঁচা জলে প্রতিদিন স্নান করাইলে শিশুর শরীর

ভাল থাকে, সে ভাল খায়, সুস্থশরীরে ঘুমায় এবং সহজে বা সামান্য কারণে তাহার সর্দ্দি ইত্যাদি অসুখ হইতে পারে না। গরমের দিনে শিশুগণকে প্রাতে ৯।১০ টার সময় স্নান করাইয়া বৈকালে গামছা দিয়া গা মুছাইয়া দিলে ভাল হয়। যুবা যুবতীর পক্ষেও প্রতিদিন কাঁচা টাট্‌কা জলে স্নান বিশেষ উপকারী। আহারের পূর্ব্বেই স্নান করা উচিত। আহারের পর বা ভরা পেটে স্নান করা অন্যায়। সুস্থ শরীরে গরম জলে স্নান দ্বারা স্বাস্থ্যভঙ্গ হয়। কস্তু শরীর দুর্ব্বল হইলে ঈষৎ উষ্ণ জলে স্নান মন্দ নহে। অতি প্রত্যূষে স্নান অনিষ্ট কর, বিশেষতঃ দুর্ব্বলের পক্ষে। বেলা ৯।১০ টার পূর্ব্বে স্নান করা অনুচিত। শরীর সুস্থ ও সবল থাকিলে, বিশেষতঃ গ্রীষ্ম কালে, প্রতি দিন প্রত্যূষে ৫।৬ টার সময় কাঁচা টাট্‌কা জল দ্বারা মাথা ধোয়াইবে এবং শরীর ভাল রূপে মুছিয়া ফেলিবে। তৎপর ৯।১০ টার সময় কাঁচা টাট্‌কা জলে স্নান করিবে। ডুব দিয়া (অবগাহন) স্নান মন্দ নহে। বৈকালে ৪।৫ টার সময় প্রত্যূষের ন্যায় মাথা ধুইয়া এবং গা মুছাইয়া ফেলা উচিত। যাহাদিগের মস্তিষ্কের অসুখের দরুণ রাত্রিতে নিদ্রা ভাল হয় না, রাত্রিতে শয়ন করার পূর্ব্বে কাঁচা জল দ্বারা মাথা ধোয়ান এবং শরীর মুছিয়া ফেলা বিশেষ উপ- কারী। স্নান করার পর খালি বা আদুল গায় প্রবল বাতাসে থাকা অনুচিত।

স্নান করার পর, আহারের অন্ততঃ ১ ঘণ্টা পূর্ব্বে, অঙ্গ চালনা মন্দ নহে। ইহা পরিপাক কার্য্যের অনেক সাহায্য করে।

পরিশিষ্ট।

আভ্যন্তরিক প্রয়োগেই হউক, বা বাহ্য প্রয়োগেই হউক, রোগের প্রতিকারার্থে যে সকল দ্রব্য ব্যবহার করা যায়, তাহাকেই প্রকৃত পক্ষে ঔষধ বলা যাইতে পারে। এই হিসাবে আহারাদির নিয়ম পালন, ব্যায়াম বা অঙ্গাদির চালনা, জল বায়ু পরিবর্ত্তন ইত্যাদিকেও ঔষধ বলিয়া উল্লেখ করা যাইতে পারে। তবে প্রকৃত পক্ষে শেষোক্ত নিয়মাদি রোগ চিকিৎসার আনুষঙ্গিক উপায় বলিয়া উল্লেখ করাই উচিত। অনেক রোগ আছে যাহা অস্ত্রচিকিৎসা ভিন্ন আরাম হয় না। অতএব অস্ত্রচিকিৎসাকেও ঔষধ বলিয়া উল্লেখ করা যাইতে পারে। অস্ত্রচিকিৎসাসম্বন্ধীয় রোগেই বাহ্য প্রয়োগের ঔষধ অধিক ব্যবহৃত হইয়া থাকে।

ভিন্ন ভিন্ন প্রকারে ঔষধের উৎপত্তি হয়। এই উৎপত্তি ভেদে ঔষধ গুলি তিন শ্রেণীতে বিভক্ত। (১) গাছ, লতা, গাছ ও লতাদির ফল, ফুল, পাতা, বাকল, শিকড়, ডাঁটা ইত্যাদি উদ্ভিদ্ ঔষধ মধ্যে পরিগণিত। একোনাইট্, বেলাডোনা, হায়োসায়েমাস্ ইত্যাদি উদ্ভিদ্ ঔষধের উদাহরণ। (২) ধাতু ও তদ্ঘটিত দ্রব্য যাহা পৃথিবী হইতে উৎপন্ন হয়। ইহাকে পার্থিব ঔষধ বলিতে পারা যায়। অরাম্, ফেরাম্, সাইলিসিয়া ইত্যাদি পার্থিব ঔষধের উদাহরণ। (৩) জান্তব ঔষধ, অর্থাৎ এই সকল ঔষধ পশু, পক্ষী, কীট, পতঙ্গাদির দেহ হইতে উৎপন্ন হয়। ক্যান্থারাইডিস্, সিপিয়া, কার্ব্বো-আনিমেলিস্ ইত্যাদি জান্তব ঔষধের উদাহরণ। এতদ্ভিন্ন জল, বায়ু, উত্তাপ, ইলেক্ট্রিসিটি (Electricity), গ্যাল্ব্যানিজিম্ (Galvanism), ম্যাগ্নেটিজিম্ (Magnetism) ইত্যাদিকেও ভৈষজ্যতত্ত্ববিদ্ পণ্ডিতগণ ঔষধ বলিয়া উল্লেখ করিয়া থাকেন। প্রথম উক্ত তিন শ্রেণীর ঔষধের আভ্যন্তরিক প্রয়োগের বিবরণ মূল গ্রন্থে লিখিত হইয়াছে।

পূর্ব্বেই বলা হইয়াছে যে ঔষধের ব্যবহার বা প্রয়োগ দুই প্রকার। (১) আভ্যন্তরিক প্রয়োগ; (২) বাহ্য প্রয়োগ। ঔষধের আভ্যন্তরিক প্রয়োগের বিবরণ মূল গ্রন্থে দ্রষ্টব্য। কেবল বাহ্য প্রয়োগের উপযোগী কতকগুলি ঔষধের

ব্যবহারাদিই নিম্নে লিখিত হইল। অনেকের এরূপ বিশ্বাস যে হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসায় ঔষধের বাহ্য প্রয়োগ নিষিদ্ধ। তাঁহাদের এ বিশ্বাসটী ভ্রম মূলক। কারণ, ঔষধের বাহ্য প্রয়োগ দ্বারা সময় সময় এত উপকার পাওয়া যায় যে, উহা বলিয়া শেষ করা যায় না। রোগ আরাম করাই যদি চিকিৎসার উদ্দেশ্য হয়, তবে যে উপায়েই হউক, রোগ যাহাতে সহজে, নির্ব্বিঘ্নে এবং সম্পূর্ণরূপে আরাম হইতে পারে সে বিষয়ে দৃষ্টি রাখা চিকিৎসকের সর্ব্ব প্রধান কর্ত্তব্য। অস্ত্র চিকিৎসা সম্বন্ধীয় অনেক রোগ কোন ঔষধের আভ্যন্তরিক প্রয়োগ ব্যতীত বাহ্য প্রয়োগ দ্বারা সহজে সারিয়া যায়, লেখক এরূপ অনেক দেখিয়াছেন। ঔষধের আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ ব্যতীত আরো কতকগুলি আনুষঙ্গিক উপায় আছে যাহা অবলম্বন করিলে রোগ আরাম সম্পূর্ণরূপে হউক বা না হউক, রোগের যন্ত্রণাদির যে আশু উপকার হয় তাহাতে কোনও সন্দেহ নাই। ফোড়া, স্থানিক প্রদাহ ইত্যাদি অসুখে পুলটিস্, ফোমেণ্টেসন্, মস্তিষ্কে রক্তাধিক্যের উপশমের জন্য মাথায় জল বা বরফাদির বাহ্য প্রয়োগ, জল পান ইত্যাদি উক্ত আনুষঙ্গিক উপায়ের উদাহরণ।

বাহ্যপ্রয়োগের ঔষধ। একোনাইট্, আর্ণিকা, বেলিস্-পেরেনিস্, কার্ব্বোলিক্-আসিড্, নাইট্রিক্-অ্যাসিড্, ইস্কুলাস্-হিপোক্যাষ্টেনাম্, বেল্লাডোনা, ব্রাইওনিয়া, ক্যালেণ্ডুলা, ক্যান্থারিস্, কার্ব্বো-বেজিটেবিলিস্, কষ্টিকাম্, হামামেলিস্-বার্জ্জিনিকা, হাইড্রাষ্টিস্-ক্যানেডেন্সিস্, লেডাম্-পেলাষ্ট্রি, মার্কিউরিয়াস্-বিনায়োডাইড, ফাইটোলাকা-ডিকাণ্ড্রা, রাস্ টক্সিকোডেণ্ড্রন্, রুটা-গ্রাবিয়োলেন্স্, সিম্ফাইটাম্, সাল্ফার, থুজা অক্সিডেণ্টালিস্, আর্টিকা-ইউরেন্স, বিরেট্রাম্-বিরাইড্, বোরাক্স্ ইত্যাদি ঔষধের বাহ্য প্রয়োগই সচরাচর অধিক হইয়া থাকে। এই সকল ঔষধ ব্যবহারের বিশেষ বিবরণ নিম্নে লিখিত হইল।

একোনাইট্-নেপেলাস্ (Aconite Nap.)। কোন অঙ্গে আঘাত লাগিয়া আঘাত প্রাপ্ত স্থানে বেদনাদি হইলে আর্ণিকার বাহ্য প্রয়োগ দ্বারা যদি না সারিয়া পুরাতন আকার ধারণ করে, তবে ইহা অথবা রাস্ টক্স্ ব্যবহার্য্য। একোনাইট্-নেপেলাসের গাছের সমুদয় অংশ দ্বারা প্রস্তুত করা

মূল আরোকের ৫ হইতে ২০ ফোঁটা, ১ আউন্স্ অলিব্ অয়েলে মিশাইয়া আক্রান্ত স্থানে প্রাতে ও বৈকালে মালিস করিবে। রাস টক্স মিশ্রিত অলিব্ অয়েল ও আক্রান্ত স্থানে একোনাইট মিশ্রিত তৈলের ন্যায় ব্যবহার্য্য। প্রমেহ রোগে অনেক সময়, প্রধানতঃ রাত্রিতে, পুরুষাঙ্গ খাড়া হয় এবং তজ্জন্য রোগী অত্যন্ত যাতনাও অনুভব করিয়া থাকে। এমতাবস্থায় একোনাইটের মূল আরোক, ৫ হইতে ১০ ফোঁটা, ১ আউন্স্ পরিষ্কার জলে মিশাইয়া ঔষধ মিশ্রিত উক্ত জলে একখানি সরু সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া রাত্রিতে শয়ন করিবার সময় নেকড়া খানি পুরুষাঙ্গে জড়াইয়া রাখিলে উক্ত যাতনার অনেক উপশম হইতে দেখা যায়। ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurisy), কৃত্রিম ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurodynia) এবং ফুস্ফুস প্রদাহ (Pneumonia) ইত্যাদি ফুস্ফুস বা বুকের অসুখে বুক বেদনা বা শ্বাস কষ্ট হইলে একোনাইটের মূল আরোক মিশ্রিত অলিব্ অয়েল বুকের উপর মালিস করিলে যাতনার অনেক আশু উপশম হইতে দেখা যায়। ঔষধ মিশ্রিত তৈল ব্যতীত অন্য এক প্রকারের মালিস ব্যবহৃত হইয়া থাকে, উহাকে লিনিমেন্ট্ (Liniment) বলে।* এতদ্ভিন্ন একোনাইটের আভ্যন্তরিক প্রয়োগও ব্যবস্থা।

আর্ণিকা মণ্টেনা (Arnica Montana)। কোন অঙ্গ বা শরীরের কোন অংশে আঘাত লাগিয়া থেঁতলিয়া গেলে, মোচড়াইয়া পড়িলে, বা অস্থির সন্ধি স্থান ভ্রষ্ট (Dislocation) হইলে এই ঔষধ ব্যবস্থা। আঘাত পাওয়া মাত্রই এই ঔষধের ৫ ফোঁটা, ১ আউন্স্ জলে মিশাইয়া উহাতে একখানি সরু সূতার কাপড়ের নেক্ড়া ভিজাইয়া আক্রান্ত স্থান উক্ত নেকড়া দ্বারা বাঁধিয়া রাখিবে। আঘাত প্রাপ্ত স্থানের চর্ম্ম ছিঁড়িয়া যাইয়া ক্ষত হইলে আর্ণিকার বাহ্য প্রয়োগে অনিষ্ট হওয়ার সম্ভাবনা। উহা দ্বারা আঘাত প্রাপ্ত স্থানে বিসর্পের ন্যায় প্রদাহ (Erysipelatous inflammation) হইতে পারে। এরূপ ঘটনা লেখক অনেক স্বচক্ষে দেখিয়াছেন। অনেক সময় পুরাতন আকারের বাত রোগে (Chronic Rheumatism) আর্ণিকা

* বাহ্য প্রয়োগের উপযোগী ঔষধ মিশ্রিত তৈল (Medicated oil), লোশন (Lotion) এবং লিনিমেন্ট্ (Liniment) প্রস্তুত ও প্রয়োগের নিয়মাদি পশ্চাৎ লিখিত হইয়াছে।

মিশ্রিত তৈল * মালিস, একোনাইট্ বা রাস্‌টক্স্ মিশ্রিত তৈলের মালিস্ অপেক্ষা অধিক উপকারী। উল্লিখিত রোগে আর্ণিকার লিনিমেণ্ট ও (Liniment) ব্যবহৃত হইয়া থাকে। অনেকের আর্ণিকার বাহ্য প্রয়োগ সহ্য হয় না। এমতাবস্থায় আর্ণিকার পরিবর্ত্তে বেলিস্-পেরেণিস্ আর্ণিকার ন্যায় ব্যবহার্য্য। আর্ণিকার অপব্যবহার দ্বারা অনিষ্ট হইলে ক্যাম্ফার বা স্পিরিট্ লোশন দ্বারা ক্রাক্রান্ত স্থান ধুইয়া ফেলিবে।

কার্ব্বোলিক্ আসিড্ (Carbolic Acid)। ইহা পচা ঘায়েই অধিক ব্যবহৃত হইয়া থাকে। ইহা ঘায়ের দুর্গন্ধ নিবারণ করে এবং ঘায়ের পচন কার্য্যের সহায়কারী জান্তব বিষের মূল ধ্বংশ করে। রোগের জান্তব বিষ যাহা বহির্ব্বায়ুতে উড়িয়া বেড়ায় বা ময়লা নর্দ্দামাদিতে থাকে, কার্ব্বোলিক্ আসিডে তাহা বিনষ্ট হয়। এজন্যই বড় বড় নগরে রাস্তার ময়লাযুক্ত স্থান এবং নর্দ্দামায় কার্ব্বোলিক্ আসিড্ ঢালিয়া দেওয়া হয়। হাঁসপাতালেও উক্ত কারণে কার্ব্বোলিক্ আসিড্ বিস্তৃতরূপে ব্যবহৃত হইয়া থাকে। পচা ঘায়ের চিকিৎসায় ইহা দুই প্রকারে ব্যবহৃত হইয়া থাকে। যথাঃ—(১) কার্ব্বোলিক্-লোশন্ (Carbolic-lotion)। ইহাদ্বারা পচা ঘা ধোয়ান হয় এবং উক্ত লোশনে সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া ঘায়ে লাগাইলে ঘায়ের পচা দূরীভূত হয়। সামান্য রকমের পচা ঘায় প্রতি আউন্স্ জলে ৫ গ্রেইণ্ বা ৫ ফোঁটা হইতে ১৫ গ্রেইণ্ বা ১৫ ফোঁটা কার্ব্বোলিক্ আসিড্ ব্যবহার্য্য। দুষ্ট ব্রণ বা পৃষ্ঠাঘাতে প্রতি আউন্স্ জলে ৫ গ্রেইণ্ বা ৫ ফোঁটা হইতে ১৫ গ্রেইণ্ বা ১৫ ফোঁটা কার্ব্বোলিক্ আসিড্ ব্যবহার করা যাইতে পারে (২) কার্ব্বোলিক্ অয়েল্ বা কার্ব্বোলিক্ আসিড্ মিশ্রিত তৈল (Carbolic-oil)। পচা কমিয়া যাইয়া বা কতক পরিমাণে পরিষ্কার হইলেই কার্ব্বোলিক্-অয়েল্ ব্যবহার্য্য। ইহা দ্বারা ঘায়ের টাটানি বা চড়্চড়াণির অনেক উপশম হয় এবং ঘা শীঘ্র শীঘ্র শুকাইয়া যায়। ঘা যেমন পরিষ্কার হইতে থাকে, কার্ব্বোলিক্ লোশন বা কার্ব্বোলিক্ অয়েলে কার্ব্বোলিক্ আসিডের পরিমাণ

---

* মালিসের ঔষধের জন্য জলপাইয়ের তৈল বা অলিব্ অয়েল্ই (Olive-oil) সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

কমাইয়া দেওয়া উচিত, নতুবা উহা দ্বারা উপকার না হইয়া ঘা অধিক উত্তেজিত হয় এবং তজ্জন্য ঘা সহজে বা শীঘ্র শুকাইতে পারে না। ঘা পরিষ্কার হইয়া আসিলে প্রতি আউন্স্ ওলিব্ অয়েলে ৫ ফোঁটার অধিক কার্ব্বোলিক্ আসিড্ মিশান অনুচিত। যে সকল পচা ঘায় কার্ব্বোলিক্ আসিড্ ব্যবহৃত হয়, সে সকল ঘায়ে ক্যালেণ্ডুলাও ব্যবহার্য্য। ক্যালেণ্ডুলার প্রয়োগ পশ্চাৎ লিখিত হইল। অসাবধানতা বশতঃ কার্ব্বোলিক্ আসিডের অতিরিক্ত প্রয়োগে রোগী বিষাক্ত হইয়া মস্তিষ্ক এবং অন্যান্য যন্ত্রের রোগ দ্বারা আক্রান্ত হইতে পারে। এমতাবস্থায় ইহার প্রতিষেধক ঔষধ ব্যবস্থা।

নাইট্রিক্ আসিড্ (Nitric Acid)। পুরুষাঙ্গ বা যোনিদ্বারে গরমীর ঘায়ে ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার দর্শে। ৫ ফোঁটা আসল (Strong) নাইট্রিক্ আসিড্, ২ আউন্স্ চুয়ান জলে (Distilled Water) মিশাইয়া লোশন প্রস্তুত করিয়া আক্রান্ত স্থান বা ঘায়ে লাগাইবে। আভ্যন্তরিক ঔষধ প্রয়োগের সঙ্গে সঙ্গে নাইট্রিক্ আসিডের উক্ত প্রকারে বাহ্য প্রয়োগ করিয়া গরমীর ব্যারাম আক্রান্ত অনেক রোগীর চিকিৎসায় লেখক বিশেষ ফল পাইয়াছেন।

ইস্কুলাস্ হিপোক্যাষ্টেনাম্ (Æsculus Hippocastanum)। ইহার বাহ্য প্রয়োগে অন্তর্ব্বলী বিশিষ্ট অন্ধ অর্শরোগে (Internal blind piles) বিশেষ উপকার দর্শে, অনেক রোগীর চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন। ৫ ফোঁটা ইস্কুলাসের মূল আরোক, ১ আউন্স্ ওলিব্ অয়েলে মিশাইয়া, মলত্যাগের পূর্ব্বে ও উহার পর গুহ্য ও গুহ্যদ্বারে আঙ্গুল দ্বারা উক্ত মিশ্রিত তৈল লাগাইতে হয়। ইহা দ্বারাই, যতদূর রোগ আরাম হওয়ার সম্ভাবনা, আরাম হইয়া থাকে। বাহ্য প্রয়োগের সঙ্গে সঙ্গে ইহার আভ্যন্তরিক প্রয়োগও উপকারী। অর্শরোগে ইহার উপকারীতার বিষয় মূল গ্রন্থের ৬৬ পৃষ্ঠার "ব্যবহার" শীর্ষ দ্রষ্টব্য।

বেলাডোনা (Belladonna)। ইহার বাহ্য প্রয়োগে ফোঁড়া বা প্রদাহযুক্ত স্থানের বেদনা টাটানির অনেক উপশম হইতে দেখা যায়। যে প্রকার বাতের দরুণ আক্রান্ত গ্রন্থি গুলি স্ফীত ও লালবর্ণ হয়, তাহাতে বেলাডোনা মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ (Belladonna oil of Belladonn

Liniment) মালিস করিলে বিশেষ উপকার দর্শে। ফোঁড়া বা ব্রণের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান লালবর্ণ হইয়া অত্যন্ত টাটাইলে বেলাডোনার ১ম দশমিক ক্রমের আরোক তুলি দ্বারা ফোঁড়াদিতে লেপিয়া দিলে বেদনা টাটানির অনেক উপশম হয়। ফোঁড়াদিতে বেদনাদি নিবারণ জন্য অনেক চিকিৎসক বেলাডোনা প্লাষ্টারও (Emp. Bell.) লাগাইবার ব্যবস্থা দিয়া থাকেন। যদিচ লেখক এই প্রকার প্লাষ্টার লাগাইবার পক্ষপাতী নহেন, তথাপি ইহাঁর উক্ত প্রকারে ব্যবহারে যে অনেক সময় বিশেষ উপকার দর্শে তাহা তিনি অস্বীকার করিতে পারেন না। যদি রোগী অত্যন্ত দুর্ব্বল ও জীর্ণ শীর্ণ হয়, তবে এই প্রকার প্লাষ্টার ব্যবহারের দরুণ বেলাডোনা দ্বারা বিষাক্ত হইয়া মস্তিষ্ক আক্রান্ত হওয়ার ন্যায় অনেক গুলি লক্ষণ প্রকাশ পাইতে দেখা যায়। অতএব বেলাডোনা প্লাষ্টার ব্যবহার সম্বন্ধে চিকিৎসকের বিশেষ সাবধান হওয়া উচিত। হুপিংকফ্, স্বরভঙ্গ বা স্বরশূন্যতা, কঠিন শুষ্ককাশি, প্রদাহযুক্ত গ্রন্থি, কর্ণমূলস্থিত গ্রন্থি প্রদাহে ইহার ১ম দশমিক ক্রমের আরোক বা লিনিমেণ্ট্ মালিস্ অত্যন্ত উপকারী।

ব্রাইওনিয়া আল্বা (Bryonia Alba)। ইহা বৃহৎ এবং ক্ষুদ্র সন্ধিবাত রোগে বিশেষ উপকারী। ইহার লিনিমেণ্ট্ বা ইহা মিশ্রিত তৈল প্রস্তুত করিয়া আক্রান্ত সন্ধিতে মালিস করিতে হয়।

ক্যালেণ্ডুলা (Calendula)। ইহার ব্যবহার অনেকটা কার্ব্বোলিক্ আসিডের ন্যায়। পচা ঘায়ের চিকিৎসায় ইহার লোশন এবং তৈল বিশেষ উপকারী। ইহা কাটা ঘায়ের পক্ষেও বিশেষ উপকারী। ইহা কাটা ঘায়ের রক্তস্রাব এবং ঘায়ে পূঁয হওয়া নিবারণ করে। প্রদাহযুক্ত বিস্ফোটের ঘায়ের (Eczematous inflammatory ulcers) চিকিৎসায় ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। কোচবিহার রাজের অধীনস্থ উচ্চ শ্রেণীস্থ কোন একটী কর্ম্ম চারির উক্ত প্রকারের একখানি ঘায়ের চিকিৎসায় লেখক আশাতিরিক্ত ফল পাইয়াছেন। উক্ত রোগীর চিকিৎসার বিশেষ বিবরণ লণ্ডনস্থ, ইংরেজী ১৮৮৯ সনের অক্টোবর মাসের হোমিওপ্যাথিক্ ওয়ার্ল্ড্ (Homœopathic World, for October 1889) নামক চিকিৎসা বিষয়ক সাময়িক পত্রিকায় লেখক লিখিত যে প্রবন্ধ

প্রকাশিত হইয়াছে, সুবিধা হইলে পাঠক মহাশয়গণ উহা পাঠ করিয়া দেখিতে পারেন। পচাযুক্ত ঘা, ঘায়ের কেন্দ্র স্থান উন্নত এবং উহার চতুর্দ্দিক নিচু ও উহার ধার উন্নত এবং আবড়ু খাবড়ু ইত্যাদি লেখকের মতে ক্যালেণ্ডুলা ব্যবহারের কতকগুলি নির্দ্দিষ্ট লক্ষণ। যে পর্য্যন্ত ঘায় পচা থাকে, সে পর্য্যন্ত এই ঔষধের লোশন (Lotion) এবং পচা কাটিয়া যাইয়া ঘা পরিষ্কার হইয়া গেলে ক্যালেণ্ডুলা মিশ্রিত তৈল ব্যবহার্য্য। দুষ্ট ব্রণ বা পৃষ্ঠাঘাতের চিকিৎসায় ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়। এই রোগে ক্যালেণ্ডুলা কার্ব্বোলিক্ আসিড্ অপেক্ষাও অধিক উপকারী।

ক্যান্থারিস্ (Cantharis)। ইহার ২য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। আলোপ্যাথিক্ চিকিৎসা প্রণালীতে কোন স্থানে ফোস্কা (Blister) পড়াণের অভিপ্রায়ে এই ঔষধ ব্যবহৃত হইয়া থাকে। আগুনে পুড়িয়া গেলেও ফোস্কা পড়ে। অতএব আগুনে সামান্য রকমে পুড়িয়া যাইয়া পোড়া স্থানে ফোস্কা পড়িলে ইহার লোশন বা তৈল ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

কার্ব্বো-বেজিটেবিলিস্ (Carbo Vegetabilis)। কাঠের কয়লায় পচা নিবারণ করে এবং পচা দূরীভূত করে। অতএব পচা ঘায় (দুষ্ট ব্রণ বা পৃষ্ঠাঘাতে (Carbuncle) যেরূপ হইয়া থাকে) কাঠের কয়লার মিহি বা নির্ম্মল গুঁড়া ময়দা বা তিসির সঙ্গে মিশাইয়া পুল্‌টিস্ লাগাইলে ঘায়ে পচা ধরিতে পারে না, উহাতে দুর্গন্ধ হইতে পারে না এবং ঘা শীঘ্র শীঘ্র শুকাইয়া থাকে।

কষ্টিকাম্ (Causticum)। ইহার ২য় দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। আগুনে পুড়িয়া যাইয়া পোড়া স্থানে যদি গভীর রকমের ঘা হইয়া পেশী গুলিও আক্রান্ত হয় এবং পোড়া স্থানের নিকটবর্ত্তী স্থান গুলিও আক্রান্ত হয়, তবে ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার দর্শে।

হামামেলিস্ বার্জিনিকা (Hamamelis Virginica)। শিরার স্ফীতি, অণ্ডকোষের শিরাদির প্রদাহে ইহার বাহ্য প্রয়োগ দ্বারা বিশেষ উপকার দর্শে। ৫ ফোঁটা মূল আরোক, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া

এই লোশনে সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া আক্রান্ত স্থানে লাগাইয়া রাখিবে।

হাইড্রাষ্টিস্ ক্যানেডেন্‌সিস্ (Hydrastis Can.)। আব (Tumours), পচাযুক্ত ক্ষত, স্তনের প্রদাহ, স্ফীতি এবং বিবৃদ্ধি, কর্কট রোগের প্রদাহ ও স্ফীতিতে ইহা বিশেষ উপকারী। ৫ ফোঁটা মূল আরোক ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া উহাতে একখানি সূতার কাপড়ের নেকড়া ভিজাইয়া আক্রান্ত স্থানে লাগাইয়া রাখিবে। স্তনের গ্রন্থি প্রদাহ এবং স্ফীতিতে উক্ত প্রকারে প্রস্তুত করা লোশন লাগাইয়া অনেক রোগীর চিকিৎসায় লেখক বিশেষ ফল পাইয়াছেন। পুরাতন আকারের প্রমেহ রোগে (Gleet), ৫ ফোঁটা মূল আরোক এক ছটাক পরিষ্কার জলে মিশাইয়া উক্ত জল দ্বারা মূত্র নালীতে পিচ্‌কারী দিলে বিশেষ উপকার দর্শে।

লেডাম্ পেলাষ্ট্রি (Ledum Palustre)। সন্ধিবাতে সন্ধি গুলি উষ্ণ ও স্ফীত হইলে, অথবা ক্ষুদ্র সন্ধিবাতে যদি পায়ের বৃদ্ধাঙ্গুলী অধিক আক্রান্ত হয়, তবে এই ঔষধ মিশ্রিত তৈল মালিসে বিশেষ উপকার দর্শে। পা এবং পায়ের পাতার স্ফীতি এবং কীটাদির কামড়ের পক্ষেও ইহা বিশেষ উপকারী।

মার্কিউরিয়াস্ বিনায়োডাইড্ (Mercurius Biniodide)। ইহার মলম প্রস্তুত করিয়া প্লীহাতে লাগাইলে বিশেষ উপকার দর্শে। ৫গ্রেইণ্ বিনায়োডাইড্ অব্ মার্কারি এক ছটাক শুকরের পরিষ্কৃত চর্ব্বিতে যথানিয়মে মিশাইয়া প্লীহার উপর মালিস করিবে।

ফাইটোলাকা ডিকাণ্ড্রা (Phytolacca Decandra)। গলার মধ্যের অসুখ, ডিপ্‌থিরিয়ার ন্যায় গলার মধ্যে শিথিলতায় ইহার মূল আরোক ১৫ হইতে ২০ ফোঁটা, ১ এক ছটাক জলে মিশাইয়া এই প্রকারে ঔষধ মিশ্রিত জল দ্বারা কুলী (Gargle) করিলে বিশেষ উপকার দর্শে।

রাস্‌টক্সিকোডেণ্ড্রন্ (Rhus Toxicodendron)। বাতরোগ যদি পেশী ও পেশীর কঠিন অগ্রভাগ (Tendons) আক্রমণ করে, সন্ধিবাত এবং কোমরে বাতের বেদনায় (Lumbago) এই ঔষধ মিশ্রিত তৈল মালিসে বিশেষ উপকার দর্শে। আঘাত লাগিয়া যদি পেশী, পেশীর কঠিন অগ্র ভাগ,

অস্থি সন্ধির আবরক কঠিন পর্দ্দা (Ligaments) এবং অস্থি ও উপাস্থির আবরক কঠিন পর্দ্দা অস্বাভাবিকরূপে বিস্তৃত হয় বা মোচড়াইয়া পড়ে এবং তদ্দরুণ যদি আঘাত প্রাপ্ত স্থান বা উহার চতুস্পার্শ্ববর্ত্তী স্থানে বেদনাদি অনুভূত হয়, তবে ইহা মালিস করিলে বিশেষ উপকার দর্শে। তরুণ আকারের বেদনাদিতে যেমন আর্ণিকা দ্বারা উপকার দর্শে, আঘাত প্রাপ্ত হওয়ার অনেক দিন পর আক্রান্ত স্থানে বেদনা হইলে রাস্টক্স্ দ্বারাও সেরূপ উপকার দর্শে।

রুটা গ্রাবিয়োলেন্স্ (Ruta Graveolens)। আঘাত লাগিয়া হাত পায়ের পাতার ক্ষুদ্র ক্ষুদ্র অস্থির সন্ধির অসুখ বা উহার বাতাক্রান্ত পক্ষাঘাতে রুটা বিশেষ উপকারী। আঘাত লাগিয়া অস্থির সন্ধি অচল (Anchylosed) হইলে ইহার বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগে বিশেষ উপকার দর্শে। ইহার মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ এবং আভ্যন্তরিক প্রয়োগও ব্যবস্থা।

সিম্ফাইটাম্ (Symphitum)। ইহা ব্যবহারে ভাঙ্গা হাড় জুড়িয়া যায় এই বিশ্বাসে পূর্ব্বকালের লোকেরা ইহা ব্যবহার করিতেন। ইদানিন্তনও হাড় ভাঙ্গিয়া গেলে এই ঔষধের বাহ্য প্রয়োগ দ্বারা বিশেষ উপকার দর্শিতে দেখা যায়। ইহার মিশ্রিত তৈল বা লিনিমেণ্ট্ ব্যবহার্য্য। বাহ্য প্রয়োগের সঙ্গে সঙ্গে ইহার ২য় বা ৩য় ডাইলুশনি সেব্য।

সাল্ফার বা গন্ধক (Sulphur)। খোস পাঁচড়ায় সাল্ফারের মূল আরোক মিশ্রিত অলিব্ অয়েল্ বা সাল্ফার মিশ্রিত লিনিমেণ্ট্ অথবা গন্ধকের মিহি গুঁড়া মাখন বা নারিকেল তৈলে মিশাইয়া পাঁচড়ায় লাগাইলে উপকার দর্শে। এক আউন্স্ ওলিব্ অয়ল্ বা লিনিলেণ্টে ১০ ফোঁটা হইতে ১ ড্রাম্ও ব্যবহার করা যাইতে পারে। ২ কাঁচ্চা মাখন বা নারিকেল তৈলে ১০ হইতে ২০ গ্রেইন্ গন্ধকের মিহি গুঁড়া মিশাইয়া ব্যবহার্য্য।

থুজা অক্সিডেণ্টেলিস (Thuja Occidentalis)। ইহার মূল আরোক আঁচিলে লাগাইলে আঁচিল সারিয়া যায়। অনেক সময় শ্লৈষ্মিক আব বা স্ফোটকে (Condylomata or mucous tubercles) ইহার মূল আরোকের ১০ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া আক্রান্ত স্থানে লাগাইলে উপকার দর্শিবার সম্ভাবনা।

আর্টিকা ইউরেন্স (Urtica Urens)। মৌমাছি, বোল্‌তা (বল্লা), পিপ্‌ড়া, মশা, ডাঁস ইত্যাদি কামড়াইলে ইহার মূল আরোকের ৫ হইতে ১০ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া কামড়ের স্থানে লাগাইলে অনেক উপকার দর্শে। আগুণে পুড়িয়া পোড়া স্থানে ফোস্কা না পড়িয়া যদি উক্ত স্থান লালবর্ণ ও বেদনাযুক্ত হয়, তবে উহাতে উক্ত পরিমাণে লোশন প্রস্তুত করিয়া বা ২ কাঁচ্চা খাঁটি তিলের তৈলে ৫ হইতে ২০ ফোঁটা মূল আরোক মিশাইয়া পোড়া স্থানে লেপিয়া দিলে উপকার দর্শে। এতদ্ভিন্ন চিল্‌ব্লেইন্ (Chilblain) নামক অসুখে আর্টিকা মিশ্রিত তিলের তৈল লাগাইলেও বিশেষ উপকার পাইতে দেখা যায়।

বিরেট্রাম্ বিরাইড্ (Veratrum Viride)। বিসর্প বা ইরিসিপেলাসে (Erysipelas) এবং বসন্ত রোগে ইহার বাহ্য প্রয়োগ বিশেষ উপকারী। ৫ হইতে ২০ ফোঁটা মূল আরোক, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া আক্রান্ত স্থান ধোয়াইয়া দিলে বিশেষ উপকার দর্শে। বসন্ত রোগে আক্রান্ত স্থান-গুলিতে চুলকানি এবং চড়্‌চড়াণি থাকিলে বিরেট্রাম্ বিরাইডের মূল আরোক ৫ হইতে ২০ ফোঁটা তিলের তৈলে মিশাইয়া তুলি দ্বারা লেপিয়া দিলে উক্ত উপদ্রবের অনেক উপশম হইতে দেখা যায়।

বোরাক্স্ (সোহাগা) (Borax)। মুখের মধ্যে ঘা হইলে সোহাগার খৈ করিয়া উহার ২।১ গ্রেইন ৫।১০ ফোঁটা মধুর সঙ্গে মিশাইয়া মুখে লাগাইয়া দিবে। এই প্রকারের মুখে ঘায় সোহাগার খৈ ও মধুর বাহ্য প্রয়োগের উপকারীতা এতদ্দেশে স্ত্রীলোকেরাও জানেন।

বাহ্য প্রয়োগের জন্য নিম্ন লিখিত আকারে মালিসের ঔষধ প্রস্তুত হইয়া থাকে। যথা, (১) গ্লিসিরোল্‌স্ (Glyceroles); (২) মলম বা অএন্ট্‌মেন্ট্‌স্ (Ointments); (৩) লিনিমেন্ট্‌স্ (Liniments); (৪) লোশন্‌স্ (Lotions); (৫) ওপোডেল্‌ডক্স্ (Opodeldocs); (৬) সিরেট্‌স্ (Cerates); (৭) পিচ্‌কারী দেওয়ার উপযোগী ঔষধ বা দ্রব্য (Injections)। মালিসের এই সকল ঔষধ-প্রস্তুত করিবার জন্য যে সকল দ্রব্যাদি প্রয়োজন, তাহার নাম নিম্নে লিখিত হইল। যথাঃ—

(১) শূকরের পরিষ্কৃত চর্ব্বি বা এডেপ্‌স্ প্রিপেরেটাস্ (Adeps Præ-

paratus,-Prepared Lard) ; (২) গোধূম নির্ম্মিত ময়দাদি বা ষ্টার্চ (Amylum,-Starch) ; (৩) সিরা আল্বা বা সাদা মোম (Cera Alba,-White Wax) ; (৪) সিটেসিয়াম্,-স্পার্মেসিটাই (Cetaceum,-Spermaceti) ; (৫) গ্লিসেরিণ্ (Glycerine) ; (৬) ওলিয়াম্ আমিগ্‌ড্যালী,-আমোণ্ড্ অয়েল্ বা বাদামের তৈল (Oleum Amygdalœ,-Almond-oil) ; (৭) ওলিব্ অয়েল্ বা জলপাইয়ের তৈল (Oleum Olivœ,-Olive oil) ; (৮) রেক্‌টিফাইড্ ও প্রুফ্ স্পিরিট্ (Rectified and Proof spirits) ; (৯) স্যাপো আনিমেলিস্ বা কার্ড্ সোপ্ (Sapo Animalis,-Curd Soap) ; (১০) স্যাপো ডুরাস্ বা হার্ড্ সোপ্ (Sapo Durus,-Hard Soap) ; (১১) স্যাপো মোলিস্ বা সফ্‌ট্ সোপ্ (Sapo Mollis,-Soft Soap) ; (১২) চুয়ান জল (Distilled Water)। এই সকল দ্রব্য প্রস্তুত করা বা ক্রয় করা সকল সময়ে সুবিধা জনক নহে। অতএব উক্ত দ্রব্যাদি কোন এক বিশ্বস্ত ঔষধালয় হইতে ক্রয় করিয়া রাখা উচিত।

(১) গ্লিসিরোল্স্ (Glycerolcs) ;—যে ঔষধের গ্লিসিরোল্ প্রয়োজন, সেই ঔষধের যথা পরিমাণ মিশ্রিত গ্লিসেরিণ্‌কে সেই ঔষধের গ্লিসিরোল্ বলে। যথা, গ্লিসেরিণের সঙ্গে যথাপরিমাণ আর্ণিকার মূল আরোক মিশাইলে উক্ত মিশ্রিত গ্লিসেরিণ্‌কে গ্লিসিরোল্ অব্ আর্ণিকা (Glycerole of Arnica) বলে। ইহা আল্‌কোহল্ (Alcohol) এবং জলে সহজে দ্রব হয় বলিয়া ইহা বিগলিত করিয়া ইহা দ্বারা লিনিমেণ্ট্স্ (Liniments), লোশন্স্ (Lotions) এবং পিচ্‌কারী (Injections) দেওয়ার ঔষধ সহজে প্রস্তুত করিয়া লওয়া যাইতে পারে। ঔষধের মূল আরোকের ৫ হইতে ৩০ ফোঁটা এবং কখন কখন ১ ড্রামও রোগের অবস্থানুসারে ২ কাঁচ্চা গ্লিসেরিণের সঙ্গে মিশ্রিত করা যাইতে পারে। মূল আরোকের পরিমাণ সম্বন্ধে চিকিৎসকের বিশেষ বিবেচনা করা উচিত, কারণ, যে রোগে ঔষধের মাত্রা কম হওয়া উচিত, তাহাতে মাত্রা অধিক হইলে উপকার না হইয়া অপকার হওয়ার সম্ভাবনা এবং যে রোগে ঔষধের মাত্রা অধিক হওয়া উচিত তাহাতে মাত্রা কম হইলে উহা দ্বারা কোনও উপকার দর্শে না। আর্ণিকা, রাস্টক্স্, আর্টিকা, ক্যান্থারাইডিস্, কষ্টিকাম্,

মার্কারি ইত্যাদির বাহ্ প্রয়োগ সম্বন্ধে চিকিৎসকের বিশেষ সাবধান হওয়া উচিত।

(২) মলম বা অয়েণ্ট,মেণ্ট্ (Ointment)। মলম অনেক রকমে প্রস্তুত হইয়া থাকে। যথা,-(১) কেবল শূকরের চর্ব্বি দ্বারাও প্রস্তুত হইতে পারে। কিন্তু এই প্রকারে প্রস্তুত করা মলম শীঘ্র শীঘ্র পচিয়া যাইয়া উহাতে বিশ্রী উগ্র গন্ধ হয়। শূকরের পরিষ্কৃত চর্ব্বি ২ কাঁচ্চায়,৫ হইতে ৩০ ফোঁটা (অর্থাৎ চিকিৎসক যে পরিমাণ দিতে ব্যবস্থা দিয়া থাকেন) প্রয়োজনীয় ঔষধ মিশাইয়া এক থানি খলে লইয়া ভালরূপে ঘুঁটিলে মলম প্রস্তুত হয়। যে ঔষধের মলম প্রয়োজন শূকরের চর্ব্বিতে সেই ঔষধই মিশাইতে হয়। যথা,-যদি কেহ আর্ণিকার মলম ব্যবস্থা করেন, তবে শূকরের পরিষ্কৃত চর্ব্বিতে যথা পরিমাণ আর্ণিকার মুল আরোক মিশাইতে হয়। প্রয়োজনীয় ঔষধ যে পরিমাণ ব্যবহার করা উচিত তাহা চিকিৎসককে বিশেষ করিয়া লিখিয়া দেওয়া উচিত। (২) আঙ্গুয়েণ্টাম্ সিটেসিয়াই (Uguentum Cetacei)। স্পার্মেসিটাই (Spermaceti) ৫ আউন্স, সাদা মোম (White wax) ২ আউন্স, এবং আমোণ্ড্ অয়েল্ বা বাদামের তৈল (Almond oil) এক পাইণ্ট্ কোন এক পাত্রে একত্রে মিশাইয়া পাত্রটী স্পিরিট্ লাম্পের উপর ধরিয়া জ্বাল দিয়া ফুটাইয়া গালাইবে। উক্ত দ্রব্যগুলি গলিয়া গেলে ঐ পাত্রটী আগুনের তাঁত হইতে সরাইয়া একখানি পরিষ্কার কাঠের কাটি দিয়া বারম্বার ঘাঁটিবে যে পর্য্যন্ত ঠাণ্ডা না হয়। (৩) সিরেটাম্ সিম্প্লেক্স্,-সিম্পেল্ সিরেটস্ (Ceratum Simplex,-Simple Cerates)। যদি গাঢ় বা কঠিন মলম বা সিরেট্ প্রয়োজন হয়, তবে স্পার্মেসিটাই (Spermaceti) ৩ আউন্স, সাদা মোম (White wax) ৬ আউন্স, ওলিব্ অয়েল্ (Olive oil) ১৪ আউন্স্ একটী পাত্রে লইয়া পাত্রটী ফুটন্ত গরম জলের উপরি বসাইয়া বারম্বার তৈল ঘাঁটিয়া দিবে এবং মোমাদি গলিয়া গিয়া কতক ঠাণ্ডা হইলে যে ঔষধের মলম প্রয়োজন সেই ঔষধ ক্রমে উক্ত মোমাদি মিশ্রিত তৈলে মিশাইয়া সজোরে বারম্বার ঘাঁটিবে যে পর্য্যন্ত ঠাণ্ডা না হয়। (৪) আঙ্গুয়েণ্টাম্ সিম্প্লেক্স্ বা সিম্পেল্ অএন্টমেণ্ট্ (Unguentum Simplex,-Simple Ointiment)। সাদা মোম (White wax

২ আউন্স, শূকরের পরিষ্কৃত চর্ব্বি (Prepared lard) ৩ আউন্স, আমোণ্ড অয়েল্ বা বাদামের তৈল (Almond oil) ৩ আউন্স কোন একটী পাত্রে একত্র করিয়া পাত্রটী ফুটন্ত গরম জলের উপর রাখিবে এবং উক্ত উপায়ে মোমাদি ভালরূপে গলিয়া গেলে পাত্রটী গরম জলের উপর হইতে সরাইয়া বারম্বার সজোরে ঘাঁটিবে যে পর্য্যন্ত ঠাণ্ডা না হয়। (৫) গ্লিসেরিণাম্ এমিলাই (Glycerinum Amyli)। ইহা গ্লিসেরিণ্ অব্ ষ্টার্চ্চ(Glycerine starch) প্রস্তুত হইয়া থাকে। গোধূমের ময়দা (Strach) ১ আউন্স, গ্লিসেরিণ (Glycerine) ৮ আউন্স, একত্রে লইয়া সজোরে বারম্বার ঘাটিবে যে পর্য্যন্ত উক্ত দুই পদার্থ ভালরূপে মিশ্রিত না হয়। এই প্রকার ময়দা মিশ্রিত গ্লিসেরিণ একখানি চিনের থালায় লইয়া উহা ক্রমে ক্রমে ২৪০° ডিগ্রী পর্য্যন্ত উত্তাপে তাতাইবে এবং বারম্বার সজোরে ঘাঁটিবে যে পর্য্যন্ত ময়দার কণা গুলি গলিয়া আঠা বা ভিজা গোঁদের ন্যায় না হয়। এই প্রকারের মলমে প্রয়োজনীয় ঔষধের ১ ভাগ ৯ ভাগ মলমে, অর্থাৎ ১ ড্রাম ঔষধ হইলে উহাতে ৯ ড্রাম মলম মিশাইয়া ব্যবহৃত হইয়া থাকে।

(৩) লিনিমেণ্টা বা লিনিমেণ্ট (Linimenta,-Liniment)। ঔষধ মিশ্রিত অলিব্ অয়েল্‌কেই সচরাচর লিনিমেণ্ট্ বলা যায়। যথা অলিব্ অয়েলে যথা পরিমাণ আর্ণিকার মূল আরোক মিশাইলে উক্ত মিশ্রিত তৈলকে আর্ণিকা লিনিমেণ্ট্ বলা যাইতে পারে। আবার অনেক সময় সফ্ট্ সোপ্ (Soft soap) ৬০ আউন্স, প্রুফ্ স্পিরিট্ ২৪ আউন্স (অথবা এই পরিমাণে) কোন একটী পাত্রে লইয়া স্পিরিট্ ল্যাম্পের উপর পাত্রটী ধরিয়া প্রুফ্ স্পিরিটে সফ্ট্ সোপ্ গালাইবে। যে ঔষধের লিনিমেণ্ট্ প্রয়োজন হইবে সেই ঔষধের ১ ভাগ ৯ ভাগ উক্ত প্রকারে সফ্ট্ সোপ্ মিশ্রিত প্রুফ্ স্পিরিটে (১ ড্রাম প্রয়োজনীয় ঔষধের মূল আরোক ৯ ড্রাম সফ্ট্ সোপ মিশ্রিত প্রুফ্ স্পিরিট) বা এই পরিমাণে মিশ্রিত করিয়া লিনিমেণ্ট্ প্রস্তুত করিবে।

(৪) লোশন্‌স্ (Lotions)। (১) যে ঔষধের লোশন প্রয়োজন সেই ঔষধের মূল আরোকের ১ ভাগ ৯ ভাগ চুয়ান জলে (১ড্রাম মূল আরোক, ৯ ড্রাম চুয়ান জল এই পরিমাণে) মিশাইয়া লোশন প্রস্তুত করিতে হয়। যথা আর্ণিকার দশমিক পমিাণের লোশন কেহ চাহিলে আর্ণিকার মূল

আরোক ১ ড্রাম, ৯ ড্রাম চুয়ান জলে মিশাইয়া দিতে হয়। প্রয়োজনীয় ঔষধের মূল আরোক ১ ভাগ, ৯৯ ভাগ চুয়ান জলে মিশাইয়া শতভমিক পরিমাণের লোশন প্রস্তুত করিতে হয়। এতদ্ভিন্ন রোগের অবস্থানুসারে ঔষধের মাত্রা অধিক বা কমও করা যাইতে পারে। (২) যে ঔষধের লোশন প্রয়োজন সেই ঔষধ মিশ্রিত গ্লিসেরিণ (Glycerole) যত পরিমাণ উহা উহার ৪ হইতে ৯ গুণ পরিমাণ চুয়ান জলে মিশাইয়াও লোশন প্রস্তুত হইয়া থাকে। (৩) ১ ভাগ ঔষধের মূল আরোক, ৯৯ ভাগ ডাইলুট্ স্পিরিট্ মিশাইয়াও লোশন প্রস্তুত হইয়া থাকে।

(৫) ওপোডেল্‌ডক্স্ (Opodeldocs)। সাদা কার্ড্ সোপ্ (White curd soap) ৪½ আউন্স্, রেক্‌টিফাইড্ স্পিরিট্ ১৫ আউন্স্, চুয়ান জল ৯ আউন্স্ দ্বারা এই প্রকারের ম্যালিসের ঔষধ প্রস্তুত হয়। স্পিরিট্ ল্যাম্পের মৃদু উত্তাপ দ্বারা চুয়ান জলে কার্ড্ সোপ গালাইয়া উহাতে ক্রমে ক্রমে রেক্‌টী ফাইড্ স্পিরিট্ এবং যেঔষধের ওপোডেল্‌ডক্ প্রয়োজন সেই ঔষধের মূল আরোক যথা পরিমাণে মিশাইতে হয়। সচরাচর ১ ভাগ মূল আরোক, ৯ ভাগ ওপোডেল্‌ডক্ (এই পরিমাণেই) মিশাইতে হয়। আর্ণিকা এবং রাস্-টক্স্ এই দুই ঔষধের ওপোডেল্‌ডক্‌ই সচরাচর অধিক প্রস্তুত এবং ব্যবহৃত হইয়া থাকে।

(৬) সিরেট্‌স্ (Cerates)। ইহাও এক প্রকারের মলম বিশেষ ইহার প্রস্তুতের নিয়মাদি ১১০৮ পৃষ্ঠায় মলমের শীর্ষে দ্রষ্টব্য।

(৭) পিচ্‌কারী দেওয়ার উপযোগী ঔষধ (Injections) গুহ্য দ্বার দিয়া পিচ্‌কারী দেওয়া সম্বন্ধে পূর্ব্বেই লিখিত হইয়াছে। স্ত্রীলো-কের যোনি দ্বার এবং মূত্রনালী ও পুরুষের মূত্রনালী দিয়া পিচ্‌কারী দেওয়ার বিবরণই এই শীর্ষে লিখিত হইতেছে। যে ঔষধ দ্বারা পিচ্‌কারী দিতে হইবে তাহার অর্দ্ধ আউন্স্, গ্লিসেরিণ্ ১½ আউন্স্, চুয়ান জল ২ আউন্স্ এই পরিমাণে মিশ্রিত ঔষধ দ্বারা স্ত্রীলোকের যোনি দ্বার দিয়া পিচ্‌-কারী দেওয়ার জন্য ডাক্তার লাড্‌লাম্ (Dr. Ludlam) ব্যবস্থা দিয়া থাকেন। এইপ্রকারে মিশ্রিত ঔষধের চা খাওয়ার এক চাম্‌চা পরিমাণ ঔষধ কতক পরিমাণ (৯ পাইন্ট্ হইলে ভাল হয়) কুসুম কুসুম গরম জলে মিশাইয়া

ব্যবহার্য্য। কেবল হাইড্রাষ্টিসের কাত (Infusion of Hydrastis) ব্যতীত সমুদয় ঔষধেরই ১ আউন্স, এক পাইন্ট জলে মিশাইয়া মূত্রনালী দিয়া পিচ্-কারী দেওয়া যাইতে পারে।

রোগ প্রবল আকার ধারণ করিলে ব্যবস্থা পত্র দ্বারা কোন ঔষধালয় হইতে ঔষধ আনাইয়া রোগীকে ঔষধ সেবন করাইতে যে কাল বিলম্ব হয়, উহার মধ্যেই রোগ সাংঘাতিক আকার ধারণ করারদরুণ রোগীর প্রাণ বিনষ্ট হইতে পারে। আর অনেক সময় এমন ঔষধালয় নিকটে পাওয়া যায় যাহার প্রস্তুত করা ঔষধের উপর নির্ভর করা যাইতে পারে। এমতা-বস্থায় হোমিওপ্যাথিক্ চিকিৎসক মাত্রেরই আভ্যন্তরিক এবং বাহ্য প্রয়ো-গের উপযোগী নিম্ন লিখিত অতি প্রয়োজনীয় ঔষধ গুলি সহ একটী মেহগনী কাঠের বাক্স সঙ্গে করিয়া রোগীকে দেখিতে যাওয়া উচিত।

ঔষধের নাম	ডাইলুশন
হাইড্রোসায়েনিক্ আসিড্	৩,৬
মিউরিয়াটিক্ আসিড্	১,৩,৬
নাইট্রিক্ আসিড্	১,৩,৬,১২,৩০,২০০
ফসফরিক্ আসিড্	১,৩,৬,১২,৩০,২০০
একোনাইট্ রাডিক্স্	θ,১,৩,৬
এণ্টিমোনিয়াম্-টার্ট্	৩,৬,১২
এণ্টিমোনিয়াম্-ক্রুড্	৬
এপিস্ মেলিফিকা	৩,৬,৩০
আর্ণিকা মণ্টেনা	θ,৩,৬,৩০,২০০
আর্সেনিকাম্ আব্বাম	৬,১২,৩০,২০০
ব্যাপ্টিসিয়া	θ,১,৩
বেলাডোনা	৩,৬,১২,৩০,২০০
ব্রাইওনিয়া আল্বা	৩,৬,১২,৩০
ক্যাল্কেরিয়া-কার্ব্ব	৬,১২,৩০,২০০
ক্যানাবিস্-স্যাট্	θ,১,৩,৩০,২০০
ক্যান্থারিস্	৩,৬,৩০,২০০
কার্ব্বো-ভেজিটেবিলিস্	৬,১২,৩০,২০০
ক্যামোমিলা	৬,১২,৩০
সিকুটা বিরোসা	৬,১২,৩০,২০০
সিমিসিফিউগা রেসিমোসা	৩,৬,১২,৩০
চায়না	১,৩,৬,১২,৩০,২০০
সিনা	১,৩,৩০,২০০
ককিউলাস্-ইণ্ড	৬
কফিয়া	৩,৬,৩০
কল্চিকাম্	θ,৩,৬,৩০
কলোসিন্থ্	৩,৬,৩০,২০০
কুপ্রাম্ মেটেলিকাম্ ৩ ক্রমের গুঁড়া, এবং	৬,১২,৩০ ডাঃ
ডিজিটালিস্	১,৩,৬
ড্রসিরা	θ,১,৩
ডাল্কেমেরা	৬,৩০
ইউপেটোরিয়াম্ পার্ফোলিয়েটাম্	১,৩
ফেরাম্ মেটেলিকাম্ ৩ ক্রমের গুঁড়া, এবং	৬ ডাঃ
জেল্সিমিয়াম্	θ,১,৩,২০০
গ্রাফাইটিস্	৬,৩০
হামামেলিস্ বার্জিণিকা	১,৩,৬
হিপার সাল্ফিউরিস্ ৩ ক্রমের গুঁড়া, এবং	৬,১২,৩০ ডাঃ
হাইড্রাষ্টিস্	১,৩,৬,৩০

ঔষধের নাম	ডাইলুশন	ঔষধের নাম	ডাইলুশন
ইগ্‌নেসিয়া	৩,৬,১২,৩০,২০০	পাল্‌সেটিলা	১২,৩০,২০০
আয়োডিন্	৩,৬,৩০	রাস্‌টক্স্	৩,৬,৩
ইপিকাকিউএনা	৬,১২,৩০	স্যাবাইনা	৩,৬,৩
আইরিস্ বার্সিকালার	৩,৬	সিকেল্ কর্ণুটাম্	৩,৬,৩০,২০
ক্যালী বাইক্রমিকাম্	৩,৬,১২,৩০	সিপিয়া	৬,১২,৩০,২০
ল্যাকেসিস্	৬,১২,৩০	সাইলিসিয়া	৬,১২,৩
লাইকোপডিয়াম্	৬,১২,৩০,২০০	স্পাইজেলিয়া	,১২,৩
মার্কিউরিয়াস্‌করোসাইবাস্	৩,৬,৩০,২০০	স্পঞ্জিয়া ৩ ক্রমের গুঁড়া এবং ৩,৬ডা	
ঐ সল্ ৩ ক্রমের গুঁড়া, এবং ৬,১২,৩০,২০০ ডাঃ		ষ্টাফিসেগ্রিয়া	
		সাল্‌ফার	৩,৬,১২,৩০,২০
ঐ বিনায়োডাইড্ ৩ ক্রমের গুঁড়া, এবং ৬,১২,৩০ ডাঃ		টিরিবিন্থিনা	৩,৬,৩
		টিউক্রিয়াম্	θ,১,
নাক্স্ বমিকা	৬,১২,৩০,২০০	থুজা	৬,১২,৩০,২০
ওপিয়াম্	৬,১২,৩০,২০০	বিরেট্রাম্ অ্যাল্‌বাম্	৬,১২,৩০
ফস্ফরাস্	৩,৬,১২,৩০,২০০	বিরেট্রাম্ বিরাইড্	১,৩,৬
পডোফিলাম্	৩,৬,৩০	জিঙ্কাম্ মিটেলিকাম্	৬,১২,৩০

বাহ্য প্রয়োগের জন্য মূল আরোক এবং ডাইলুশন।

ঔষধ	ডাইলুশন	ঔষধ	ডাইলুশন
আর্ণিকা মণ্টেনা	θ	কষ্টিকাম্	২ ডাইলুশ
একোনাইট্ নেপেল্লাস্	θ	ক্যান্থারিস্	২ ঐ
ক্যালেণ্ডুলা অফিসিনেলিস্	θ	থুজা	
রাস্‌টক্সিকোডেণ্ড্রন্	θ	বিরেট্রাম্ বিরাইড্	
হ্যামামেলিস্ বার্জিনিকা	θ	সিম্ফাইটাম্	
হাইড্রাষ্টিস্ ক্যানেডেন্‌সিস্	θ	বেলাডোনা	
লেডাম্ পেলাষ্ট্রী	θ	নাইট্রিক্ অ্যাসিড্ (আদত)	
আর্টিকা ইউরেন্স্	θ	কার্ব্বোলিক্ অ্যাসিড্ (আদত)	
রুটা	θ	বেলিস্ পেরেনিস্	

সম্পূর্ণ।